কীর্ত্তনাদিলক্ষণঃ পূর্ব্বোক্তঃ পরো ধর্ম্ম এবানুষ্ঠেয় ইতি ভাবঃ। যদ্বা, নমু চ অস্মিন্ লোকে বর্ত্তমানঃ স্বধর্ম্মস্থোঽনঘঃ শুচিঃ। জ্ঞানং বিশুদ্ধমাপ্নোতি মদ্ভক্তিং বা যদৃচ্ছয়েতি শ্রীভগবদুক্তেঃ চ নিষ্কাম-কর্ম্মযোগ এব ভক্তের্হেতুরস্তি তৎ কথং ভক্তিরহেতুকীত্যুচ্যতে। সত্যং, তত্র কর্ম্ম-যোগস্য জ্ঞানজনকত্বমিব ন সাক্ষাদ্ ভক্তিজনকত্বং ব্যাখ্যাতুং শক্যং মধ্যে যদৃচ্ছয়েতি পদো-পাদানাৎ। ততশ্চ তত্র পুংসি ভক্তের্যদৃচ্ছা স্বৈরিতা যদি স্যাদ্দৈবাদগুনিরপেক্ষ এব শুদ্ধ ভক্তেঃ প্রবেশঃ স্যাৎ তদা তামপি স প্রাপ্নোতীতি তত্রার্থঃ। যদৃচ্ছা স্বৈরিতেত্যভিধানাৎ কষ্টকল্পনয়া ব্যাখ্যানান্তরে ভক্তেঃ স্বপ্রকাশত্বং ন সিদ্ধ্যেদিতি তদনাদৃতমিত্যতো নিষ্কামোঽপি কর্ম্মযোগো ন ভক্তের্হেতুরিত্যাহ ধর্ম্ম ইতি য ইতি। স বৈ পুংসাং পরো ধর্ম্ম ইতি পদ্যোক্তাৎ পরধর্ম্মাদন্যো যো বর্ণাশ্রমাচারলক্ষণঃ স্বনুষ্ঠিতো। নিষ্কামোঽপি ধর্ম্মো বিষ্বক্সেনকথাসু রতিং প্রীতিং নোৎপাদয়েৎ, স কেবলং শ্রম এব। যদীতি গর্হায়াং শ্রমজনকত্বাদ্গর্হিতেত্যর্থঃ। যদি গর্হাবিকল্পয়োরিতি মেদিনী। যদ্বা অসন্দেহেঽপি সন্দেহবচনং যদি বেদাঃ প্রমাণমিতিবৎ। *ধত্তে পদং ত্বমবিতা যদি বিঘ্নমূর্দ্ধ্নীত্যত্র যদীতিশব্দো নিশ্চয়ে ইতি শ্রীস্বামিচরণানাং ব্যাখ্যানাচ্চ। যদ্বা নমু প্রসিদ্ধধর্ম্মাদপি কচিৎ হরিকথাসু প্রীতিরুৎপদ্যত ইতি শ্রূয়তে। সত্যং তয়া বিনা ধর্ম্মফলাপ্রাপ্তেঃ সা খল্বৌপাধিক্যেব ন তাত্ত্বিকীত্যাহ ধর্ম্ম ইতি য ইতি স

আভাস।

কেন, সর্ব্বফলদাতা শ্রীহরির ঐশ্বর্য্য-বর্ণনাতে রুচি-বিশেষের প্রয়োজন; নতুবা সকলই বৃথা। বিবেকী ব্যক্তিগণ, ঐহিক ও পারত্রিক স্বর্গাদি উভয় ভোগকেই তুল্যরূপে দৃষ্টি করিয়া থাকেন। অকিঞ্চিৎকরবোধে কোন ভোগেই লিপ্ত হন না; কারণ কোনটীই স্থায়ী নহে; সকলই কালের বশবর্ত্তী। যদিও শ্রুতিতে "অক্ষয্যং হবৈ চাতুর্মাস্যযাজিনঃ সুকৃতং" ইতি অক্ষয় ও অবিনাশী বলিয়া যে, স্বর্গাদি ফল উক্ত হইয়াছে, সে কেবল অপেক্ষা-কৃত অধিককালব্যাপী মাত্র; যেহেতু অন্য শ্রুতিতেও "তদ্যথেহ কর্ম্মচিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যচিতো লোকঃ ক্ষীয়তে" প্রকাশ আছে যে, যেমন এই জগতে কর্ম্মদ্বারা অর্জ্জিত ফলের কালক্রমে লোপ হয়, তদ্রূপ বেদোক্ত ক্রিয়া দ্বারা নিষ্পাদিত স্বর্গাদি সুখ-ভোগেরও কালে ক্ষয় হইয়া যায়। ঐহিক ও আমুষ্মিক ভোগবাসনায় বিরত হইয়া, সর্ব্বফলদাতা ভগবানের ঐশ্বর্য্যের প্রতি নিরীক্ষণ করত প্রতি মুহূর্ত্তে তাঁহার অনুগ্রহের অপেক্ষা করা কর্ত্তব্য। মোক্ষমার্গে নীতিজ্ঞগণের আদরণীয় পুরুষকারকে অল্পে অল্পে বিদায় দেওয়াই উচিত; উহা ভোগমার্গের স্পর্শমণি বটে, কিন্তু মোক্ষমার্গের কণ্টক।

শ্রীধরস্বামী।

কর্ম্মচিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যচিতো লোকঃ ক্ষীয়ত ইতি তর্কানুগৃহীতয়া শ্রুত্যা ক্ষয়িষ্ণুত্ব প্রতিপাদনাৎ॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রসিদ্ধো ধর্ম্মঃ কাম্যো নিত্যো বা স বিষ্বক্‌সেনকথাসু রতিং প্রীতিং যদি নোৎপাদয়েৎ তদা শ্রম এব। অয়মর্থঃ। যথা কর্ষকাণাং নৃপে প্রীতিং কৃষিরেবোৎপাদয়ত্যন্যথা তস্যাঃ ফলাপ্রাপ্তেরেবমেষ ধর্ম্মোঽপি বিষ্বক্‌সেনকথাসু প্রীতিং বিনা স্বস্য বৈফল্যদর্শনাদৈব তত্র বিবেকিনাং প্রীতিমুৎপাদয়েদেব স যদ্যবিবেকিনাং নোৎপাদয়েৎ তদা কেবলং শ্রম এব। যথা নৃপে প্রীতিং বিনা কৃষিফলস্যালাভাৎ শ্রম এব তথৈব হরৌ ভক্তিং বিনা প্রবৃত্তনিবৃত্ত-ধর্ম্মফলয়োঃ স্বর্গাদিজ্ঞানয়োরলাভাৎ শ্রমঃ। যদুক্তং কুতঃ পুনঃ শশ্বদভদ্রমীশ্বরে নচার্পিতং কর্ম্ম যদপ্যকারণমিতি। যথা চ কৃষৌ প্রীত্যনুরোধাদেব নৃপে প্রীতিঃ নতু বস্তুতস্তথৈব ধর্ম্মে প্রীত্যনুরোধাদেব তৎকথাসু প্রীতির্ন্তু তত্র বস্তুত ইতি বিবেচনীয়ং। অতএব প্রহ্লাদে-নোক্তং। নাস্যথেহাবয়োরর্থো রাজসেবকয়োরিবেতি॥ ৮॥

আভাস।

ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "সমাধির্ভাবনার্থঃ ক্লেশতনুকরণার্থশ্চ"। সমাধির্ভাবনার্থঃ ভগবৎস্বরূপের উপলব্ধি করিতে হইলে, চিত্ত হইতে বাসনামল দগ্ধ করা প্রয়োজন; সুতরাং ক্লেশ তনুকরণার্থশ্চ, ক্লেশ নামক অবিদ্যা, মোহ, আসক্তি, দ্বেষ ও ভয়, এই পাঁচটীকে সমূলে ধ্বংস করিতে হইবে; এবং তজ্জন্য ক্রিয়াযোগের ব্যবস্থা করিয়াছেন; "তপঃ স্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি ক্রিয়াযোগঃ" কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি তপস্যা দ্বারা দেহ বশীভূত হয়; তৎপরে মন আয়ত্ত করা সহজ; এবং তাহার উপায়ও স্বাধ্যায়। মত্ত মাতঙ্গের ন্যায় অন-বরত বিষয়বনে পরিভ্রমণশীল মনকে বাঁধিবার জন্য দৃঢ় নিগড়ের আবশ্যক; তাই এখানে হরিনাম সংকীর্ত্তন তন্মন্ত্র জপ, তল্লীলানুবর্ণন ও মোক্ষগ্রন্থ সকল শ্রবণ দ্বারা স্বাধ্যায় সাধিত হয়। কুশলী ব্যক্তি যেমন মায়াবীর নাম শুনিয়া ও তৎপরে যাদুক্রিয়া সকল স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া, আগ্রহাতিশয়ে সেই মায়াবীর সমক্ষে অগ্রসর হন এবং তাহার ক্ষিপ্র-হস্ততা ও অসীম কার্য্যনৈপুণ্য দর্শন করিয়া, মনে মনে ভূয়সী প্রশংসা করিতে থাকেন; আর যাদুক্রিয়ার প্রতি দৃষ্টি ও প্রশংসা না করিয়া যাদুকর্ত্তারই প্রীতিভাজন হইবার আশা করেন, সেইরূপ ভগবন্মন্ত্রাদি জপ দ্বারা সুনিপুণ মনও এই ক্ষণভঙ্গুর অথচ সুসজ্জীকৃত জগৎডালি নিরীক্ষণ করিয়া এবং শাস্ত্রে লীলাবর্ণনচ্ছলে অনুপম রচনাশক্তি-সম্পন্ন ঐশ্চর্য্যের পরিচয় পাইয়া, ক্রমশই সেই পরম মায়াবীর সমক্ষে অগ্রসর হইতে থাকে; যতই অত্যাশ্চর্য্য পদার্থ দর্শন করিতে থাকে, ততই মায়াবীর অধিক নিকটবর্ত্তী বলিয়া জ্ঞান করিতে থাকে; কখনই মায়াকার্য্যে আর আশ্চর্য্যান্বিত হয় না। কেবল রুচিলক্ষণা

ধর্ম্মস্য হ্যাপবর্গস্য নার্থোঽর্থায়োপকল্পতে।
নার্থস্য ধর্ম্মৈকান্তস্য কামো লাভায় হি স্মৃতঃ॥ ৯॥

অন্বয়ঃ।

আপবর্গস্য (মোক্ষং অভিব্যাপ্য আচরিতস্য) ধর্ম্মস্য (প্রবৃত্তিনিবৃত্তিলক্ষণস্য) অর্থঃ অর্থায় ফলত্বায়, ন উপকল্পতে মন্যতে, ধর্ম্মৈকান্তস্য অর্থস্য কামঃ লাভায় হি নিশ্চিতং ন স্মৃতঃ (আপবর্গস্য ইত্যপি পাঠঃ তত্র অপবর্গস্য ইত্যর্থঃ।)॥ ৯॥

শ্রীধরস্বামী।

তদেবং হরিভক্তিদ্বারা তদিতরবৈরাগ্যাত্মজ্ঞানপর্য্যন্তঃ পরো ধর্ম্ম ইত্যুক্তং, অন্যেতু মন্যন্তে ধর্ম্মস্যার্থঃ ফলং, তস্য চ কামঃ ফলং, তস্য চেন্দ্রিয়প্রীতিঃ। তৎপ্রীতেশ্চ পুনরপি ধর্ম্মার্থাদি পরম্পরেতি। যথাহুঃ। ধর্ম্মাদর্থশ্চ কামশ্চ স কিমর্থং ন সেব্যত ইত্যাদি, তন্নিরাকরোতি ধর্ম্মস্যেতি দ্বাভ্যাং। আপবর্গস্য উক্তন্যায়েনাপবর্গপর্য্যন্তস্য অর্থায় ফলত্বায় অর্থো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চাত্র লোকে চতুর্বিধা জনাঃ কর্ম্মিণো জ্ঞানিনো যোগিনো ভক্তাশ্চ। তত্র ধর্ম্মাদর্থশ্চকামশ্চ স কিমর্থং ন সেব্যতে ইতি দৃষ্ট্যা ধর্ম্মস্য অর্থঃ ফলং অর্থস্য কামঃ কামস্য ইন্দ্রিয়প্রীতিঃ ইন্দ্রিয়প্রীতৌ চ সত্যাং তদর্থং পুনরপি ধর্ম্মাদিপরম্পরা যথা কর্ম্মিণাং ন তথা উক্তরেষাং ত্রয়াণামিত্যাহ। ধর্ম্মস্য শমদমাদের্যমনিয়মাদেশ্চ শ্রবণকীর্ত্তনাদেশ্চ অর্থঃ সর্ব্বথা ভবন্নপি অর্থায় ফলত্বায় ন কল্প্যতে তমনুসন্ধায় তত্তদপ্রবৃত্তেঃ যতঃ আপবর্গ্যস্য অপবর্গপ্রয়ো-

অপবর্গকাল পর্য্যন্ত অনুষ্ঠেয় ধর্ম্মের ফল যে, কেবল অর্থ এবং অর্থের ফল কাম ও কামের ফল ইন্দ্রিয়চরিতার্থতা, তাহা নহে; ধর্ম্মার্জ্জিত অর্থ

আভাস।

ভক্তি অবলম্বন করিয়া আগ্রহাতিশয়ে অগ্রসর হইয়া আত্মনিবেদন করে; তখনই ঈশ্বরে প্রণিধান করিবার অধিকার হয়। এবং অতুলনীয় লীলৈশ্বর্য্য দর্শন করিয়া চক্ষু ঘোর হইয়া পড়ে; আত্মাভিমান, দেহাভিমান, বিষয়াভিমান ও পুরুষকারে জলাঞ্জলি দিয়া প্রেমরসে বিহ্বল হয় ও ভক্তভাবে অবস্থিতি করিতে থাকে। কর্ম্মের দ্বারা ভক্তি গঠিত হয় না। ভক্তি নিজের সম্পত্তি; ব্যবহারদোষে কুৎসিত হইয়া বিষের ন্যায় কার্য্য করে। আবার ব্যবহারের গুণে অমৃতের ন্যায় উপকারী হইয়া, কালকূট হলাহল হইতেও রক্ষা করে। ৮॥

ঈশ্বরে নিষ্কাম ভক্তি হইলে, ধর্ম্মার্থকামমোক্ষ এই চতুর্ব্বর্গফলেরই সম্যক্ সিদ্ধি লাভ ঘটে। এই চতুর্ব্বর্গ ফলের নাম পর্য্যায়ক্রমেই প্রায় সর্ব্বত্র বর্ণিত আছে; সুতরাং বোধ হয়, যেন উত্তরোত্তর কার্য্যকারণ-নিয়মানুসারে সাধারণত

শ্রীধরস্বামী।

নোপকল্পতে যোগ্যো ন ভবতি। তথা অর্থস্যাপ্যেবম্ভূতধর্মাব্যভিচারিণঃ কামো লাভায় ফলত্বায় ন হি স্মৃতো মুনিভিঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জনকস্য, তদস্য প্রয়োজনমিত্যর্থে স্বর্গাদিভ্যো য ইতি স্বার্থিকাণন্তাং যপ্রত্যয়ঃ। তেন অপবর্গ এব অনুসংহিতং ফলমিতি ভাবঃ। জ্ঞানিযোগিনোর্মতে অপবর্গো মোক্ষঃ, ভক্তমতে প্রেমভক্তিঃ। যথাবর্ণবিধানমপবর্গশ্চ ভবতি যোঽসৌ ভগবতি বাসুদেবে অনন্যনিমিত্ত-ভক্তিযোগলক্ষণো ন নাগতিনিমিত্তাবিদ্যাগ্রন্থিবন্ধনদ্বারেণ। যদা হি মহাপুরুষ পুরুষপ্রসঙ্গ ইতি পঞ্চমস্কন্ধাৎ। যেনাপবর্গাখ্যমদভ্রবুদ্ধিরিত্যাদৌ খগেন্দ্রধ্বজপাদমূলমিতি প্রথমস্কন্ধাচ্চ। নিশ্চলা ত্বয়ি ভক্তি র্যা সৈব মুক্তির্জনার্দ্দনে। মুক্তা এব হি ভক্তাস্তে তব বিষ্ণো যতো হরে ইতি স্কন্দরেবাখণ্ডাচ্চ। তথা অর্থস্য কামো লাভায় ফলত্বায় ন। যতো ধর্ম্মৈকান্তস্য ধর্ম্ম এব অনুসংহিতং ফলমিতি ভাবঃ। তথা জ্ঞানিযোগিনোঃ শমদমাদিযমনিয়মাদ্যনুকূলে কস্মিংশ্চন ধর্ম্মবিশেষে অর্থস্য বিনিয়োগঃ ভক্তস্য তু ভগবতো ভাগবতানাং বা সেবায়াং সুস্পষ্ট এব ॥ ৯ ॥

আভাস।

সম্বন্ধ। ধর্ম্মকর্ম্মের দ্বারা ঐহিক ও পারলৌকিক ভোগসাধক স্বর্গাদি (অর্থ) প্রাপ্তি ও ভোগোপযোগী ইন্দ্রিয়াদির বল লাভ রূপ (কাম) প্রাপ্তিই যে. কেবল মাত্র ফল, তাহা নহে; ইহা প্রবৃত্তিমার্গের ফল বটে, কিন্তু নিবৃত্তিমার্গে ইহাতে অনেক উচ্চাঙ্গের ফল আছে, যাহাতে অব্যবহিত পরেই মোক্ষের পথ পরিষ্কৃত হইয়া অপবর্গ প্রাপ্ত হয়। কারণ ধর্ম্মের ফল অর্থ, অর্থের ফল কাম; ও কামের ফল মোক্ষ সাধারণ দৃষ্টিতে ইহা কখনই সঙ্গত হয় না। কিন্তু এক শর্করা সহযোগে গোধূমচূর্ণের দ্বারা নানা মিষ্টান্ন প্রস্তুত হয়; এবং নানা নামে অভিব্যক্ত হয়; গোধূমচূর্ণেই সর্করার নানা রসের পরিচয় দেয়। এবং যত রকমই ঐ প্রকার ভোজ্য গ্রহণ করা হয়, এক মিষ্টেরই নাম ও স্বাদ অনুভূত হয়; সেইরূপ ভগবদ্ভক্তি সহকারে ধর্ম্মে প্রবৃত্ত হইলে, ধর্ম্মের স্বতঃসিদ্ধ গুণ উভয়বিধ ঐশ্বর্য্য এবং তদুপভোগজন্য ইন্দ্রিয়াদির বল লাভ হয় বটে, কিন্তু তাহার সঙ্গে সঙ্গেই একটী অপূর্ব্ব লাভ হয়, যাহার নাম ভগবৎকৃপা। সেই কৃপাবলে ধর্ম্ম সর্ব্বপ্রকার ভোগ্য আনয়ন করিয়া নিবৃত্তি মার্গের পথই উদ্ঘাটন করে এবং ইন্দ্রিয়াদিতে বিষয় উপভোগ পূর্ব্বক বিচারের সামর্থ্য অর্পণ করে; যে বিচারবলে ভোগ্যপদার্থে সর্ব্বতোভাবে দুঃখ অনুভূত হইয়া. ভগবদ্ভক্তির উচ্ছাসই সর্ব্বত্র প্রকাশ পায়। অর্থ প্রাপ্তিতে যখন মন তত মগ্ন থাকে না, অন্য কিছু বিশেষ ফলপ্রাপ্তির জন্য মন লালায়িত থাকে; তাহারই নাম কাম। এখানে কামশব্দে কেবল আসক্তি বা কামনাকে বুঝায় না; কারণ কাম জীবমাত্রেরই হৃদয়ে আছে। কাম

কামস্য নেন্দ্রিয়প্রীতি র্লাভো জীবেত যাবতা।
জীবস্য তত্ত্বজিজ্ঞাসা নার্থো যশ্চেহ কর্ম্মভিঃ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

ইন্দ্রিয়প্রীতিঃ কামস্য লাভঃ ফলং ন, অপিতু জীবনং জীবনধারণং, কিন্তু যাবতা জীবেত (জীবনপর্য্যন্ত এব), জীবস্য জীবনস্য, তত্ত্বজিজ্ঞাসা এব প্রয়োজনং ন যঃ চ অর্থঃ স্বর্গাদিভোগানুভবঃ, ইহ কর্ম্মভিঃ লভ্যতে ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

কামস্য বিষয়ভোগস্য ইন্দ্রিয়প্রীতির্লাভঃ ফলং ন ভবতি, কিন্তু যাবতা জীবেত তাবানেব কামস্য লাভঃ জীবনপর্য্যাপ্ত এব কামঃ সেব্য ইত্যর্থঃ। জীবস্য জীবনস্য চ পুনঃ কর্ম্মভির্ধর্ম্মানুষ্ঠানদ্বারা য ইহ প্রসিদ্ধঃ স্বর্গাদিঃ সোঽর্থো ন ভবতি, কিন্তু তত্ত্বজিজ্ঞাসৈব ॥১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কামস্য বিষয়ভোগস্য ইন্দ্রিয়প্রীতির্লাভঃ ফলং ন ভবতি, কিন্তু যাবতা জীবেত তাবানেব জীবনপর্য্যাপ্তঃ কামঃ সেব্যত ইত্যর্থঃ। অত্র জ্ঞানিনাং যোগিনাং বার্থকামেন্দ্রিয়প্রীতয়ো জ্ঞানযোগয়োরানুসঙ্গিকফলানি কর্ম্মফলত্বেনৈব ব্যপদিশ্যন্তে। জ্ঞানযোগয়োস্তয়োর্নিষ্কামকর্ম্মপরিণামত্বাদতো জ্ঞানিনাং যোগিনাঞ্চ দৃষ্টে সুখদুঃখে কর্ম্মফল এবোচ্যতে। ভক্তানাং ত্বর্থকামেন্দ্রিয়প্রীতয়ো ভক্তেরেবানুষঙ্গিকফলানি। ভক্তে কর্ম্মপরিণামত্বাভাবাৎ

ও কাম দ্বারা জীবন ধারণ করিয়া, তত্ত্বজিজ্ঞাসাই একমাত্র উদ্দেশ্য; ধর্ম্মকর্ম্মাদির ফল স্বর্গভোগাদি প্রার্থনীয় নহে ॥ ৯ ॥ ১০ ॥

আভাস।

প্রাপ্তির জন্য আর ধর্ম্মালোচনার প্রয়োজন করে না; বরং নিষ্কাম হইবার জন্যই ধর্ম্মের আবশ্যক। তবে যখন কামকে তৃতীয়স্থান নির্দ্দিষ্ট হইয়াছে, তখন এস্থলে কামকে একটু প্রশস্ত ভাবে দর্শন করিতে হইবে। ভোগ্যবিষয় লাভ করিয়া, অন্ধের ন্যায় ভোগ করাই যে কামের কার্য্য, তাহা নহে। বিষয় লাভানন্তর বিষয়ের বাহ্যিক ভাব পরিদর্শনে তৃপ্ত না হইয়া, বিষয়ান্তর লাভের প্রবৃত্তি যে স্বতঃসিদ্ধ আকাঙ্ক্ষানাম্নী শক্তি দ্বারা জন্মে, তাহারই নাম কাম; কাম একটী সামান্য বস্তু নহে। একটী ভোগ্য পাইলেই যদি কামের নিবৃত্তি হইত, তাহা হইলে বিবেকিগণ কামকে এত ভয় করিতেন না। তবে অনিবৃত্ত প্রাপ্তির আকাঙ্ক্ষাই প্রকৃত কাম। কিন্তু সেই প্রাপ্তির প্রবৃত্তিটী যখন এক বস্তু লাভ করিয়া তাহার অভ্যন্তরে প্রবেশ পূর্ব্বক পুঙ্খানুপুঙ্খরূপে তত্ত্ব বিচার না করিয়াই যদি বিষয়ান্তর

তদেবং ভক্তিফলত্বেনৈব ধর্ম্মস্য সাফল্যমুক্তম্; ভক্তেস্তু অবান্তরফলং তত্ত্বজ্ঞানমেব পরমং ফলমিতি ভাবঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন তেষাং কর্ম্মফলত্বব্যপদেশঃ। অতো ভক্তানাং দৃষ্টং সুখং ভক্তিফলমেব। দুঃখন্তু যস্যাহমনুগৃহ্ণামি হরিষ্যে তদ্ধনং শনৈঃ। ততোঽধনং ত্যজন্ত্যস্য স্বজনা দুঃখদুঃখিত-মিত্যাদি ভগবদ্বচনাদ্ভগবদ্দুঃখং ভক্ত্যপরাধফলঞ্চেতি যথাযোগং বিবেচনীয়ং। জীবস্ত জীবনস্য তত্ত্বজিজ্ঞাসা ফলং কর্ম্মভিঃ পুনরপ্যনুষ্ঠিতৈর্ য ইহ প্রসিদ্ধঃ স্বর্গাদিঃ স নৈব ॥ ১০ ॥

আভাস।

গ্রহণে অগ্রসর হয় তখনই মূঢ় বা তামসিক কাম; এবং যখন প্রত্যেক বস্তুর আপাতত মনোরঞ্জক তত্ত্বকে বিচার দ্বারা নিজের অভাব পূরণ হইল না জানে, অপর তত্ত্বে অগ্রসর হয় এবং ক্রমশ বস্তুর সর্ব্বপ্রকার মনোহর ভাব বিচারে দূষিত বোধে বিষয়ান্তর বিচারে প্রবৃত্ত হয়, তাহার নামই সাত্ত্বিক কাম। তামসিক কামে ইন্দ্রিয় কথঞ্চিৎ চরিতার্থ হয় বটে, কিন্তু মন কখনই চরিতার্থতা লাভ করে না; তাহাতেই শ্লোকে "কামো লাভায় ন স্মৃতঃ" বলিয়া, কামকে পরিহার করিতে উপদেশ দিয়াছেন। কিন্তু সাত্ত্বিক কাম বড়ই প্রার্থনীয়; ইহাই মুক্তির এক মাত্র সোপান; তাই আদর করিয়া মোক্ষের অব্যবহিত পূর্ব্বে কামকে তৃতীয় স্থান নির্দ্দেশ করিয়াছেন। ভগবৎকৃপা-বলেই এই কামের উদয় হয়। ভগবানের অনুগ্রহরূপ আলোক লাভ হয়। যেমন গাঢ় অন্ধকারাচ্ছন্ন অরণ্যানী প্রবেশ পূর্ব্বক নষ্ট প্রিয়মণি অন্বেষণ করিতে হইলে, পথ ঘাট জানা চাই এবং প্রার্থিত মণি ব্যতীত অন্যান্য সামগ্রী চেনা নাই, সুতরাং সূর্য্যোদয়ের বিশেষ প্রয়োজন! নতুবা অন্ধকারে ভ্রমণ মাত্রই সার; পরিশেষে ক্লান্ত হইয়া দুগ্ধের সাধ তক্রে মিটানের ন্যায়, নিরুৎসাহের চক্রে পতিত হইয়া, কৃষ্ণপ্রস্তরেই মণির সচ্ছন্দ-বোধ করিতে বাধ্য হয়। সেইরূপ ভগবৎ-কৃপারূপ সূর্য্যের উদয় ব্যতীত এই ঘোর বিষয়-বনের পথ ঘাট চিনিয়া হৃদয়ের মণিস্বরূপ ভগবানের চরণারবিন্দ অন্বেষণের সুবিধা ঘটে না। বিষয় হইতে বিষয়ান্তরেই আকাঙ্ক্ষারূপ কামনা লীন হইয়া যায়, আর তাহার উদ্রেক থাকে না। তাঁহার কৃপা হইলে, সমগ্র ভোগ্য তুচ্ছ হইয়া যায়, কিন্তু কামনা উত্তরোত্তর বর্দ্ধিত হইয়া, হৃদয়ের ধন লাভ করায়; তাহারই নাম মোক্ষ। সর্ব্বতত্ত্বান্বেষণোপযোগী মনুষ্য-জীবনে ভগবতত্ত্ব অন্বেষণ করাই একমাত্র উদ্দেশ্য; অতএব দুর্লভ জীবন-ধারণোপযোগী ভোগ ও অনুসন্ধানাত্মিকা ইন্দ্রিয়শক্তির লাভ হইলে, জীব আপনাকে সংসার সম্বন্ধে কৃতার্থ জ্ঞান করিতে পারে; কিন্তু ভোগের জন্য ভোগ্য সংগ্রহ করিলে, মায়াপাশে দৃঢ়তর বদ্ধ হয়। সমুদ্র পার হইবার মানসে, বহু পরিশ্রমে ও বুদ্ধিনৈপুণ্যে একখানি সুবৃহৎ ও কারুকার্য্যসম্পন্ন অর্ণবপোত নির্ম্মাণ করিয়াই যদি অপার আনন্দ অনুভব হয়, স্বদেশবাসী ও স্বজনগণ সমীপে নিজ কার্য্যদক্ষতা ও ঐশ্বর্য্য প্রদর্শনেই যদি চিত্ত চমৎকৃত হয়, নিকটস্থ দেশসমূহে আত্মগৌরবের পরিচয় দিতেই যদি কাল অতিবাহিত হয়, তবে প্রকৃত কর্ম্ম করা হইল না; লক্ষ্যভ্রষ্ট হইল! সমুদ্র পার হইবার আশা ঘুচিয়া

বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্জ্ঞানমদ্বয়ং।
ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে॥ ১১॥

অন্বয়ঃ।

তত্ত্ববিদঃ তৎ অদ্বয়ং জ্ঞানং এব তত্ত্বং বদন্তি যৎ, জ্ঞানিভিঃ ব্রহ্ম ইতি যোগিভিঃ পরমাত্মেতি, ভক্তৈঃ ভগবান্ ইতি শব্দ্যতে অভিধীয়তে। ১১॥

শ্রীধরস্বামী।

নমু তত্ত্বজিজ্ঞাসা নাম ধর্ম্মজিজ্ঞাসৈব, ধর্ম্ম এব হি তত্ত্বমিতি কেচিৎ। তত্রাহ বদন্তীতি তত্ত্ববিদস্ত তদেব তত্ত্বং বদন্তি, কিং তৎ জ্ঞানং নাম। অদ্বয়মিতি ক্ষণিকজ্ঞানপক্ষং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্ত্বমেব কিং তত্রাহ বদন্তীতি। যদদ্বয়ং জ্ঞানং তৎ তত্ত্বং। জ্ঞানমেব কিং তত্রাহ ব্রহ্মেতি। শব্দ্যতে ব্রহ্মেতি পদেন যদুচ্যতে জ্ঞানিভিস্তজ্জ্ঞানং তন্মতে জ্ঞানং নিরাকারং জ্ঞাতৃজ্ঞেয়াদিবিভাগশূন্যং চিৎসামান্যং চিদ্বিশেষাণাং ভগবদ্ধামাদীনাং তদনন্যত্বমনন্যাৎ। জীবমায়য়া শুদ্ধভক্তিত্বেন তদৈক্যাদিদংকারাস্পদস্য কার্য্যস্য বিশ্বস্য কারণমাত্রাত্মকত্বাদদ্বৈতং, তথা পরমাত্মেতি যোগিভির্যমুচ্যতে তজ্জ্ঞানং। এতন্মতে পরমাত্মনশ্চি-

---

বৈদান্তিকের ব্রহ্মশব্দ যোগীর পরমাত্মা শব্দ ও ভক্তের ভগবান্ শব্দ যে অদ্বয় জ্ঞানেই প্রযুক্ত হইয়া থাকে, তত্ত্ববিদ্‌গণ তাঁহাকেই মূল তত্ত্ব বলিয়া নির্ণয় করিয়াছেন॥ ১১॥

আভাস।

গেল! সন্ধ্যা উপস্থিত; তখন বন্দীর অনুতাপ মাত্র সার। সেইরূপ এই ভবসমুদ্র পার হইবার মানসে ধর্ম্মের অনির্ব্বচনীয় প্রভাবকৌশলে দেহরক্ষার জন্য শরীর-ধারণোপযোগী অর্থস্বরূপ অর্ণবপোতে আরোহণ করিয়া, সাত্ত্বিক কামরূপ তীক্ষ্ণ অধ্যবসায়-সম্পন্ন কর্ণধারের হস্তে প্রমাদশূন্য হইয়া আত্মসমর্পণ করিতে পারিলে, অনায়াসে মোক্ষস্বরূপ পরপারে গমন করিতে পারা যায়। এবং তাহা হইলে দুর্ল্লভ মানবজীবনের সাফল্য লাভ হয়॥ ৯॥ ১০॥

অদ্বিতীয় সর্ব্বসাক্ষিভূত অখণ্ড এক রস জ্ঞানই এখানে তত্ত্বশব্দে অভিহিত হইয়াছে। উক্ত জ্ঞানের সর্ব্ববাদিসম্মত একত্ব নির্ণয় অভিপ্রায়ে শ্লোকে উক্ত হইয়াছে, "ব্রহ্মেতি

শক্তিবর্গলক্ষণতদ্ধর্ম্মাতিরিক্তং কেবলং জ্ঞানং ব্রহ্মেতি শব্দ্যতে। অন্তর্যামিত্বময়মায়াশক্তিপ্রচুরচিচ্ছক্ত্যংশবিশিষ্টং পরমাত্মেতি। পরিপূর্ণ-সর্ব্বশক্তি-বিশিষ্টং ভগবানিতি॥ ১১॥

শ্রীধরস্বামী।

ব্যাবর্ত্তয়তি। নন্থ তত্ত্ববিদোঽপি বিগীতবচনা এব। নৈবং তস্যৈব তত্ত্বস্য নামান্তরৈরভিধানাদিত্যাহ ঔপনিষদৈ ব্রহ্মেতি হৈরণ্যগর্ভৈঃ পরমাত্মেতি। সাত্বতৈ র্ভগবানিতি শব্দ্যতে অভিধীয়তে ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেকরূপত্বাজ্ জ্ঞানমাত্রত্বং জ্ঞানমাত্রত্বেঽপি সাক্ষিত্বাদে র্জ্ঞানবিশেষস্যাশ্রয়ত্বমপি। চামণি দীপাদে র্জ্যোতিরূপত্বেঽপি জ্যোতিষ্মত্ত্বমিব নানুপপন্নং; কেচিৎ স্বদেহান্তর্হৃদয়াবকাশে প্রাদেশমাত্রং পুরুষং বসন্তমিত্যাদেঃ সাকারত্বঞ্চ মায়ায়াঃ শক্তিত্বান্মায়িকানাঞ্চ তদন্যত্বাজ্জীবস্য তদ্বিভিন্নাংশত্বাৎ ততো দ্বিতীয়ত্বাভাবাদদ্বয়ত্বং। তথা ভগবানিতি ভক্তৈ র্যদুচ্যতে তজ্জ্ঞানং। এতন্মতে পূর্ব্ববজ্ জ্ঞানমাত্রত্বেঽপি ভগশব্দবাচ্য-ষড়ৈশ্বর্য্যস্যাপি অপ্রাকৃতত্বেন চিন্মাত্রত্বাৎ তদ্রূপত্বং; যদুক্তং বিষ্ণুপুরাণে। ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ। জ্ঞানবৈরাগ্যয়োশ্চৈব ষণ্ণাং ভগ ইতীঙ্গনা ॥ জ্ঞানশক্তিবলৈশ্বর্য্যবীর্য্যতেজাংস্যশেষতঃ। ভগবচ্ছব্দবাচ্যানি বিনা হেয়ৈ র্গুণাদিভিরিতি। তথৈব দ্বিভুজত্বাদি বিবিধ চিদ্ঘনাকারৈ বহিরন্তর্বর্ত্তিত্বেঽপি। ন চ্যবন্তে চ যদ্ভক্তা মহত্যাং প্রলয়াপদীতি স্কান্দাদিবাক্যৈঃ সদৈব সেব সেবকসেবাদিবিভাগেঽপি অদ্বয়ত্বং পূর্ব্ববত্তচ্ছক্তীনাং চিদাদীনাং তদ্বিলাসানাং চ বৈকুণ্ঠাদীনাং তদভিন্নত্বমননাৎ, ততো ভিন্নত্বভাবনৈবাদ্বয়পদেন ব্যাবৃত্তা। এতঞ্চ ভগবতঃ সামান্যস্বরূপমাত্রস্যোপাদেয়ত্বং জ্ঞানিন্যধিকারিণি। ব্রহ্মেতি অন্তর্য্যামিত্বাদি দ্বিত্বধর্ম্মবিত্ত্বস্যোপাদানে যোগিন্যধিকারিণি। পরমাত্মেতি। অচিন্ত্যানন্তচিদানন্দময়স্বরূপরূপগুণলীলাদ্যনেকধর্ম্মবত্ত্বস্য গ্রহণযোগ্যতায়াং ভক্তেঽধিকারিণি ভগবানিতি। স এবৈকো ভাতি। কিঞ্চ যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্মসনাতনমিতি। কৃষ্ণায় পরমাত্মনে ইতি। মদীয়ং মহিমানঞ্চ পরং ব্রহ্মেতি শব্দিতমিতি। ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি। বিষ্টভ্যাহমিতি। বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগদিত্যাদি বচনেভ্যস্তথা ভগবদ্রূপা

আভাস।

পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে" জ্ঞানিগণ "তন্ন তন্ন" করিয়া এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান বিশ্বব্রহ্মাণ্ডের কারণস্বরূপ অচিন্ত্যরচনাশক্তিসম্পন্না মায়া যেখানে শক্তিরূপে অবস্থিতি করেন, জীবসমূহ যে পরমতত্ত্বে পরমাণু সংষ্টির ন্যায় অংশাংশীভাবে অপৃক্ত্বের পরিচয় দেয়, যিনি সর্ব্বকারণকারণ, সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন জ্ঞানজ্যোতিতে বিরাজমান, যে অখণ্ড একরসে জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাতার ভেদ দৃষ্ট হয় না, সেই অনন্ত নিরাকার চৈতন্যস্বরূপ জ্ঞানকে ব্রহ্ম বলিয়া অভিহিত করেন। যোগিগণ আবার তাঁহারই পরমাত্মা নাম বিধান করিয়া থাকেন। তাঁহাদের মতে যিনি চৈতন্যস্বরূপ জ্ঞানময় সর্ব্বান্তর্যামী অতএব সাক্ষি-

তচ্ছ্রদ্দধানা মুনয়ো জ্ঞানবৈরাগ্যযুক্তয়া।
পশ্যন্ত্যাত্মনি চাত্মানং ভক্ত্যা শ্রুতগৃহীতয়া ॥ ১২ ॥

অন্বয়ঃ।

শ্রদ্দধানাঃ মুনয়ঃ শ্রুতগৃহীতয়া (শ্রুতেন বেদান্তশ্রবণেন গৃহীতয়া প্রাপ্তয়া), জ্ঞানবৈরাগ্যযুক্তয়া প্রেমলক্ষণয়া, ভক্ত্যা এব তৎ, (স্বরূপাখ্য-জীবাখ্য-মায়াখ্য-শক্তীনাং) আশ্রয়ং আত্মানং পরমাত্মানং, আত্মনি (শুদ্ধে চেতসি) পশ্যন্তি। ১২ ॥

শ্রীধরস্বামী।

তচ্চ তত্ত্বং সপরিকরয়া ভক্ত্যা এব প্রাপ্যত ইত্যাহ তচ্চেত্যন্বয়ঃ। জ্ঞানবৈরাগ্যযুক্তয়েত্যত্র জ্ঞানং পরোক্ষং তচ্চ তত্ত্বং আত্মনি ক্ষেত্রজ্ঞে পশ্যন্তি। কিং তৎ আত্মানং পরমাত্মানং শ্রুতেন বেদান্তশ্রবণেন গৃহীতয়া প্রাপ্তয়া ইতি ভক্তের্দার্ঢ্যমুক্তং ॥১২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সকামং মোক্ষপ্রাপ্তেরপি দর্শনাৎ। ব্রহ্মপরমাত্মোপাসকানান্তু প্রেমপ্রাপ্ত্যদর্শনাদ্ভগবত্ত এব ব্রহ্মত্বপরমাত্মত্বেত্যতো ভগবত্ত্বমেব মূলমিতি দ্রষ্টব্যং। অত্র ব্রহ্মোপাসকেভ্যো জ্ঞানিভ্যঃ সকাশাৎ পরমাত্মোপাসকো যোগী শ্রেষ্ঠঃ। তেভ্যো যোগিভ্যোঽপি ভগবদুপাসকঃ শ্রেষ্ঠ ইতি তারতম্যং গীতাসু দৃষ্টং। যথা তপস্বিভ্যোঽধিকো যোগী জ্ঞানিভ্যোঽপি মতোঽধিকঃ। কর্ম্মিভ্যশ্চাধিকো যোগী তস্মাদ্‌যোগী ভবার্জ্জুন। যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা। শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মত ইতি। যোগিনামিতি পঞ্চম্যর্থে ষষ্ঠী শ্রীরামানুজাচার্য্যচরণৈর্ব্যাখ্যাতেতি ॥ ১১ ॥

তৎপ্রাপ্তিসাধনমাহ। তজ্জ্ঞানং ত্রিরূপং মুনয়ো মননশীলা জ্ঞানিনো যোগিনো ভক্তাশ্চ ভক্ত্যা পশ্যন্তি। তত্র ব্রহ্মেতি মতে আত্মনি চ তৎপদার্থে ঈশ্বরে আত্মানং স্বং

শ্রদ্ধাবান্ মুনিগণ বেদান্তাদি শ্রবণ করিয়া, কেবল জ্ঞান ও বৈরাগ্যবিশিষ্ট ভক্তিদ্বারাই সেই পরম তত্ত্ব স্বীয় হৃদয়-কন্দরে উপলব্ধি করিয়া থাকেন ॥ ১২ ॥

আভাস।

স্বরূপ সর্ব্বহৃদয়ে "ওঁ সহস্রশির্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ সভূমিং সর্ব্বতো বৃত্বা অত্যতিষ্ঠৎ দশাঙ্গুলং" প্রাদেশ পরিমাণে বাস করিতেছেন। নদী সকল সমুদ্রে আত্মসমর্পণ করিয়া নিজ নাম ও রূপাদি পরিত্যাগ পূর্ব্বক যেমন সমুদ্ররূপে লীন থাকে, সেইরূপ জীবসমূহ সর্ব্বতত্ত্বাতীত চৈতন্যতত্ত্বে চিত্ত সংযত করিয়া, দেহাদি উপাধি বিসর্জ্জনে অভেদে পরমানন্দ

প্রেমলক্ষণয়া ভক্ত্যা ততঃ স্বরূপাখ্য-জীবাখ্য-মায়াখ্য-শক্তীনাং আশ্রয়ং আত্মানং আত্মনি শুদ্ধে চেতসি পশ্যন্তি চ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পদার্থং জীবং পশ্যন্ত্যনুভবন্তি। পরমাত্মেতি মতে আত্মন্যন্তর্হৃদয়ে আত্মানমন্তর্যামিণং পশ্যন্তি ধ্যানেনালোকয়ন্তি। ভগবানিতি মতে আত্মনি মনসি চকারাদ্বহিশ্চক্ষুরন্তং আত্মানং ভগবন্তং পশ্যন্তি স্বলোচনাভ্যামেব তন্মাধুর্য্যমাস্বাদয়ন্তি। ভক্ত্যেতি। আদৌ গুরুমুখাচ্ছ্রুত্বা পশ্চাদ্‌গৃহীতা তয়া। ভগবদ্বিষয়িন্যেব শ্রবণকীর্ত্তনাদৌ ভক্তিশব্দস্য রূঢ়ের্ব্রহ্মোপাসকৈঃ পরমাত্মোপাসকৈশ্চ স্বস্ব সাধ্যসিদ্ধ্যর্থং ভগবতি ভক্তিঃ কর্ত্তব্যৈব। জ্ঞানবৈরাগ্যযুক্তয়েতি জ্ঞানবৈরাগ্যে পৃথগেব তেষামুভয়েষাং সাধনে জ্ঞেয়ে। ভক্তমতে ভক্ত্যুত্থে এব তে ভক্তেঃ প্রেমস্বব্যঞ্জকে জ্ঞেয়ে। তস্মান্মদ্ভক্তিযুক্তস্য যোগিনো বৈ মদাত্মনঃ। ন জ্ঞানং নচ বৈরাগ্যং প্রায়ঃ শ্রেয়ো ভবেদিহেতি। শুদ্ধভক্তানাং পৃথক্‌তয়োর্নিষেধাৎ। অথবা। তচ্চ ত্রিরূপং জ্ঞানং ভক্তাস্তু ভক্ত্যৈবানুভবিতুং শক্নুবন্তীত্যাহ। তচ্ছ্রদ্দধানাঃ কেচিৎ তৎত্রিরূপমপ্যনুভবিতুং সাভিলাষা ভবন্তীত্যর্থঃ। তদা ভক্ত্যৈব পশ্যন্তি। তেন ব্রহ্মপরমাত্মনোঃ সাধনে জ্ঞানযোগৌ ভক্ত্যৈব সিদ্ধৌ স্যাতামিতি ভাবঃ॥ ১২॥

আভাস।

অনুভব করিতে থাকে। সেই অদ্বিতীয় জ্ঞানই পরমাত্মা। ভকগণ কাতরকণ্ঠে সর্ব্বহৃদয়-চারী সর্ব্বকর্ম্মদ্রষ্টা, সর্ব্বকর্ম্মফলদাতা সর্ব্বানন্দময় সর্ব্বশক্তিসম্পন্ন সর্ব্বজীবমোক্ষদাতা সর্ব্বানন্দপ্রদ সর্ব্বজ্ঞানময় পরমকারুণিক অদ্বিতীয় ভগবান্ বলিয়া অগ্রসর হইয়া থাকেন। তাঁহাদের মতে ঐশ্বর্য্য, বীর্য্য, যশ, শ্রীঃ, জ্ঞান ও বৈরাগ্য এই ষট্‌শক্তি অনাদিকাল হইতে যাঁহাকে বীজরূপে অবলম্বন করিয়া আছে, যিনি ভক্তহৃদয়ানুরূপ বিগ্রহ পরিগ্রহ করিয়া কখন দ্বিভুজ, কখন চতুর্ভুজ, কখন শিব, কখন শ্যামা, কখন কালী, কখন কৃষ্ণরূপে, ইচ্ছাধীন-বিগ্রহ ধারণ করিয়া থাকেন, যাঁহার আকারে নির্ভর দিয়াই এই জগৎ আকারিত হইয়াছে, সেই সর্ব্বকারণকারণ অখণ্ডানন্দ চৈতন্যজ্যোতি ভগবানই ভজনীয়॥ ১১॥

জ্ঞানী, যোগী ও ভক্ত এই তিনজনেই সে পরমতত্ত্ব লাভ করেন বটে, কিন্তু ভক্তির পথ সরল ও সুখসেব্য। পিতার নিকট পুত্রত্রয় সম্বন্ধে স্নেহের তারতম্য না থাকিলেও, কৃতী ও অকৃতীভেদে আপনা আপনিই স্নেহের কিছু বিশেষত্ব ঘটে, সেইরূপ জগৎপিতার নিকট জ্ঞানী, যোগী ও ভক্তসম্বন্ধে কৃপার কিছু ইতরবিশেষ ঘটিয়া উঠে। জ্ঞানিগণ স্বীয় অসাধারণ ধীশক্তিসম্পন্ন বুদ্ধিবলে "তত্ত্বমস্যাদি" মহাবাক্যের বিচার দ্বারা, ত্বংপদবাচ্য নিজস্বরূপকে মায়োপাধি, ভ্রমও প্রমাদাদি হইতে নিষ্কাসিত করিয়া, তৎপদলক্ষ্য অদ্বয় পরমব্রহ্মে মিশাইয়া কৃতার্থতা লাভ করেন। যোগিগণ অষ্টাঙ্গ যোগসাধন দ্বারা চতুর্বিংশতি তত্ত্বে চিত্তসংযমে অভ্যাস করিয়া, অবশেষে অন্তর্যামী পরমাত্মাকে অন্তর্হৃদয়ে ধ্যানযোগের দ্বারা প্রত্যক্ষ করেন; কিন্তু ভক্তের প্রেমলক্ষণ আকিঞ্চন মাত্র সম্বল। যেমন বালকের ক্ষুধার উদ্রেক হইলে

অতঃ পুংভির্দ্বিজশ্রেষ্ঠা বর্ণাশ্রমবিভাগশঃ।
স্বনুষ্ঠিতস্য ধর্ম্মস্য সংসিদ্ধি র্হরিতোষণং ॥ ১৩ ॥

অন্বয়ঃ

অতঃ হে দ্বিজশ্রেষ্ঠাঃ, পুংভিঃ বর্ণাশ্রমবিভাগশঃ স্বনুষ্ঠিতস্য ধর্ম্মস্য সংসিদ্ধিঃ ফলং হরিতোষণং হরেরারাধনমেব ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

শ্রবণাদিগৃহীতধর্ম্মস্য ফলং ভক্তিঃ নার্থকামাদিকং ইতীমমর্থমুপপাদ্যোপসংহরতি অত ইতি। হে দ্বিজশ্রেষ্ঠা হরিতোষণং হরেরারাধনং সংসিদ্ধিঃ ফলং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং ধর্ম্মঃ স্বনুষ্ঠিত ইত্যাদিনা কর্ম্মণঃশ্রমত্বমেব জ্ঞানযোগয়োরপি শ্রেয়ঃসৃতিং ভক্তিমুদস্য তে বিভো ইতি। নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতমিতি। পুরেহ ভূমন্ বহবোঽপি যোগিন ইত্যাদিভ্যো ভক্ত্যা বিনা শ্রমত্বমেব। ভক্তেস্তু কর্ম্মযোগজ্ঞানাদ্যমিশ্রিতায়া এব শুদ্ধায়া আত্মপ্রসাদকত্বং প্রকরণতোঽবগতং। তত্রৈবং শঙ্কতে। নন্বু জ্ঞানযোগয়োরপ্রবৃত্তৌ ন কাচিচ্চিন্তা। কর্ম্মণাং তু নিত্যানামকরণে মহান্ প্রত্যবায়ো দুর্গতিহেতুস্তত্র কা বার্ত্তেত্যত আহ অতঃ পুংভিরিতি। যত উক্তন্যায়েনোৎকৃষ্টাবপি জ্ঞানযোগৌ ভক্ত্যৈব সিদ্ধৌ ভবেতাং ভক্তিস্তু তাভ্যাং বিনাপি স্বয়ং সিদ্ধ্যতি। অতো হরিতোষণং ভক্ত্যৈব জাতং চেৎ তদা

অতএব হে দ্বিজশ্রেষ্ঠগণ! যখন মনুষ্যের বর্ণ ও আশ্রমভেদে সম্যক্ আচরিত যাবতীয় ধর্ম্মের উদ্দেশ্যই ভগবৎসন্তোষ মাত্র ॥ ১৩ ॥

আভাস।

সর্ব্বপ্রকার ক্রীড়াকৌতুক হইতে নিবৃত্ত হয়; এবং মাতৃক্রোড়ই বিশ্রাম-নিকেতন ও মাতৃস্তনই ক্ষুধা নিবারণের উপায় জানিয়া, কেবল ক্রন্দনমাত্র সম্বল লইয়া জননীর সন্নিধানে অগ্রসর হইতে বাসনা করে, এবং সহজেই তাহার অভীষ্ট সিদ্ধ হয়, ভক্ত সেইরূপ গুরুমুখে সেই ভক্তবৎসলের উদ্দেশ পাইয়া, নিজতৃপ্তিসাধনের জন্য বৈরাগ্যকে মাত্র অবলম্বন করিয়া কাতর-হৃদয়ে মর্ম্মবেদনা জানাইতে থাকে। স্নেহময়ী জননী যেমন স্তন্য পান করাইয়াও ক্রন্দন থামাইবার জন্য নানাপ্রকার আবদার সহ্য করেন, ভগবানও ভক্তের হৃদয়মন্দিরে উদিত হইয়াও মনোবাঞ্ছা পূরণের জন্য বাহিরেও নিজ লীলা ঐশ্বর্য্যাদি অনুভব

তদেবং শ্রুতগৃহীতয়া ইত্যনেন আত্মা ~~বা অরে~~ দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্য ইতি নিদিধ্যাসনমুপাসনং। সা চ এবং লব্ধা দুর্ল্লভা ভক্তিঃ হরিতোষণে এবং প্রযুক্তাৎ। স্বনুষ্ঠিতস্য বহুপ্রযত্নেনাচ্ছিদ্রমুপার্জ্জিতস্য ইতি, তুচ্ছে স্বর্গাদিফলে তৎপ্রয়োগোঽতীবাযুক্ত ইতি ভাবঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মস্য সংসিদ্ধিঃ। যো যত্নাদনুষ্ঠিতোঽপি কর্ম্মিণাং সাঙ্গোপাঙ্গতয়া প্রায়ঃ সিদ্ধো ন ভবতি সোঽপি ভক্তিমতাং অননুষ্ঠিতোঽপি সম্যগেব সিদ্ধো ভবতি। যৎ কর্ম্মভি র্যৎ তপসা জ্ঞানবৈরাগ্যাত ইত্যাদৌ সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসেতি শ্রীভগবদুক্তেঃ। তেন কর্ম্মাকরণজনিতঃ প্রত্যবায়ো ভক্তানাং পরাহতঃ॥ নহু যদি ভক্ত্যা ধর্ম্মসংসিদ্ধস্তর্হি ধর্ম্মফলমপি তৈ র্লভ্যতাং সত্যং সকামত্বে সতি লভ্যতে এব নিষ্কামত্বে সতি তেষাং নৈষ্কর্ম্ম মেব ভবতি। তথাচ শ্রুতির্গোপালতাপনী! ভক্তিরস্য ভজনং তদিহামুত্রোপাধিনৈ-রাস্যেনামুষ্মিন্মনঃকল্পনমেতদেব নৈষ্কর্ম্মং। তদেবং। যথা তরোর্মূলনিষেচনেতি ন্যায়েন ভক্ত্যৈব ধর্ম্মাঃ সংসিদ্ধা এবাতো ভক্তানাং কর্ম্মণ্যধিকার এব দূরীকৃতো ভগবতা যদুক্তং। তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্বিদ্যেত যাবতা। মৎকথা শ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়ত ইতি ধর্ম্মান্ সংত্যজ্য যঃ সর্ব্বান্ মাং ভজেৎ স চ সত্তম ইতি। সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজেতি। তথা সতি যথা তয়োর্মূলনিষেচনেত্যাদৌ যথৈব সর্ব্বার্হণমচ্যু তেজ্যা ইত্যত্র যথাচ্যুতপূজনমেব সর্ব্বেষাং দেবপিত্রাদীনাং অর্হণরূপং ভবতি তদ্বদত্র হরিতোষণমেব অনুষ্ঠিতধর্ম্মস্য সম্যক্ সিদ্ধিরূপং ভবতীত্যর্থঃ। তথা চাচ্যুতস্য পূজনে তোষণে চ জাতে দেবপিত্রাদীনাং পূজনরূপস্য অনুষ্ঠিতধর্ম্মস্য সংসিদ্ধিঃ স্বয়মেব জাতেতি ভাবঃ।

আভাস।

করান। তাই গীতাতে জ্ঞানী যোগী ও ভক্তের মধ্যে ভক্তের শ্রেষ্ঠত্ব প্রতিপাদনজন্য বলিয়াছেন. "যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা। শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মত ইতি" জ্ঞানী অপেক্ষা যোগী উত্তম, যোগী অপেক্ষা শ্রদ্ধাবান্ ভক্তই শ্রেষ্ঠ। তাহার বিশেষ কারণ জ্ঞানীর ও যোগীর চরম অবস্থায় ভক্তি না থাকিলে, পুনঃ পতনের সম্ভাবনা; কিন্তু ভক্তের ভার ভগবানই বহন করেন॥ ১২॥

ভক্তিহীন জ্ঞান ও যোগ কেবল শ্রম মাত্র; তাহাতে বিশেষ কোন ফল নাই। শোভন-দর্শন কুসুম যেমন মধুর অভাবে আদরণীয় হয় না, তদ্রূপ ভক্তিশূন্য জ্ঞান ও যোগ সম্যক্ ফলোপধায়ক হয় না। কিন্তু ভক্তি স্বয়ং সিদ্ধা; এক ভক্তির দ্বারা জ্ঞান ও যোগ উভয়েরই ফল প্রাপ্ত হওয়া যায়। এমন কি! বর্ণাশ্রমপ্রোক্ত বিবিধ ধর্ম্মানুষ্ঠানের মূলে এক ভক্তিরই প্রয়োজন। কৃষকের সিঞ্চনজন্য জলের আয়োজন থাকিলে, কৃষিবিদ্যার পরিচয়ের আর ত্রুটি থাকে না; নানাবিধ অমৃতরসময় ফল ও প্রসূনোপহারক বৃক্ষ-রোপণ দ্বারা নিজের ও জগতের উপকার ও আনন্দ বিতরণে সমর্থ; কিন্তু জলের অভাবে তাহার সকল পরিশ্রমই বৃথা, সেইরূপ এক ভক্তিবারি সম্বল লইয়া, জ্ঞান বা যোগ, যে কোন মার্গে পদার্পণ করা যাউক্ না, সর্ব্বত্রই আসার-সিক্ত কিসলয়-সম্পন্ন নব-ভাবের পরিচয় পাওয়া যাইতে থাকে। কিন্তু ভক্তির অভাবে, উষারভূমে দিক্‌ভ্রম ও চিত্তচাঞ্চল্য ভোগের ন্যায়, ভক্তিহীন জ্ঞান ও

তস্মাদেকেন মনসা ভগবান্ সাত্বতাংপতিঃ।
শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ ধ্যেয়ঃ পূজ্যশ্চ নিত্যদা ॥ ১৪

অন্বয়ঃ।

তস্মাৎ হেতোঃ একেন একাগ্রেণ মনসা ভগবান্ সাত্বতাং ভক্তানাং, পতিঃ পালকঃ নিত্যদা শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যঃ ধ্যেয়ঃ পূজ্যঃ চ ভবেৎ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

যস্মাচ্চ ভক্তিহীনধর্ম্মঃ কেবলং শ্রম এব, তস্মাদ্ভক্তিপ্রধান এব ধর্ম্মোঽনুষ্ঠেয় ইত্যাহ তস্মাদিতি। একেন একাগ্রেণ মনসা ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমেব দৃষ্টান্তেঽপি তরোর্ম্মূলনিষেচনেনৈব শাখাপল্লবাদীনাং সেচনং স্বয়মেব জাতমিতি জ্ঞেয়ম্। তদপি যৎ প্রাচ্যাদিভক্তানামনন্যানামপি কর্ম্মিকুলসংঘট্টগতত্বেনৈব তদনুরোধবশাদীষৎকর্ম্মকরণং তৎকর্ম্মাকরণমেব তত্র শ্রদ্ধারাহিত্যাৎ। অশ্রদ্ধয়া হুতং দত্তং তপস্তপ্তং কৃতঞ্চ যৎ। অসদিত্যুচ্যতে পার্থ নচ তৎ প্রেত্য নেহ চেতি ভগবদুক্তেঃ ॥ ১৩ ॥

যস্মাদেবং তস্মাদেকেন কর্ম্মজ্ঞানাদ্যনুতিষ্ঠাসাশূন্যেন ॥ ১৪ ॥

তখন একান্তঃকরণে ভক্তবৎসল ভগবানের বিষয় অনবরত শ্রবণ ও কীর্ত্তন করা উচিত; হৃদয়াসনে উপবেশন করাইয়া, তাঁহার চরণকমলে সর্ব্বস্বদানে অর্চ্চনা করাই কর্ত্তব্য ॥ ১৪ ॥

আভাস।

যোগমার্গেও ঐ জাতীয় দুর্গতির বিশেষ সম্ভাবনা। নিষ্কাম ভক্তির উদয়ের জন্যই কর্ম্মের প্রয়োজন। ভক্তি উদিত হইলে, নিত্য নৈমিত্তিক কর্ম্ম না করিলেও, প্রত্যবায়ভোগী হইতে হয় না। এস্থলে ভগবান্ বলিয়াছেন; তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। মৎকথা শ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবৎ ন জায়তে॥ সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচ॥ সেই পর্য্যন্তই কর্ম্মের প্রয়োজন, যে পর্য্যন্ত বৈরাগ্য উপস্থিত না হয়; কিম্বা আমার কথা শ্রবণ ও কীর্ত্তনাদিতে শ্রদ্ধা না জন্মায়। দ্বিতীয় শ্লোকে উক্ত হইয়াছে যে, "যদি অশেষ পাপের পাপী বোধে উদ্ধারের কোন উপায় না দেখ! তবে কেবল আমারই আশ্রয় গ্রহণ কর! আমি তোমাকে সর্ব্বপাপ হইতে নির্ম্মুক্ত করিয়া, নিজ সমীপে আনয়ন করিব"। অতএব এক ভক্তির নিকট কিছুই দুঃসাধ্য নাই। অশ্রদ্ধা সহকারে হোম, দান ও তপস্যাদি যে কোন কর্ম্ম করা যায়, তাহা ইহলোক ও পরলোক

একেন বর্ণাশ্রমপ্রোক্তকাম্যধর্ম্মাদ্যাগ্রহশূন্যেন। শ্রবণং কীর্ত্তনঞ্চাত্র নামগুণাদীনামেব ॥ ১৪ ॥

যদনুধ্যাসিনা যুক্তাঃ কর্ম্মগ্রন্থিনিবন্ধনং।
ছিন্দন্তি কোবিদা স্তস্য কো ন কুর্য্যাৎ কথারতিং ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

যদনুধ্যাসিনা যস্য হরেঃ (অনুধ্যা চিন্তামাত্রং সৈবাসিঃ খড়্গঃ তেন) যুক্তাঃ কোবিদাঃ বিবেকিনঃ, কর্ম্মগ্রন্থিনিবন্ধনং (গ্রন্থিং অহঙ্কারং নিবধ্নন্তি যৎ কর্ম্ম তৎ) ছিন্দন্তি তস্য কথায়াং রতিং কো ন কুর্য্যাৎ। ১৫ ॥

শ্রীধরস্বামী।

ভক্তিবিহীনো ধর্ম্মঃ কেবলং শ্রম ইত্যুক্তং, ইদানীন্তু ভক্তের্মুক্তিফলত্বং প্রপঞ্চয়তি যদিতি। যস্য অনুধ্যা অনুধ্যানং, সৈব অসিঃ খড়্গঃ, তেন যুক্তা বিবেকিনঃ গ্রন্থিমহঙ্কারং নিবধ্নন্তি যৎ কর্ম্ম তৎ ছিন্দন্তি তস্য কথায়াং রতিং কো ন কুর্য্যাৎ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু চ মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়ত ইতি শ্রদ্ধালুর্মে কথাঃ শৃণ্বন্নিতি জাতশ্রদ্ধো মৎকথাস্বিত্যাদি ভগবদুক্তেঃ কথায়াং শ্রদ্ধাবানেব ভক্তাবধিকারীত্যতঃ শ্রদ্ধা কথং স্যাদিত্যত আহ যদম্বিতি। যস্যানুধ্যানমেবাসিঃ খড়্গস্তেন যুক্তাঃ সহিতাঃ জনাঃ গ্রন্থি-

বিবেকিগণ যাঁহার স্মরণরূপ খড়্গধারণে অভিমান-প্রবর্ত্তক কর্ম্মপাশ ছেদন করেন, তাঁহার কথায় কাহার না প্রীতির উৎপাদন হইবে? ॥ ১৫ ॥

আভাস।

কোন লোকেই উপকারপ্রদ হয় না; তাই গীতাতে কথিত হইয়াছে, "অশ্রদ্ধয়া হুতং দত্তং তপস্তপ্তং কৃতঞ্চ যৎ। অসদিত্যুচ্যতে পার্থ ন তৎ প্রেত্য নেহ চ ॥ ১৩ ॥

ভক্তিদ্বার খুলিবার জন্য প্রথমতঃ গুরু ও শাস্ত্রসমীপে গমন করিয়া এই নিখিল ভুবনের অধীশ্বর, নিরাশ্রয়ের আশ্রয়, ভগবানের অস্তিত্ব ও ক্রিয়া-সামর্থ্য সম্বন্ধে শ্রবণ করা উচিত; গুরু বা শাস্ত্র ব্যতীত অলৌকিক বিষয়ের প্রতীতি জন্মে না। জগতের বস্তু দ্বারা জগৎ বুঝা যায়; কিন্তু জগতের অতীত বস্তু বুঝিতে হইলে, অলৌকিক জ্ঞানের প্রয়োজন; যাহা কেবল গুরু বা শাস্ত্রসমীপেই প্রধানত লাভ করা হয়। সেই হেতু শ্বেতাশ্বতর উপনিষদে কথিত হইয়াছে, "যস্য দেবে পরাভক্তি র্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ" মহাত্মাগণ বলিতেছেন, ভগবৎকথা শ্রবণে সেই সকল লোকই প্রকৃত অধিকারী, যাহারা অন্ধবিশ্বাসের সহিত দেবতা, গুরু ও বেদান্তবাক্যে নির্ভর দিয়া অবস্থিতি করে। শাস্ত্রে ভগবৎকথা শ্রবণ করিয়া, শাস্ত্রানুকূল যুক্তি ও ব্রহ্মচারিগণ সহ

যুক্তাঃ সংযতচিত্তাঃ, গ্রন্থিং নানাদেহেম্বহঙ্কারং। তস্য এবম্ভূতস্য পরম-দুঃখানুদর্শ্ডুঃ কথায়াং রতিং রুচিং কো ন কুর্য্যাৎ। ১৫ ॥

শুশ্রূষোঃ শ্রদ্দধানস্য বাসুদেবকথারুচিঃ।
স্যান্মহৎসেবয়া বিপ্রাঃ পুণ্যতীর্থনিষেবণাৎ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

হে বিপ্রাঃ পুণ্যতীর্থনিষেবণাৎ নিষ্পাপস্য. মহতাং সেবয়া শ্রদ্দধানস্য ততঃ শুশ্রূষোঃ জনস্য বাসুদেবকথায়াং রুচিঃ প্রীতিঃ স্যাৎ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

নন্বু সত্যমেব কর্ম্মনির্মূলনী হরিকথারতিঃ তথাপি তস্যাং রুচির্নোৎপদ্যতে কিং কুর্ম্ম-ইত্যাহ শুশ্রূষোরিতি। পুণ্যতীর্থনিষেবণাদিভিঃ নিষ্পাপস্য মহৎসেবা স্যাৎ, তয়াচ তদ্ধর্ম্মে শ্রদ্ধা। ততঃ শ্রবণেচ্ছা, ততো রুচিঃ স্যাদিত্যর্থঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিবন্ধনং গ্রন্থিরহঙ্কারো নিবদ্ধ্যতে যেন তৎ কর্ম্ম। যথা স্বসঞ্চিত-ধনেভ্যঃ পৃথক্কৃত্য কিঞ্চিন্মাত্রমেবৈকদিনভোজনার্থং জনাঃ স্বগ্রন্থৌ নিবধ্নন্তি যথা তথৈব গ্রন্থিনিবন্ধনং বর্ত্তমানজন্মযোগ্যং প্রারব্ধং কর্ম্ম তদপি ছিন্দন্তি তস্য কথায়াং রতিং প্রীতিং কো ন কুর্য্যা-

---

পবিত্র তীর্থসেবায় নিষ্পাপ হইলে, সৎসঙ্গ দ্বারা শ্রদ্ধার উদয় হয়, শ্রদ্ধা হইতে শ্রবণেচ্ছা ও ভগবৎকথা শ্রবণে অনুরক্তি জন্মে ॥ ১৬ ॥

বিচার দ্বারা মীমাংসাই এখানে "কীর্ত্তিতব্যঃ" শব্দের অর্থ। মীমাংসার দ্বারা প্রাণধন ভগবানকে চিনিতে পারিলে, চিত্ত কি আর অন্য কোথায়ও সংযত থাকিতে পারে? সর্ব্ব-দুঃখ নিবারণকারীর দর্শন পাইলে, একান্তঃকরণে মন তাঁহাকেই ধ্যান করিতে থাকে; এবং আমার বলিতে আর কিছুই রাখে না; সমস্তই তাঁহার চরণে সমর্পণ করিয়া পূজা করিতে থাকে। ভগবৎকৃপা-কটাক্ষের মহিমা অনির্ব্বচনীয়! বিবেকিগণ কেবল মাত্র যে হরিচিন্তন-রূপ মহা অসি হস্তে লইয়াই এই অনন্ত গ্রন্থিবিশিষ্ট ভববন্ধন হইতে মুক্তি লাভ করিয়া থাকেন, জগতে এমন কে আছে যে তচ্চিন্তায় মন নিবিষ্ট না করে! যাঁহারা পবিত্র তীর্থ পরিভ্রমণ দ্বারা চিত্ত হইতে বিষয়াসক্তি অনেক পরিমাণে হ্রাস করিয়াছেন, এবং তীর্থস্থ উদাসীন সাধুগণের সংসর্গে ভগবৎবার্ত্তা শ্রবণেচ্ছুক হইয়া শ্রদ্ধাবিশিষ্ট হন, তাঁহাদেরই প্রকৃত ভগবৎকথায় রুচি জন্মে ॥ ১৪ ॥ ১৫ ॥ ১৬ ॥

মন্দভাগ্যানাং কথারুচি র্ন জায়তে, ইতি সুগমোপায়ং নৈষ্ঠিকভক্তিং উপদিশতি। পুণ্য-তীর্থানুষেবণাৎ যদৃচ্ছয়া ভ্রমতো মহতাং পুণ্যবতাং যোগিনাং দর্শনস্পর্শনসম্ভাষণাদি-লক্ষণা সেবা স্বত এব সম্পাদ্যতে। ততশ্চ তদীয়স্বাভাবিকপরস্পরভগবৎকথায়াং তচ্ছ্রবণেচ্ছা জায়তে। তথাচ মহদ্ভ্যএব শ্রবণেন কথায়াং রুচিঃ জায়তে ॥ ১৬ ॥

শৃণ্বতাং স্বকথাঃ কৃষ্ণঃ পুণ্যশ্রবণকীর্ত্তনঃ।
হৃদ্যন্তঃস্থো হ্যভদ্রাণি বিধুনোতি সুহৃৎ সতাং॥ ১৭॥
নষ্টপ্রায়েষ্বভদ্রেষু নিত্যং ভাগবতসেবয়া।
ভগবত্যুত্তমশ্লোকে ভক্তির্ভবতি নৈষ্ঠিকী॥ ১৮॥

অন্বয়ঃ।

পুণ্যশ্রবণকীর্ত্তনঃ সতাং সুহৃৎ কৃষ্ণঃ স্বকথাঃ শৃণ্বতাং (জনানাং) হৃদি অভদ্রাণি বাসনাঃ অন্তঃস্থঃ হৃদয়স্থঃ ভাবনাপদবীং গতঃ সন্) হি নিশ্চিতং তানি বিধুনোতি ক্ষিণোতি॥ ১৭॥

নিত্যং ভাগবতসেবয়া অভদ্রেষু নষ্টপ্রায়েষু, (নতু জ্ঞানমিব সম্যক্ নষ্টেষু) পুংসঃ উত্তমশ্লোকে ভগবতি, নৈষ্ঠিকী নিশ্চলা, ভক্তিঃ ভবতি॥ ১৮॥

শ্রীধরস্বামী।

ততশ্চ শৃণ্বতামিতি। পুণ্যে শ্রবণকীর্ত্তনে যস্য সঃ। সতাং সুহৃৎ হিতকারী হৃদি যান্যভদ্রাণি কামাদিবাসনাঃ, তানি অন্তঃস্থঃ হৃদয়স্থঃ সন্॥ ১৭॥

ততশ্চ নষ্টপ্রায়েম্বিতি সর্ব্বাভদ্রনাশস্য-জ্ঞানোত্তরকালত্বাৎ প্রায়গ্রহণং। ভাগবতানাং ভাগবতশাস্ত্রস্য বা সেবয়া নৈষ্ঠিকী নিশ্চলা বিক্ষেপাভাবাৎ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দিতি তৎকথায়াং প্রীতিরপি সহসা জায়তে কিং পুনরধিকারব্যঞ্জিকা শ্রদ্ধেতি ভাবঃ॥ ১৫॥

তদপি কথায়াং প্রীতেরেবাবির্ভাবে প্রকারং শৃণুতেত্যাহ শুশ্রূষোরিতি। মহৎসেবয়া যাদৃচ্ছিকমহৎকৃপাজনিতয়া মহতাং সেবয়া শ্রদ্দধানস্য জাতশ্রদ্ধস্য পুংসঃ পুণ্যতীর্থং সদ্‌-গুরুস্তস্য নিষেবণং চরণাশ্রয়ণং স্যাৎ। নিপানাগময়োস্তীর্থমৃষিজুষ্টজলে গুরাবিত্যমরঃ। তস্মাচ্চ শুশ্রূষোস্তস্য বাসুদেবকথাসু রুচিঃ স্যাদিত্যন্বয়ঃ॥ ১৬॥

ততশ্চ শৃণ্বতামিতি ক্রমেণ শ্রবণকীর্ত্তনে উক্তে। ততশ্চ হৃদি যান্যভদ্রাণি পাপানি তান্যন্তঃস্থঃ সন্ বিধুনোতীতি স্মরণং॥ ১৭॥

ভাগবতানাং বৈষ্ণবানাং ভাগবতস্য শাস্ত্রস্য চ। নষ্টপ্রায়েম্বিতি। নামাপরাধলক্ষণ-

---

যাঁহারা ভগবচ্চরিত্র শ্রবণে চিত্ত সচকিত রাখেন, তাঁহাদের সঞ্চিত বা প্রারব্ধ পাপ-ধ্বংসের জন্য অন্য উপায়ের প্রয়োজন নাই; সাধুজনের প্রতি-পালক পুণ্যশ্রবণকীর্ত্তন শ্রীকৃষ্ণ তাঁহাদিগের হৃদয়স্থ হইয়া, অমঙ্গল সকল স্বয়ংই বিদূরিত করেন॥ ১৭॥

সর্ব্বদা ভগবদ্ভক্তগণের সেবা ও ভাগবত-শাস্ত্রানুশীলনে চিত্তমল সকল প্রায় বিনষ্ট হইয়া যায় এবং উত্তমশ্লোক ভগবানে অচলা ভক্তির উদয় হয়॥ ১৮॥

অন্বয়ঃ।

"তদা (ভক্তৌ সত্যাং) রজস্তমোভাবাঃ যে চ কামলোভাদয়ঃ (নষ্টপ্রায়াঃ ভবন্তি) এতৈঃ অনাবিদ্ধং চেতঃ সত্ত্বে স্থিতং সৎ প্রসীদতি ভগবত্তত্ত্বসাক্ষাৎকারযোগ্যং ভবতি ॥ ১৯ ॥

এবং ভগবদ্ভক্তিযোগতঃ প্রসন্নমনসোঃ অতএব মুক্তসঙ্গস্য বিষয়াবিরক্তস্য পুরুষস্য ভগবত্তত্ত্ববিজ্ঞানং জায়তে ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

রজস্তমশ্চ যে চ তৎপ্রভাবাঃ ভাবাঃ কামাদয় এতৈরনাবিদ্ধং অনভিভূতং প্রসীদতি উপশাম্যতি ॥ ১৯ ॥

ভগবদ্ভক্তিযোগতঃ প্রসন্নমনসঃ অতএব মুক্তসঙ্গস্য ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্যাতন্ত্রস্য কশ্চন কশ্চন প্রবলো ভাগঃ ক্ষীণত্বং গচ্ছন্ রতিপর্য্যন্তোঽপি ভবতীতি ।বঃ। নৈষ্ঠিকী নিষ্ঠা চিত্তৈকাগ্র্যং তাং প্রাপ্তা ॥ ১৮ ॥

রজস্তমোভ্যাং ভাব উৎপত্তির্যেষাং তে বিক্ষেপলোভাদয়ঃ। আদিশব্দাৎ ক্রোধমোহ-।ৎসর্য্যাণি, অনাবিদ্ধং অবিকৃতং ভবতি তেন বিষয়েষরুচ্যা শ্রবণকীর্ত্তনাদিষু স্বাদুত্বাব-লক্ষণা রুচির্ভবতীত্যায়াতং। তেন পূর্ব্বদশায়াং কামলোভাদ্যৈরাক্ষেপাদিভিরাবিদ্ধং চেতঃ কথং প্রসীদতু কথং বা কীর্ত্তনাদেঃ সম্যগাস্বাদং লভতাং ন হি ব্যথাজর্জ্জরিতস্যান্নাদিকং সম্যক্ রোচতে ইতি ভাবঃ। ততশ্চ সত্ত্বে শুদ্ধসত্ত্বমূর্ত্তৌ ভগবতি স্থিতং আসক্তং ॥ ১৯ ॥

এবমনেন প্রকারেণাসক্তিপূর্ব্বকং প্রতিক্ষণং ভগবতঃ কৃষ্ণস্য ভজনং কুর্ব্বতঃ প্রসন্নমনসঃ উৎপন্নরতেরিত্যর্থঃ। রত্যা বিনা সর্ব্বথা বিষয়াসংস্পর্শস্যানুৎপত্তেস্তেন বিনা চ মনঃপ্রসাদা-.ভবাদিতি। ততশ্চ ভগবতি ভক্তিযোগঃ প্রেমা তস্মাচ্চ ভগবত্তত্ত্বস্য স্বরূপগুণলীলে-

---

তখন রজঃ ও তমোগুণোৎপন্ন কামলোভাদি উপদ্রবের নিবারণে চিত্ত আর তদ্দ্বারা অভিভূত না হইয়া কেবল সত্ত্বগুণাবলম্বনে ভগবত্তত্ত্ব সাক্ষাৎকার করিতে সমর্থ হয় ॥ ১৯ ॥

এইরূপ প্রসন্নচেতা অনাসক্ত পুরুষগণ ভগবদ্ভক্তিবলেই ভগবানের স্বরূপ-[illegible]ৎকার লাভ করেন ॥ ২০ ॥

সর্ব্ববাসনানাশাৎ [illegible] [illegible] এবং ভগবত্তত্ত্বসাক্ষাৎকারযোগ্যং ভবতি ইতি ॥১৯॥

ভিদ্যতে হৃদয়গ্রন্থি শ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি দৃষ্ট এবাত্মনীশ্বরে ॥ ২১ ॥

অন্বয়ঃ ।

আত্মনি স্বরূপভূতে, ঈশ্বরে দৃষ্টে সতি অস্য ভক্তস্য, হৃদয়গ্রন্থিঃ অহঙ্কারঃ, ভিদ্যতে সর্ব্ব-সংশয়াঃ ছিদ্যন্তে কর্ম্মাণি চ ক্ষীয়ন্তে ॥ ২১ ॥

শ্রীধরস্বামী ।

জ্ঞানফলমাহ ভিদ্যত ইতি । হৃদয়মেব গ্রন্থিঃ চিজ্জড়গ্রন্থনরূপোঽহঙ্কারঃ, অতএব সর্ব্বে সংশয়া অসম্ভাবনাদিরূপাঃ । কর্ম্মাণ্যনারব্ধফলানি, আত্মনি স্বরূপভূতে ঈশ্বরে দৃষ্টে সাক্ষাৎকৃতে সতি । এবকারেণ জ্ঞানানন্তরমেবেতি দর্শয়তি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

পর্য্যমাধুর্য্যস্য বিজ্ঞানমনুভব ইত্যনুসংহিতং ভক্তেঃ ফলমুক্তং, জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহৈতুকমিতি যৎ পূর্ব্বমুক্তং তদিদমেব জ্ঞেয়ং মুক্তসঙ্গস্য উৎপন্নবৈরাগ্যস্য ॥ ২০ ॥

হৃদয়গ্রন্থিরবিদ্যা ভিদ্যত ইতি কর্ম্মকর্ত্তরি প্রযোগেণাবিদ্যাধ্বংসো ভক্তানামননুসংহিতং ফলং । এবমেব ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ অসম্ভাবনাদিরূপাঃ । আত্মনীতি ঈশ্বর ইত্যস্য বিশেষণং, যদ্বা আত্মন্যেব মনস্যেব দৃষ্টে কিং পুনঃ সাক্ষাদ্দৃষ্টে সতীতি স্ফূর্ত্তিসাক্ষাৎকারা-

স্বরূপভূত ঈশ্বরতত্ত্ব হৃদয়পদ্মে সাক্ষাৎকার করিবামাত্রই ভক্তজনের অহঙ্কার-বন্ধন কাটিয়া যায়, সংশয়সমূহ বিচ্ছিন্ন হয় এবং সঞ্চিত বা প্রারব্ধ কর্ম্মফল আর তত্ত্বদর্শীকে ভোগ করিতে হয় না ॥ ২১ ॥

আভাষ ।

আত্মের স্বরূপে অবস্থিতিই মুক্তি এবং দেহসত্ত্বে স্বরূপভূত ভগবত্তত্ত্ব হৃদয়মন্দিরে প্রত্যক্ষ করাই জীবন্মুক্ত অবস্থা। মুক্তি কোন ফল নহে এবং লাভ বলিয়াও গণ্য নহে; তত্ত্ব বন্ধন হইতে মোচনের নামই মুক্তি ; সর্ব্বশূন্য নিরালম্বনে অবস্থিতিই প্রার্থনীয় । সেটা ঈশ্বরতত্ত্ব দর্শন করা ব্যতীত অন্য কোন উপায় দ্বারা সাধিত হয় না । ঈশ্বরতত্ত্ব এমনই অপূর্ব্বরসময় যে, জীব তাহা আস্বাদনে রত হইয়া আত্মহারা হইয়া পড়ে ; আমি আছি বলিয়া, পৃথক্‌ভাবে অনুভব করিতে পারে না । কেবল সেই পরমতত্ত্ব দর্শন করিয়া বিহ্বল হয় । পূর্ব্বে ঈশ্বরের অস্তিত্ব, জগতের-অস্তিত্ব ও নিজের অস্তিত্ব সম্বন্ধে যে সকল ভ্রমাত্মক

ভগবত্তত্ত্ববিজ্ঞানস্যানুষঙ্গিকং ফলমাহ । হৃদয়গ্রন্থিরূপাহঙ্কারনাশঃ, সর্ব্বসংশয়াভাবং তদনন্তর প্রেমভক্তাস্বাদনং যথোক্তং ভক্তিবিপরীত ভাবনা, সাক্ষাৎকৃতেন আত্মতত্ত্ব সত্ত্বঃ যথাবিপরীতভাবনে ইতি সর্ব্বে সংশয়াশ্চ ছিদ্যন্তে, তথা অনারব্ধকর্ম্মফলানাং ক্ষতি ॥ ২১ ॥

অন্বয়ঃ।

অতো বৈ কবয়ঃ মনীষিণঃ, ভগবতি বাসুদেবে আত্মপ্রসাদনীং চিত্তশোধনীং ভক্তিং ...নয়া মুদা আনন্দাতিশয়েন, নিত্যং নিরন্তরং কুর্ব্বন্তি ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

তত্র সদাচারং দর্শয়ন্নুপসংহরতি অত ইতি। আত্মপ্রসাদনীং মনঃশোধনীং ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যুক্তৌ। সতাং কৃপা মহৎসেবা শ্রদ্ধা গুরুপদাশ্রয়ঃ। ভজনেষু স্পৃহা ভক্তিরনর্থাপগমস্ততঃ। নিষ্ঠা রুচি রথাসক্তি রতিঃ প্রেমাথ দর্শনং। হরের্ম্মাধুর্য্যানুভব ইত্যর্থাঃ স্যুশ্চতুর্দশ ॥ ২১ ॥ পরময়া মুদেতি। সাধনদশায়ামপি কষ্টাভাব উক্তঃ ॥ ২২ ॥

এই হেতু মনীষিগণ পরম প্রীতিসহকারে ভগবান্ বাসুদেবে নিরন্তর ভক্তিসাধন করিয়া থাকেন; সেই ভক্তির বলে চিত্ত হইতে সর্ব্বপ্রকার মলা বিধৌত হইয়া আত্মপ্রসাদ লাভ করা যায় ॥ ২২ ॥

আভাস।

...থ্যা বা বিপরীত ভাবনার দ্বারা চিত্ত কলুষিত ছিল, এক্ষণে সেই সত্যস্বরূপ জ্ঞানের ...কাশে সর্ব্বপ্রকার সংশয়ের মূল অবিদ্যা ছিন্ন হইয়া অবিরলধারে ভগবানের অভিষিক্ত চিত্ত ...বিত হইতে থাকে; এবং তাঁহার পবিত্র সন্দর্শনে এতই সৌভাগ্যের উদয় হয় যে, 'সঞ্চিত ...। অনারব্ধ কর্ম্মসকলও ফলপ্রসবে বিরত হইয়া সূর্য্যোদয়ে মেঘ নীহারবৎ বিলীন হইয়া ...য়। এইরূপে কর্ম্মব্যাধি হইতে বিনির্ম্মুক্ত জীবন্মুক্ত পুনরায় বাসনাবায়ু দ্বারা উদ্বেজিত ...য় না; বাসনা না থাকিলে সংশয়ের ভিত্তি কোথায়? তখন নির্ব্বাসন চিত্তে অহংকারের গ্রন্থি খুলিয়া গিয়া, ঘনাভ্যন্তরে সূর্য্যালোকপরিব্যাপ্ত মেঘোদকের ন্যায়, ভক্তের হৃদয়াকাশ স্বরূপভূত পরমাত্মশক্তির প্রকাশে স্বচ্ছ ও চিদানন্দময়-ভাবে বিরাজ করিতে থাকে ॥ ২১ ॥

জ্ঞানস্বরূপ ভগবানকে লাভ করিতে পারিলে, মুক্ত হওয়া যায় বটে, কিন্তু জ্ঞান লাভের পথ স্বতন্ত্র। আমার জ্ঞান লাভ হউক বলিয়া প্রার্থনা করিলে, বাঞ্ছা পূর্ণ হয় না; কিম্বা আমি ...জ্ঞানযোগী হইয়া কর্ম্মের অনুষ্ঠান অনবরতই করিতেছি, অতএব আমার অবশ্যই জ্ঞান লাভ হইবে, যে বিষয়ে কোন সন্দেহ নাই বটে; কিন্তু সেই লাভ কালে ঘটে; যেমন একটি

শ্রেয়াংসি তত্র খলু সত্ত্বতনোর্নৃণাং স্যুঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

সত্ত্বং রজঃ তমঃ ইতি প্রকৃতেঃ গুণাঃ তৈর্যুক্তঃ একঃ এব পরঃ পুরুষঃ ইহ অস্য বিশ্বস্য স্থিত্যাদয়ে স্থিত্যাদ্যর্থং হরিবিরিঞ্চি হরেতি সংজ্ঞাঃ ধত্তে ; তত্র তেষাং মধ্যে সত্ত্বতনোঃ বাসুদেবাদেব খলু নৃণাং শ্রেয়াংসি স্যুঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

বাসুদেবে ভক্তিং কুর্বন্তীতি ভজনীয়বিশেষো দর্শিতঃ। তদেবোপপাদয়িতুং ব্রহ্মাদীনাং ত্রয়াণাং একাত্মকত্বেঽপি বাসুদেবস্যাধিক্যমাহ সত্ত্বমিতি। ইহ যদ্যপি একএব পরঃ পুমান্

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং কর্ম্মজ্ঞানাদিকমতিক্রম্য ভক্তেরেব যথা কর্ত্তব্যত্বমুক্তং। তথৈব দেবতান্তরো-পাসনামপ্যপহায় ভগবানেবোপাস্য ইত্যুচ্যতে। স চ ভগবানেক এবাপি ক্রীড়য়াবতরন্-

---

সত্ত্ব, রজঃ ও তমঃ এই প্রাকৃতিক গুণত্রয় অবলম্বনে যদিও একই পরম পুরুষ এই ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও প্রলয়কার্য্যে পৃথক্ ভাবে ব্রহ্মা বিষ্ণু ও মহাদেব নাম ধারণ করিয়া থাকেন, কিন্তু তন্মধ্যে শুদ্ধ সত্ত্বময় হরি হইতেই মনুষ্যগণের শ্রেয়ঃসাধন হইয়া থাকে ॥ ২৩ ॥

আভাস।

উদ্যান প্রস্তুত করিতে হইলে, যথেষ্ট কালের অপেক্ষা করে ; সেইরূপ তাহাকে নষ্ট করিতে হইলেও তদনুরূপ কতক কালেরও আবশ্যক হয় ; ইচ্ছামাত্রেই উদ্যান ধ্বংস হয় না। সেইরূপ বাসনাবৃক্ষময় চিত্ত-উদ্যান যেমন অনেক কালের কর্ম্মদ্বারা প্রস্তুত হইয়াছে, তাহাকে উন্মূলন করিতেও অনেক কর্ম্মের প্রয়োজন এবং সেটী কালসাধ্য। কিন্তু এই কার্য্য সাধনে ভক্তি কুঠারই উত্তম অবলম্বন ; সেই জন্যই শ্লোকে বলিয়াছেন "কবয়ঃ" প্রজ্ঞাচক্ষু মানব গণ সকল পথ পরিভ্রমণ করিয়া ভক্তিকেই সরল পথজ্ঞানে নির্দ্দেশ করিয়াছেন ; এ পথে কর্ম্মমার্গের ন্যায়, কোন ক্লেশ নাই ; বরং উত্তরোত্তর আনন্দই লাভ হইতে থাকে, পরিণামে চিত্ত নির্ব্বাসন হয় ॥ ২২ ॥

কর্ম্ম ও জ্ঞান অপেক্ষা ভক্তিই প্রধান ও সর্ব্বতোভাবে অনুষ্ঠেয় ; ইহা প্রতিপাদন করিয়া অন্যান্য দেবতার মধ্যে ভগবানই আরাধনীয়, ইহা প্রতিপাদন জন্য এই শ্লোকের আরম্ভ

জন্য বিশ্বস্য স্থিত্যাদয়ে স্থিতিসৃষ্টিলয়ার্থং সংজ্ঞাঃ কেবলং ভিন্না ধত্তে হরিবিরিঞ্চিহরা ইতি বক্তব্যে সন্ধিরার্ষঃ। তত্র তেষাং মধ্যে শ্রেয়াংসি শুভফলানি সত্ত্বতনোর্বাসুদেবাদেব স্যুঃ॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নেকোঽপি ভবতি বহুমূর্ত্ত্যেকমূর্ত্তিকমিতি দর্শনাৎ। তস্যাবতারা দ্বিবিধাঃ চিচ্ছক্ত্যা মায়াশক্ত্যা চ। চিচ্ছক্ত্যা মৎস্যকূর্ম্মাদয়ো ভজনীয়া এব মায়াশক্ত্যা চ যে সত্ত্বরজস্তমোভির্বিষ্ণুব্রহ্মরুদ্রাস্তেষু বিষ্ণুরেব ভজনীয় ইত্যাহ সত্ত্বমিতি। ইহ যদ্যপি এক এব পুমান্ আদিপুরুষঃ অস্য বিশ্বস্য স্থিত্যাদয়ে স্থিতিসৃষ্টিলয়ার্থং। তৈঃ সত্ত্বাদিভির্যুক্ত এব হরিবিরিঞ্চিহরা ইতি সংজ্ঞা ধত্তে। সন্ধিরার্ষঃ। পর ইতি গুণৈর্যুক্তোঽপি অচিন্ত্যশক্ত্যা তেভ্যো বহিঃ পৃথগবস্থিত্যৈব তেষামস্পর্শনাৎ পর অযুক্ত ইত্যর্থঃ। তদপি শ্রেয়াংসি ভক্তানামভীষ্টানি। তত্র তেষু মধ্যে সত্ত্বতনোঃ স্যুঃ। ভেজিরে মুনয়োঽথাগ্রে ভগবন্তমধোক্ষজং। সত্ত্বং বিশুদ্ধং ক্ষেমায় কল্পন্তে যে সু অনি হেত্বন্তরশ্লোকবৃষ্ট্যা বিশুদ্ধসত্ত্বাত্মকশরীরাৎ হরেরেব স্যুঃ। সাক্ষী চেতাঃ কেবলো নির্গুণশ্চেতি। সত্ত্বাদয়ো ন সন্তীশে যত্র চ প্রাকৃতা গুণা ইতি হরির্হি নির্গুণঃ সাক্ষাৎ পুরুষঃ প্রকৃতেঃ পর ইত্যাদিশ্রুতিস্মৃতিবিরোধাৎ। হরৌ মায়া-

---

আভাস।

হইয়াছে। পরম পুরুষ ভগবান্ শ্রীহরি, রজঃ, সত্ত্ব ও তমোগুণভেদে ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্র রূপে এই ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও সংহারকার্য্য সাধন করিতেছেন; কিন্তু তিনি স্বয়ং এই গুণত্রয় হইতে অতীত, গুণ সকল তাঁহাকে অবলম্বন করিয়া থাকিলেও অচিন্ত্যশক্তি দ্বারা তিনি পৃথক্‌ভাবে অবস্থিতি করিতেছেন। দেহস্থানীয় সত্ত্ব, রজঃ ও তমোগুণ অন্তরে ভগবৎ-সত্তার সহজ সম্পর্ক লাভ করিয়া অচেতন হইলেও চেতনের ন্যায় স্বরূপ প্রাপ্ত হয়; এবং জবাকুসুম সন্নিধানে স্ফটিকের রঞ্জিতভাব ধারণের ন্যায়, নির্লিপ্ত উদাসীন পুরুষও উপাধির ধর্ম্মে রঞ্জিত হইয়া উপাধির ধর্ম্ম অনুসারে কার্য্যক্ষেত্রে পরিচিত হন। এখানে রজের ধর্ম্ম প্রবৃত্তি বা বিক্ষেপ, পুরুষও তৎরঞ্জিত হইয়া সৃষ্টিকার্য্য বিধানের জন্য ব্রহ্মানামে অভিব্যক্ত হইলেন; তমের ধর্ম্ম নিবৃত্তি, নিমজ্জন বা আবরণ; সুতরাং তাদৃশ গুণে রঞ্জিত পুরুষও সৃষ্টির বিরোধী সর্ব্ব অবস্থার ও গতির প্রতিবন্ধক স্বরূপ আবরণ বা লোপকরণরূপ সংহার বৃত্ত্যভি-

---

তৈঃ সত্ত্বাদিভির্যুক্তঃ পৃথক্ পৃথক্ তদধিষ্ঠাতা, তথাপি পরঃ তত্তদসংশ্লিষ্টঃ সন্ হরি বিরিঞ্চি হরেতি ভিন্না সংজ্ঞা ধত্তে, তত্তদ্রূপেণাবির্ভবতীত্যর্থঃ। তেষাং মধ্যে সত্ত্বতনোঃ বিষ্ণোরেব শ্রেয়াংসি স্যুঃ, উপাধিবৃষ্ট্যা তৌ দ্বৌ সেব্যমানে রজস্তমসো ঘোররূপত্বাৎ ভবতোঽপি ধর্ম্মার্থব সা ন্যাপি। যথা কথঞ্চিত্ তথা উপাধিত্যাগেন সেব্যমানে ভবতোঽপি মোক্ষো ন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুণস্য সত্ত্বস্য যুক্তত্বেঽপি তস্যাবোধ এব। সত্ত্বস্য প্রকাশরূপত্বাদৌদাসীন্যাচ্চ, তেন সচ্চিদানন্দস্বরূপো মহাপ্রকাশকস্যোপরাগাসংভবাৎ প্রাকৃতসত্ত্বস্য নহি হরিশরীরারম্ভকত্বং। রজস্তমসোস্তু বিক্ষেপরূপত্বাবরণরূপত্বাভ্যামুপকারকত্বাভ্যাঞ্চ তাভ্যামানন্দস্য বিক্ষিপ্তত্বমাবৃতত্বমিত্যুপরাগসংভবাৎ ব্রহ্মরুদ্রয়োরজস্তমস্তত্ত্বমেবেতি তয়োঃ সগুণত্বং হরের্নির্গুণত্বং চ যুক্তিসিদ্ধমেব। নির্গুণত্বেঽপি প্রাকৃতসত্ত্বস্য প্রকাশরূপেণ তৎসমীপবর্ত্তিতয়া তত্র স্থিতত্বাৎ বিশ্বপালনলক্ষণতদ্ধর্ম্ম ঔদাসীন্যেন হরৌ প্রতীয়তে। নচ তেন তস্য নির্গুণত্বং ব্যাহতমিতি বাচ্যং, সংযোগসমবায়সম্বন্ধাভ্যাং প্রাকৃতসত্ত্বস্য তত্রাসম্ভবাৎ। সামীপ্যসম্বন্ধেনৈব তত্র স্থিতত্বাদিতি। স্বভক্তিজ্ঞানস্ফূর্ত্তিসাক্ষাৎকারাদিদানেনৈবাসক্ত্যেব। স্বভক্তপালনং তু স্বরূপভূতস্য শুদ্ধসত্ত্বস্য ধর্ম্মো জ্ঞেয়ঃ। কিঞ্চাত্র। ব্রহ্মণো হিরণ্যগর্ভত্বান্নেতরোঽস্মুপপত্তেরিতি ন্যায়েন তস্যেশ্বরত্বাভাবাৎ জীবত্বেন তদ্বতি রজসি পরমেশ্বরস্য যোগাৎ তত্রাবেশাদেরাবতারত্বং। যদুক্তং ব্রহ্মসংহিতায়াং ভাস্বান্ যথাশ্মসকলেষু নিজেষু তেজঃ

আভাস।

মানী মহাদেব মুর্ত্তি ধারণ করিয়াছেন। অতএব রজঃ ও তমো নামে প্রবৃত্তিধর্ম্ম ও নিবৃত্তি ধর্ম্মেরই পরিচয় পাওয়া যায়; কিন্তু প্রবৃত্তি ও নিবৃত্তি, সৃষ্টি ও সংহার, আবরণ ও বিক্ষেপ, ইহারা পরস্পর বিপরীত ধর্ম্ম; বিপরীত শক্তিদ্বয় একত্রে কখনই অবস্থিতি করিতে পারে না, যদি উভয়ের অন্তরালে প্রতিবন্ধকভাবে, পোষকভাবে ও আশ্রয়ভাবে, অপর একটি ধর্ম্মশক্তির উপস্থিতি না থাকে। সেই ধর্ম্মই সত্ত্বগুণ, মূলে থাকিয়া রজো ও তমোনামক প্রবৃত্তি ও নিবৃত্তি ধর্ম্মদ্বয়কে চালিত করে; অতএব এক সত্ত্বগুণই মূল ভিত্তিস্থানীয় থাকিয়া ভিত্তিস্থ চিত্রের ন্যায়, কখন রজোধর্ম্ম প্রবৃত্তি, তৎসঙ্গে তমোধর্ম্ম নিবৃত্তি দ্বারা সমগ্র কার্য্যবর্গের পরিচয় প্রদান করে। যেমন বিহঙ্গমগণ উভয়পক্ষের সাহায্যে আকাশে উড্ডীয়মান হইতে পারে, এক পক্ষের অভাবে অপরের দ্বারা কখনই উড্ডয়ন কার্য্য সাধন হয় না; একটী ক্ষুদ্র অঙ্কুরকে বৃক্ষ হইতে রস আকৃষ্ট হইয়া প্রবেশ করে বটে, কিন্তু ত্বক্‌রূপ আবরণ না থাকিলে প্রতিবন্ধক অভাবে নিম্নেই পতিত হইত, ফলের আর পুষ্টিসাধন করিত না; সেইরূপ রজোধর্ম্মের দ্বারা সত্ত্বগুণ বিলোড়িত হইলেও নিয়ামক তমোগুণ দ্বারা প্রতিবন্ধকস্থলে সীমাবদ্ধ না হইলে, কোন প্রকার রূপ বা আকৃতির পরিচয় পাওয়া যাইত না। উদ্দীপক শক্তিই রজঃ, এবং নিবারক শক্তিই তমঃ। এই দুই গুণের ন্যূনাধিক্য বশতঃই উৎপত্তি ও নাশ হইয়া থাকে। যখন রজোগুণের আধিক্য তখন সৃষ্টির প্রচার এবং যখন তমোগুণের প্রাধান্য

স্বাকারং চ যতিস্তি কিন্তু কথমপি পরমাত্মাংশ এবাবস্থিতাস্থলত্বানাত্ম্যস্যেনৈব পরমাত্মন এব তথাপি। অত্র তত্রস্বাভাবাৎ পরমাত্মাকারেণ প্রকাশাৎ। অথ উপাধিবৃত্ত্যাপি শ্রীবিষ্ণুং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

বীর্য্যং কিঞ্চ প্রকটয়ত্যপি ভবত্ব। ব্রহ্মা তু এক ব্রহ্মাণ্ডবিধানকর্ত্তা গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ইতি। শিবস্য তু জীবত্বাভাবাদপ্যুক্তেশ্বরত্বমেব। যদুক্তং তত্রৈব। ক্ষীরং যথা দধি-বিকারবিশেষযোগাৎ সংজায়তে নহি ততঃ পৃথগস্তি হেতোঃ। যঃ শম্ভুতামপি তথা সমুপৈতি কার্য্যাৎ গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামীত্যতো ব্রহ্মশিবয়োর্মধ্যে শিবস্যেশ্বরত্বমিতি কেচিদাহুঃ। কেচিত্তু তৈর্যুক্ত ইতি নিয়ামকত্বসম্বন্ধেন সংযোগ সম্বন্ধেন সামীপ্যসম্বন্ধেন চ যোগো জ্ঞেয়ঃ। তত্র সত্ত্বাদীনাং নিয়ামকত্বাসম্বন্ধেন যোগে সতি পুরুষঃ স্বস্বরূপেণ স্থিতো নির্গুণ এব ভবতি। রজসি তমসি চ সংযোগসম্বন্ধেন যোগে স এব পুরুষো ব্রহ্মা রুদ্রশ্চ সগুণ এব ভবতি। সত্ত্বে সামীপ্যসম্বন্ধেন যোগে স এব পুরুষো বিষ্ণুঃ স্বরূপেণ স্থিতো

আভাস।

তখন সৃষ্টির অবসান। উৎপাদিকা শক্তিদ্বারা ভূগর্ভস্থ রস বীজসংলগ্ন হওয়াতেই স্কন্ধ, মূল, শাখা, প্রশাখা, ত্বক্, পল্লব, পত্র, পুষ্প ও ফলরূপে পরিণত হইয়া বৃক্ষরূপ ধারণ করে; আবার নিয়ামিকা শক্তি দ্বারা বৃক্ষবর্দ্ধনে বিমুখ হইয়া সূক্ষ্মভাবেই রস অবস্থিতি করিতে থাকে; বৃক্ষও কালক্রমে রূপান্তর প্রাপ্ত হয়। এখানে যেমন একরসের উপরই প্রবৃত্তিদায়িকা ও নিয়ামিকা শক্তির প্রকাশে নানারূপ গুণ-বিশিষ্ট বৃক্ষ অভিব্যক্ত হয়, সেইরূপ শুদ্ধ ও প্রকাশস্বরূপ সত্ত্বগুণের উপরই রঞ্জনাত্মক রজোধর্ম্ম ও নিয়ামক বা আবরণাত্মক তমোধর্ম্মের প্রকাশে সমগ্র সৃষ্টি রচনা হইয়াছে; কিন্তু ঐ উভয় ধর্ম্ম যখন প্রকাশ হয় না, অন্তর্নিহিত ভাবে গূঢ়শক্তিরূপেই লীন থাকে, তখন শুদ্ধ ও নির্ম্মল সত্ত্বেরই ভান হইতে থাকে। স্ফটিকের ন্যায় তাহার নিজের কোন রূপ বা ক্রিয়া নাই; সুতরাং শুভ্র কাচবেষ্টিত দীপাধারের অন্তর্গত আলোকের স্বতঃসিদ্ধ স্বরূপপ্রকাশের ন্যায়, নির্ম্মল দর্পণে মুখ প্রতিবিম্বের ন্যায়, শুভ্রস্ফটিকে জপাপুষ্পের নির্ম্মল প্রকাশের ন্যায়, শুদ্ধ সত্ত্বগুণে সচ্চিদানন্দ-বিগ্রহ মহা প্রকাশক ভগবদ্ভাবের কোন বৈলক্ষণ্য ঘটে না। অতএব সত্ত্বতনু বিষ্ণুই ব্রহ্মা ও রুদ্রঅপেক্ষা শ্রেষ্ঠ। শ্রীহরিতে যদিও মায়াগুণ সত্ত্বের সংযোগ হয়, কিন্তু এদিকে সত্ত্বগুণই যখন বিশ্ব সংসারের আশ্রয় ও জীবন, উদাসীন পুরুষও সত্ত্বাবলম্বনে সত্ত্বে প্রতিবিম্বিত হইয়া ঐ সত্ত্বের সমীপবর্ত্তী থাকিয়াই পালনকর্ত্তা হইয়াছেন। কিন্তু সত্ত্ব শুদ্ধ বলিয়া তাঁহার নির্গুণত্বের কোন ব্যাঘাত ঘটে নাই; বিষ্ণু সগুণ হইয়াও নির্গুণ।

সেব্যমানে সত্ত্বস্য সাত্ত্বত্বাৎ ধর্ম্মার্থকামা অপি সুখদাঃ, তত্র নিষ্কামত্বে নতু তৎসেব্যমানে সত্ত্বাৎ সংজায়তে জ্ঞানমিতি কৈবল্যং সাত্ত্বিকং জ্ঞানমিতি। তথা স্কান্দে। বহুকোটিভক্তানাং কথাশ্রবণে মোক্ষক্ষয়ং কৈবল্যকঃ পরং ব্রহ্ম বিষ্ণুরেব সনাতন ইতি। উপাধিভিবিযুক্তেন তু পরমপুরুষার্থো ভক্তিরেব ভবতি। ২৩।

পার্থিবাদ্দারুণো ধূমস্তস্মাদগ্নিস্ত্রয়ীময়ঃ।
তমসস্তু রজস্তস্মাৎসত্ত্বং যদ্ব্রহ্মদর্শনং ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

যথা পার্থিবাৎ প্রবৃত্তি-প্রকাশ-রহিতাৎ দারুণঃ কাষ্ঠাৎ, ধূমঃ প্রবৃত্তিস্বভাবঃ তস্মাৎ অগ্নিঃ প্রকাশস্বভাবঃ শ্রেষ্ঠঃ, এবং তমসঃ সকাশাৎতু রজোগুণঃ শ্রেষ্ঠঃ তস্মাৎ সত্ত্বগুণশ্চ অতস্তত্তদ্গুণোপাধীনাং ব্রহ্মাদীনাং শ্রৈষ্ঠ্যমুত্তরোত্তরমুক্তম্ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

উপাধিবৈশিষ্ট্যেন ফলবৈশিষ্ট্যং সদৃষ্টান্তমাহ পার্থিবাৎ প্রবৃত্তিপ্রকাশরহিতাৎ দারুণঃ কাষ্ঠাৎ সকাশাৎ ধূমঃ প্রবৃত্তিস্বভাবঃ ত্রয়ীময়ঃ বেদোক্তকর্ম্মপ্রচুরঃ ঈষৎকর্ম্মপ্রত্যাসত্তেঃ। তস্মাদপি অগ্নিস্ত্রয়ীময়ঃ সাক্ষাৎ কর্ম্মসাধনত্বাৎ। এবং তমসঃ সকাশাৎ রজো ব্রহ্মদর্শনং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্গুণ এব ভবতীত্যাচক্ষতে। অতএব যোগো নিয়ামকতয়া গুণৈঃ সম্বন্ধ উচ্যতে। অতঃ স তৈ র্ন যুজ্যেত, তত্র স্বাংশঃ পরস্য ব ইতি ভাগবতামৃতকারিকার্থ উপপদ্যত ইতি ॥ ২৩ ॥

আবরণবিক্ষেপপ্রকাশধর্ম্মাণাং তমোরজঃসত্ত্বানাং যথোত্তরং শ্রৈষ্ঠ্যং তথা সত্ত্বস্য শুদ্ধসত্ত্বে প্রাতিকূল্যাভাবঞ্চ সদৃষ্টান্তমাহ। পার্থিবাৎ স্বপ্রবৃত্তিপ্রকাশপ্রবৃত্তিরহিতাৎ দারুণঃ কাষ্ঠাৎ সকাশাৎ ধূমঃ প্রবৃত্তিস্বভাবঃ শ্রেষ্ঠস্তস্মাদপ্যগ্নিঃ প্রবৃত্তিপ্রকাশধর্ম্মকঃ বেদোক্তকর্ম্ম-

---

যেরূপ চেষ্টাদি ক্রিয়াশূন্য জড় কাষ্ঠ অপেক্ষা গতিশক্তিবিশিষ্ট ধূম শ্রেষ্ঠ, এবং ধূম অপেক্ষা গতি ও প্রকাশশক্তিবিশিষ্ট বেদবিহিত ক্রিয়া সাধক বহ্নিপ্রধান, সেইরূপ আবরক তমোগুণ অপেক্ষা প্রবৃত্তিবিধায়ক

আভাস।

রজঃ ও তমঃ তাদৃশ নহে; সুতরাং ব্রহ্মা ও মহাদেব নিকৃষ্ট উপাধির অন্তরস্থ হইয়াই উপাধি ধর্ম্মে প্রতীয়মান হইয়েছেন ও সগুণভাবে পরিচিত হন ॥ ২৩ ॥

এক্ষণে তমঃ রজঃ সত্ত্ব এই গুণত্রয়ের উত্তরোত্তর শ্রেষ্ঠত্ব প্রতিপাদন জন্য উদাহরণ দ্বারা প্রদর্শিত হইয়াছে যে, যেমন কাষ্ঠ, ধূম ও বহ্নি এই ত্রিবিধ পদার্থ এক তেজের পরিণাম মাত্র; কেবল স্থূল, সূক্ষ্ম ও কারণ ভেদে ত্রিবিধ নাম ধারণ করিয়াছে। কাষ্ঠে তৈজসিক অংশ যথেষ্ট পরিমাণে থাকিলেও অপর জল ও অন্নাংশদ্বারা আবৃত থাকায় তেজের স্বরূপ

যদ্যপি ত্রয়াণাং ব্রহ্মবিষ্ণুশিবানাং তারতম্যবিরহবিচারণমতবেব, অধিষ্ঠাতা তু পর পুরুষ এক এবেতি ভেদাসত্ত্বাৎ সত্যমেব অভেদবাক্যাৎ তথাপি তস্য তত্র তত্র সাক্ষাত্তা-সাক্ষাত্ত্বেন প্রকাশেন তারতম্যং দুর্নিবারমেবেতি, সদৃষ্টান্তমাহ ব্যাখ্যানীয়াং সত্ত্বগুণ-

স্বদর্শনপ্রত্যাসত্তিমাত্রমুক্তং নতু সর্ব্বথা তৎপ্রকাশকত্বং বিক্ষেপকত্বাৎ। যৎ সত্ত্বং তৎ সাক্ষাৎ ব্রহ্মদর্শনং। অতস্তত্তদ্গুণোপাধীনাং হরব্রহ্মাদীনামপি যথোত্তরং বৈশিষ্ট্যমিতি ভাবঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বয়ং ভগবান্ কৃষ্ণঃ তু ইন্দ্রারিব্যাকুলং দৈত্যপীড়িতং লোকং যুগে যুগে তত্তৎ সময়ে মৃড়য়ন্তি সুখিনং কুর্ব্বন্তি ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী ।

শক্ত্যাবিষ্করণম্ । কুমারনারদাদিষ্বাধিকারিকেষু যথোপযোগমংশকলাবেশঃ । তত্র কুমারাদিষু জ্ঞানাবেশঃ পৃথ্বাদিষু শক্ত্যাবেশঃ কৃষ্ণস্তু ভগবান্ সাক্ষাৎ নারায়ণ এব আবিষ্কৃত সর্ব্ব-শক্তিত্বাৎ সর্ব্বেষাং প্রয়োজনমাহ ইন্দ্রারয়ো দৈত্যা স্তৈর্ব্যাকুলং উপদ্রুতং লোকং মৃড়য়ন্তি সুখিনং কুর্ব্বন্তি ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

চ সংপ্রাপ্তে কল্কিনং ব্রহ্মবাদিনং । অনুপ্রবিশ্য কুরুতে বাসুদেবো জগৎস্থিতিমিতি। তত্র কুমারনারদাদিষু জ্ঞানভক্তিশক্ত্যংশাবেশঃ । পৃথ্বাদিষু ক্রিয়াশক্ত্যংশাবেশঃ । তে চাবেশা মহাশক্ত্যা অল্পশক্ত্যা চেতি দ্বিবিধাঃ, প্রথমাঃ কুমারনারদাদ্যা অবতারশব্দেনোচ্যন্তে দ্বিতীয়াঃ মরীচিমন্বাদ্যাঃ বিভূতিশব্দেনেতি ভেদো জ্ঞেয়ঃ । ইহ যো বিংশতিতমাবতারত্বেন কথিতঃ স কৃষ্ণস্তু ভগবান্ নত্বংশঃ ন চাংশী পুরুষঃ কিন্তু ভগবান্ । জগৃহে পৌরুষং রূপং ভগবান্ মহদাদিভিরিতি পদ্যোক্তো যঃ পুরুষস্যাবতারী ভগবান্ স এবেত্যর্থঃ । অনুবাদমনুক্তৈ্ব ন বিধেয়মুদীরয়েদিতি দর্শনাৎ কৃষ্ণস্যৈব ভগবল্লক্ষণো ধর্ম্মঃ সাধ্যতে নতু ভগবতঃ কৃষ্ণত্বং তেন কৃষ্ণ এব ভগবান্ মূলভূত ইতি। এতদেব পুনঃ স্পষ্টীকুর্ব্বন্নাহ স্বয়মিতি। তেন পুরুষা-বতারিণো ভগবতো মহানারায়ণাদপি কৃষ্ণস্যোৎকর্ষঃ সাধিতঃ । অতএব ছান্দোগ্যে পঞ্চম-

শ্রীকৃষ্ণ কেবল দৈত্যপ্রপীড়িত জগতের মঙ্গলের জন্যই, তত্তৎ সময়ে আত্ম প্রকাশ করিতেছেন ॥ ২৮ ॥

আভাস ।

হইবেন ; এমন কি যাঁহাকে স্মরণ করিবামাত্র এই ঘোর সংসার-সাগর হইতে উদ্ধার লাভ হয় ? ভাগবতেও উল্লেখ আছে, "অংশাবতীর্ণ ভগবান্ বিষ্ণুর অমানুষিক ক্রিয়া সকল বর্ণন করুন" ! দেবকীকে সম্বোধন করিয়া দেবতাগণ স্তব করিবার সময় মনোগত ভাব প্রকাশ করিয়া বলিয়াছেন, "হে মাত ! বহুপুণ্যফলে কেবল আমাদিগের মঙ্গলবিধানের জন্য ভগবান্ তোমার গর্ব্ভে অংশেতে অবতীর্ণ হইয়াছেন" ইত্যাদি শ্রীকৃষ্ণের পূর্ণত্ব সম্বন্ধে নানা বিরোধিবাক্য সত্ত্বেও, "এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং" এই এক বাক্য দ্বারাই পূর্ণত্ব প্রতিপাদন করা হইয়াছে । কারণ ভাগবতের প্রারম্ভে জন্মগুহ্যাধ্যায়ে এইটী সংক্ষিপ্ত

শ্রীকৃষ্ণস্য ভগবত্বলক্ষণধর্ম্মত্বে সিদ্ধে মূলত্বমেব সিদ্ধতি ন তু ততঃ প্রাদুর্ভূতত্বং, এতদেব ব্যনক্তি স্বয়মিতি। তত্তশ্চাস্য অবতারেষু গণনা তু স্বয়ং ভগবানপি অসৌ স্বরূপস্থ এব ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রপাঠকে। জ্যায়াংশ্চ পুরুষঃ সর্ব্বং খল্বিদং ব্রহ্ম যৎ প্রাণা আদিত্যাইত্যাদ্যুক্ত্বা পশ্চাদুপসংহৃতং কৃষ্ণায় দেবকীপুত্রায়েত্যাদিনা। তেনাত্র পুরুষাদিভ্যোঽপি শ্রেষ্ঠো দেবকীপুত্র এব জ্ঞেয়ঃ। তদপ্যবতারমধ্যে তস্য গণনং। ভূর্লোকস্থমথুরাদিধামবিলাসিত্বান্নরলীলত্বাৎ প্রাপঞ্চিকলোকেষু করুণাধিক্যাদাবির্ভাবতিরোভাবাভ্যাঞ্চ। তথাচ গোপালতাপনীশ্রুতিঃ। স হোবাচাব্জযোনিরবতারাণাং মধ্যে শ্রেষ্ঠোঽবতারঃ কো ভবিতা, যেন লোকাস্তুষ্যন্তি দেবাস্তুষ্টা ভবন্তি। যং স্মৃত্বা মুক্তা অস্মাৎ সংসারাৎ তরন্তীতি। নন্বু তত্রাংশেনাবতীর্ণস্য বিষ্ণো বীর্য্যাণি শংস ন ইতি। দিষ্ট্যাম্ব তে কুক্ষিগতঃ পরঃ পুমানংশেন সাক্ষাদ্ভগবান্ ভবায় ন ইতি। তাবিমৌ বৈ ভগবতো হরেরংশাবিহাগতাবিত্যাদি বহুবাক্যবিরোধে কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যেকেনৈব বাক্যেন কৃষ্ণস্য পূর্ণত্বং কথং ব্যবতিষ্ঠতাং। অত্রোচ্যতে। শ্রীভাগবতশাস্ত্রারম্ভে জন্মগুহ্যাধ্যায়োঽয়ং সর্ব্বভগবদবতারবাক্যানাং সূচকত্বাৎ সূত্রং। তত্র চৈতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিতি পরিভাষাসূত্রং। যত্র যত্রাবতারাঃ শ্রূয়ন্তে তত্রাস্মান্ পুরুষাংশত্বেন জানীয়াৎ কৃষ্ণস্তু স্বয়ং ভগবত্ত্বেনেতি। প্রতিজ্ঞারূপমিদং সর্ব্বত্রোপতিষ্ঠতে। পরিভাষাহ্যেকদেশস্থা সকলং শাস্ত্রমভিপ্রকাশয়তি যথা বেশ্মপ্রদীপ ইতি প্রাঞ্চঃ। সা চ শাস্ত্রে সকৃদেব পঠ্যতে নত্বভ্যাসেনেতি বাক্যানাং কোটিরপি অনেনৈকেনাপি মহারাজচক্রবর্ত্তিনেব শাসনীয়া ভবেদিত্যেতদ্বিরুদ্ধায়মানানাং তেষাং বাক্যানামেতদনুগুণার্থতৈব তত্র তত্র ব্যাখ্যেয়া। কিন্তু তেষাং বাক্যানাং প্রাকরণিকত্বেন দুর্ব্বলত্বাৎ

আভাস।

সূত্রবাক্য। গৃহাভ্যন্তরস্থ সমস্ত সামগ্রীর মধ্যে প্রদীপের শ্রেষ্ঠত্বের ন্যায়, অন্যান্য প্রশংসাবাদ বাক্যের অপেক্ষা সূত্রবাক্যেরই প্রধান্য। শাস্ত্রে সূত্রবাক্যের প্রয়োগ একবারই হইয়া থাকে; এবং রাজচক্রবর্ত্তীর একাধিপত্যের ন্যায়, শ্রুতিপ্রমাণ সদৃশ সূত্রবাক্য সর্ব্বোপরি প্রাধান্য লাভ করিয়া থাকে। মৎস্য, কূর্ম্ম, বরাহাদি অবতারসমূহের ও ভগবান শ্রীকৃষ্ণের চতুর্ভুজ, দ্বিভুজ, বাল্য ও কিশোরাদি ভিন্নরূপের নিত্যত্ব শাস্ত্রপ্রতিপন্ন বলিয়া স্বীকার করিলে, পাছে ঈশ্বরের বহুত্ব স্বীকার করা হয়, এই আশঙ্কায় টীকাকার দশমস্কন্ধোক্ত "বহুমূর্ত্ত্যেকমূর্ত্তিকং" বাক্যটী উদ্ধার করিয়া মীমাংসা করিয়াছেন যে, যেমন এক জীব স্বীয় কর্ম্মফল ভোগের জন্য তৎপরিপাকোপযুক্ত ভিন্ন ভিন্ন দেহ অবলম্বন করে, এবং বহু দেহ ও বহু নামে বহুবার পরিচিত হইলেও প্রকৃত প্রস্তাবে নিজে কখন বহু হয় না, এক জীবই কালবশত অনন্ত দেহ ধারণ করিতে পারে, সেইরূপ এক ভগবানই বহু অবতার ও অনন্ত জীবরূপে পরিচিত

নিজপরিজনবৃন্দানামানন্দবিশেষচমৎকারায় কিমপি মাধুর্য্যং নিজজন্মাদিলীলয়া পুষ্ণন্ কদাচিৎ সকললোকদৃশ্যো ভবতীত্যপেক্ষয়ৈবেত্যাগতং। যথোক্তং ব্রহ্মসংহিতায়াং;

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্য তু শ্রুতিরূপত্বেন প্রাবল্যাৎ। শ্রুতিলিঙ্গবাক্যপ্রকরণস্থানসমাখ্যানাং সমবায়ে পারদৌর্ব্বল্যমর্থবিপ্রকর্ষাদিতি ন্যায়েন তান্যেবার্থান্তরতয়া সংগমনীয়ানি। নতু তদনুরোধেনৈতদিত্যতঃ শ্রীধরস্বামিপাদৈরপি তত্র তত্র তথৈব সমাহিতমিতি। ননু মৎস্যকূর্ম্মাদ্যবতারাণাং কৃষ্ণস্য চ দ্বিভুজত্বচতুর্ভুজত্ববালত্বকিশোরত্বাদ্যাকারাণাঞ্চ সর্ব্বেষাং নিত্যত্বশ্রবণাৎ অনেকেশ্বরত্বপ্রসক্তিঃ। নৈবং। বহুমূর্ত্ত্যেকমূর্ত্তিকমিতি দশমাদ্যথা একস্যৈব জীবস্য কালভেদেনাল্পশক্তিকবহুশক্তিকত্বেন নশ্বরস্বভিন্নবিগ্রহধারিত্বং প্রতীয়তে। এবমেকস্যৈবেশ্বরস্য সর্ব্বব্যাপকস্যাচিন্ত্যশক্ত্যা যৌগপদ্যেনৈবানন্ত-নিত্য-সভিন্ন-বিগ্রহধারিত্বং। জীবানামনন্তানামানন্ত্য ঈশ্বরস্যৈকস্যৈবানন্ত্যমিতি জীবদৃষ্ট্যৈব তদ্বিলক্ষণঐশ্বরশ্চ প্রত্যেতব্য ইতি। নম্বানন্দমাত্রস্য চিদ্বস্তুনো ব্যাপকস্য পরমেশ্বরস্য কিং নামাংশিত্বমংশত্বং বা পরিচ্ছিন্নস্যৈব বস্তুনো ভাগবিভাগাদিসম্ভবাৎ। যদুক্তং মহাবারাহে। সর্ব্বে নিত্যাঃ শাশ্বতাশ্চ দেহাস্তস্য পরাত্মনঃ। হানোপাদানরহিতা নৈব প্রকৃতিজাঃ ক্বচিৎ। পরমানন্দসন্দোহাজ্জ্ঞানমাত্রাশ্চ সর্ব্বতঃ। সর্ব্বে সর্ব্বগুণৈঃ পূর্ণাঃ সর্ব্বদোষবিবর্জ্জিতা ইতি, সত্যং তদপি তস্য মাধুর্য্যৈশ্বর্য্যকারুণ্যাদিশক্তিপ্রাকট্যতারতম্যেনৈবাংশত্বপূর্ণত্বব্যবস্থা। আবির্ভাবিতপূর্ণসর্ব্বশক্তিত্বং পূর্ণত্বং। আবির্ভাবিতযথাপ্রয়োজনাল্পশক্তিত্বমংশত্বং। যদুক্তং ভাগবতামৃতে। শক্তে-

আভাস।

হইলেও তিনি এক। তবে জীব ও জগদীশ্বরে ভেদ এই যে, জীব অনন্ত, জগদীশ্বর এক; জীব ক্ষুদ্রশক্তিও ক্রমশ দেহান্তর লাভ করে, কিন্তু ভগবান্ অনন্ত ও অচিন্ত্য পরমাত্মশক্তিতে প্রতিষ্ঠিত থাকায়, এক হইয়াও যুগপৎ অনন্ত ও স্বকীয় পরমানন্দস্বরূপ ব্যতীত নিত্য বিগ্রহ সকল ধারণ করিয়া প্রতীত হইতেছেন। জীব সংখ্যায় অনন্ত, সুতরাং অগণনীয়; কিন্তু ভগবান্ এক হইয়াও অনন্ত ও অগণনীয়। পরিচ্ছিন্ন প্রাকৃতিক পদার্থের চ্ছেদ ভেদ ও ভঙ্গাদির নির্ণয় হইয়া থাকে, কিন্তু আনন্দমাত্র চৈতন্যঘন সর্ব্বব্যাপক পরমেশ্বরের অংশাদি বিভাগ প্রাকৃতিক পদার্থের ন্যায় সম্ভব না হইলেও, ভগবানের ইচ্ছাশক্তির বিকাশের তারতম্য অনুসারে, বিভাগাদির কল্পনা হইয়া থাকে। বরাহপুরাণে কথিত আছে, সেই পরমপুরুষের বিগ্রহসমুদায় নিত্য ও অপরিণামী; প্রাকৃতিক পদার্থের ন্যায়, সুখ দুঃখাদিতে জড়ীভূত নহে। বিষয়সুখাতিরিক্ত পরমানন্দ-স্বরূপের একাকারতামাত্র; তথাপি বিভাগ পরিলক্ষিত হয়। যেমন অগাধ-তোয় নদীর জলনিষ্ঠ ভেদ বা বিভাগ যথার্থত না থাকিলেও স্রোতের দ্রুততা ও মন্দতা অনুসারে আবর্ত্তাদির দ্বারা বিভাগ পরিলক্ষিত হয়, তদ্রূপ সেই

বামনাদিমূর্ত্তিষু কলানিয়মেন তিষ্ঠন্নানাবতারমকরোদ্ভুবনেষু কিন্তু। কৃষ্ণঃ স্বয়ং সমভবৎ পরমঃপুমান্ যো গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামীতি ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

র্ব্যক্তিস্তথাব্যক্তিস্তারতম্যস্য কারণমিতি। শক্তিঃ সমাপি পূর্য্যাদিদাহে দীপাগ্নিপুঞ্জয়োঃ শীতাদ্যার্ত্তিক্ষয়ে চাগ্নিপুঞ্জাদেব সুখং ভবেৎ ইতি। এবঞ্চ পূর্ণত্বাংশত্বাভ্যামুৎকর্ষাপকর্ষৌ মহানুভাবমুনীনামপ্যনুভবসিদ্ধৌ জ্ঞেয়ৌ। যথা তৃতীয়ে। আসীনমুর্ব্ব্যাং ভগবন্তমাদ্যং সংকর্ষণং দেবমকুণ্ঠধিষ্ণ্যং। বিবিৎসবস্তত্ত্বমতঃ পরস্য কুমারমুখ্যা মুনয়োঽনৃপৃচ্ছন্। স্বমেব ধিষ্ণ্যং বহুমানয়ন্তং যদ্বাসুদেবাভিধমামনন্তীতি। অতশ্চিদ্বস্তুনঃ পরমেশ্বরস্যাংশাংশিত্ব-ভেদো ন বিরুদ্ধঃ। যদুক্তং বারাহে। স্বাংশশ্চাথ বিভিন্নাংশ ইতি দ্বেধাংশ ইষ্যতে ইত্যাদি তত্র মৎস্যাদীনামবতারত্বেন সর্ব্বজ্ঞত্বসর্ব্বশক্তিত্বেঽপি যথোপযোগমেব জ্ঞানক্রিয়াশক্ত্যা-বিষ্করণং। কুমারনারদাদিষ্বাধিকারিকেষু যথোপযোগমংশকলাবেশঃ। ইতি শ্রীধরস্বামি-পাদাঃ। অত্র প্রাচাং কারিকাঃ। নৃসিংহে জামদগ্ন্যশ্চ কল্কী পুরুষ এব চ। ভগবত্ত্বে চ তত্রাদেরৈশ্বর্য্যস্য প্রকাশকাঃ। নারদোঽথ তথা ব্যাসো বরাহো বুদ্ধ এবচ। ধর্ম্মাণামেব বৈবিধ্যাদমী ধর্ম্মপ্রদর্শকাঃ। রামো ধন্বন্তরির্যজ্ঞঃ পৃথুঃ কীর্ত্তিপ্রদর্শিনঃ। বলরামো মোহিনী চ বামনঃ শ্রীপ্রধানকাঃ। শ্রীরত্র সৌন্দর্য্যং। দত্তাত্রেয়শ্চ মৎস্যশ্চ কুমারঃ কপিলস্তথা। জ্ঞানপ্রদর্শকা এতে বিজ্ঞাতব্যা মনীষিভিঃ। নারায়ণো নরশ্চেতি কূর্ম্মশ্চ ঋষভস্তথা।

আভাস।

পরমানন্দ অগাধ-চৈতন্যস্বরূপে জ্ঞানমাত্র কল্লোলের তীব্রতা ও মৃদুতা অনুসারে মাধুর্য্য, ঐশ্বর্য্য ও কারুণ্যাদি শক্তিবিকাশের তারতম্য অনুসারে বিগ্রহভেদ দৃষ্ট হইয়া থাকে। সর্ব্বশক্তির পূর্ণবিকাশেই পূর্ণত্ব, এবং প্রয়োজনানুরূপ শক্তির বিকাশেই অংশত্ব ঘটিয়া থাকে। যেমন প্রদীপনিষ্ঠ বহ্নি, কেবল গৃহ আলোকিত করে মাত্র, কিন্তু অগ্নিপুঞ্জ গৃহ দগ্ধ করে, অথচ শীতাদি নিবারণ দ্বারা সুখের ও বৃদ্ধি করে; বহ্নির একত্ব হইলেও উপাধিভেদে ও শক্তি প্রকাশের তারতম্যে বিভিন্ন ক্রিয়া ও রূপভেদের সামঞ্জস্য লক্ষিত হয়, সেইরূপ শক্তির প্রকাশ ও অপ্রকাশই ভগবদ্বিগ্রহে তারতম্যের কারণ। ইহা "ভাগবতা-মৃতে" বিশেষরূপে বর্ণিত আছে। ইহা যে কেবল শাস্ত্র ও যুক্তি দ্বারাই মীমাংসিত হইয়াছে, এমত নহে; মহানুভব মুনিগণ অন্তর্হৃদয়ে ভগবানের বিভূতির পূর্ণত্ব ও অংশত্বের পরিচয় উপলব্ধি করিয়া থাকেন। এতদর্থে তৃতীয়স্কন্ধে উক্ত হইয়াছে যে, কুমারাদি মুনিগণ পরম তত্ত্বের অনুসন্ধানে প্রবৃত্ত হইয়া অন্তরেই মীমাংসায় উপনীত হইয়া দেখিলেন, যে সর্ব্বশক্তি-মান সর্ব্বাধিষ্ঠিত অচিন্ত্যশক্তি অনন্তদেব নিজ অগাধবোধে অসীম রচনাবিশিষ্ট বিশ্বব্রহ্মা-ণ্ডের অধিনায়ক; তিনিই অবনীমধ্যে অবতীর্ণ হইয়া বাসুদেবরূপে জন্মপরিগ্রহ করিয়াছেন। অতএব পূর্ণকাম সচ্চিদানন্দবিগ্রহ ভগবানে অংশাংশিত্বাদিভেদের কিছুই অসম্ভব নহে। সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তিমান প্রভু বিশ্বপতি প্রয়োজন অনুসারে, জ্ঞান ও ক্রিয়াশক্তির প্রকটনের জন্যই যথাযোগ্য মৎস্যাদি অবতার ধারণ করিয়াছেন, এবং ধর্ম্মাদির প্রচারবাসনায় কুমার

জন্ম গুহ্যং ভগবতো য এতৎ প্রযতো নরঃ।

সায়ং প্রাতর্গৃণন্ ভক্ত্যা দুঃখগ্রামাদ্বিমুচ্যতে ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

যঃ নরঃ প্রযতঃ শুচিঃ সমাহিতঃ সন্ এতৎ ভগবতঃ গুহ্যং অতিরহস্যং, জন্ম সায়ং প্রাতঃ নৈরন্তর্য্যেণ, ভক্ত্যা আদরাতিশয়েন, গৃণন্ কীর্ত্তয়ন্, দুঃখগ্রামাৎ দুঃখবহুলাৎ সংসারাৎ বিমুচ্যতে ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

এতৎকীর্ত্তনফলমাহ জন্মেতি। গুহ্যমতিরহস্যং জন্ম প্রযতঃ শুচিঃ সন্ দুঃখগ্রামাৎ সংসারাৎ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৈরাগ্যদর্শিনো জ্ঞেয়াস্তত্তৎকর্ম্মানুসারতঃ। কৃষ্ণঃ পূর্ণষড়ৈশ্বর্য্যমাধুর্য্যাণাং মহোদধিঃ। অন্তর্ভূতসমস্তাবতারো নিখিলশক্তিমানিতি। সর্ব্বেষাং সাধারণপ্রয়োজনমাহ। ইন্দ্রারয়োহসুরাস্তৈস্তন্ময়ৈশ্চ ব্যাকুলমুপদ্রুতং লোকং মৃড়য়ন্তি, সুখিনং কুর্ব্বন্তি। যুগে যুগে তত্তৎসময়ে ॥ ২৮ ॥

এতৎ কীর্ত্তনফলমাহ জন্মেতি। গুহ্যমতিরহস্যং যো গৃণন্ কীর্ত্তয়ন্ ভবেৎ ॥ ২৯ ॥

যে ব্যক্তি সমাহিত-চিত্তে ভগবানের এই অনির্ব্বচনীয় জন্মবৃত্তান্ত নিত্য প্রাতঃকালে ও সায়ংকালে ভক্তিপূর্ব্বক কীর্ত্তন করেন, তিনি এই দুঃখ-বহুল সংসার হইতে অনায়াসে নিষ্কৃতি লাভ করিয়া থাকেন ॥ ২৯ ॥

আভাস।

নারদাদি ঋষিগণে স্বীয় অচিন্ত্যশক্তি কলাদির আবেশ করিয়াছেন। এতৎসম্বন্ধে প্রাচীন ঋষিগণের উদ্ধৃত মতেও বর্ণিত আছে; নৃসিংহ, জামদগ্ন্য ও কল্কি অবতারে ভগবানের ঐশ্বর্য্যের প্রকাশ। নারদ, ব্যাস, বরাহ ও বুদ্ধ অবতার তাঁহার ধর্ম্মপ্রদর্শক; শ্রীরাম ধন্বন্তরি, যজ্ঞ ও পৃথু অবতারে তাঁহার কীর্ত্তির পরিচয় হইয়াছিল; বলরাম, মোহিনী ও বামনমূর্ত্তিতে তিনি শ্রী (সৌন্দর্য্যের) প্রকাশ করিয়াছেন; দত্তাত্রেয়, মৎস্য, কুমার ও কপিলবিগ্রহে ভগবান্ আত্মজ্ঞান প্রচার করিয়া জীবগণের নিস্তারের উপায় প্রদর্শন করিয়াছেন। নারায়ণনর, কূর্ম্ম ও ঋষভ মূর্ত্তিসমূহ, তত্তৎ অবতারনিষ্ঠ কর্ম্মদ্বারা বৈরাগ্য-প্রবর্ত্তক বিগ্রহ বলিয়া পরিজ্ঞাত আছেন; কিন্তু ষড়ৈশ্বর্য্য ও মাধুর্য্যাদি নিখিলশক্তির মহোদধিস্বরূপ শ্রীকৃষ্ণ পূর্ণরূপেই অবতীর্ণ হইয়াছিলেন। সমগ্র অবতারই তাঁহার অন্তরে নিহিত; প্রত্যেকটী তাঁহার এক এক শক্তির বিকাশ মাত্র। দৈত্যদলিত সংসারের দুঃখবিমোচন করাই সকল অবতারের সাধারণ উদ্দেশ্য। জীবগণকে শান্তি প্রদানার্থ তৎকালোচিত শক্তিসহকারে তিনি বিগ্রহের পরিগ্রহ করেন মাত্র ॥ ২৮ ॥

এতদ্রূপং ভগবতো হ্যরূপস্য চিদাত্মনঃ।

অন্বয়ঃ।

অরূপস্য মূর্ত্তিরহিতস্য, চিদাত্মনঃ চিদেকরসস্য, জীবস্য এতৎ বন্ধকারণং, রূপং স্থূল-সূক্ষ্ম-কারণাত্মকং দেহং ভগবতো মায়াগুণৈঃ মহদাদিভিঃ উপাদানৈঃ আত্মনি চিদেক-

শ্রীধরস্বামী।

বিমুচ্যতে ইতি যদুক্তং, তত্র কথং দেহদ্বয়সম্বন্ধে সতি তদ্বিমুক্তিরিত্যাশঙ্ক্য দেহসম্বন্ধস্য ভগবন্মায়োত্থাবিদ্যাবিলসিতত্বাদেতজ্জন্মাদিজনিতবিদ্যয়া তন্নিবৃত্তিরুপপদ্যতে ইত্যাশয়েনাহ এতদ্রূপমিতি পঞ্চভিঃ। অরূপস্য চিদেকরসস্য আত্মনো জীবস্য এতৎস্থূলং রূপং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ পাতালমেতস্য হি পাদমূলমিত্যাদিনা দ্বিতীয়স্কন্ধাদৌ যোহয়ং বিরাড়্রূপী ভগবান্ প্রথমমুপাস্যত্বেনোক্তঃ স কথমবতারমধ্যে ন গণিত স্তত্রাহ। এতৎ সমষ্টিব্যষ্টিবিরাড়াত্মকং জগচ্চিদাত্মনশ্চিন্ময়বিগ্রহস্য অতএবারূপস্য প্রাকৃতরূপরহিতস্য ভগবতো রূপং স্থূলশরীরং কিন্তু মায়াগুণৈর্মহত্তত্ত্বাদিভিঃ পৃথিব্যন্তৈস্তত্ত্বৈর্বিরচিতং আত্মনি স্বস্মিন্নেতদন্ত-

জীব স্বয়ং রূপাদিশূন্য ও একরস চৈতন্যস্বরূপ; কেবল ঐশী মায়ার প্রভাবেই অবিদ্যারচিত মহদাদি উপাদানে গঠিত দেহে, আত্মবোধ করিয়া

আভাস।

ভগবানের জন্ম কীর্ত্তনকারী ব্যক্তি মুক্তিলাভ করেন বলিতে হইলে, মুক্তপুরুষের স্বরূপ ও বন্ধনের স্বরূপ নির্ণয় করা আবশ্যক। সুতরাং বন্ধনের হেতুও তৎসঙ্গে কীর্ত্তন করা উচিত। এতদভিপ্রায়েই এই নিম্নলিখিত পাঁচটী শ্লোক গ্রথিত হইয়াছে। প্রথমতঃ "অরূপস্য চিদাত্মনঃ" বলিয়া পৃথক্ পদার্থ হইতে পৃথক্রূপে জীবের স্বরূপ নির্ণয় করিলেন। মূর্ত্ত পদার্থেরই ক্ষয়, ব্যয় ও নাশ হইয়া থাকে; কিন্তু জীবের কোন মূর্ত্তি নাই; অরূপ পদার্থ। ইহা ক্ষয়, ব্যয় ও নাশের অন্তর্গত নহে। যে ভাবে আছে, সেই ভাবেই থাকিবে; কোনরূপ নূতন থাকা বা নূতন পরিবর্ত্তন ইহার উপর ঘটিতে পারে না। অতএব "অরূপস্য" বলায়, যাহার মূর্ত্তি আছে, তাহাই ক্ষয়াদিবিশিষ্ট; তাহা জীব নহে। যাহার মূর্ত্তি নাই, ক্ষয়াদিবর্জ্জিত; অথচ আছে বলিয়া প্রতীত হইতেছে, তাহাই জীব। তাহার লক্ষণ বলিলেন চৈতন্যস্বরূপ। এই জ্ঞানজ্যোতিঃস্বরূপ জীব স্বীয় চিদানন্দভাব বিস্মৃত হইয়া, জপারঞ্জিত রক্ত স্ফটিকের ন্যায়, ঐশী শক্তিপ্রভাবে অবিদ্যারচিত দেহদ্বয়ে যখন আত্মবোধ করে, তখনই তাহার বন্ধন। বন্ধের কারণ ও মুক্তির হেতু

তদেবমেতানি সাক্ষাদ্রূপাণ্যাবিষ্টরূপাণি চোপদিশ্য উপাসনার্থং শাস্ত্রেণ ভগবত্যারোপিতং রূপমুপদিশতি এতদ্রূপমিতি। অরূপস্য প্রাকৃতরূপাসম্বন্ধস্য মায়াগুণৈর্ব্বিরচিত-

মায়াগুণৈর্বিরচিতং মহদাদিভিরাত্মনি ॥ ৩০ ॥
যথা নভসি মেঘৌঘো রেণুর্ব্বা পার্থিবোঽনিলে।

অন্বয়ঃ।

রসস্থানে শরীরত্বেন বিরচিতং কৃতম্ ॥ ৩০ ॥

যথা মেঘৌঘঃ নভসি আকাশে, পার্থিবঃ রেণুর্ব্বা অনিলে, অজ্ঞৈঃ আরোপিতঃ এবং

শ্রীধরস্বামী।

শরীরং ভগবতো যা মায়া তস্যা গুণৈর্মহদাদিরূপৈর্বিরচিতং ক আত্মনি আত্মস্থানে শরীরং কৃতমিত্যর্থঃ ॥ ৩০ ॥

কথমিত্যপেক্ষায়াং স্বরূপাবরণেন তদধ্যস্যত ইতি সদৃষ্টান্তমাহ যথেতি যথা বায়্বাশ্রিতো মেঘাঘো নভসি আকাশে অবুদ্ধিভিঃ অজ্ঞৈঃ আরোপিতঃ (অদো নীলং নভো ধাবতীতি)

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

র্ঘাসিণ্যধিষ্ঠানে স্থিতমিত্যর্থঃ। অতো বিশুদ্ধসত্ত্বরূপমৎস্যকূর্ম্মাদ্যবতারমধ্যে মায়িকরূপী বিরাড়েষ ন পঠিত ইতি ভাবঃ ॥ ৩০ ॥

কস্মিন্ কিমিবেত্যত আহ। যথা নভসি আকাশে মেঘসমূহঃ। অনিলে চ পৃথ্বী-বিকারো রেণুস্তথৈব আত্মনি এতদ্বিরাড়্রূপমিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। তেন মঞ্চস্থঃ পুরুষো যথা মঞ্চ উচ্যতে। তথা ভগবতি স্থিতো বিরাড়পি ভগবানুচ্যতে ইত্যর্থঃ। এবমেবাধি-

বন্ধনগ্রস্ত হয় ॥ ৩০ ॥

যেমন অবকাশাত্মক আকাশে মেঘের উদয় হইলে, আকাশ নীলাদি বর্ণে প্রতীয়মান হয় এবং রূপবর্জিত অনিলে পার্থিব রেণু ও তদ্গত ধূসরত্বাদি বর্ণ

আভাস।

পরে ব্যাখ্যা করা যাইবে ॥

এই শ্লোকের অর্থ শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী, জীবের প্রতি লক্ষ্য না করিয়া ভগবানের প্রতিই প্রয়োগ করিয়াছেন ॥ ৩০ ॥

জীবের সৎচিৎ ও আনন্দস্বরূপ আবৃত হইয়া বিপরীত ধর্ম্ম অসৎ, জড় ও নিরানন্দ ভাবের ভান যেরূপে সম্ভব হয়, তাহাই দৃষ্টান্ত দ্বারা এস্থলে প্রদর্শিত হইয়াছে। আকাশ নিরবয়ব, অবকাশাত্মক ও ব্যাপক পদার্থ; কিন্তু সাবয়ব পরিচ্ছিন্ন জলীয় মেঘ যদিও বায়ু হইতে উৎপন্ন হইয়া থাকে, তথাপি আকাশেই আরোপিত হয়। পূর্ব্বভাগ নীলবর্ণ ও পশ্চিম দিক কৃষ্ণবর্ণ ইত্যাদি বলা যায়। যেমন বায়ু রূপশূন্য হইলেও ধূলিধূসরিত অনুভূত হয়,

---

মেবৈতজ্জগদাকারং রূপং তচ্চাত্মনি জীব এব বিরচিতং তৎসম্বন্ধত্বয়ৈব কল্পিতং নতু পরমেশ্বরসম্বন্ধতয়েত্যর্থঃ। আসঙ্গাদনাসঙ্গাচ্চেতি ॥ ৩০ ॥

এবং দ্রষ্টরি দৃশ্যত্বমারোপিতমবুদ্ধিভিঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

অবুদ্ধিভিঃ দৃশ্যত্বং দ্রষ্টরি জীবে আরোপিতং ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

যথা বা পার্থিবো রেণুঃ তদ্গতং ধূসরত্বাদি অনিলে (বায়ুর্ধূসর ইতি) ; এবং দ্রষ্টরি আত্মনি দৃশ্যত্বং দৃশ্যত্বাদিধর্ম্মকং শরীরমারোপিতমিত্যর্থঃ। অবিবেকিভিঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্থিতধর্ম্মো দৃশ্যত্বমপি দ্রষ্টরি ভগবত্যদৃশ্যেঽপি আরোপিতমিত্যর্থঃ। অবুদ্ধিভিঃ অল্পবুদ্ধিভিঃ। যথা অদৃশ্যয়োরপি নভোঽনিলয়োর্নীলং নভ ইতি ধূসরোঽনিল ইতি মেঘরেণুধর্ম্মো নীলিম-ধূসরত্বলক্ষণং দৃশ্যত্বমারোপিতং। ততশ্চ ভগবানয়ং বিরাট্ দৃশ্যঃ প্রথমদশায়াং যোগিভি-রারাধ্য ইত্যুপপন্নম্ ॥ ৩১ ॥

আরোপিত হইয়া থাকে, সেইরূপ চৈতন্যস্বরূপ অসঙ্গ পুরুষেও অজ্ঞানি-গণ প্রাকৃতিক জড় দেহাদির আরোপে দেহাদিতে অহংজ্ঞান করিয়া থাকে ॥ ৩১ ॥

আভাস।

সেইরূপ চিন্ময় পুরুষেও জড় দেহাদি আরোপিত হইয়া, দেহধর্ম্মে পুরুষ প্রতীত হইয়া থাকেন ॥ ৩১ ॥

যদি জীবের কেবল স্থূলদেহমাত্রই বন্ধনের কারণ বলিয়া কল্পিত হয়, তাহা হইলে জন্ম জন্মান্তরের মীমাংসা রক্ষা হয় না। এবং দেহনাশেই মুক্তি অনিবার্য্য হইলে, কর্ম্মফলের কথা আকাশ-কুসুমের ন্যায় কল্পনামাত্র হয়। কিন্তু তাহাতেও কোন বিশেষ আপত্তি হইত না, যদি ভোগের তারতম্য প্রত্যক্ষগোচর না হইত! যেরূপ বীজ না থাকিলে বৃক্ষের গঠন হয় না, সেইরূপ অভাবনীয় অচিন্তনীয় নানাতারতম্যবিশিষ্ট এই প্রত্যক্ষ প্রতীয়মান দেহ ও তৎসম্বন্ধীয় ভোগ উপজননের কোন অব্যক্ত বীজরূপ কারণ না থাকিলে, কোন মতে সামঞ্জস্য থাকে না। সেই বীজই কর্ম্মফল ; সংস্কাররূপে পরজন্ম ও ভোগের আয়োজন করে। সুতরাং বীজরূপ কারণ নির্ণয় করিতে হইলে, স্থূলদেহ ব্যতীত অন্য কোন আনু-সঙ্গিক উপাধির প্রয়োজন, যাহার সংসর্গ জীব মৃত্যু হইলেও ত্যাগ করে না ; বরং নিজের সম্বলরূপে গ্রহণ করিয়া তৎসংগৃহীত বাসনাদি সংস্কারের অনুরূপ জন্ম জন্মান্তর ভোগ করে। সেই উপাধিই এখানে সূক্ষ্ম দেহ বলিয়া বর্ণিত হইয়াছে। ইহা সূক্ষ্ম তন্মাত্রায় রচিত; ইহার নিজের কোন আকার নাই। ফলভোগের জন্য যাদৃশ ভোগায়তন স্থূল দেহকে আশ্রয় করে, সেই সেই রূপে আশ্রিতভাবে আকারিত হইয়া থাকে। ইহা স্থূল ইন্দ্রিয়ের

অতঃপরং যদব্যক্তমব্যূঢ়গুণবৃংহিতং।

অন্বয়ঃ।

অতঃ স্থূলদেহাৎ পরং অন্যৎ যৎ অব্যক্তং সূক্ষ্মং, যতঃ অব্যূঢ়গুণবৃংহিতং (অব্যূঢ়াঃ অপরিণতাঃ যে মায়াগুণাঃ তৈঃ বৃংহিতং রচিতং) অতঃ আকারবিশেষরহিতং; কুতঃ

শ্রীধরস্বামী।

কিঞ্চ অতঃ স্থূলাদ্রূপাৎ পরং অন্যদপি রূপমারোপিতমিত্যনুষঙ্গঃ। কথম্ভূতং তৎ যদব্যক্তং সূক্ষ্মং অত্র হেতুঃ অব্যূঢ়গুণবৃংহিতং ব্যূঢ়ঃ করচরণাদিপরিণামঃ তথা অব্যূঢ়াঃ অপরিণতাঃ যে গুণাঃ তৈর্গুণৈর্বৃংহিতং রচিতং আকারবিশেষরহিতত্বাদব্যক্তমিত্যর্থঃ। এতদেব কুতস্তত্রাহ অদৃষ্টাশ্রুতবস্তুত্বাৎ যচ্চ আকারবিশেষবদ্বস্তু তদস্মদাদিবদ্দৃশ্যতে শ্রূয়তে বা ইন্দ্রাদিবৎ ইদন্তু ন তথা। তর্হি তস্য সত্ত্বে কিং প্রমাণং তত্রাহ স জীবঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথা স্থূলং রূপং ভগবদ্রূপত্বেনোক্তমপি যোগিভিরুপাস্যমপি মায়াগুণৈর্ব্বিরচিতং তথৈব-সূক্ষ্মমপি রূপং অমুনী ভগবদ্রূপে ইত্যনেন ভগবদ্রূপত্বেন প্রযুক্তমপি কর্ণৌ দিশঃ শ্রোত্রম-মুষ্য শব্দ ইতি। সর্ব্বাত্মনোঽন্তঃকরণং গিরিত্রমিত্যাদ্যুক্তের্যোগিভিরুপাস্যমপি মায়িক-মেবেত্যাহ। অতঃ স্থূলাদন্যৎ। অব্যক্তং সূক্ষ্মং তত্র হেতুঃ অব্যূঢ়াঃ করচরণাদিত্বেনা-পরিণতা যে গুণাস্তৈর্বৃংহিতং রচিতং আকারবিশেষরহিতমিত্যর্থঃ। এতদেব কুতস্তত্রাহ অদৃষ্টাশ্রুতবস্তুত্বাৎ। যচ্চাকারবিশেষবদ্বস্তু তদস্মদাদিবদ্দৃশ্যতে শ্রূয়তে বা ইন্দ্রাদিবৎ ইদং তু ন তথা। ননু তস্য সত্ত্বে কিং প্রমাণং তত্রাহ। স জীবঃ জীবোপাধিঃ জীবো জীবেন নির্ম্মুক্তো জীবো জীবং বিহায় চেত্যাদৌ জীবোপাধৌ লিঙ্গদেহে জীবশব্দপ্রয়োগাৎ

ভোগায়তন স্থূলদেহ ব্যতীত অপর একটী সূক্ষ্ম দেহ আছে, যাহাকে উপাধিরূপে অবলম্বন করিয়া জীব জন্ম-জন্মান্তরে গমনাগমন করে। এই দেহের কোন আকার নাই, অপরিণত মায়াগুণ দ্বারা রচিত ও সূক্ষ্মরূপে

আভাস।

গ্রাহ্য নহে, অতীন্দ্রিয় পদার্থ; সুতরাং কেহ কখন দেখে নাই, কিম্বা কাহাকেও দেখিতে শুনা যায় না। সূক্ষ্মশরীর সপ্তদশ অবয়ববিশিষ্ট বলিয়া শাস্ত্রান্তরে বর্ণিত আছে; যথা, "বুদ্ধিকর্ম্মেন্দ্রিয়প্রাণপঞ্চকৈর্ম্মনসা ধিয়া। শরীরং সপ্তদশভিঃ সূক্ষ্মং তল্লিঙ্গমুচ্যতে"॥ অর্থাৎ শ্রোত্র, ত্বক্, অক্ষি, রসনা, ঘ্রাণ, এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ, এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, প্রাণ, অপান, সমান, উদান, ব্যান, এই পঞ্চ প্রাণন শক্তিস্বরূপ পঞ্চ বায়ু যাহা সমস্ত দেহে পূর্ণভাবে থাকিয়া ইন্দ্রিয়াদিকে ভিন্ন ভিন্ন ক্রিয়াশক্তি অর্পণ করিতেছে, এবং মন ও বুদ্ধি, এই সপ্তদশ অবয়ব-সমবায়ে সূক্ষ্মশরীর রচিত হইয়া থাকে। যেমন উৎপাদিকা শক্তিবিশিষ্ট বীজ বৃক্ষজননে সমর্থ; উৎপাদিকা শক্তির আধাররূপে বীজ দেহে অবস্থিতি

অদৃষ্টাশ্রুতবস্তুত্বাৎ স জীবো যৎপুনর্ভবঃ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

অদৃষ্টাশ্রুতবস্তুত্বাৎ, প্রত্যক্ষবস্তুবৎ ন দৃশ্যতে, ইন্দ্রাদিদেবতাবৎ নাপি শ্রূয়তে, অপিতু যস্য সত্ত্বে প্রমাণং স জীবঃ জীবোপাধিঃ লিঙ্গশরীরং জীবশব্দবাচ্যঃ যৎ যস্মাৎ সূক্ষ্মাৎ পুনর্ভবঃ উৎক্রান্তিঃ ভবতি ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

জীবোপাধি র্জীবো জীবেন নির্মুক্তো জীবো জীবং বিহায়েত্যাদৌ জীবোপাধৌ লিঙ্গদেহে জীবশব্দপ্রয়োগাৎ জীবোপাধিতয়া কল্প্যত ইত্যর্থঃ নন্থু স্থূলমেব ভোগায়তনত্বাৎ জীবস্য উপাধিরস্তু কিমন্তকল্পনয়া ইত্যত আহ যদ্যস্মাৎ সূক্ষ্মাৎ পুনর্ভবঃ পুনঃ পুনর্জন্ম উৎক্রান্তি র্গত্যাগতীনাং তেন বিনা অসম্ভবাদিতি ভাবঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জীবোপাধিতয়া কল্প্যত ইত্যর্থঃ। নন্থু স্থূলমেব ভোগায়তনত্বাৎ জীবস্যোপাধিরস্তু কিমন্য-কল্পনয়া ইত্যত আহ যদ্যস্মাৎ সূক্ষ্মাৎ পুনর্ভবঃ পুনঃ পুনর্জন্ম উৎক্রান্তির্গত্যাগতীনাং তেন বিনা অসম্ভবাদিতি ভাবঃ। তেন চ সমষ্টিব্যষ্টিবিরাজাং জীবত্বাত্তৎস্থূলসূক্ষ্ময়ো রূপয়োর্ম্মায়িকত্বাৎ তত্র চেশ্বরত্বমারোপিতমেব ন তু সাহজিকমিতি ভাবঃ। যদুক্তং। বিরাট্ হিরণ্যগর্ভশ্চ কারণং চেত্যুপাধয়ঃ। ঈশস্য যত্রিভির্হীনং তুরীয়ং তৎ প্রচক্ষ্যত ইতি। অত্রাপি বক্ষ্যতে। অমূনী ভগবদ্রূপে ময়া তে হ্যনুবর্ণিতে। উভে অপি ন গৃহ্নন্তি মায়াসৃষ্টে বিপশ্চিত ইতি ॥ ৩২ ॥

অবস্থিত; ইহার স্বরূপ কেহ কখন দেখেন নাই, ও ইন্দ্রাদি দেবতার রূপ-নির্ণয়ের ন্যায়, ইহার কোন রূপের বিষয়ও শুনা যায় না ॥ ৩২ ॥

আভাস।

করে, বীজদেহ হইতে শক্তি পৃথক; সেইরূপ দেহান্তর জননের উৎপাদিকা শক্তিস্বরূপ কল্পনা বা সংস্কাররূপ বীজ অনুসারে দেহান্তরের অভিব্যক্তি হয়। পুরুষও সেই সূক্ষ্ম শরীরে অভিমানবশত তৎপ্রদত্ত স্থূলদেহকে আপনার বোধে প্রেম করিতে থাকে। যখন যে দেহই লাভ হউক, তাহাতেই প্রীতি বিশেষের উৎপত্তি হয়, এবং পুনরায় তাহা ত্যাগ করিবার আর বাসনা হয় না। " জীব এই অপূর্ব্ব মনুষ্যদেহে ক্রিয়ার দ্বারা যে সকল সংস্কার অর্জ্জন করে, দেহত্যাগ কালে সূক্ষ্মদেহরূপ ভাণ্ডারে সমস্ত সংগ্রহ করিয়া অন্যত্র গমন করে; এবং নিজের সম্বলোপযুক্ত ভোগগৃহ প্রস্তুত করিয়া লয়। এই লিঙ্গদেহে অধ্যস্ত হইয়া পুরুষ জীবশব্দ বাচ্য হইয়াছেন। শ্রুতিও বলিয়াছেন, এই লিঙ্গদেহই জীব; যেহেতু জীবের উপাধি। এই উপাধি ব্যতীত পুরুষ জীব হইতে পারে না। তিনি অসঙ্গ ও নির্লিপ্ত হইয়াও যাহার সংসর্গে জীব বলিয়া গণ্য হইয়াছেন এবং যে উপাধি বিসর্জ্জন

যত্রেমে সদসদ্রূপে প্রতিষিদ্ধে স্বসম্বিদা।

অন্বয়ঃ।

যত্র যস্মিন্‌ দর্শনে, ইমে অবিদ্যয়া এব আত্মনি স্বরূপে, কৃতে অধ্যস্তে, সদসদ্রূপে স্থূল-

শ্রীধরস্বামী।

তদেবমুপাধিদ্বয়মুক্ত্বা তদপবাদেন জীবস্য ব্রহ্মতামাহ যত্রেতি। যত্র যদা ইমে স্থূলসূক্ষ্মরূপে স্বসংবিদা স্বরূপসম্যগ্‌জ্ঞানেন প্রতিষিদ্ধে ভবতঃ। জ্ঞানেন প্রতিষেধার্হত্বে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেবং চেদিদং সর্ব্বং বস্তুতো মায়াদর্শনমেব ব্রহ্মদর্শনং কিং তদিত্যা-কাঙ্ক্ষায়ামাহ। যত্র ভগবতি ইমে সদসদ্রূপে উক্তলক্ষণে মায়িকে স্থূলসূক্ষ্মরূপে প্রতিষিদ্ধে ভবতঃ। তেনামায়িকস্তু রূপং তস্য ন প্রতিষিদ্ধমিতি ভাবঃ। কেন স্বেষাং ভক্তানাং সংবিদা অনুভবেন। তে কথং ভগবতি নস্ত ইত্যত আহ। অবিদ্যয়া আত্মনি জীবে এব কৃতে অধ্যস্তে ন ত্বীশ্বরে। যদুক্তং। দেহাহঙ্করণাদ্দেহাধ্যাসো জীবে হ্যবি-

স্বরূপের জ্ঞান দ্বারা অজ্ঞান তিরোহিত হইলে, যখন অবিদ্যারচিত

আভাস।

করিয়া পুরুষ মুক্তিপদবী লাভ করেন, প্রকৃত প্রস্তাবে তাহাই জীব ॥

যেমন জীবের অবস্থা ও উপাধিভেদে নাম ও রূপভেদের কল্পনা করা যায়, নবীন উপাসকগণের চিত্ত স্থির করিবার জন্য ভগবানেরও এইরূপ নাম ও রূপের কল্পনা করা হইয়া থাকে। ব্যষ্টিতে জীবকে যেরূপ বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞনামে অভিহিত করা হয়, সমষ্টি-ভাবে ভগবানের প্রতিও ঐ তিন রূপ আরোপ করিবার জন্য বিরাট্‌, হিরণ্যগর্ভ ও ঈশ-নাম বিধান করা হইয়া থাকে। কিন্তু এ সমস্তই মায়াময় ও অবিদ্যারচিত; সুতরাং জীব সম্বন্ধে সত্য হইলেও পারমার্থিকত মিথ্যা; কারণ শাস্ত্রে বলিয়াছেন, এই তিন অবস্থার অতীত তুরীয় ব্রহ্মই ভগবান্‌ ॥ ৩২ ॥

এই উপাধিদ্বয় হইতে নির্ম্মুক্ত পুরুষই ব্রহ্মসাক্ষাৎকার লাভ করিয়াছেন বলিয়া, শাস্ত্রেউক্ত হইয়াছে। এই শ্লোকে জীবের স্বরূপ ও ভগবৎস্বরূপের ঐক্য ও অনৈক্যভাবও পরিদর্শন করান হইয়াছে। প্রথমত জীব এই মায়ারচিত মিথ্যা দেহ আপনাতেই কল্পনা করিয়া লয়; এবং তদ্‌ভাবে ভাবাক্রান্ত হইয়া নিজস্বরূপ বিস্মৃত হইয়া পড়েন। যখন পুনরায়

যত্র যস্মিন্‌ দর্শনে স্থূলসূক্ষ্মরূপশরীরে স্বসংবিদা জীবাত্মনঃ স্বরূপজ্ঞানেন প্রতিষিদ্ধে ভবতঃ। কেন প্রকারেণ, বস্তুত আত্মনি তে ন স্ত এব, কিন্তু অবিদ্যয়ৈবাত্মনি অধ্যস্তে ইতি। তদ্‌ব্রহ্মদর্শনমিতি যত্তদোরন্বয়ঃ। ব্রহ্মণোদর্শনং সাক্ষাৎকারঃ। যত্র স্বসংবিদে-ত্যুক্ত্যা জীবস্বরূপজ্ঞানমপি তদাশ্রয়মেব ভবতি তথা কেবল স্বসংবিদা তে নিষিদ্ধে ন

অবিদ্যয়াত্মনি কৃতে ইতি তদ্ব্রহ্মদর্শনং ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

সূক্ষ্মরূপে দেহে, স্বসংবিদা স্বরূপজ্ঞানেন, প্রতিষিদ্ধে নিষিদ্ধে, ভবতঃ তদ্ তদা ব্রহ্মদর্শনং ইতি ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

তমেব হেতুমাহ অবিদ্যয়া আত্মনি স্বস্বরূপে কৃতে কল্পিতে ইতি হেতোঃ (তদ্ব্রহ্মকল্পিতয়োঃ প্রতিষেধে তৎকল্পিতং ব্রহ্ম শিষ্যতে) তদা জীবো ব্রহ্মৈব ভবতীত্যর্থঃ। কথম্ভূতং দর্শনং বিজ্ঞানৈকস্বরূপং ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্যয়া। ন তথা জগদধ্যাসঃ পরমাত্মনি যুজ্যতে ইতি। তৎ ততশ্চ তস্য ব্রহ্মণো দর্শনং সাক্ষাৎকারঃ স্যাৎ। যদ্যেষা মায়া দেবী উপরতা স্যাৎ। তথা বৈশারদী বিশারদো ভক্তানাং হিতে নিপুণো ভগবানেব তদীয়া মতির্ময়ং পশ্যন্ত্বিতি কৃপাময়ী তদিচ্ছা যদি প্রবৃত্তা স্যাৎ তদৈব নান্যথা। যমেবৈষ বৃণুতে তেন লভ্যস্তস্যৈষ আত্মা বৃণুতে তনুং স্বামিতি শ্রুতেঃ। যদ্বা বৈশারদী ভগবদ্বিষয়িণী মতিঃ পুরুষস্য স্যাৎ ॥ ৩৩ ॥

সদসদ্রূপে প্রতীয়মান এই দেহদ্বয়ে আত্মভাবনা বিনিবৃত্ত হইয়া স্বরূপের স্ফূর্ত্তি হইতে থাকে, তখনই ব্রহ্মসন্দর্শন লাভ হয় ॥ ৩৩ ॥

আভাস।

বিচার দ্বারা দেহদ্বয়ের প্রতি মমতা শুষ্ক হইয়া যায়, স্বরূপ অন্বেষণে চেষ্টা হয়, তখনই অজ্ঞান তিরোহিত হয়। স্থূল ও সূক্ষ্ম এই দেহদ্বয় পরমার্থত আত্মার অংশ নহে ও প্রকৃতত সংলগ্ন নহে ; তবে অবিদ্যা-নিবন্ধন দেহে পুরুষের ভোগ্যবোধ হইয়া আশক্তির উৎপাদনই সংসার। আসক্তির নিবৃত্তি হইলে সংসার আপনা হইতে নিবৃত্ত হইয়া যায়। এবং অবিদ্যা রচিত দেহদ্বয় ক্রমশঃ অপসারিত হইয়া, মেঘনির্ম্মুক্ত সূর্য্যোদয়ের ন্যায় জীবস্বরূপের প্রকাশ হইতে থাকে। জ্ঞানের দ্বারা যে অজ্ঞাননিবন্ধন সংসারের লোপ হয়, এমত নহে; জ্ঞান দ্বারা অজ্ঞানের নিবৃত্তি হয়, তৎসঙ্গে অজ্ঞানকৃত উপাধিতে আশক্তিরও নিবৃত্তি হয় ; আর ভ্রম প্রমাদাদি দৃষ্ট হয় না। সুতরাং জ্ঞানস্বরূপের উদ্রেক হইয়া, জীবত্ব-নির্ম্মুক্ত পুরুষ ভগবদ্স্বরূপে বিশ্রাম করিতে থাকে। জীবের এই অবস্থা লাভ হইলে অনাসক্ত ভাবে প্রারব্ধ কর্ম্মমাত্র ভোগ করিয়া বিদেহকৈবল্যের জন্য অপেক্ষা করিতে থাকে। এ

ভবত ইতি। ততশ্চ জীবত্ত এবাবিদ্যাকল্পিতমায়াকার্য্যসম্বন্ধমিথ্যাত্বজ্ঞাপকজীবস্বরূপ-সাক্ষাৎকরণতাদাত্ম্যাপন্নব্রহ্মসাক্ষাৎকারো জীবন্মুক্তিবিশেষ ইত্যর্থঃ। তস্মাদস্য প্রারব্ধ-কর্ম্মমাত্রাণামনভিনিবেশেনৈবোপভোগঃ। এবমেবোক্তং, তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনুপশ্যত ইতি ॥ ৩৩ ॥

যদ্যেষোপরতা দেবী মায়া বৈশারদী মতিঃ।
সম্পন্ন এবেতি বিদু র্মহিম্নি স্বে মহীয়তে॥ ৩৪॥

অন্বয়ঃ।

যদি এষা জীবন্মুক্তিদশায়াং স্থিতা, বৈশারদী ঐশী, দেবী সংসারচক্রেণ দ্যোতমানা, মতিঃ বিদ্যারূপা মায়া, উপরতা নিবৃত্তপ্রসবা ভবতি, তদা জীবঃ সম্পন্নঃ ঈশ্বরতত্ত্বে অব্যবধানাৎ স্বে মহিম্নি স্বরূপসম্পত্তৌ, মহীয়তে প্রকৃষ্টপ্রকাশো ভবতি ইতি তত্ত্বজ্ঞাঃ বিদুঃ॥ ৩৪॥

শ্রীধরস্বামী।

তথাপি ভগবন্মায়ায়াঃ সংসৃতিকারণভূতায়া বিদ্যমানত্বাৎ কথং ব্রহ্মতা, তত্রাহ যদীতি। অসন্দেহে সন্দেহবচনং যদি বেদাঃ প্রমাণং স্যুরিতিবৎ। বৈশারদী বিশারদঃ সর্ব্বজ্ঞ ঈশ্বরঃ তদীয়া দেবী সংসারচক্রেণ ক্রীড়ন্তী এষা মায়া যদ্যুপরতা ভবতি। কিমিত্যুপরতা ভবেৎ তত্রাহ মতির্বিদ্যা। অয়ম্ভাবঃ, যাবদবিদ্যা আত্মনঃ আবরণবিক্ষেপৌ করোতি তাবন্নোপরমতি। যদা তু সৈব বিদ্যারূপেণ পরিণতা তদা সদসদ্রূপং জীবোপাধিং স্ববিরুদ্ধাজ্ঞানকল্পিতং, দগ্ধ্বা নিরিন্ধনাগ্নিবৎ স্বয়মেবোপরমেদিতি। তদা সম্পন্নঃ ব্রহ্মস্বরূপং প্রাপ্ত এবেতি বিদুঃ তত্ত্বজ্ঞাঃ কিমতঃ যদ্যেবং স্বে মহিম্নি পরমানন্দস্বরূপে মহীয়তে পূজ্যতে বিরাজত ইত্যর্থঃ॥ ৩৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সম্পন্ন এব তন্মতিমানেব পুরুষঃ সম্পন্নোঽন্যস্তু দরিদ্র ইত্যর্থঃ। বিদুস্তত্ত্বজ্ঞাঃ, স্বে মহিম্নি স্বীয়ে মাহাত্ম্যে বর্ত্তমানঃ স মহীয়তে পূজ্যতে। অন্যথা স্বমাহাত্ম্যাদ্ভ্রষ্টঃ স নিন্দ্যত-ইতি ভাবঃ॥ ৩৪॥

যদি সংসারদশায় ভোগদায়িনী অচিন্ত্যরচনা-শক্তি-সম্পন্না বৈষ্ণবী মায়া পুনরায় বিদ্যারূপে যে কোন জীবের প্রতি নিবৃত্তপ্রসবা হন, সেই জীবই কৃতার্থতা লাভ করেন; এবং ভগবত্তত্ত্বে অবগাহন পূর্ব্বক পরমানন্দে বিরাজ করেন বলিয়া জ্ঞানিগণ কীর্ত্তন করিয়া থাকেন॥ ৩৪॥

আভাস।

অবস্থাতে ও কোন লোভ বা মোহের কারণ ঘটে না। জীব এই সময় ভগবৎসন্দর্শন লাভ করে। এই উভয়বিধ দেহ ভগবানে কখন আরোপিত হয় না; জীবেই আরোপিত হয়। কারণ জীব মায়ার অধীন; কিন্তু মায়া ঈশ্বরের অধীন। জীব মায়ারচিত শরীরলাভে অদৃষ্টপূর্ব্ব বোধে অবশ হইয়া ভোগ করে, ঈশ্বর স্বীয় অকলঙ্ক জ্যোতিতে বিরাজমান থাকিয়া সংসার উৎপাদনার্থ প্রকৃতিকে প্রেরণ করেন। ভগবদ্বিগ্রহ মায়ারচিত নহে; শুদ্ধসত্ত্বময়ী ইচ্ছামূর্ত্তি মাত্র। স্বীয় ভক্তজনের অনুভব-বিষয়ীভূত হইবার জন্যই তিনি তাহা পরিগ্রহ করেন। তজ্জন্যই শ্লোকে "ইতি তদ্ব্রহ্মদর্শনং" বলিয়া উল্লেখ করিয়াছেন।

এবং জন্মানি কর্ম্মাণি হ্যকর্ত্তুরজনস্য চ।

অন্বয়ঃ।

এবং অকর্ত্তুঃ অজনস্য জীববৎ প্রাকৃতজন্মকর্ম্মাদিরহিতস্য, হৃৎপতেঃ অন্তর্যামিণঃ,

শ্রীধরস্বামী।

যথা জীবস্য জন্মাদি মায়া এবমীশ্বরস্যাপি জন্মকর্ম্মাদি মায়েত্যাহ এবমিতি। অকর্ত্তুঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমনেনোক্তলক্ষণপ্রকারেণ মায়িকশরীরদ্বয়প্রতিষেধেনেত্যর্থঃ। অজনস্য জন্মানি, অজায়মানো বহুধাভিজায়ত ইতি শ্রুতেঃ। অকর্ত্তুঃ কর্ম্মাণি, "ন চাস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে ইত্যাদৌ, স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চেতি" শ্রুতেঃ। নমু জীবস্যাপি বস্তুতোঽজনস্যৈবাকর্ত্তুরেব জন্মানি কর্ম্মাণি দৃশ্যন্তে। সত্যং। তস্য তানি মায়াসম্বন্ধেন অস্য তু মায়াপ্রতি-

অবিদ্যামোহিত জীবের শরীরাদিসম্বন্ধ যেরূপ মায়াদ্বারাই ঘটিয়া থাকে, জন্মকর্ম্মাদিরহিত সর্ব্বান্তর্যামী ভগবানেরও বেদের তাৎপর্য্যস্বরূপ

আভাস।

পরশ্লোকেও উক্ত হইয়াছে, "বৈশারদী মতিঃ" ভক্তজনের হিতকামনায় ভগবান্ যখন কৃপাময়ী ইচ্ছা প্রকাশ করেন, তখনই বিদ্যার অভিব্যক্তি হয়। শ্রুতিও বলিতেছেন; উৎকণ্ঠিত চিত্তে আগ্রহাতিশয়ে অনবরত প্রার্থনা করিলে, ভক্তবৎসল ভগবান্ ভক্তসন্নিধানে স্বীয় তনু প্রকাশ করিয়া থাকেন॥ ৩৩॥

ভগবৎ-শক্তিরূপা মায়া নিত্য ও বিভু পদার্থ; অর্থাৎ মায়ার অভাব কোন কালে কোথায়ও সম্ভব নহে; সুতরাং মায়া সংসর্গে জীবের সংসার দুষ্পরিহার্য্য। এই আশঙ্কার নিরাকরনার্থ উক্ত হইয়াছে, ভূতভাবন ভগবান স্বষ্টির প্রচার বাসনায় স্বীয় পরমাশক্তি মহামায়াকে প্রবৃত্তি ও নিবৃত্তিনামক দ্বিবিধ গতি দানে সংসারার্থ প্রেরণ করিলেন। সেই পরমেশ্বরের ইচ্ছাক্রমেই মায়ামায়া প্রবৃত্তি গতিগ্রহণে, মায়া বা অবিদ্যা নাম ধারণ করিয়া জীবকে অশেষবিধ ভোগ প্রদান করিয়া থাকেন। আবার নিবৃত্তিগতি গ্রহণে বিদ্যারূপে তিনিই জীবের আবরক উপাধি দগ্ধ করিয়া মুক্তির বিধান করিয়া থাকেন। জীব মুক্ত হইলে পুনরায় মায়ার অধীনস্থ হয় না। এমন কি! ভূরিপরিমাণ কাষ্ঠ দগ্ধ করিয়া কাষ্ঠাভাবে, দাহক্রিয়ার অভাবে, বহ্নি যেমন আপনাতে উপশমিত হইয়া যায়, তদ্রূপ জীবের

নমু ব্রহ্মানুভববৎ জন্মগুহ্যকীর্ত্তনমাত্রেণ হি সংসারবিমোক্ষ উক্তঃ। যথৈবাব্যহিতপূর্ব্বোক্তবিদ্যামায়োপরতাবেব ব্রহ্মানুভবসম্পত্তী ভবতঃ, এবং প্রাকৃতজন্মকর্ম্মরহিতস্য হৃৎপতেঃ সর্ব্ববুদ্ধ্যাহগোচরস্য জন্মানি কর্ম্মাণি চ কবয়ো বর্ণয়ন্তি। তত্তদুপরতাবেব

বর্ণয়ন্তি স্ম কবয়ো বেদগুহ্যানি হৃৎপতেঃ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

ভগবতঃ বেদগুহ্যানি দিব্যানি মায়াতীতানি, জন্মানি কর্ম্মাণিচ কবয়ঃ বর্ণয়ন্তি স্ম ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

কর্ম্মাণি। অজনস্য জন্মানি অনন্তত্বাদতর্ক্যত্বাদ্বেদেঽপি গুহ্যানি, হৃৎপতেঃ অন্তর্যামিণঃ ॥৩৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যেধেনেত্যেষ এব ভেদ ইত্যাহ। বেদেষু বেদৈর্ব্বা গুহ্যানি রহস্যত্বেন পরমোপাদেয়ত্বেন চ সংবৃত্য স্থাপিতানি তাত্ত্বিকানি। জীবস্য তু তানি মায়িকত্বেন হেয়ান্যবাস্তবানীত্যর্থঃ। যদুক্তং গীতোপনিষদা। জন্ম কর্ম্ম চ মে দিব্যমেবং যো বেত্তি তত্ত্বত ইতি। হৃৎপতেরন্তর্যামিণঃ অতো বিরাড় রূপস্যৈবংভূতত্বাভাবাদবতারমধ্যে তস্য ন গণনেতি প্রকরণার্থঃ ॥ ৩৫ ॥

অতি রহস্য জন্মাদি লীলাসম্বন্ধও মায়া বশতই হইয়া থাকে, এইরূপ কবিগণ বর্ণনা করিয়া থাকেন ।। ৩৫ ।।

আভাস।

উপাধি দগ্ধ করিয়া, বিদ্যা আপনাতেই লীন হইয়া যান। জীবও এই সময়ে সম্পন্ন বলিয়া কীর্ত্তিত হন। তিনি বিস্মৃত ও অপহৃত স্বরূপকে পুনঃপ্রাপ্ত হইয়া স্বকীয় পরমানন্দরসে বিরাজমান থাকেন ॥ ৩৪ ॥

"তদ্‌ব্রহ্মদর্শনং" বলিয়া যদি ব্রহ্মানুভবের দ্বারাই কেবল জীব মুক্তিলাভ করে, তাহা হইলে গুহ্য নামকীর্ত্তনেও মুক্তিলাভ, এই কথায় নিতান্ত অযৌক্তিক প্রসঙ্গ হয়। এই আশ-ঙ্কায় লিখিয়াছেন, গুহ্যনামকীর্ত্তন ও ভগবানের ক্রিয়াদি ঐশ্বর্য্যের অনুভবপ্রসঙ্গে ব্রহ্মানু-ভবই হইয়া থাকে। ভগবৎসন্নিধানে মায়া বিদ্যারূপে অবস্থিতি করেন। কিন্তু জীবের নিকটে মায়ারূপে বিবিধ ভোগ ও দেহাদির কল্পনা করেন। জীব অনিচ্ছা সত্ত্বেও ভ্রমান্ধ হইয়া যেরূপ জন্ম কর্ম্মাদির অন্তর্গত হয়, ভগবান কেবল ভক্তজনের মঙ্গলকামনায় স্বাধীনী বিদ্যাসাহচর্য্যে প্রয়োজনানুসারে সাধুহৃদয়োচিত জন্মকর্ম্মাদি লীলা প্রকাশ করিয়া থাকেন। কার্য্যদর্শনে কারণের জ্ঞান হয়; সুতরাং জীবনিষ্ঠ দেহাদির কার্য্য দর্শনে তৎকারণ অজ্ঞানই অনুভূত হয়; অতএব বেদাদি শাস্ত্রের অপ্রমেয়, তর্কের অগোচর, কেবল ভক্ত-জনের আরাধনার ফলস্বরূপ, বিদ্যারচিত ভগবন্নিষ্ঠ জন্ম কর্ম্মাদি কার্য্য অনুভব করিলে, কারণস্বরূপ পরমব্রহ্মই অনুভূত হন ॥ ৩৫ ॥

তজ্জন্মকর্ম্মানুভবসম্পত্তৌ সাধকানাং ভবত ইতি মন্যন্তে ইত্যর্থঃ। সম্পত্তিরত্র সাক্ষাৎকৃতিঃ। অতো ব্রহ্মবস্তুনিদিধ্যাসনেনৈব সংসারদুঃখাপক্ষয়ঃ স্যাৎ তদনুভবসম্পত্তৌ চ ভবত ইত্যর্থঃ ॥ ৩৫ ॥

স বা ইদং বিশ্বমমোঘলীলঃ সৃজত্যবত্যত্তি ন সজ্জতেঽস্মিন্।
ভূতেষু চান্তর্হিত আত্মতন্ত্রঃ ষাড়্বর্গিকং জিঘ্রতি ষড়্গুণেশঃ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

(অতঃ জীবাৎ পুরুষবিশেষঃ) সঃ অমোঘলীলঃ অব্যর্থকার্য্যকারী, ঈশ্বরঃ ইদং পরিদৃশ্যমানং, বিশ্বং সৃজতি, অবতি পালয়তি, অত্তি সংহরতি, ন তু অস্মিন্ সজ্জতে আসক্তো ভবতি। আত্মতন্ত্রঃ স্বাধীনঃ, ষড়্গুণেশঃ ষড়িন্দ্রিয়নিয়ন্তা, ভূতেষু অন্তর্হিতশ্চ অন্তর্যামিতয়া অবস্থিতোঽপি, ষাড়্বর্গিকং ষড়ৈশ্বর্য্যবর্গোত্থং, সুখং জিঘ্রতি গন্ধগ্রহণবৎ অনুভবতি ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

তর্হি জীবাৎ ঈশ্বরস্য কো বিশেষঃ! স্বাতন্ত্র্যমেব বিশেষ ইত্যাহ স বা ইতি। ষাড়্বর্গিকং ইন্দ্রিয়ষড়্বর্গবিষয়ং জিঘ্রতি দূরাদেব গন্ধবদ্গৃহ্ণাতি নতু সজ্জতে ইত্যর্থঃ। কুতঃ ষড়্গুণেশঃ ষড়িন্দ্রিয়নিয়ন্তা ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবতস্তন্যান্যপি ততো বৈলক্ষণ্যানি বহুনি সন্তি, তত্র প্রথমং নিরঙ্কুশমৈশ্বর্য্যমাহ স বা ইতি। ষাড়্গিকমিন্দ্রিয়ষড়্গবিষয়ং জিঘ্রতি দূরাদেব গন্ধবদ্গৃহ্ণাতি নতু সজ্জত ইত্যর্থঃ। কুতঃ ষড়্গুণেশঃ ষড়িন্দ্রিয়নিয়ন্তা। যদ্বা ষড়্ভিগু ণৈর্ভগশব্দবাচ্যৈরৈশ্বর্য্যাদ্যৈরীশঃ অতঃ ষড়ৈশ্বর্য্যবর্গোত্থং সুখমনুভবতি ॥ ৩৬ ॥

সেই নিরঞ্জন পরমপুরুষ এই বিশ্বের সৃষ্টি, স্থিতি ও প্রলয় করিতেছেন; অথচ কিছুতেই লিপ্ত নহেন। এমন কি! অন্তর্যামিরূপে ভূতগণের অন্তরে অবস্থিত থাকিয়া, পুষ্পের গন্ধগ্রহণের ন্যায়, কেবল ষড়িন্দ্রিয়ের গুণমাত্র গ্রহণ করেন; যেহেতু তিনি স্বাধীন ও ইন্দ্রিয়ষড়্বর্গের নিয়ন্তা ॥ ৩৬ ॥

আভাস।

জীব মায়ারূপ উপাধিকে বিসর্জ্জন করিলে, স্বীয় সৎচিৎ আনন্দস্বরূপের উপলব্ধি করে; এবং সংসার-প্রবাহ অতিক্রম করিয়া সৎচিদানন্দ স্বরূপ একরস ভগবানে আশ্রিত ভাবে বিশ্রাম করিতে থাকে। অতএব জীব ও ঈশ্বরের পারমার্থিকভাবে স্বরূপের অভেদ হইলেও যোগশাস্ত্রাদিতে যে, "পুরুষবিশেষ ঈশ্বরঃ" বলিয়া বর্ণনা করিয়াছেন, এই বিশেষত্বপ্রতিপাদনের অভিপ্রায়ে উক্ত হইয়াছে যে, জীব মায়াপ্রভাবে স্বরূপ বিস্মৃত হইয়া অবশভাবে জন্মজন্মান্তর ভোগ করে, কিন্তু ভগবান্ বিগ্রহ ধারণ করুন বা স্বরূপেই অবস্থান করুন, কোন ভাবেই তাঁহাতে ভ্রম বা প্রমাদের আবির্ভাব হয় না। তিনি স্বেচ্ছাধীন স্বীয় শক্তিস্বরূপিণী মায়ার দ্বারা স্থূল ও সূক্ষ্ম দেহদ্বয়ের রচনা করিয়া জীবের জীবত্ব সম্পাদন করেন; অন্তর্যামিরূপে জীবহৃদয়ে অবস্থিতি করিয়া, জীবকে কার্য্যক্ষেত্রে প্রেরণ করেন, অজ্ঞা-

নচাস্য কশ্চিন্নিপুণেন ধাতুরবৈতি জন্তুঃ কুমনীষ ঊতীঃ।
নামানি রূপাণি মনোবচোভিঃ সংতন্বতো নটচর্য্যামিবাজ্ঞঃ॥ ৩৭॥

অন্বয়ঃ।

কশ্চিৎ কুমনীষঃ জন্তুঃ কুবুদ্ধিঃ ভক্তিহীনো জ্ঞানী, নটচর্য্যাং সংতন্বতো সম্যক্ বিস্তারয়-তোঽস্য ধাতুঃ জগদ্বিধাতুঃ ঊতীঃ লীলাঃ, নিপুণেন তর্কাদিকৌশলেন, তথা মনোবচোভিঃ নামাণি রূপাণি চ ন অবৈতি জানাতি॥ ৩৭॥

শ্রীধরস্বামী।

ননু কিমীশ্বরস্য স্বষ্ট্যাদিকর্ম্মভিঃ বিষয়ভোগৈর্ব্বা তত্রাহ নচেতি ধাতুঃ জগদ্বিধাতুঃ ঈশ্বরস্য ঊতীঃ লীলাঃ কুমনীষঃ কুবুদ্ধিঃ নিপুণেন তর্কাদিকৌশলেন ন অবৈতি ন জানাতি মনসা সংকল্পেনৈব রূপাণি, বচসা নামানি। সন্তন্বতঃ সম্যক্ বিস্তারয়তঃ। বচোভিরিতি বহুবচনং শ্রুত্যভিপ্রায়েণ। মনোবচোভিঃ সহেতি বা॥ ৩৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞানাদ্যগম্যত্বমাহ ন চেতি। নিপুণেন জ্ঞানযোগাদিনৈপুণ্যেন ঊতী লীলাঃ নামানি রূপাণি মনোবচোবৃত্তিভি র্নাবৈতি মনোবচসোরগম্যত্বাদিতি ভাবঃ। কুমনীষ ইতি জন্তু-রিতি যো হি ভক্তিহীনো জ্ঞানী নামরূপবদ্বস্তুমাত্রমেব মিথ্যেত্যাচষ্টে তং প্রত্যয়মাক্ষেপঃ। সন্তন্বতঃ অবতীর্য্যাবতীর্য্য কৃপয়া তানি বিস্তারয়তঃ। অজ্ঞানে দৃষ্টান্তঃ নটস্য চর্য্যাং পাণ্যা-দিভিরভিনীয়মানস্য গীতপদার্থস্য চন্দ্রকমলাদের্নামরূপাদিপ্রদর্শনাং যথা অজ্ঞো নাবৈতি। অতো নাস্বাদং লভতে ততশ্চ রসমমূলকং ব্রূতে বিজ্ঞঃ সভ্যস্ত সকলসহৃদয়সাক্ষিকং রসং সাক্ষাদেবানুভবতীত্যর্থঃ॥ ৩৭॥

ভগবান্ নটের ন্যায় ভক্তহৃদয় বিনোদনকারী অনুপম রূপ পরিগ্রহ করিয়া, জগতে স্বীয় ঐশ্বর্য্যের বিস্তার করিতেছেন; কিন্তু ভক্তিহীন জ্ঞানিগণ কেবল মনীষাবলে বাঙ্মনোতীত সেই ভগবানের লীলা অনুভবে কথনই সমর্থ হয় না॥ ৩৭॥

আভাস।

নাদ্ধ জীবের আসক্তি অনুসারে সৎ অসৎ ইন্দ্রিয়বৃত্তি ও বাসনাদি অবলোকন করেন, এবং ফলদাতারূপে তদনুরূপ লোকাদি ব্রহ্মাণ্ড রচনা করিয়া, বিবিধ ভোগ ও ভোগায়তন দেহ অর্পণ করেন। কিন্তু সকল অবস্থাতে স্বয়ং নির্লিপ্ত ও অলুপ্ত-চৈতন্যস্বরূপ॥ ৩৬॥

ঈশ্বর সেব্য, জীব সেবক। ভগবদ্দত্ত যাবতীয় প্রয়োজনীয় সামগ্রীলাভে জীব বিধা-তার সৃষ্টিবিধানে চমৎকৃত ও নিজ পুরুষকারে নিরস্তাভিমান হইয়া, সর্ব্বত্র তাঁহারই নিরঙ্কুশ জ্যোতির বিভূতি দর্শন করিতে থাকে। অনলে অনিলে সাগরে সলিলে গহন কাননে

স বেদ ধাতুঃ পদবীং পরস্য দুরন্তবীর্য্যস্য রথাঙ্গপাণেঃ।
যো মায়য়া সন্ততয়াঽনুবৃত্ত্যা ভজেত তৎপাদসরোজগন্ধম্ ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

যো জনঃ অমায়য়া নিষ্কপটতয়া, সন্ততয়া নিরন্তরয়া, অনুবৃত্ত্যা সৎকারসেবিতয়া ভক্ত্যা এব তৎপাদসরোজগন্ধং সর্ব্বভাবেন ভজেত স এব রথাঙ্গপাণেঃ দুরন্তবীর্য্যস্য অতঃ সংসারাৎ পরস্য ধাতুঃ পদবীং মার্গং বেদ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

ভক্তস্তু কথঞ্চিজ্জানাতীত্যাহ স বেদেতি। অমায়য়া অকুটিলভাবেন সন্ততয়া নিরন্তরয়া অনুবৃত্ত্যা আনুকূল্যেন ভজেত স ধাতুঃ পদবীং গতিং বেদ রথাঙ্গং চক্রং পাণৌ যস্য তস্য ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিগম্যত্বমাহ স বেদেতি ॥ ৩৮ ॥

কিন্তু যে সকল ব্যক্তি নিরাকাঙ্ক্ষ হইয়া নিরন্তর ঐকান্তিকী ভক্তিসহকারে দুরন্তবীর্য্য চক্রপাণির চরণকমলের সৌরভ সেবনে সর্ব্বতোভাবে অগ্রসর হন, তাঁহারাই সেই পরাৎপর জগদ্বিধাতার মাহাত্ম্য অবগত হইতে পারেন ॥ ৩৮ ॥

আভাস।

কিম্বা পর্ব্বতশিখরে, আনন্দ-কানন সদৃশ সর্ব্বশস্যে পরিপূর্ণ নানা ফলফুল ও মুকুলে সুশোভিত উর্ব্বর ক্ষেত্রাদিতে বা জনশূন্য প্রান্তর মরুভূমে, সর্ব্বত্রই তাঁহার তীক্ষ্ণদৃষ্টির পরিচয় নিরন্তর প্রাপ্ত হইয়া সসম্ভ্রমে ও নির্ভরহৃদয়ে, তাঁহার কৃপার জন্য প্রতীক্ষা করাই কর্ত্তব্য। ঈশ্বর কি অভিপ্রায়ে এই সৃষ্ট্যাদি কার্য্যে নিযুক্ত হইয়াছেন, সৃষ্ট জীবের তাহা বুঝিবার সামর্থ্য নাই। যতই জ্ঞানী ও পণ্ডিত হউক না কেন, কেবল বিচারবলে তাঁহার উদ্দেশ্য অবগত হওয়া সম্ভব নহে। উত্তম গায়কের গীত হইলেই যে সাধারণে আনন্দিত হয়, এমত নহে। স্বয়ং গানকার্য্যে অক্ষম হইলেও যাঁহারা রাগরাগিণীর স্বরূপ অবগত আছেন, তাঁহারাই যথার্থ রসজ্ঞ, এবং অভিনেতার বিচিত্র কার্য্যদক্ষতায় বিশেষ আস্বাদ লাভ করিয়া থাকেন; তদ্রূপ ভগবদ্বিষয়ে প্রীতি বিশেষের অভাব হইলে, নানাবিষয়িণী দুস্তর্কবিশিষ্টা দুর্ম্মতিরই উদয় হয়। কিন্তু ভগবান যে বহুরূপে বহুস্থানে বহুনামে ও বহুভাবে, রঙ্গস্থ নটের ন্যায় ব্রহ্মাণ্ডস্থ জীবনিচয়ের মন বিমোহিত করিতেছেন, ভক্তিহীন জীব তাঁহার জগৎব্যাপিনী শক্তির আংশিক রূপ দর্শনেই মুগ্ধ হইয়া থাকে, সেই শ্রেষ্ঠ অভিনেতা বা তাঁহার সমগ্র লীলা পরিদর্শনে কিছুতেই সমর্থ হয় না। ৩৭ ॥

অথেহ ধন্যা ভগবন্ত ইত্থং যদ্বাসুদেবেঽখিললোকনাথে।
কুর্ব্বন্তি সর্ব্বাত্মকমাত্মভাবং ন যত্র ভূয়ঃ পরিবর্ত্ত উগ্রঃ ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

অথ অত ইহ জন্মমরণপ্রবাহবিশিষ্টে সংসারে ভবন্তঃ এব ধন্যাঃ যদ্‌যস্মাৎ অখিল-লোকনাথে বাসুদেবে ইত্থ্যং প্রশ্নাদিভিঃ সর্ব্বাত্মকং ঐকান্তিকং, আত্মভাবং রতিং, কুর্ব্বন্তি, যত্র যস্মিন্ সতি, উগ্রঃ অনেকযাতনাবিশিষ্টঃ পরিবর্ত্তঃ পুনরাবৃত্তিঃ ভূয়ঃ ন ভবতি ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

ভক্তিমার্গে প্রবৃত্তানৃষীনভিনন্দতি অথেতি। যতো ভক্ত এব ভগবত্তত্ত্বং জানাতি অথ অতো ভগবন্তঃ সর্ব্বজ্ঞা ভবন্তো ধন্যা কৃতার্থাঃ। কুতো যদ্‌যস্মাৎ ইত্থং প্রশ্নৈঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিবিহীনা বয়মেবাক্ষেপবিষয়ীভূতা ভবামেতি বিষীদতঃ শৌনকাদীনাহ অথেহেতি।

হে ঋষিগণ! এই জন্ম মরণ-ধর্ম্মশীল সংসারে আপনারাই ধন্য! যেহেতু অখিললোকপতি ভগবান বাসুদেবে আপনাদেরই ঐকান্তিক আত্মভাব উৎপন্ন হইয়াছে; যে আসক্তিফলে এই ভয়ানক সংসারপ্রবাহে আর পুনরাগমন করিতে হয় না। ৩৯ ॥

আভাস।

লৌকিকী ভক্তির দ্বারা ঈশ্বরকে জানা যায় না। সে ভক্তি কপটতা পরিপূর্ণ, স্বার্থের পরিচায়ক মাত্র। নিজের কোন অভিলষিত বিষয় প্রাপ্তির জন্য সক্ষমব্যক্তির উপাসনাই লৌকিকী বা মায়িকী ভক্তি। প্রার্থয়িতা নর প্রার্থনাকারীকে প্রার্থনানুসারেই ফল প্রদান করিয়া থাকেন; তদ্রূপ ভগবৎসন্নিধানে যেটী উদ্দেশ্য করিয়া অগ্রসর হওয়া যায়, তদতি-রিক্ত ফল পাইবার কোন প্রত্যাশা নাই। এবং স্বয়ং শ্রীকৃষ্ণই বলিয়াছেন, "যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহং।" আমাকে যে যে ভাবে ভজনা করে, আমি সেই ভাবেই তাহার মনোরথ পূর্ণ করি। তাহা হইলে ভাববর্জিত হইয়া ভক্ত নিরন্তর সরল অন্তঃকরণে তাঁহার চরণকমলের চিন্মকরন্দ আঘ্রাণে নিমগ্ন থাকেন, তখন পতিতপাবন সামান্য বিষয়াদি সম্ভোগ দানে আর অব্যাহতি পান না, সর্ব্বাভিলাষ পূর্ণকারী নিজস্বরূপই প্রদর্শন করাইতে বাধ্য হন। যেমন আব্‌দারে পুত্রের নিকট জননী পরাজিতা হন, পরিশেষে সমস্ত সঞ্চিত সামগ্রী পুত্রের অগ্রে রাখিয়া, নিজেও তৎসমীপে উপবেশন করেন। তখন পুত্র মাতাকে নিশ্চিন্তভাবে উপবিষ্টা ও সম্মুখে নানাবিধ ভোজন সামগ্রী অযাচিত ভাবে সাজান দেখিয়াই তৃপ্ত হইয়াছে। আর ক্রন্দন নাই, কোন বিষয়ের প্রার্থনা নাই, তখন বেগে মাতৃক্রোড়ে ধাবিত হইয়া যেন অনাদেয়ের দান, বা সন্তসাবস্ত করিয়া অপসারিত বস্তুর পুনঃ অধিকার

ইদং ভাগবতং নাম পুরাণং ব্রহ্মসম্মিতম্।
উত্তমশ্লোকচরিতং চকার ভগবানৃষিঃ॥
নিঃশ্রেয়সায় লোকস্য ধন্যং স্বস্ত্যয়নং মহৎ॥ ৪০॥

অন্বয়ঃ।

ধন্যং সর্ব্বপুরুষার্থপ্রদং, অতএব স্বস্ত্যয়নং সর্ব্বমঙ্গলাবহং, মহৎ সর্ব্বতঃ শ্রেষ্ঠং চ ব্রহ্মসম্মিতং বেদতুল্যং, যতঃ উত্তমঃশ্লোকচরিতং ইদং ভাগবতং নাম পুরাণং ভগবান্ সর্ব্বজ্ঞঃ ঋষিঃ ব্যাসঃ লোকস্য নিঃশ্রেয়সায় চকার॥ ৪০॥

শ্রীধরস্বামী।

বাসুদেবে আত্মভাবং মনোবৃত্তিং কুর্ব্বন্তি। সর্ব্বাত্মকমৈকান্তিকম্ যত্র যস্মিন্ ভাবে সতি ভূয়ঃ পরিবর্ত্তো জন্মমরণাদ্যাবর্ত্তো ন ভবতি॥ ৩৯॥

ভো সূত! কিমেতৎ শাস্ত্রমপূর্ব্বং কথয়সি তত্রাহ ইদমিতি। ব্রহ্মসম্মিতং সর্ব্ববেদ-তুল্যম্। উত্তমঃশ্লোকস্য চরিতং যস্মিন্ তৎ ঋষির্ব্যাসঃ॥ ৪০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবন্তঃ সর্ব্বজ্ঞাঃ বেত্তি বিদ্যামবিদ্যাঞ্চ স বাচ্যো ভগবানিতি বৈষ্ণবনিরুক্তেঃ, সর্ব্বাত্মকং ঐকান্তিকং আত্মনো মনসো ভাবং যত্র সতি পরিবর্ত্তো জন্মমরণাদ্যাবর্ত্তঃ॥ ২৯॥

সূত কিমিদমপূর্ব্বমশ্রুতচরং শাস্ত্রং কথয়সীতি তত্রাহ ইদমিতি ব্রহ্ম শ্রীকৃষ্ণস্তত্তুল্যং। ঋষির্ব্যাসঃ॥ ৪০॥

হে ঋষিগণ! সমগ্র বেদসদৃশ শ্রদ্ধাস্পদ, সর্ব্বপুরুষার্থপ্রদ সর্ব্বোৎকৃষ্ট ও মঙ্গলাবহ এই সুবিস্তীর্ণ ভাগবত নামক মহাপুরাণ আমার স্বকপোল-

আভাস।

প্রাপ্তির ন্যায় মাতৃস্তন পান করিতে থাকে; এবং মাতাও স্থির হইয়া স্নেহভরে পান করাইতে থাকেন; তদ্রূপ অহৈতুকী ভক্তিবিশিষ্ট প্রেমিক উপাসককে ভগবান্ ভোগসাধক সামগ্রী দানে বিরত হইয়া আত্মসমর্পণই করিয়া থাকেন॥ ৩৮॥

ভগবৎসন্দর্শন ব্যতীত জীবের আর শ্রেষ্ঠ কর্ম্ম কিছুই নাই বটে, কিন্তু ভাগ্যে ঘটা বড়ই দুরূহ ব্যাপার; তথাপি নিরাশ্বাসের স্রোতে ভাসমান হইয়া লক্ষ্যভ্রষ্ট হওয়া উচিত নহে। ঐকান্তিক হৃদয়ে মন প্রাণ ও সর্ব্বস্ব তাঁহার চরণকমলে সমর্পণ করিয়া অনন্য-শরণে ডাকিতে পারিলে দুর্ভাগ্যমেঘ ক্রমশঃ তিরোহিত হইয়া যায়। এমন কি ঈশ্বরকথার প্রসঙ্গে কালযাপন করিলে এতই সৌভাগ্যের উদয় হয় যে, ভক্তের অজ্ঞাতসারে বিশ্বপতি বাসুদেবে অনুপমা ভক্তির উদ্রেক হয়, যাহার প্রভাবে এই তীব্র যাতনাবিশিষ্ট দুস্তর সংসারসমুদ্রে পুনঃপতনের আর ভয় থাকে না; ভক্ত তাঁহার চরণরূপ কল্পপাদপ-মূলে

তদিদং গ্রাহয়ামাস সুতমাত্মবতাম্বরম্ ।
সর্ব্ববেদেতিহাসানাং সারং সারং সমুদ্ধৃতম্ ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

সর্ব্ববেদেতিহাসানাং সারং সারং সমুদ্ধৃতং সর্ব্বসারসংগ্রহং, তৎ ব্যাসকৃতং, ইদং ময়া উক্তং, ভাগবতং আত্মবতাং ধীরাণাং, বরং শ্রেষ্ঠং, সুতং শুকং, স্নেহেন গ্রাহয়ামাস অধ্যাপয়ামাস ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

তৎসম্প্রদায়প্রবৃত্তিমাহ তদিদমিতি। নিঃশ্রেয়সায় মোক্ষসুখায় আত্মবতাং জিতেন্দ্রিয়-মনসাং ধীরাণাং মুখ্যং সুতং শুকং ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দধিমথনাদুদ্ধৃতং নবনীতমিব যদ্বেদাদীনাং সারং সারং বস্তু তদেবেদং শ্রীভাগবতাখ্যং স্নেহেন সুতং শুকং গ্রাহয়ামাস বেদাদিদধিমথনশ্রমং চ সফলীচকারেতি ভাবঃ। আত্ম-বতাং বরমিতি তাদৃশোঽপি সুতঃ স্বাদাধিক্যেনৈবেদং লোভাদ্ গৃহ্ণাতি স্মেতিভাবঃ ॥ ৪১ ॥

কল্পিত নহে। ইহাতে উত্তমঃশ্লোক ভগবানের চরিত্র বর্ণিত আছে। ভগবান্ বেদব্যাস কেবল জীবগণের নিস্তারের জন্যই, সমস্ত বেদ ও ইতি-হাসের সার উদ্ধার করিয়া এই মহাপুরাণ স্বয়ং রচনা করেন ; এবং ধীরাগ্র-গণ্য স্বীয় তনয় শুকদেবকে সস্নেহে উপদেশ দিয়াছিলেন ॥ ৪০ ॥ ৪১ ॥

আভাস।

আশ্রয় করিয়া চিরবিশ্রাম উপভোগ করে। সেই জন্যই সূত শৌনকাদি ঋষিগণকে সম্বোধন করিয়া বলিলেন, আপনারাই ধন্য ! যেহেতু জগৎপতির গুণানুশ্রবণের জন্য আপনারা প্রস্তুত হইয়া অপেক্ষা করিতেছেন। আমি কীর্ত্তন করিতে জানিলেও কার্য্যা-ন্তরে ব্যাপৃত থাকায়, সর্ব্বদা তাঁহার গুণানুকীর্ত্তনে অসমর্থ ; সুতরাং সে সৌভাগ্যে আমি বঞ্চিত ছিলাম; আপনাদের সংসর্গে অদ্য আমিও ধন্য হইলাম ॥ ৩৯ ॥

সূত নিজবর্ণিত গ্রন্থের শ্রেষ্ঠত্ব প্রতিপাদন-মানসে, এস্থলে গ্রন্থকর্ত্তা, গ্রন্থের বিষয় ও স্বীয় উপদেষ্টার নামাদি উল্লেখ করিয়া ইহার সর্ব্বাংশে উৎকৃষ্টতা প্রদান করিয়াছেন। ইহাতে শাস্ত্রের ফল, ও অন্য শাস্ত্র নিরপেক্ষায় এই শাস্ত্রেরই স্বীয় প্রাধান্য খ্যাপন করিয়া শ্রোতৃ-বর্গের চিত্ত আকর্ষণ করিয়াছিলেন ॥ ৪০ ॥ ৪১ ॥

পূর্ব্বে ঋষিগণ প্রশ্ন করিয়াছিলেন যে, ভগবান্ দেবকীপুত্র শ্রীকৃষ্ণ অসুরনিগ্রহাদি লৌকিকী লীলা সমাপনানন্তর নিজ নিত্যধামে গমন করিলে, ধর্ম্ম কাহার আশ্রয় গ্রহণ

স তু সংশ্রাবয়ামাস মহারাজং পরীক্ষিতং।
প্রায়োপবিষ্টং গঙ্গায়াং পরীতং পরমর্ষিভিঃ ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

স তু শুকঃ গঙ্গায়াং প্রায়োপবিষ্টং (প্রায়েণ মৃত্যুপর্যন্তানশনেন উপবিষ্টং) পরমর্ষিভিঃ পরীতং পরিবৃতং, মহারাজং পরীক্ষিতং সংশ্রাবয়ামাস ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বেষাং বেদানাং ইতিহাসানাং চ। স তু পুত্রঃ। প্রায়েণ মৃত্যুপর্য্যন্তানশনেন উপবিষ্ট-মিতি পরমবৈরাগ্যোক্তিঃ। পরিতং পরিবেষ্টিতং। ধর্ম্মজ্ঞানাদিভিঃ শক্তিভিঃ সহ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রায়োপবিষ্টং প্রায়ো মৃত্যুপর্য্যন্তানশনং তং ব্যাপ্য কৃতোপবেশং গোদোহমাস্ত ইতি বৎ। প্রায়ো বরণ্যানশনে মৃত্যৌ বাহুল্যতুল্যয়োরিতি মেদিনী ॥ ৪২ ॥

ব্রহ্মশাপানলে দগ্ধ মহারাজ পরীক্ষিৎ, যৎকালে স্বীয় পাপ-বিমোচনার্থ পরমর্ষিগণে পরিবৃত হইয়া ভাগীরথীতীরে, অনশনের দ্বারা জীবন বিসর্জ্জনের সংকল্পে অবস্থিতি করিতেছিলেন, সেই সময় শুকদেব তাঁহাকে এই অপূর্ব্ব শাস্ত্র শ্রবণ করাইয়াছিলেন ॥ ৪২ ॥

আভাস।

করিলেন? তাহারই উত্তররূপে এই শ্লোক সন্নিবেশিত করিয়াছেন। ভগবদ্বিগ্রহের তিরোভাবে ধর্ম্মসমূহও তৎসঙ্গে তিরোহিত হয়। যেমন স্মরণ ও মননাদি বুদ্ধির ধর্ম্ম মাত্র, বুদ্ধি হইতে অতিরিক্ত পৃথক্ বস্তু নহে, সেইরূপ ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্যাদি শক্তিসমূহ এক ঈশ্বরের উপর নির্ভর দিয়াই প্রকাশমান হয়; ইহারা ভগবদ্ভাবের আনু-সাঙ্গিক শক্তিমাত্র। ভগবদ্ভাবের আবির্ভাবেই আবির্ভূত ও তিরোভাবেই তিরোহিত হয়। এক সূর্য্যদেবের উদয় হইলে, উদয়াচল হইতে অস্তাচল পর্য্যন্ত সমগ্র স্থান আলোকব্যাপ্ত হইয়া কতই আনন্দের পরিচয় প্রদান করে, আর অন্ধকার থাকে না; তপনতাপে তীব্র শীতলস্পর্শ নীহারবিন্দু সকল শুষ্ক হইয়া গমনাগমনের কোন ব্যাঘাত জন্মায় না। দিবাকর অস্তাচলচূড়া অবলম্বন করিলেই সুধাকরের রাজত্ব হয়, তখন তারকাগণের তাড়নায় নিতান্ত উদ্বিগ্ন অথচ সতীত্বরক্ষার জন্য কৃতসংকল্পা সাধ্বী কমলিনী বারিবসনে অবগুণ্ঠনবতী হইয়া অতি ক্লেশেই কালাতিপাত করিতেছিল; সূর্য্যোদয়ে সে ভয় থাকে না। নিঃশঙ্কুচিতচিত্তে স্বীয় বল্লভসমীপে আত্মনিবেদন করিয়া থাকে। চক্রবাকমিথুন তামস দুর্দ্দৈবাপগমে হর্ষচিত্তে সংলাপসুখ অনুভব করিয়া থাকে। তদ্রূপ শ্রীকৃষ্ণসূর্য্য

কৃষ্ণে স্বধামোপগতে ধর্ম্মজ্ঞানাদিভিঃ সহ।
কলৌ নষ্টদৃশামেষঃ পুরাণার্কোঽধুনোদিতঃ ॥ ৪৩ ॥

অন্বয়ঃ।

কৃষ্ণে ধর্ম্মজ্ঞানাদিভিঃ শক্তিভিঃ সহ স্বধাম নিত্যলীলাস্থানং বৈকুণ্ঠং, উপগতে সতি, কলৌ নষ্টদৃশাং ধর্ম্মজ্ঞানবিবেকরহিতানাং জনানাং কৃতে, ইদং পুরাণমেব অর্কঃ অধুনা উদিতঃ ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

হে বিপ্রাঃ! বিপ্রর্ষেঃ সকাশাৎ অধ্যগমং জ্ঞাতবানস্মি। তত্র কীর্ত্তয়তঃ তত্র নিবিষ্ট

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিং বহুনা যদ্যুষ্মাভিঃ পৃষ্টং, ধর্ম্মঃ কং শরণং গত ইতি তদিদমেব বুদ্ধস্বেত্যাহ কৃষ্ণে ইতি। স্বধাম্নো দ্বারকাতঃ সকাশাৎ উপ সমীপং প্রভাসং গতে ধর্ম্মজ্ঞানাদিভিঃ ষড়্ভিরৈশ্বর্য্যৈঃ সহ তত্রান্তর্দ্ধানে সতীত্যর্থঃ তল্লীলায়া ভক্তক্ষোভকারিত্বাৎ স্পষ্টতয়ানুক্তিঃ। নষ্টদৃশাং লুপ্তজ্ঞানানাং জনানাং অত্র দৃক্পদেন তত্র চৈকদেশান্তে দৃষ্টিঃ প্রণষ্টা তমসি প্রবিষ্টেতি প্রযুক্তেন কৃষ্ণস্য সূর্য্যত্বং। মথুরায়া উদয়শৈলত্বং। প্রভাসস্য অস্তাচলত্বং। শিষ্টানাং চক্রবাকত্বং। দুষ্টানাং নীহারত্বং। পাপানাং তমস্ত্বং। ভক্তানাং কমলবনত্বঞ্চ বোধিতং। অতস্তৃতীয়ে; কৃষ্ণদ্যুমনি নিম্লোচে ইতি সূর্য্যতয়া স্পষ্টোক্তিঃ। এষ পুরাণার্ক ইতি কৃষ্ণসূর্য্যেঽস্তমিতে সতি পুরাণসূর্য্যোঽয়মুদিত ইতি সূর্য্যস্য প্রতিমূর্ত্তিঃ সূর্য্য এব ভবেদিতি ভাবঃ ॥ ৪৩ ॥

হে ব্রাহ্মণগণ! বিপুলতেজা ব্রহ্মর্ষি শুকদেবের শ্রীমদ্ভাগবত কীর্ত্তনকালে আমি সেই সভায় উপস্থিত ছিলাম এবং প্রণিহিতমনা হইয়া তাঁহারই

আভাস।

মথুরারূপ উদয়াচলের দ্বার উদ্ঘাটন করিয়া উদয় হইলে, অজ্ঞান অন্ধকার বিদূরিত হইয়া পুন্যালোকে জগৎ পবিত্র হইয়াছিল। কপটী পরপীড়ক জনগণ নীহারের ন্যায়, আত্মসংগোপনে অসমর্থ হইয়া ক্রমশই বিলীন হইল। শিষ্টজনগণ উৎপীড়নশূন্য হইয়া সহযোগী স্বসম্প্রদায়িগণে মিলিত হইয়া চক্রবাক-মিথুনের ন্যায় নিরুপদ্রবে আনন্দানুভব

তদিদং পুরাণং নতু শাস্ত্রান্তরতুল্যং কিন্তু শ্রীকৃষ্ণপ্রতিনিধিরূপমেবেত্যাহ কৃষ্ণ ইতি। স্বস্য কৃষ্ণরূপস্য ধাম নিত্যলীলাস্থানমুপগতে সতি শ্রীকৃষ্ণে তত্র চ ধর্ম্মপ্রোজ্ঝিতকৈতবোঽত্রেতি নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতমিতি চানুস্মৃত্য পরমপ্রকটতয়া (প্রকৃষ্টতয়েতি বা) অবগতৈর্ভগবদ্ধর্ম্মভগবজ্‌জ্ঞানাদিভিরপি সহ স্বধামোপগতে সতি কলৌ নষ্টদৃশাং তাদৃশধর্ম্মজ্ঞান-

তত্র কীর্ত্তয়তো বিপ্রা বিপ্রর্ষের্ভূরিতেজসঃ।
অহঞ্চাধ্যগমং তত্র নিবিষ্টস্তদনুগ্রহাৎ।
সোঽহং বঃ শ্রাবয়িষ্যামি যথাধীতং যথামতি ॥ ৪৪ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথম-স্কন্ধে নৈমিষীয়োপাখ্যানে জন্মগুহ্যং নাম তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

হে বিপ্রাঃ! তত্র সভায়াং কীর্ত্তয়তঃ ভূরিতেজসঃ বিপ্রর্ষেঃ শুকদেবাৎ, অহং তত্র নিবিষ্ট স্তদনুগ্রহাৎ অধ্যগমং, সোঽহং যথাধীতং যথামতি বঃ যুষ্মান্ শ্রাবয়িষ্যামি ॥ ৪৪ ॥

ইতি প্রথমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে তৃতীয়োঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

ইতি চান্বয়ভেদেন তত্র পদাবৃত্তিরদোষঃ। যথাধীতং নতু স্বমতিবিলসিতং। তত্র তু যথা-মতি স্বমত্যনুসারেণ সংক্ষেপতঃ কথিতং বিস্তরেণ শ্রাবয়িষ্যামি ॥ ৪৩ ॥ ৪৪ ॥

ইতি প্রথমে ভাগবতভাবার্থদীপিকায়াংটীকায়াং তৃতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র সভায়াং কীর্ত্তয়তো বিপ্রর্ষেঃ শুকদেবাৎ সকাশাৎ অধ্যগমং ইদং শাস্ত্রমধিগত-বানস্মি তস্যানুগ্রহমবাপ্য তত্র সভৈকদেশে নিবিষ্ট এতাং বক্ষত্যসৌ সূত ইতি দ্বাদশোক্তেঃ। যথাধীতং নতু স্বকপোলকল্পিতং তত্রাপি যথামতি স্ববুদ্ধ্যা যাবদবধৃতং তাব-দেব সর্ব্বমর্থজাতং তু স এব শুকদেবো বেদেতি ভাবঃ ॥ ৪৪ ॥

ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
তৃতীয়ঃ প্রথমেঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অনুগ্রহে সমস্ত অবগত হইয়াছি। এক্ষণে আমার অধ্যয়ন ও শাস্ত্রাবগতি অনুসারে আপনাদিগের নিকট কীর্ত্তন করিতেছি, শ্রবণ করুন ॥ ৪৩ ॥ ৪৪ ॥

আভাস।

করিতেছিল। ভক্তগণ কমলিনীনায়কের ন্যায় স্বীয় চিত্তবিনোদনকারী হৃদয়বল্লভ গোবিন্দ-সন্দর্শনে পুলকিতচিত্তে চিরবিরহ বিস্মৃত হইয়া গদ্গদ স্বরে আত্মনিবেদন করিয়াছিল। কিন্তু

বিবেকরহিতানাং কৃতে তদিদং পুরাণমেবার্কঃ। নতু শাস্ত্রান্তরবদ্দীপস্থানীয়ং যত্তথা-বিধোঽয়ং পুরাণার্ক উদিতঃ। তাদৃশধর্ম্মজ্ঞানপ্রকাশনাত্তৎপ্রতিনিধিরূপেণাবির্ভূব। অর্ক-বত্তৎপ্রেরিতত্বয়েবেতি ভাবঃ ॥ ৪৩ ॥ ৪৪ ॥

ইতি ব্রুবাণং সংস্তূয় মুনীনাং দীর্ঘসত্রিণাং।
বৃদ্ধঃ কুলপতিঃ সূতং বহ্বৃচঃ শৌনকোঽব্রবীৎ॥ ১॥

অন্বয়ঃ।

চতুর্থে তপপ্রবচনাদিভি র্ব্যাসস্যাপরিতোষাৎ ভাগবতারম্ভঃ বর্ণতে॥

ইতি এবং ব্রুবাণং সূতং সংস্তূয় দীর্ঘসত্রিণাং মুনীনাং মধ্যে বৃদ্ধঃ (বয়সা), কুলপতিঃ মাননীয়ঃ, বহ্বৃচঃ ঋগ্‌বেদী শৌনকঃ অব্রবীৎ॥ ১॥

শ্রীধরস্বামী।

তুর্য্যে ভাগবতারম্ভকারণত্বেন বর্ণতে।
ব্যাসস্যাপরিতোষস্ত তপঃ প্রবচনাদিভিঃ॥

ইত্যেবং প্রসন্নতয়া শ্রাবয়িষ্যামি ইতি ব্রুবাণং মুনীনাং বহূনাং মধ্যে একেন বক্তব্যে যো বৃদ্ধঃ বৃদ্ধেম্বপি বহুষু যঃ কুলপতিঃ গণমুখ্যঃ তেম্বপি বহুষু যো বহ্বৃচঃ ঋগ্বেদী তেন বক্তব্যং অত এবম্ভূতত্বাৎ শৌনকোঽব্রবীৎ॥ ১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তুর্য্যেঽস্য শাস্ত্রবর্য্যস্য বক্তুঃ শ্রোতুশ্চ সর্ব্বতঃ।
শ্রৈষ্ঠ্যং ব্যাসপ্রসাদশ্চ কথ্যতে যদ্বিনৈব হি॥

বৃদ্ধো বয়সা কুলপতিরিতি কুলেন চ বহ্বৃচ ইতি বেদাভ্যাসোত্থেন জ্ঞানেন চেতি শৌনক এব প্রশ্নকর্ত্তৃত্বেন তৈর্ব্যবস্থাপিত ইতি ভাবঃ॥ ১॥

সূত এই প্রকার বলিলে, যাজ্ঞিক মুনিগণের শ্রেষ্ঠ ঋগ্বেদী প্রাচীন শৌনক তাঁহাকে প্রশংসা করিয়া বলিতে লাগিলেন॥ ১॥

আভাস।

ভক্তজন-আনন্দপ্রদ সূর্য্যসদৃশ শ্রীকৃষ্ণদেব সমুদ্রগর্ভস্থ প্রভাস অস্তাচলে বিশ্রাম করিলে, তাঁহার আনুসঙ্গিক ধর্ম্মাদি ঐশ্বর্য্যসমূহও তৎসঙ্গে তিরোহিত হইয়া গেল। পূর্ব্বোক্ত অনুপম ভাব সকলের সম্পূর্ণ বিপর্য্যয় উপস্থিত হইল। কিন্তু অজ্ঞানান্ধ জীবগণের মুক্তিদ্বার উদ্ঘাটনের জন্য, সাক্ষাৎ সূর্য্যের পরিবর্ত্তে এই শ্রীমদ্ভাগবত নামক পুরাণসূর্য্যের উদয় হইয়া, দর্শনকারীর পথ পরিষ্কৃত হইয়াছিল; এবং সাক্ষাৎ শ্রীকৃষ্ণসূর্য্য সদৃশ তল্লীলা-প্রকাশক শাস্ত্রসূর্য্যের উদয়ে, যাবতীয় অনুপম ব্যাপার সকলও ক্রমশ দৃষ্টিগোচর হইবে সন্দেহ নাই॥ ৪৩॥ ৪৪॥

ইতি প্রথমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত তৃতীয় অধ্যায়ের আভাস সমাপ্ত॥

এই শ্লোকে কেবলজ্ঞানী ও ভক্তিমান্ জ্ঞানীর ভেদ প্রদর্শন করাইবার অভিপ্রায়ে, এক শুকচরিত্রে দুইটী ভাব পৃথক্‌ভাবে বর্ণনা করিয়াছেন। প্রথমত শৌনকাদি ঋষি-

শৌনক উবাচ ॥

সূত সূত মহাভাগ বদ নো বদতাম্বর।

কথাং ভাগবতীং পুণ্যাং যদাহ ভগবাঞ্ছুকঃ ॥ ২ ॥

কস্মিন্ যুগে প্রবৃত্তেয়ং স্থানে বা কেন হেতুনা।

কুতঃ সঞ্চোদিতঃ কৃষ্ণঃ কৃতবান্ সংহিতাং মুনিঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

শৌনকঃ উবাচ ॥ হে বদতাম্বর সদ্বক্তা, মহাভাগ সূত! ভগবান্ শুকঃ যদাহ তাং ভাগবতীং পুণ্যাং কথাং নঃ অস্মভ্যং বদ ॥ ২ ॥

কস্মিন্ যুগে বা স্থানে কেন হেতুনা ইয়ং কথা প্রবৃত্তা। কুতঃ সংচোদিতঃ প্রবর্ত্তিতঃ সন্ মুনিঃ কৃষ্ণঃ ব্যাসঃ, সংহিতাং কৃতবান্ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

যোঽস্মান্‌প্রতি যৎ যাং কথামাহ সূতেত্যাদরে দ্বিরুক্তিঃ ॥ ২ ॥

কস্মিন্ বা স্থানে কেন হেতুনেতি মহাভারতাদিধর্ম্মশাস্ত্রাণি কৃতবতঃ পুনরেতৎ সংহিতাকরণে কিং কারণমিত্যর্থঃ। কুত ইতি সার্ব্ববিভক্তিকস্তসিঃ। কেন প্রবর্ত্তিত ইত্যর্থঃ। কৃষ্ণো ব্যাসঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সূত সূতেতি হর্ষেণ দ্বিরুক্তিঃ যৎ যাং ॥ ২ ॥

কুত ইতি সার্ব্ববিভক্তিকস্তসিঃ কেনেত্যর্থঃ কৃষ্ণো ব্যাসঃ ॥ ৩ ॥

শৌনক বলিলেন, হে মহাভাগ সূত! আপনি অতি প্রসিদ্ধ বক্তা। ভগবান্ শুকের সন্নিকটে আপনি যে সকল পবিত্র ভগবচ্চরিত্রগাথা শ্রবণ করিয়াছেন, তৎসমুদায় আমাদের নিকট কীর্ত্তন করুন ॥ ২ ॥

কোন যুগে, কোন স্থানে, বা কি কারণে এই ভাগবতী কথার বিস্তার হয়, এবং মহর্ষি বেদব্যাস মহাভারতাদি পুরাণসমূহ রচনার পরে কি অলৌকিক কারণ বশত পুনর্ব্বার এই ভাগবতী সংহিতা প্রণয়নে যত্নবান হন? ॥ ৩ ॥

আভাস।

গণের মতে শুকদেবকে, বিশুদ্ধ অদ্বৈতবাদী জ্ঞানীর লক্ষণে পরিচয় দিলেন। প্রথমত তিনি চতুর্ব্বিংশতি তত্ত্বের বিচার দ্বারা সমাহিতচিত্ত হইয়া, প্রকৃতিতত্ত্ব হইতে পুরুষকে ভিন্ন বলিয়া প্রতীতি করিয়াছেন। সুতরাং মায়ার আড়ম্বরে তাঁহার চিত্ত আর সংক্ষোভিত হয় না। তিনি অভ্যাস ও বৈরাগ্য দ্বারা আপন মতিকে নিশ্চলভাবে নিরোধ করিয়াছিলেন; এবং

তস্য পুত্রো মহাযোগী সমদৃঙ্ নির্ব্বিকল্পকঃ।
একান্তমতিরুন্নিদ্রো গূঢ়ো মূঢ় ইবেয়তে ॥ ৪ ॥

অন্বয়ঃ।

তস্য ব্যাসস্য পুত্রঃ শুকঃ মহাযোগী সমদৃক্ ব্রহ্মজ্ঞঃ, নির্ব্বিকল্পকঃ নিরস্তভেদঃ স্বপরভেদজ্ঞানশূন্যঃ, একান্তমতিঃ স্থিতপ্রজ্ঞঃ, উন্নিদ্রঃ অবিদ্যাতল্পাদুদ্বুদ্ধঃ, অতঃ গূঢ়ঃ বিষয়-সম্ভোগাৎ প্রচ্ছন্নঃ, সুতরাং সংসারব্যাপারে মূঢ়ঃ মূর্খঃ ইব প্রতীয়তে ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

যদুক্তং স তু সংশ্রাবয়ামাসেতি তৎ শুকস্য বাখ্যানাদিকং কথং ঘটিতমিতি প্রষ্টুং তস্যাসঙ্গোদাসীনতামাহ তস্যেতি দ্বাভ্যাং। সমদৃক্ সমং ব্রহ্ম পশ্যতি। অতো নির্ব্বি-কল্পকঃ স্বার্থে কঃ নিরস্তভেদঃ। কিঞ্চ একস্মিন্নেব অন্তঃ সমাপ্তি র্যস্যা স্তথাভূতা মতির্যস্য সঃ। যত উন্নিদ্রঃ মায়াশয়নাদুদ্বুদ্ধঃ : যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমীতি স্মৃতেঃ। অতএব গূঢ়ঃ অপ্রকটঃ মূঢ় ইব প্রতীয়তে ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্ব্বিকল্পকঃ নির্ভেদজ্ঞানবান্ একস্মিন্নেবান্তঃ সমাপ্তি র্যস্যাঃ সা মতির্যস্য সঃ। নিদ্রা অবিদ্যা তস্যাঃ সকাশাদুদ্গতঃ। যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমীতি স্মৃতেঃ ঈয়তে প্রতীয়তে ॥ ৪ ॥

ব্যাসপুত্র শুকদেবেরই বা এই শাস্ত্র অধ্যয়ন ও কীর্ত্তন করা কিরূপে সঙ্গত হয়? যেহেতু শুকদেব স্বয়ং মহাযোগী ও ব্রহ্মজ্ঞ; তাঁহার কখন কোন ভেদজ্ঞান ছিল না; তিনি মায়াতল্প হইতে গাত্রোত্থান করত ঈশ্বরে চিত্ত স্থির রাখিয়া, সর্ব্বদা সচকিতভাবে কালযাপন করিতেন; কিন্তু লোকে তাঁহাকে চিনিতে পারিত না। তিনি সামান্য অজ্ঞানীর ন্যায়, বিচরণ করিতেন ॥ ৪ ॥

আভাস।

শাস্ত্রোক্ত জ্ঞানলাভ বা জগতের উপকার করিয়া, নিজের পরকালে সুকৃতির ও বুদ্ধির জন্য কোন আশা করিতেন না। সাধারণের সমীপে নিজ বিদ্যার পরিচয় প্রদানে গৌরবের আকাঙ্ক্ষায় লালায়িত ছিলেন না; বরং প্রচ্ছন্নভাবেই কালাতিপাত করিতেন। কারণ জগতের জীব যাহা প্রিয়বোধ করে, তিনি তাহা প্রিয় বলিয়া বোধ করিতেন না; এবং তিনি যাহা ভাল বাসিতেন, সংসারী জীব তাহাকে অপ্রিয় ও দুরধিগম্য বলিয়া ভয়ে পলায়ন করিত। যেমন পেচকাদির পক্ষে মনুষ্যগণিত দিবাই রাত্রি, ও পেচকগণিত

দৃষ্ট্বানুযান্তমৃষিমাত্মজমপ্যনগ্নং দেব্যো হ্রিয়া পরিদধুর্ন সুতস্য চিত্রং।
তদ্বীক্ষ্য পৃচ্ছতি মুনৌ জগদুস্তবাস্তি স্ত্রীপুংভিদা নতু সুতস্য বিবিক্তদৃষ্টেঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

নগ্নং আত্মজং শুকং, অনুযান্তং অনুগচ্ছন্তং, অনগ্নং পরিহিতবসনং, অপি ঋষিং ব্যাসং, দৃষ্ট্বা জলে ক্রীড়ন্ত্যোঽপ্সরসঃ দেব্যঃ হ্রিয়া লজ্জয়া বস্ত্রং পরিদধুঃ নতু সুতস্য পুরতো-

শ্রীধরস্বামী।

নির্ব্বিকল্পকত্বং প্রপঞ্চয়তি দৃষ্ট্বেতি। আত্মজং শুকং প্রব্রজন্তং অনুযান্তং অনুগচ্ছন্তং ঋষিং ব্যাসং অনগ্নমপি দৃষ্ট্বা জলে ক্রীড়ন্ত্যো দেব্যঃ অপ্সরসঃ হ্রিয়া লজ্জয়া পরিদধুঃ বস্ত্র-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্ব্বিকল্পকত্বং প্রমাণয়তি দৃষ্ট্বেতি। আত্মজং শুকং প্রব্রজ্য যান্তমনুযাতং ঋষিং ব্যাসং অনগ্নমপি দৃষ্ট্বা দেব্যো জলক্রীড়নাদুত্থিতা লজ্জয়া পরিদধুঃ স্ব স্ব বস্ত্রাণীত্যর্থঃ নতু সুতস্য

এমন কি! যখন সন্ন্যাস অবলম্বন পূর্ব্বক বনে গমন করিতেছিলেন, প্রাচীন পিতা ব্যাস, পুত্রপ্রেমে কাতর হইয়া পুত্র! পুত্র! সম্বোধনে তাঁহার অনুসরণ করিতেছিলেন, সেই সময়ে জলক্রীড়াসক্তা অপ্সরাগণ ব্যাসদেবকে দেখিবা মাত্র লজ্জাবিনম্রমুখী হইয়া স্ব স্ব বসন পরিধান করিলেন; অথচ পুরোবর্ত্তী

আভাস।

দিবাই মনুষ্যের রাত্রি; সেইজন্যই মনুষ্য পেচককে নিশাচর বলে, এবং পেচকও নিজমতে মনুষ্যকে নিশাচর বলিবার সম্ভাবনা; জ্ঞানী ও অজ্ঞানীর ঐরূপ বিশেষ বৈষম্য উপলক্ষিত হইয়া থাকে। শুকদেব জ্ঞানী; শৌনকাদি ঋষিগণের মতে, তাঁহার সমস্ত সংসারে জলাঞ্জলি দিয়া, এক ব্রহ্মমাত্র অবলম্বনে প্রারব্ধ কর্ম্মোপার্জ্জিত দেহক্ষয়ের জন্যই কালাতিপাত করা কর্ত্তব্য। তিনি আবার অধ্যয়ন বা অধ্যাপনার দ্বারা বৃথায় সময় নষ্ট কেন করিবেন, বলিয়া ঋষিগণের মনে সংশয় উদয় হওয়ায়, জিজ্ঞাসা করিয়াছিলেন। প্রকৃত জ্ঞানীর লৌকিক আচরণ সম্ভব নহে; এবং ব্যবহারিক দশায় জীবেরও পরমজ্ঞান লাভ হয় না। এক্ষণে শুকদেবকে কোন স্তূপে নিক্ষেপ করিয়া, তৎবর্ণিত শাস্ত্ররস আস্বাদন করিবেন, এই আলোচনায় প্রবৃত্ত হইলে, তাঁহারা আপনারাই বিবেচ্য বিষয়ের মীমাংসা করিয়া লইলেন। ক্ষুদ্রবুদ্ধি মানবগণ তাঁহাকে সম্যক্‌রূপে পরিজ্ঞাত না হইলেও পরচিত্তদর্শী দেবগণের সমীপে তদীয় মানসিক ও কায়িক ভাব সকল সুস্পষ্ট লক্ষিত হইয়াছিল। বিচারলব্ধ মহাবাক্যজনিত অদ্বৈতজ্ঞান লাভ হওয়া ব্যতীত, ভগবানের কৃপা-বলে অপূর্ব্ব প্রেমরসে তাঁহার চিত্ত সর্ব্বদাই আর্দ্র থাকিত; এবং সলিলাবগাহী ব্যক্তির

কথমালক্ষিতঃ পৌরৈঃ সংপ্রাপ্তঃ কুরুজাঙ্গলান্।
উন্মত্ত-মূক-জড়বদ্বিচরন্ গজসাহ্বয়ে ॥ ৬ ॥

অন্বয়ঃ।

গচ্ছতো নগ্নস্য স্ত্রিয়া, ইতি চিত্রং আশ্চর্য্যং তদ্বীক্ষ্য, মুনৌ পৃচ্ছতি সতি স্ত্রিয়ঃ জগদুঃ উচুঃ, হে ব্যাস! তব বৃদ্ধস্যাপি স্ত্রীপুংভিদা অস্তি. বিবিক্তদৃষ্টেঃ সুতস্য যুবকস্য তু ন ॥ ৫ ॥

(এবম্ভূতঃ শুকঃ) কুরুজাঙ্গলান্ দেশান্ বিচরন্, অতিক্রম্য, উন্মত্তমূকজড়বৎ পৌরৈঃ আলক্ষিতঃ জ্ঞাতঃ, সন্ গজসাহ্বয়ে হস্তিনাপুরে, কথং সংপ্রাপ্তঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

পরিধানং কৃতবত্যঃ। অনগ্নমপীতানেনেনার্থাৎ তৎসুতো নগ্ন ইত্যুক্তং নগ্নস্য পুরতো গচ্ছতঃ সুতস্য তু স্ত্রিয়া ন পরিদধুঃ তচ্চিত্রং বীক্ষ্য (পৃচ্ছতি ব্যাসে) ইয়ং স্ত্রী অয়ং পুমানিতি ভিদা ভেদস্তবাস্তি, (বিবিক্তা সর্ব্বং ব্রহ্মেতিনিশ্চয়েন পূতা দৃষ্টির্যস্য সুতস্য) পুনর্ভেদ-মতির্নাস্তি ॥ ৫ ॥

এবম্ভূতোঽসৌ কথমালক্ষিতঃ জ্ঞাতঃ, কুরবো জাঙ্গলাশ্চ দেশবিশেষা স্তান্ সংপ্রাপ্তঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শুকস্য দর্শনে। তচ্চিত্রং অহো যুবানং তত্রাপি নগ্নং তত্রাপি সর্ব্বত্র স্পষ্টং বিলোকয়ন্তং মৎপুত্রং বীক্ষ্য এতা ন লজ্জিতাঃ। মাং তু বৃদ্ধং সবসনং ইতো যুবতয়ঃ খেলন্তীতি তদ্দিশি দৃশমপ্যদদানং বিলোক্য লজ্জন্তে স্ম। তদিমা এব আর্জবেন কারণং পৃচ্ছামীতি মুনৌ পৃচ্ছতি সতি জগদুঃ ইয়ং স্ত্রী অয়ং পুমানিতি তব স্ত্রীপুংভিদা অস্তি নতু তব সুতস্য। নমু কথমেতজ্জ্ঞাতং তত্রাহুঃ। বিবিক্তা পূতা দৃষ্টি র্যস্য তস্যেতি বয়ং যুবতিজনাঃ কলাভিজ্ঞাঃ স্ত্রীপুংসয়োর্নয়নদর্শনেনৈব তদন্তস্তত্ত্বং সর্ব্বং জ্ঞাতুং প্রভবাম ইতি ভাবঃ ॥ ৫ ॥

কুরুজাঙ্গলান্ দেশবিশেষান্ গজেন সহ আহ্বয়ো নাম যস্য তস্মিন্ হস্তিনাপুরে বিচরন্ ॥ ৬ ॥

বিবসন শুকদেবকে অবলোকন করিয়া কিছুমাত্র কুণ্ঠিতা হন নাই; এই আশ্চর্য্য ব্যাপার দর্শন করিয়া, ব্যাস তাঁহাদিগকে কারণ জিজ্ঞাসা করিলেন। দেবী-গণ প্রত্যুত্তরে বলিলেন, হে প্রভো! এখনও আপনার স্ত্রী ও পুরুষ এই ভেদ সংস্কার তিরোহিত হয় নাই। কিন্তু সেই ভেদজ্ঞান শুকদেবে নাই; তাঁহার উদার ও সরল দৃষ্টিই এ বিষয়ের প্রত্যক্ষ প্রমাণ ॥ ৫ ॥

আভাস।

উন্মজ্জন নিমজ্জন ব্যাপারের ন্যায়, ভগবদৈশ্বর্য্য-সলিলে নিমগ্ন থাকিয়া ও কথা-তরঙ্গে আলোড়িত এবং বিলোড়িত হইতে অতীব প্রীতি লাভ করিয়াছিলেন ॥ ৪ ॥

কথং বা পাণ্ডবেয়স্য রাজর্ষে র্মুনিনা সহ।
সম্বাদঃ সমভূত্তাত যত্রৈষা সাত্বতী শ্রুতিঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

হে তাত (ঈদৃশেন) মুনিনা সহ রাজর্ষেঃ পণ্ডবেয়স্য পরীক্ষিতঃ, সংবাদঃ কথং সমভূৎ যত্র যস্মিন্ সম্বাদে এষা সাত্বতী শ্রুতিঃ ভাগবতী সংহিতা, শ্রুতা প্রবৃত্তা ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

প্রথমং ততো গজসাহ্বয়ে বিচরন্ গজেন সহিত আহ্বয়ো নাম যস্য তস্মিন্ হস্তিনাপুরে হস্তী নাম রাজা, তেন নির্ম্মিতত্বাৎ ॥ ৬ ॥

এবম্ভূতেন মুনিনা সহ। যত্র সম্বাদে এষা সাত্বতী ভাগবতী শ্রুতিঃ সংহিতা ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাণ্ডবেয়স্য পরীক্ষিতঃ, মুনিনা শুকেন, শ্রুতিঃ সংহিতা ॥ ৭ ॥

ভগবান্ শুকদেব কিরূপেই বা পৌরজানপদ কর্ত্তৃক উন্মত্ত, জড় ও মূকের ন্যায় আচরিত হইয়া কুরুজাঙ্গলাদি দেশসমূহ উত্তীর্ণ হইলেন এবং পরে ক্রমশঃ হস্তিনাপুরে গমন করিলেন? ॥ ৬ ॥

আর এ প্রকার মুনির সহিত পাণ্ডুবংশাবতংস রাজর্ষি পরীক্ষিতের এরূপ কথোপকথন কিরূপে হইল? যে কথোপকথনই এই ভাগবত সংহিতানামে প্রথিত হইয়াছে ॥ ৭ ॥

আভাস।

প্রাপ্তবয়স্ক যুবা শুকদেব উলঙ্গ অবস্থায় গমন করিতেছেন দেখিয়াও বিবসনা দেবীরা লজ্জিতা হন নাই। কারণ শুকদেব যে কেবল দেহকে নগ্ন করিয়াছিলেন, এমত নহে তৎপূর্ব্বে ভেদজ্ঞান দূরে নিক্ষেপ করিয়া, স্বীয় মনকেও উলঙ্গ করিয়াছিলেন। তিনি কপ নন; অতএব তাঁহা হইতে কাহারও কোন ভয় বা লজ্জার সম্ভাবনা নাই। তাঁহার ন্যা ঈশ্বরে প্রণিহিতমনা সাধুর সংসর্গে, তদ্গুণাক্রান্ত হইয়া যুবক পুরুষ দর্শনেও কেলিপ কামিনীগণের চিত্তবৈকল্য ঘটিল না। তাঁহারা মনোমালিন্য বিসর্জ্জন করিয়া, নিরুদ্বে বীতবসনা দণ্ডায়মান রহিলেন। চিত্ত নিরোধের কি অনুপমা শক্তি! আবার পরক্ষণে পুত্রপ্রেমে মুর্চ্ছিত প্রাচীন ব্যাসদেবকে আগত দেখিয়াই, তাঁহাদের মনের ভাব পরিবর্ত্তি হইল। ব্যাসের চিন্তানুসারে তাঁহাদের চিত্ত গঠিত হইল; তখন তাঁহারা, ব পুরুষ ও নিজেরা স্ত্রী বলিয়া ভেদ স্মরণ করিতে লাগিলেন। কারণ ব্যাসদেবেরও ঐ [illegible] ছিল। নতুবা কেবল পুত্রের উদ্দেশে গমন কালে, অন্য বি

স গোদোহনমাত্রং হি গৃহেষু গৃহমেধিনাং।
অবেক্ষতে মহাভাগ স্তীর্থীকুর্ব্বং স্তদাশ্রমং ॥ ৮ ॥

অন্বয়ঃ।

সঃ সর্ব্বতোবিরক্তঃ মহাভাগঃ মুনিঃ গৃহমেধিনাং (গৃহে মেধা বুদ্ধির্যেষাং তেষাং গৃহাশ্রমিণা) গৃহেষু তেষাং আশ্রমং তীর্থীকুর্ব্বন্ গোদোহনমাত্রং কালং অবেক্ষতে প্রতীক্ষতে॥৮॥

শ্রীধরস্বামী।

এতদ্ব্যাখ্যানং বহুকালাবস্থানাপেক্ষং, তস্য ত্বেকত্রাবস্থানং দুর্ল্লভমিত্যাহ স ইতি। গোদোহনমাত্রকালং প্রতীক্ষতে, তদপি ন কেবলং ভিক্ষার্থং কিন্তু তেষামাশ্রমং গৃহং তীর্থীকুর্ব্বন্ পবিত্রীকুর্ব্বন্। তস্মাদেবম্ভূতোঽত্র বক্তেত্যাশ্চর্য্যং ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শুকস্য তেন সহ বহুকালাবস্থিতিরেতদ্ব্যাখ্যানুরোধেনৈব সংভবেন্নান্যথেত্যাহ স গোদোহনমাত্রং কালং ভিক্ষামিষেণ প্রতীক্ষতে, বস্তুতস্তু তেষামাশ্রমং তীর্থীকুর্ব্বন্। তত্রত্য জীবমাত্রেভ্যোঽপি সদ্গতিং প্রদাতুমিতি ভাবঃ ॥ ৮ ॥

যোগিবর শুকদেবের দর্শনলাভ বড়ই দুর্ল্লভ। তিনি কেবল গৃহস্থদিগের আশ্রম পবিত্র করিবার জন্যই গোদোহন-কাল মাত্র গৃহে প্রতীক্ষা করেন ॥ ৮ ॥

আভাস।

তাঁহার হৃদয়ে স্থান পাইত না; এবং অন্য পদার্থও তাঁহার চক্ষের সমক্ষে পতিত হইত না। কিন্তু তাঁহার ভিন্নভাবই ভিন্নদৃষ্টির পরিচয়; কারণ "কেন বস্ত্র পরিধান করিতেছ?" বলিয়া স্ত্রীগণকে, তাঁহার জিজ্ঞাসা করাতেই তাহা বিলক্ষণ অনুভূত হয়। প্রথমত স্ত্রীজ্ঞান, তৎপরে উলঙ্গিনী জ্ঞান, তৎপরে বস্ত্রপরিধানের জ্ঞান ব্যাসহৃদয়ে ক্রমান্বয়ে উদয় হইয়াছিল। কিন্তু শুকদেব বয়সে নবীন হইলে কি হয়? আসক্তির নিরোধে তিনি যথেষ্ট প্রবীন! মায়ারচিত জগতের সহিত কোন সম্পর্ক রাখেন নাই। কারণ তিনি মায়াপাশ ছেদন করিয়াছিলেন। অতএব পাছে কোন উদ্দেশ্য অবলম্বন করিয়া এই অধ্যয়ন ও অধ্যাপনা কার্য্যে নিযুক্ত হন, এই আশঙ্কায় শৌনকাদি ঋষিগণ ওরূপ প্রশ্ন করেন। গ্রন্থকারের উদ্দেশ্য এই যে অবিচলিত ভক্ত হইতে হইলে, পূর্ব্বে ঐরূপ জ্ঞানবান্ হওয়া আবশ্যক; জ্ঞানের সংকোচ হইলে, ভক্তিরও ত্রুটী হইয়া পড়ে। জ্ঞানের পরাকাষ্ঠা লাভ হইলে, ভক্তির কোন অংশে কোনরূপ ক্ষতিবোধ হয় না; প্রকৃতপক্ষে অহৈতুকী ভক্তিরই উদয় হইয়া থাকে। জ্ঞানী স্বরূপতঃ পরমব্রহ্মের সাক্ষাৎকার লাভ করিলে, জগৎ যে কিছু দেখিতে

অভিমন্যুসুতং সূত প্রাহু র্ভাগবতোত্তমং।
তস্য জন্ম মহাশ্চর্য্যং কর্ম্মাণি চ গৃণীহি নঃ॥ ৯॥

অন্বয়ঃ।

হে সূত! অভিমন্যুসুতং পরীক্ষিতং, ভাগবতোত্তমং প্রাহুঃ, অতঃ তস্য মহাশ্চর্য্যং জন্মকর্ম্মাণি চ নঃ অস্মাকং গৃণীহি কথয়॥ ৯॥

শ্রীধরস্বামী।

শ্রোতুস্ত চরিত্রমতীবাশ্চর্য্যং প্রায়োপবেশনং যতঃ, অতঃ তয়োঃ সংবাদোহবশ্যং শ্রোতব্য ইত্যভিপ্রায়েণ তাবত্তস্য তচ্চরিতং কথয়েত্যাহ অভিমন্যুসুতং সূত ইতি পঞ্চভিঃ গৃণীহি কথয়॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৃণীহি কথয়॥ ৯॥

অভিমন্যুর পুত্র রাজা পরীক্ষিৎ ভাগবতশ্রেষ্ঠ বলিয়া জনসমাজে কীর্ত্তিত আছেন। তাঁহার অত্যাশ্চর্য্য জন্মবৃত্তান্ত ও কর্ম্মসমূহ আমাদিগের নিকট আপনি কীর্ত্তন করুন॥ ৯॥

আভাস।

পাইতে পাইবেন না, এমত নহে; তবে পরমার্থত মিথ্যা বুঝিবেন মাত্র। কিন্তু ভগবৎ-শক্তির বিকাশেই সমস্ত প্রতীয়মান হয়; অতএব যে ভগবানে প্রেমবান, সে তাঁহার সর্ব্বত্র স্ফূর্ত্তিপ্রাপ্ত সর্ব্বৈশ্বর্য্যের প্রতিই প্রেমবিশিষ্ট হয়। সেই জন্যই জ্ঞানী শুকদেব ইতস্ততঃ বিকশিত ভগবৎশক্তির প্রতি ভগবৎপ্রীতি অনুভব করিয়া, কোন পদার্থ বা কোন কার্য্যে অনাস্থা প্রদর্শন করেন নাই। সুতরাং অধ্যয়ন ও অধ্যাপন, সকলই তাঁহাতে সম্ভবপর হইয়াছিল॥ ৫॥

প্রেমিক পুরুষকে দর্শন করিলে, ভগবদ্ভক্ত বড়ই প্রসন্ন হন; এবং তাঁহার উপকারার্থ কিছুই ত্রুটী করেন না। রাজা পরীক্ষিৎ ব্রহ্মশাপানলে অতিশয় পরিতপ্ত হইয়াছিলেন; এবং কোন্ উপায়ে তাদৃশ বিষম বিপদ্ হইতে উদ্ধার লাভ হয়, তজ্জন্য সমাহিতচিত্তে সেই ভগবানের শরণাগত হইয়াছিলেন। ভাবগ্রাহী ভগবানই যেন শুকরূপে তৎসন্নিধানে উপস্থিত হইয়া, তাঁহার দুঃখ নিবারণ করিলেন। নতুবা শুকদেবের দ্বারা এরূপ কার্য্য সমাধা হওয়া নিতান্তই অসম্ভব। শুকদেবের কোন বাসস্থানের নির্ণয় ছিল না; এবং যতই সুখপ্রদ স্থান হউক না, তিনি অধিক কাল কখন কোন স্থানে বাস করেন নাই; এমন কি! ভিক্ষার কথা দূরে থাকুক; কেবল গৃহস্থগণের আশ্রম পবিত্র করিবার উপলক্ষেই গোদোহন কাল মাত্র প্রতীক্ষা করিতেন। অতএব মহারাজ পরীক্ষিতের পক্ষে ইহা নিতান্তই সৌভাগ্য যে, মুনি

স সম্রাট্ কস্য বা হেতোঃ পাণ্ডূনাং মানবর্দ্ধনঃ।
প্রায়োপবিষ্টো গঙ্গায়ামনাদৃত্যাধিরাট্ শ্রিয়ং ॥ ১০ ॥

অন্বয়ঃ।

সঃ পাণ্ডূনাং মানবর্দ্ধনঃ সম্রাট্ রাজচক্রবর্ত্তী, পরীক্ষিৎ কস্য বা হেতোঃ অধিরাট্ শ্রিয়ং (অধিকানামুৎকৃষ্টানাং রাজ্ঞাং শ্রিয়ং সম্পদং) অনাদৃত্য গঙ্গায়াং প্রায়োপবিষ্টঃ মরণপর্য্যন্তমনশন সংকল্পেনোপবিষ্টঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

সম্রাট্ চক্রবর্ত্তী। বেতি বিতর্কে। কস্য বা হেতোঃ কস্মাৎ কারণাৎ। অধিরাট্ ক্বিবন্তঃ অধিরাজাং শ্রিয়ং সম্পদমনাদৃত্য অনশনব্রতেনোপবিষ্টঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অধিকৃত্য রাজন্তীত্যধিরাজো যুধিষ্ঠিরাদ্যাস্তেষামপি শ্রিয়ং প্রাপ্তামনাদৃত্য ॥ ১০ ॥

সেই পাণ্ডুকুলের গৌরববর্দ্ধন রাজচক্রবর্ত্তী পরীক্ষিৎ, কি কারণে সাম্রাজ্য-সম্পৎকেও অনাদর করিয়া, ভাগীরথী-তীরে অনশন-ব্রত অবলম্বন করিলেন ॥ ১০ ॥

আভাস।

শুকদেব তাঁহার জন্য এত সময় অতিবাহিত করিয়া, এই বিস্তৃত ভাগবতী সংহিতা ব্যাখ্যা করিয়াছিলেন। এবং বিষয়টীও অমৃতোপম! নতুবা শুকদেবের এত আসক্তির উদ্রেক কখনই হইত না! ইহা জীবমাত্রেরই শুভকর। অতএব উক্ত লীলা কীর্ত্তন করিয়া আমাদিগকে আপনি কৃতার্থ করুন ॥ ৮ ॥

এই শ্রীমদ্ভাগবত গ্রন্থের উপক্রম হইতে উপসংহার পর্য্যন্ত যে, কেবল ভক্তি-রসেরই অপূর্ব্ব পরিচয় আছে, তাহা এই চতুর্থ অধ্যায়ে বিশেষরূপে বিবৃত হইয়াছে। সহায়, সম্পত্তি ও বুদ্ধিবল প্রচুর পরিমাণে থাকিলেও ঐকান্তিকী ভক্তি সহকারে ঈশ্বরে নির্ভর না করিলে, বিবেকীর কথা দূরে থাকুক্, সংসারীরও হৃদয়ে যে শান্তি লাভ হয় না, রাজা পরীক্ষিতের ভাগবত শ্রবণের রুচি দর্শনে, তাহা যথেষ্ট প্রমাণীকৃত করিয়াছেন; এবং এতদ্দ্বারা ইহাও দেখান হইয়াছে যে, পুরুষকারের গন্ধমাত্র থাকিতে সহজে ঈশ্বরবিষয়ের প্রশ্ন উদয় হয় না। রাজা পরীক্ষিৎ অতুল ঐশ্বর্য্যের অধিপতি বিক্রমে ইন্দ্রোপম, দানে কর্ণসম, মহা যশাঃ সর্ব্বপ্রকার ঐন্দ্রিয়িক ও বৈষয়িক সুখের গর্ভমধ্যে দুঃখকে দুঃখপ্রদানে নিরুদ্বেগে বাস করিতেছিলেন। তিনি যে কখনও অশান্তির সমীপে পরিচিত হইতে অগ্রসর হইবেন, এরূপ সম্ভাবনা ছিল না। অশান্তি এবং দুর্দ্দৈবগ্রস্তজনগণও তাঁহার সংসর্গে দুঃখ দুর্ম্মাতকে পরিহার করিতেন। কিন্তু কালের গতি অতি কুটিল! সূক্ষ্ম হইতেও সূক্ষ্মতম অথচ তীক্ষ্ণ কাল-সূত্রকে কে লক্ষ্য করিতে পারেন? যে রাজা পরীক্ষিতের প্রতাপে সসাগরা পৃথীবিস্থ রাজন্য-

নমন্তি যৎ পাদনিকেতমাত্মনঃ শিবায় হানীয় ধনানি শত্রবঃ।
কথং সঃ বীরঃ শ্রিয়মঙ্গ দুস্ত্যজাং যুবৈষতোৎস্রষ্টুমহো সহাসুভিঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

শত্রবোঽপি আত্মনঃ শিবায় মঙ্গলায়, হ ধনানি আনীয় সমর্প্য, যৎপাদনিকেতং নমন্তি হে অঙ্গ! সঃ বীরঃ যুবা এব, অহো অসুভিঃ প্রাণৈঃ, সহ দুস্ত্যজাং শ্রিয়ং কথং উৎস্রষ্টুং, ত্যক্তুং ঐষত ঐচ্ছৎ॥ ১১॥

শ্রীধরস্বামী।

যস্য পাদনিকেতং চরণপীঠং। হ স্ফুটং। ধনান্যানীয় শত্রবো নমন্তি অঙ্গ হে সূত! যুবা তরুণ এব ঐষত ঐচ্ছৎ; অত্রার্ষমাত্মনেপদং। অসুভিঃ প্রাণৈঃ সহ, নিষ্কণ্টকং রাজ্যং প্রাণাংশ্চ যুবৈব য স্তক্তুমৈচ্ছৎ তস্য তৎ বৈরাগ্যমহো আশ্চর্য্যকরমিত্যর্থঃ॥ ১১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাদনিকেতং পাদপীঠং হ স্ফুটং যুবা নতু বৃদ্ধঃ ঐষত ঐচ্ছৎ অসুভিঃ প্রাণৈরপি সহ॥ ১১॥

হে সূত! শত্রুগণও নিজের মঙ্গল-কামনায়, নতকন্ধরে ভূরিপরিমাণ ধনাদি আনয়ন পূর্ব্বক, যাঁহার পাদসমীপে উপঢৌকন প্রদানে প্রণাম করিতেন, হে সৌম্য! কি দুঃখের বিষয়! এমন কারণ কি উপস্থিত হইল? যাহার নিমিত্ত, সেই মহারাজ তরুণ-বয়সেই, কেবল দুস্ত্যজ রাজলক্ষ্মী কেন? প্রাণ পর্য্যন্ত বিসর্জ্জনে কৃতসংকল্প হইয়াছিলেন? তাহা আমাদিগের নিকট কীর্ত্তন করুন!॥ ১১॥

আভাস।

গণ কম্পিত-কলেবর হইয়া, অনবরত অবনতমস্তকে তাঁহার আজ্ঞা পালন করিতেন, এক পদও বিচলিত হইতে পারিতেন না, তিনিই এক্ষণে কালভয়ে ব্যাকুল। জগতে তাঁহার সমস্ত থাকিতেও, কিছুই নাই। পূর্ব্বে যে সকল দ্রব্য দর্শন মাত্রেই যথেষ্ট তৃপ্তিলাভ করিতেন, মৃত্যু নিকট হওয়ায়, সেই সকল উপাদেয় সামগ্রীই প্রভূত দুঃখের কারণ বলিয়া তাঁহার জ্ঞান হইতে লাগিল। আর কিছু তাঁহার ভাল বোধ হইল না; সকলই বিষময় জ্ঞান হইতে লাগিল। কারণ উপস্থিত সময়ে সকলে রহিল, কেবল তিনি একাকী গমনোন্মুখ; অথচ প্রাণসম প্রিয় কেহই সঙ্গের সাথী হইতে চায় না। সকলেই তাঁহার বিরূপ। যাহারা চিরকাল তাঁহার শরণাগত হইয়া, বিপদ্ হইতে উদ্ধার লাভ করিয়াছে, এক্ষণে তাহারা কেহই তাঁহার বিপদ্ নিবারণে সমর্থ নহে। স্বয়ং সকলের শরণ হইয়াও, কালভয়ে সকলের শরণাগত হইলেন;

শিবায় লোকস্য ভবায় ভূতয়ে য উত্তমশ্লোকপরায়ণা জনাঃ।
জীবন্তি নাত্মার্থমসৌ পরাশ্রয়ং মুমোচ নির্ব্বিদ্য কুতঃ কলেবরম্ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

যে উত্তমশ্লোকপরায়ণাঃ জনাঃ, তে লোকস্য শিবায় মঙ্গলায়, ভবায় উদ্ভবায়, ভূতয়ে ঐশ্বর্য্যায়, চ জীবন্তি, নতু কেবলং আত্মার্থং; অতঃ অসৌ রাজা নির্ব্বিদ্য বিরজ্য, পরাশ্রয়ং (পরেষাং আশ্রয়ং লোকহিতকরং) কলেবরং কথং মুমোচ তত্যাজ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

বিরক্তস্য কিং ধনাদিভিরিতি চেত্তত্রাহ শিবায়েতি। যে ভাগবতাস্তে লোকস্য শিবায় সুখায়। ভবায় সমৃদ্ধ্যৈ। ভূতয়ে ঐশ্বর্য্যায় চ। তে জীবন্তি নতু আত্মার্থং, এবং সতি অসৌ রাজা নির্ব্বিদ্য বিরজ্যাপি পরেষামাশ্রয়ং কলেবরং কুতো হেতো র্মুমোচ, নহি পরোপজীবনং স্বয়ং ত্যক্ত্ মুচিতমিত্যর্থঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকস্য শিবায় মঙ্গলায়, তদেব দ্বিধাভূতং বিবৃণোতি। ভবায় ভবঃ সংসারস্তন্নিবৃত্ত্যৈ, মশকায় ধূম ইতি বৎ যদ্বা ভবং সংহর্ত্তুং ক্রিয়ার্থোপপদস্যেত্যাদিনা চতুর্থী। ভূতয়ে সংপত্ত্যৈ। পরাশ্রয়ং পরেষামুপকারি। নহি পরোপজীব্যং বস্তু নির্ব্বিদ্যাপি ত্যক্ত্ মুচিতমিতি ভাবঃ ॥ ১২ ॥

ঈশ্বরপরায়ণ ব্যক্তিগণ নিজহিতের প্রতি দৃষ্টি না করিয়া, কেবল লোকের সুখ, সমৃদ্ধি ও ঐশ্বর্য্যের জন্যই জীবন ধারণ করিয়া থাকেন; স্বার্থের প্রতি ভ্রমেও লক্ষ্য করেন না; অতএব মহারাজ পরীক্ষিৎ, বৈরাগ্য অবলম্বনপূর্ব্বক কি নিমিত্ত এরূপ সর্ব্বলোকোপজীব্য অপূর্ব্ব কলেবর পরিত্যাগ করিলেন? ॥ ১২ ॥

আভাস।

কিন্তু নিস্তারলাভ করিলেন না। কালের অখণ্ডনীয় দণ্ড অতিক্রম করিতে না পারিয়া, নিতান্ত যুবাবয়সেই সেই কাল-কর্ত্তার শরণ গ্রহণে শান্তচিত্ত হইলেন। সেই শান্তিদাতার শরণ যে কিরূপে লইতে হয়, তাহাই এই শাস্ত্রে বর্ণিত হইয়াছে। পীড়িত ব্যক্তি রোগের উৎপীড়নে হতচেতন ও অবশেন্দ্রিয় হইয়া, মৃত্যুমুখে পতিত হয়; কিম্বা অজ্ঞাতসারে আকস্মিক মৃত্যুর করাল কবলে নিপতিত হইয়া, তীব্র যাতনা সকল পূর্ব্বে আলোচনা করিবার সামর্থ্য বা অবকাশও পায় না। কিন্তু জ্ঞাতসারে ও সবলেন্দ্রিয় থাকিয়া মৃত্যুকে আলিঙ্গন করা অতীববীরের কর্ম্ম। সেই বীর দ্বিবিধ; ধার্ম্মিক ও নারকী। ঈশ্বরপরায়ণ ভক্তই প্রধান

তৎ সর্ব্বং নঃ সমাচক্ষ পৃষ্টো যদিহ কিঞ্চন।
মন্যে ত্বাং বিষয়ে বাচাং স্নাতমন্যত্র চ্ছান্দসাৎ ॥ ১৩ ॥
সূত উবাচ ॥
দ্বাপরে সমনুপ্রাপ্তে তৃতীয়যুগপর্য্যয়ে।
জাতঃ পরাশরাদ্‌যোগী বাসব্যাং কলয়া হরেঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

ইহ যৎ কিঞ্চন পৃষ্টোঽসি তৎ সর্ব্বং নঃ অস্মভ্যং সমাচক্ষ্ব বর্ণয়, যতঃ ত্বাং ছান্দসাৎ অন্যত্র বেদং বিনা, বাচাং বিষয়ে সর্ব্বশাস্ত্রার্থে, স্নাতং পারং গতং, মন্যে ॥ ১৩ ॥

তৃতীয়যুগপর্য্যয়ে দ্বাপরে, সমনুপ্রাপ্তে আগতে সতি, পরাশরাৎ বাসব্যাং বসুকন্যায়াং সত্যবত্যাং হরেঃ কলয়া যোগী ব্যাসঃ জাতঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী

যৎ কিঞ্চন পৃষ্টোঽসি তৎ সর্ব্বং নোঽস্মভ্যং সমাচক্ষ্ব যদ্‌যস্মাৎ বাচাং বিষয়ে গিরাং গোচরে অর্থে স্নাতং পারংগতং ত্বাং মন্যে, ছান্দসাদন্যত্র বৈদিকাদ্ব্যতিরেকেণ অত্রৈবর্ণিকত্বাৎ ॥ ১৩ ॥

কস্মিন্ যুগে ইত্যাদি প্রশ্নানাং ব্যাসস্য জন্মকথনপূর্ব্বকমুত্তরমাহ দ্বাপরে সমনুপ্রাপ্তে। কদেত্যপেক্ষায়ামাহ তৃতীয়যুগস্য পর্য্যয়ে পরিবর্ত্তে, বাসব্যাং উপরিচরস্য বসোর্বীর্য্যাজ্জাতায়াং সত্যবত্যাং যোগী জ্ঞানী ব্যাসো জাতঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্নাতং পারগং বক্তুমতিসমর্থমিত্যর্থঃ। ছান্দসাৎ বৈদিকাদ্বাক্যাদন্যত্র তত্রানধিকারাদিত্যর্থঃ। ন চৈবং সূতাধিকারাদ্বেদেভ্যোঽস্য শাস্ত্রস্য ন্যূনত্বমাশঙ্ক্যং, সকলনিগমবল্লীসৎফলে ভগবন্নাম্নি সর্ব্বেষামধিকারাৎ। নিগমকল্পতরোঃ ফলমিত্যখিলশ্রুতিসারমিত্যত্রৈবোক্তেঃ ॥ ১৩ ॥

কস্মিন্ যুগ ইত্যাদি প্রশ্নানামুত্তরং বক্তুং ব্যাসজন্মকর্ম্মাণ্যপি সংক্ষেপেণাহ। দ্বাপর-

আপনি বেদব্যতীত সকল শাস্ত্রের অর্থই অবগত আছেন; অতএব আমাদিগকে এই সমস্ত প্রশ্নের উত্তর প্রদান করুন! ॥ ১৩ ॥

এতৎ শ্রবণে সূত বলিলেন, যুগসমূহের পর্য্যায়ক্রমে তৃতীয় দ্বাপরযুগ

আভাস।

বীর। তিনি "স্বরসবাহী বিদুষোঽপি তথারূঢ়োঽভিনিবেশঃ।" (জ্ঞানিগণের ও পূর্ব্বজন্মের মরণত্রাস স্মৃতিপথে দেদীপ্যমান থাকে এবং তজ্জন্য মৃত্যুকালে কম্পন ও মুখবিকৃতি লক্ষ্য হয়); এই মহাবাক্য সদৃশ ঋষিবাক্যকেও অনায়াসে এড়াইতে পারেন। তিনি ভগবানের শরণাগত

স কদাচিৎ সরস্বত্যা উপস্পৃশ্য জলং শুচি।
বিবিক্ত এক আসীন উদিতে রবিমণ্ডলে॥ ১৫॥
পরাবরজ্ঞঃ স ঋষিঃ কালেনাব্যক্তরংহসা।
যুগধর্ম্মব্যতিকরং প্রাপ্তং ভুবি যুগে যুগে॥ ১৬॥

অন্বয়ঃ।

সঃ ব্যাসঃ, কদাচিৎ সরস্বত্যাঃ শুচি পবিত্রং, জলং উপস্পৃশ্য স্নানাদিকং কৃত্বা, রবিমণ্ডলে উদিতে বিবিক্তে নির্জ্জনে দেশে, এক এব আসীনঃ সন্ দধ্যৌ ইতি চতুর্থেনান্বয়ঃ॥ ১৫॥

সঃ পরাবরজ্ঞঃ ঋষিঃ অব্যক্তরংহসা অলক্ষ্যবেগেন, কালেন ভুবি যুগে যুগে যুগধর্ম্মাণাং ব্যতিকরং বিপর্য্যয়ং, বীক্ষ্য ইতি পরেণান্বয়ঃ॥ ১৬॥

শ্রীধরস্বামী।

জলমুপস্পৃশ্য জলে স্নানাদিকং কৃত্বেত্যর্থঃ। আসীনো বভূবেতি শেষঃ। বিবিক্তে দেশে ইত্যাদি চিত্তৈকাগ্র্যার্থমুক্তং। অনেনৈব বদরিকাশ্রমস্থানং সূচিতং॥ ১৫॥

অত্র চ বসন্ স ঋষির্যুগধর্ম্মব্যতিকরাদিকং বীক্ষ্য সর্ব্ববর্ণাশ্রমাণাং যদ্ধিতং তং দধ্যৌ চিন্তিতবানিতি তৃতীয়েনান্বয়ঃ। পরাবরজ্ঞঃ অতীতানাগতবিৎ। অব্যক্তং রংহো বেগো যস্য তেন কালেন যুগধর্ম্মাণাং ব্যতিকরং সঙ্করং প্রাপ্তং বীক্ষ্য জ্ঞাত্বা তথা ভুবি যুগে যুগে॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি যুগানাং সত্যাদীনাং বহূনাং পর্য্যয়োঽতিক্রমো যত্র তস্মিন্। পর্য্যয়োঽতিক্রমস্তস্মিন্নতিপাত উপাত্যয় ইত্যমরঃ। বহুযুগাতিক্রমে যদ্দ্বাপরং তস্মিন্ তচ্চ কৃষ্ণাবতারসম্বন্ধ্যেব জ্ঞেয়ং। তদবতারশ্চ বৈবস্বতমন্বন্তরীয়াষ্টাবিংশতিতমে দ্বাপরে ব্যাখ্যাস্যতে। কীদৃশে তৃতীয়ে সন্ধ্যারূপযুগরূপসন্ধ্যাংশরূপাণীতি সর্ব্বযুগানি ত্রিরূপাণি তত্রস্থ্যস্তৃতীয়ে সন্ধ্যাংশরূপে। বাসব্যাং উপরিচরস্য বসোর্বীর্য্যাজ্জাতায়াং সত্যবত্যাং॥ ১৪॥

উপস্পৃশ্য আচম্য সর্ব্ববর্ণাশ্রমাণাং যদ্ধিতং তদ্দধ্যাবিতি চতুর্থেনান্বয়ঃ॥ ১৫॥

পরাবরজ্ঞঃ অতীতানাগতবিজ্ঞঃ যুগধর্ম্মাণাং ব্যতিকরং কালেন নাশং। লৌকিকানাং শরীরাদীনাং তৎকৃতং কালকৃতং নিঃসত্ত্বান্ রজস্তমোময়ান্॥ ১৬॥

উপস্থিত হইলে, পরাশর ঋষির ঔরসে বসুকন্যা সত্যবতীর গর্ভে, ভগবান্ হরির অংশে যোগী ব্যাস জন্ম গ্রহণ করিলেন॥ ১৪॥

একদিন প্রাতঃকালে সরস্বতীর পবিত্র জলে স্নানাদি দৈনন্দিন কার্য্য সমাপন করত সূর্য্যোদয়ে একাকী নির্জনে উপবেশন পূর্ব্বক চিন্তায় নিমগ্ন হইলেন। ১৫॥

সেই ত্রিকালজ্ঞ ঋষি ব্যাসদেব, অচিন্তনীয় কালের দুর্লক্ষ্য বেগ বশতঃ পৃথিবীতে প্রতিযুগেই যুগধর্ম্মের বিপর্য্যয় অবলোকন করিলেন॥ ১৬॥

ভৌতিকানাঞ্চ ভাবানাং শক্তিহ্রাসঞ্চ তৎকৃতং।
অশ্রদ্দধানান্ নিঃসত্ত্বান্ দুর্মেধান্ হ্রসিতায়ুষঃ॥ ১৭॥
দুর্ভগাংশ্চ জনান্ বীক্ষ্য মুনির্দিব্যেন চক্ষুষা।
সর্ব্ববর্ণাশ্রমাণাং যদ্দধ্যৌ হিতমমোঘদৃক্॥ ১৮॥

অন্বয়ঃ।

তৎকৃতং ধর্ম্মব্যতিকরকৃতং, ভৌতিকানাং ভাবানাং শরীরাদীনাং শক্তিহ্রাসঞ্চ তথা জনাং অশ্রদ্দধানান্ গুরুশাস্ত্রাদিবাক্যেষু বিশ্বাসরহিতান্, যতো নিঃসত্ত্বান্ ধৈর্য্যশূন্যান্, দুর্মেধান্ মন্দমতীন্, হ্রসিতায়ুষঃ অল্পায়ুষঃ, দুর্ভগান্ সৌভাগ্যশূন্যান্, জনান্ বীক্ষ্য অমোঘদৃক্ সর্ব্বজ্ঞানসম্পন্নঃ, মুনির্ব্যাসঃ, সর্ব্ববর্ণাশ্রমাণাং যৎ হিতং তদেব কথং স্যাৎ ইতি দধ্যৌ চিন্তয়ামাস॥ ১৭॥ ১৮॥

শ্রীধরস্বামী।

ভৌতিকানাং ভাবানাং শরীরাদীনাং তৎকৃতং কালকৃতং নিঃসত্ত্বান্ ধৈর্য্যশূন্যান্ দুর্ম্মেধান্ মন্দমতীন্ হ্রসিতমায়ুস্তেজো যেষাং তান্॥ ১৭॥

দুর্ভগান্ দরিদ্রান্ অমোঘদৃক্ সর্ব্বজ্ঞানসম্পন্নঃ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ জ্ঞানযোগভক্ত্যযোগ্যানাং সর্ব্বাসাং প্রজানাং কর্ম্মৈব শুদ্ধং শুদ্ধিকরং কীদৃশং

মনুষ্যাদি শরীরিগণের কালপ্রভাবে দেহশক্তি, ওজঃ, তেজ, বল ও আয়ুর খর্ব্বতা এবং ঈশ্বরে ও ধর্ম্মে বিশ্বাসহীনতা এবং দুর্ভাগ্যবিশিষ্ট ভাব পরিদর্শন করিয়া, সকল বর্ণ ও আশ্রমের মঙ্গল কি উপায়ে বিধান করা যায়, সর্ব্বজ্ঞ মুনি প্রজ্ঞাবলে তাহাই চিন্তা করিতে লাগিলেন॥ ১৭॥ ১৮॥

আভাস।

হইয়াছেন। প্রভুর নির্দ্দিষ্ট কোন গুরুতর কার্য্য নির্ব্বাহার্থ বিদেশবাসী ভৃত্যের কার্য্য সুসম্পন্ন করণানন্তর, নিশ্চয় পারিতোষিক লাভের প্রত্যাশা সহ আনন্দ কোলাহলে প্রভুর সন্নিধানে প্রত্যাবর্ত্তনের ন্যায়, ভক্ত সন্তুষ্টচিত্তে "আমি বাঁচিলাম, ও অব্যাহতি পাইলাম," এই বোধে আনন্দাশ্রু বিসর্জ্জন করিতে করিতে ভগবানের চরণ সমীপে উপনীত হয়। তাহারা অজেয়; কারণ সংসারদশায় সহস্র সহস্র ভোগ্য কামরূপী সৈন্যদলকে তীক্ষ্ণ বৈরাগ্যতরবারির দ্বারা খণ্ড বিখণ্ড করত, কেবল মাত্র ভক্তি লুণ্ঠন করিয়া, ভগবৎ সমীপে উপঢৌকন প্রদান করে। অপর নারকী দলও অল্পতেজস্বী নহে। তাহারাও ঈশ্বরপ্রেরিত যাবতীয় সৎবুদ্ধিবৃত্তিকে বলপূর্ব্বক পশ্চাৎপদ রাখিয়া, স্বীয় অহংজ্ঞানের প্রতিষ্ঠায়, ভূতভাবন সর্ব্বহিতৈষী পতিতপাবন সর্ব্বদর্শী ভগবানের অস্তিত্ব পর্য্যন্ত লোপ করিয়া ফেলে।

চাতুর্হোত্রং কর্ম্ম শুদ্ধং প্রজানাং বীক্ষ্য বৈদিকং ।
ব্যদধাদ্‌যজ্ঞসন্তত্যৈ বেদমেকং চতুর্ব্বিধং ॥ ১৯ ॥
ঋগ্‌যজুঃসামাথর্ব্বাখ্যা বেদাশ্চত্বার উদ্ধৃতাঃ ।
ইতিহাসপুরাণঞ্চ পঞ্চমো বেদ উচ্যতে ॥ ২০ ॥

অন্বয়ঃ ।

চাতুর্হোত্রং ঋত্বিকচতুষ্টয়নিষ্পন্নং, বৈদিকং কর্ম্ম প্রজানাং শুদ্ধং শুদ্ধিকরং, বীক্ষ্য বিচার্য্য, যজ্ঞসন্তত্যৈ যজ্ঞানাং বিস্তারায়, একং বেদং চতুর্ব্বিধং ব্যদধাৎ ॥ ১৯ ॥

তথাহি ঋগ্‌যজুঃ সামাথর্ব্বাখ্যাঃ চত্বারো বেদাঃ উদ্ধৃতাঃ ইতিহাসপুরাণঞ্চ পঞ্চমো বেদঃ উচ্যতে ॥ ২০ ॥

শ্রীধরস্বামী ।

ততশ্চ হোত্রোপলক্ষিতাশ্চত্বারঋত্বিজশ্চতুর্হোতারঃ তৈরনুষ্ঠেয়ং চাতুর্হোত্রং কর্ম্ম । শুদ্ধং শুদ্ধিকরং । যজ্ঞসন্তত্যৈ যজ্ঞানামবিচ্ছেদায় ॥ ১৯ ॥

চাতুর্ব্বিধ্যমেবাহ ঋগিতি । উদ্ধৃতাঃ পৃথক্ কৃতাঃ । ইতিহাসো ভারতম্ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

হোতা উদ্গাতা অধ্বর্য্যুর্ব্রহ্মেতি চত্বারোঽপি হোতারস্তৈর্নির্বৃত্তং চাতুর্হোত্রং যজ্ঞানাং

হোত্রাদি ঋত্বিক্ চতুষ্টয় দ্বারা সম্পাদ্য যজ্ঞাদি বৈদিক কর্ম্মই এক্ষণে লোকের শুদ্ধিকারক বিবেচনা করিয়া, লোকপরম্পরায় যজ্ঞের প্রচার বাসনায়, এক বেদকে চারিভাগে বিভক্ত করিলেন ॥ ১৯ ॥

এবং ঐ চারিভাগকে ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব এই চারি নামে প্রথিত করিলেন ; এবং ইতিহাস ও পুরাণ পঞ্চম বেদ বলিয়া পরিগণিত হইল ।।২০।।

আভাস ।

কর্ম্মফল বা পুনর্জন্ম কখন স্বপ্নেও অনুভব করে না। সত্ত্বপ্রধান ভক্তগণ ঈশ্বরের ঐশ্বর্য্যাদি দর্শনে, এক প্রকার উন্মত্ত ও বিমোহিতের ন্যায়, বৈষয়িক সুখে অন্ধ হইয়া নিশ্চিন্ত ভাবে ও নিরুদ্বেগে মৃত্যুকে আলিঙ্গন করিতে প্রস্তুত থাকেন এবং অন্তে ভগবৎপ্রেম সমুদ্রের স্তিমিত ও গম্ভীর সুধারাশিতে প্রবেশ করেন। তমঃপ্রধান ভোগাভিলাষী সংসারী জীবও আপাততঃ ক্ষণিক-মনোরম কিন্তু পরিণামে আশাপ্রদ বিষয়তরঙ্গের ভাবী আশায় তরঙ্গান্বিত ও পুরুষকারে কৃতোদ্যম হইয়া সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তিমান্ সর্ব্বজনানন্দপ্রদ সর্ব্বভূতেসম, সর্ব্বকর্ম্মফলদাতা সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ সর্ব্বজীব-মোক্ষদাতা সর্ব্বেশ্বর ভগবানের প্রতি লক্ষ্য করিতে অসমর্থ ও অন্ধপ্রায় হইয়া নিশ্চিন্ত ও নিরুদ্বেগে মৃত্যুকে সম্মুখীন করিতে প্রস্তুত থাকেন।

তত্রর্গ্বেদধরঃ পৈলঃ সামগো জৈমিনিঃ কবিঃ।
বৈশম্পায়ন এবৈকো নিষ্ণাতো যজুষামুত ॥ ২১ ॥
অথর্ব্বাঙ্গিরসামাসীৎ সুমন্তুর্দ্দারুণো মুনিঃ।
ইতিহাসপুরাণানাং পিতা মে রোমহর্ষণঃ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

তত্র ঋগ্বেদধরঃ পৈলঃ মুনিঃ, কবিঃ জৈমিনিঃ সামগঃ, উত একএব বৈশম্পায়নঃ যজুসাং নিষ্ণাতঃ পারংগতঃ ॥ ২১ ॥

দারুণঃ অভিচারাদিকর্ম্মণি প্রবৃত্তত্বাৎ, সুমন্তুঃ মুনিঃ অথর্ব্বাঙ্গিরসাং অথর্ব্বণাং জ্ঞাতা, তথা মে মম পিতা রোমহর্ষণঃ ইতিহাসপুরাণানাং জ্ঞাতা আসীৎ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

তত্র চতুর্ষু বেদেষু ঋগ্বেদস্য ধরঃ পৈলঃ যজুসাং প্রবর্ত্তকতয়া নিষ্ণাতঃ পারংগতঃ বৈশম্পায়নঃ ॥ ২১ ॥

অথর্ব্বাঙ্গিরসাং নিষ্ণাতঃ সুমন্তুঃ দারুণঃ ক্রূরঃ অথর্ব্বোক্তাভিচারাদিপ্রবৃত্তেঃ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সন্তত্যৈ অবিচ্ছেদায় ॥ ১৭—২১ ॥

দারুণঃ অভিচারাদিপ্রবৃত্তেঃ ॥ ২২ ॥

তন্মধ্যে মহামুনি পৈল ঋগ্‌বেদজ্ঞ, পরম পণ্ডিত জৈমিনি সামবেদাধ্যায়ী এবং একাকী বৈশম্পায়ন সমগ্র যজুর্ব্বেদে পারদর্শী হইয়াছিলেন ॥ ২১ ॥

ক্রূরকর্ম্মা দারুণস্বভাব সুমন্তু মুনি অথর্ব্ববেদে অধিকারী হইয়াছিলেন; এবং আমার পিতা রোমহর্ষণ পঞ্চমবেদ নামক ইতিহাস পুরাণাদিতে পাণ্ডিত্ব লাভ করিয়াছিলেন ॥ ২২ ॥

আভাস।

কিন্তু ঈদৃশ বীরত্বে কোন ফল দর্শায় না। কারণ মৃত্যুর যন্ত্রণা অসহ্য। মৃত্যুর তীক্ষ্ণ দংশনে ভগ্নপঞ্জর ও বিদীর্ণ-হৃদয় হইলে, মস্তিষ্কের স্থিরতা থাকে না; বুদ্ধির চাঞ্চল্য ঘটে; তখন কোন্ উপায়ে উপস্থিত বিপদ্ হইতে উদ্ধার লাভ করি, এই চিন্তায় কাতর হইয়া পড়ে। কিন্তু প্রতিবিধানের পথ তখন দেখিতে পায় না। কারণ সে পথ পূর্ব্বেই ত্যাগ করিয়া অনেক দূরে আসিয়া পড়িয়াছে, প্রত্যাগমনের সময় ও সামর্থ্য নাই। কেবল নিরাশ্বাসের কূপে অবতরণ করিয়া, অনন্তকালস্থায়ী অজ্ঞানাত্মক পার্শ্ববর্ত্তী ভয়ঙ্কর অনন্দানামক বিষম নরকে অবশভাবে প্রবেশ ব্যতীত গত্যন্তর নাই। সেখানে অনন্ত ক্রন্দন ও হাহাকার ধ্বনী

ত এত ঋষয়ো বেদং স্বং স্বং ব্যস্যন্ননেকধা ।
শিষ্যৈঃ প্রশিষ্যৈস্তচ্ছিষ্যৈর্বেদাস্তে শাখিনোঽভবন্ ।। ২৩ ।।
ত এব বেদা দুর্ম্মেধৈর্ধার্য্যন্তে পুরুষৈর্যথা ।
এবঞ্চকার ভগবান্ ব্যাসঃ কৃপণবৎসলঃ ।। ২৪ ।।

অন্বয়ঃ ।

তে এব পৈলাদয়ঃ ঋষয়ঃ স্বং স্বং বেদং অনেকধা ব্যস্যন্ বিভক্তবন্তঃ, শিষ্যৈঃ প্রশিষ্যৈঃ তচ্ছিষ্যৈঃ শিষ্যাদিভেদেন, তে বেদাঃ শাখিনঃ শাখাবন্তোঽভবন্ ॥ ২৩ ॥

তে এব মেধাবিভি র্ধার্য্যমনাঃ বেদাঃ যথা যেন প্রকারেণ, দুর্মেধৈঃ পুরুষৈঃ ধার্য্যন্তে এবং কৃপণবৎসলঃ দীনবৎসলঃ, ভগবান্ ব্যাসঃ চকার ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী ।

শাখাবিভাগমাহ ত এত ইতি । পৈলাদয়ঃ স্বং স্বং বেদমনেকধা ব্যস্যন্ বিভক্তবন্তঃ ॥২৩॥

বেদবিভাগপ্রয়োজনমাহ ত এবেতি । যে পূর্ব্বমতিমেধাবিভি র্ধার্য্যন্তে স্ম ত এব সম্প্রতি দুর্মেধৈরপি যথা ধার্য্যন্তে তথা বেদাংশ্চকারেতি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ব্যস্যন্ বিভক্তবন্তঃ ॥ ২৩ ॥

পূর্ব্বোক্ত ঋষিগণই পুনরায় শিষ্য প্রশিষ্যভেদে স্ব স্ব বেদ চতুষ্টয়কে অনেক প্রকার শাখায় বিভক্ত করিলেন ।। ২৩ ।।

পূর্ব্বে মেধাবিগণ অসামান্য স্মৃতিবলে বেদের গভীর তত্ত্বে অবগাহন করিতেন ; ইদানীং ক্ষুদ্রবুদ্ধি ব্যক্তিগণও যেরূপে অনায়াসে আয়ত্ত করিতে পারেন, তজ্জন্য দীনবৎসল ব্যাসদেব এইরূপ বেদের বিধান করিলেন ।। ২৪ ।।

আভাস ।

মাত্র অনবরত উত্থিত হইতেছে। রাজা পরীক্ষিতে, সকল বিষয়েরই পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছেন। ধর্ম্মরাজ যুধিষ্ঠিরাদির নিষ্কলঙ্ক বংশে জন্ম গ্রহণ করিয়া, সসাগরা পৃথিবীর আধিপত্য লাভ ও নিজ ভুজবলে সংরক্ষণে সমর্থ এবং গো, বিপ্র ও আর্ত্তগণের রক্ষণদ্বারা পরহিতের জন্যই যিনি জীবন উৎসর্গীকৃত রাখিয়াছিলেন, তাঁহার প্রতি অব্যর্থ ব্রহ্মশাপ, সপ্তাহের মধ্যে তীব্র বিষধর তক্ষকের দংশনে বিষম যন্ত্রণাসহ মৃত্যু। বলিষ্ঠ দেহে, প্রবল-বেগে উষ্ণ রুধির বহনকালে, সামান্য কুপথ্যে কোন পীড়ার ভয় নাই বটে, কিন্তু তদবস্থায় পীড়া যদি অবসর ও সুবিধা পাইয়া প্রবল হয়, তবে আর রক্ষা নাই ; তখন সামান্য চিকিৎসকের সামান্য ঔষধির দ্বারা কোন উপকার হয় না। এস্থলে রাজা পরীক্ষিৎ ব্রাহ্মণের অপমান-

স্ত্রীশূদ্রদ্বিজবন্ধূনাং ত্রয়ী ন শ্রুতিগোচরা।
কর্ম্মশ্রেয়সি মূঢ়ানাং শ্রেয় এবং ভবেদিহ।
ইতি ভারতমাখ্যানং কৃপয়া মুনিনা কৃতং ॥ ২৫ ॥
এবং প্রবৃত্তস্য সদা ভূতানাং শ্রেয়সি দ্বিজাঃ।
সর্ব্বাত্মকেনাপি যদা নাতুষ্যদ্ধৃদয়ং ততঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

স্ত্রীশূদ্রদ্বিজবন্ধূনাং ত্রয়ী বেদাঃ ন শ্রুতিগোচরা, তেষাং কর্ম্মশ্রেয়সি মূঢ়ানাং এবং ইহ শ্রেয়ঃ ভবেৎ ইতি মুনিনা কৃপয়া ভারতমাখ্যানং কৃতম্ ॥ ২৫ ॥

হে দ্বিজাঃ এবং উক্তপ্রকারেণ সর্ব্বাত্মকেন সর্ব্বাত্মনা ভূতানাং শ্রেয়সি হিতে সদা প্রবৃত্তস্য হৃদয়ং যদা ন অতুষ্যং ততঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ স্ত্রীশূদ্রেতি। দ্বিজবন্ধবস্ত্রৈবর্ণিকেষধমাঃ, স্ত্র্যাদীনাং ত্রয়ী ঋগাদয়ঃ শ্রবণবিষয়ো ন ভবতীতি তেষাং কর্ম্মরূপে শ্রেয়সি শ্রেয়ঃসাধনে। এবং মূঢ়ানামিহ শ্রেয়ো ভবেৎ অনেনৈব প্রকারেণ শ্রেয়ো ভবত্বিতি, অতএব এতেষাং কৃপয়া ভারতাখ্যানং মুনিনা ব্যাসেন কৃতম্ ॥ ২৫ ॥

হে দ্বিজাঃ এবমনেন প্রকারেণ ভূতানাং শ্রেয়সি হিতে সর্ব্বাত্মকেনাপ্যনেকোদ্দেশবতাপি কর্ম্মণা প্রবৃত্তস্য যদা হৃদয়ং নাতুষ্যদলংবুদ্ধিঃ নাগমৎ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বিজবন্ধবঃ ত্রৈবর্ণিকেষু হীনাঃ। কর্ম্মরূপে শ্রেয়সি শ্রেয়ঃসাধনে ॥ ২৪ ॥ ২৫ ॥
সর্ব্বাত্মকেন সর্ব্বাত্মনা স্বার্থে কঃ ॥ ২৬ ॥

ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই বর্ণত্রয়ের মধ্যে পতিত (দ্বিজবন্ধু ব্যক্তিগণ, স্ত্রীলোক ও শূদ্র জাতির) বেদে অধিকার নাই; সুতরাং নিজহিতসাধনে পরাঙ্মুখ ঐ সকল লোকের মঙ্গলকামনায়, ব্যাসদেব অনুগ্রহ করিয়া এই ভারত নামক অপূর্ব্ব আখ্যায়িকা রচনা করিয়াছেন ॥ ২৫ ॥

কিন্তু এইরূপে সর্ব্বদা সর্ব্বান্তঃকরণে কেবল প্রাণিগণের মঙ্গলবিধানে রত থাকিয়াও ভগবান্ বেদব্যাস হৃদয়ে তুষ্টিলাভে সমর্থ হন নাই ॥ ২৬ ॥

আভাস।

সূচক আত্মম্ভরিতা কুপথ্য-সেবনে অশান্তি ও অনন্দানামক নরকপ্রদ ব্যাধির হস্তে নিপতিত হইয়া, অনন্যোপায়ে উপবিষ্ট ছিলেন। তাঁহার শুভাদৃষ্টক্রমে ভবরোগের চিকিৎসক স্বয়ং শুকদেব উপস্থিত হইয়া, এই সর্ব্বব্যাধিহর অনুপম অমৃতাদি শ্রীমদ্ভাগবত বটিকা প্রদানে কৃত-

নাতিপ্রসীদদ্ধৃদয়ঃ সরস্বত্যাস্তটে শুচৌ।
বিতর্কয়ন্ বিবিক্তস্থ ইদঞ্চোবাচ ধর্ম্মবিৎ ॥ ২৭ ॥
ধৃতব্রতেন হি ময়া ছন্দাংসি গুরবোঽগ্নয়ঃ।
মানিতা নির্ব্যলীকেন গৃহীতঞ্চানুশাসনং ॥
ভারতব্যপদেশেন হ্যাম্নায়ার্থঃ প্রদর্শিতঃ।
দৃশ্যতে যত্র ধর্ম্মাদিঃ স্ত্রীশূদ্রাদিভিরপ্যুত ॥ ২৮ ॥

অন্বয়ঃ

নাতিপ্রসীদদ্‌হৃদয়ঃ অপ্রসন্নমনাঃ, ধর্ম্মবিৎ ব্যাসঃ শুচৌ সরস্বত্যাঃ তটে চিন্তাপ্রসক্তৌ হেতুং বিতর্কয়ন্ ইদং উবাচ ॥ ২৭ ॥

ধৃতব্রতেন ব্রহ্মচর্য্যাবলম্বিনা ময়া ছন্দাংসি বেদাঃ, গুরবঃ অগ্নয়শ্চ যজ্ঞাদয়ঃ মানিতাঃ পূজিতাঃ, নির্ব্যলীকেন নিষ্কপটেন, তেষাঞ্চ অনুশাসনং আজ্ঞা, গৃহীতং পালিতং; ভারত-ব্যপদেশেন মিষেণ, অম্নায়ার্থঃ বেদার্থঃ, প্রদর্শিতঃ, যত্র ভারতে উত স্ত্রীশূদ্রাদিভিরপি আচরিতঃ, ধর্ম্মাদিঃ দৃশ্যতে ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

তদা নাতিপ্রসীদৎ হৃদয়ং যস্য সঃ চিন্তাপ্রসক্তৌ হেতুং বিতর্কয়ন্ ইদমুবাচ স্বগতং। ধর্ম্মবিদ্ বেদশাস্ত্রার্থকুশলঃ ॥ ২৭ ॥

নির্ব্যলীকেন নিষ্কপটবুদ্ধ্যা মানিতাঃ পূজিতাঃ তেষামনুশাসনং চ গৃহীতম্ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন অতিশয়েন প্রসীদদ্ধৃদয়ং যস্য সঃ। চিন্তাপ্রসক্তৌ হেতুং বিতর্কয়ন্ উবাচ স্বগতং ॥ ২৭ ॥ ২৮ ॥

একদিন ধর্ম্মজ্ঞ ব্যাসদেব অতি ক্ষুণ্ণমনে সরস্বতীর পুণ্য তটে উপবেশন করত হৃদয়স্থ অপ্রসন্নতার হেতু চিন্তা করিয়া মনে মনে বলিতে লাগিলেন ॥ ২৭ ॥

আমি ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া বেদ, অগ্নি ও গুরুজনের যথোচিত সৎকার করিয়াছি এবং ভারত-রচনাচ্ছলে বেদান্ত উদ্‌ঘাটন পূর্ব্বক স্ত্রী ও শূদ্রগণের ধর্ম্মাদিও উপবর্ণিত করিয়াছি ॥ ২৮ ॥

আভাস।

কৃতার্থ করিলেন। এই ঔষধির প্রয়োগকৌশলে কেবল তিনি কেন? যাবদীয় তাদৃশ রোগগ্রস্ত জীবই সর্ব্বব্যাধি বিনির্ম্মুক্ত হইয়া চিরসুস্থ ভাব লাভ করিয়া থাকেন। এই ঔষধ সর্ব্বাবস্থায়

অথাপি বত মে দৈহ্যো হ্যাত্মা চৈবাত্মনা বিভুঃ।
অসম্পন্ন ইবাভাতি ব্রহ্মবর্চ্চস্যসত্তমঃ ॥ ২৯ ॥
কিম্বা ভাগবতা ধর্ম্মা ন প্রায়েণ নিরূপিতাঃ।
প্রিয়াঃ পরমহংসানাং ত এব হ্যচ্যুতপ্রিয়াঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

অথাপি, বত খেদে, মম দৈহ্যঃ দেহে ভবঃ, তথাপি বিভুঃ পরিপূর্ণ এব আত্মা ব্রহ্মবর্চ্চসি, বেদশ্রবণাধ্যাপনোৎকর্ষজে তেজসি, অসত্তমঃ তদ্রহিতঃ, আত্মনৈব স্বরূপেণ, অসম্পন্ন ইব আভাতি ॥ ২৯ ॥

বা জিজ্ঞাসায়াং, পরমহংসানাং বিবেকিভক্তানাং, প্রিয়াঃ তে এব হি অচ্যুতপ্রিয়া ভাগবতা ধর্ম্মা প্রায়েণ বহুশঃ, ময়া কিং ন নিরূপিতাঃ? ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

দৈহ্যো দেহে ভবঃ আত্মা জীবঃ বস্তুতো বিভুঃ পরিপূর্ণ এব আত্মনা স্বেন রূপেণ অসম্পন্নঃ তাদাত্ম্যমপ্রাপ্ত ইবাভাতি। ব্রহ্মবর্চ্চসং ব্রহ্মণঃ বেদস্য শ্রবণাধ্যাপনোৎকর্ষজং তেজ তত্র সাধবো ব্রহ্মবর্চ্চস্যাঃ তেষু সত্তমঃ অতিশ্রেষ্ঠোঽপি। যদ্বা ন কেবলমসম্পন্ন ইবাভাতি প্রত্যুত ব্রহ্মবর্চ্চসী ব্রহ্মবর্চ্চস্বানপি অসত্তম ইবাভাতি। ব্রহ্মবর্চ্চস্যুশত্তমইতি পাঠে কমনীয়তমোঽপি ॥ ২৯ ॥

অসম্পত্তৌ হেতুং স্বয়মেবাশঙ্কতে কিংবেতি। প্রায়েণ ভূয়স্ত্বেন। হি যস্মাৎ ত এব ধর্ম্মাঃ অচ্যুতস্য প্রিয়াঃ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৈহ্যঃ দেহস্থঃ আত্মনা স্বরূপেণ বিভু স্তপোজ্ঞানাদিভিঃ পরিপূর্ণোঽপি অসম্পন্ন ইব অপূর্ণ ইব ন কেবলমসম্পন্ন ইব কিন্তু ব্রহ্মবর্চ্চসং বেদশ্রবণাধ্যাপনোৎকর্ষজং তেজস্তদ্বানপি অসত্তম ইব। উশত্তম ইতি পাঠে কমনীয়তমোঽপি, তথা সমাসান্তাভাবে মত্বর্থীয়বিন্ প্রত্যয়েন ব্রহ্মবর্চ্চস্বী অসত্তম ইতি উশত্তম ইত্যাভ্যাং বকারবৎ সংযোগেন পাঠদ্বয়ং ॥ ২৯ ॥

অসম্পত্তৌ হেতুং স্বয়মেবাশঙ্কতে কিম্বেতি। প্রায়েণ ভূয়স্ত্বেন ত এব পরমহংসা

কি দুঃখের বিষয়! আমার দেহাভিমানী জীবাত্মা স্বয়ং পূর্ণ ও ব্রহ্মতেজঃসম্পন্ন হইয়াও নিতান্ত অপূর্ণ ও হীনতেজ বলিয়া প্রতীয়মান হইতেছে; এবং স্বরূপলাভে সম্পূর্ণ অকৃতার্থের ন্যায় বোধ হইতেছে ॥ ২৯ ॥

ইহার কারণ বোধ হয়, আর কিছুই নহে; পরম জ্ঞানবান্ ভক্তচূড়ামণি পরমহংসগণের আদরণীয়, ভগবানের অতীব প্রিয় ভাগবত ধর্ম্ম সকল

তস্যৈবং খিলমাত্মানং মন্যমানস্য খিদ্যতঃ।
কৃষ্ণস্য নারদোঽভ্যাগাদাশ্রমং প্রাগুদাহৃতম্ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

এবং আত্মানং খিলং ন্যূনং, মন্যমানস্য খিদ্যতঃ তস্য কৃষ্ণস্য ব্যাসস্য, প্রাগুদাহৃতং সরস্বতীতটস্থং আশ্রমং প্রতি দেবর্ষিঃ নারদঃ অভ্যাগাৎ আগতবান্ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

খিলং ন্যূনং খিদ্যতঃ খেদং প্রাপ্নুবতঃ কৃষ্ণস্য ব্যাসস্য প্রাগুদাহৃতং সরস্বতী-তীরস্থম্ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এব অত্র ভাগবতধর্ম্মপদেন জ্ঞানং ব্যাখ্যাতুং ন শক্যতে। কিন্তু ভক্তিরেব, নামান্যনন্তস্য যশোঙ্কিতানীতি, ভবতানুদিতপ্রায়ং যশো ভগবতোঽমলমিত্যাদেঃ, ততশ্চ পরমহংসপদেন ভক্তা এবোচ্যন্তে নতু জ্ঞানিনঃ। অতঃ পারমহংসী সংহিতেয়ং শ্রীভাগবতমিতি জ্ঞানিভিরত্র স্বত্বং নারোপণীয়ং ॥ ৩০ ॥

খিলং ন্যূনং কৃষ্ণস্য ব্যাসস্যাশ্রমং প্রাগুদাহৃতং সরস্বতীতটস্থং। অত্র ভগবদবতার-ত্বাদসম্ভাবিনাবপ্যসর্ব্বজ্ঞতা. চিত্তাপ্রসাদৌ ব্যাসস্য স্বয়ং ভগবতা শ্রীকৃষ্ণেনৈব স্বসদৃশস্য সর্ব্বশাস্ত্রশিরোমণেঃ শ্রীভাগবতস্য প্রাদুর্ভাবার্থমেব বলাদুপপাদিতাবিত্যবসীয়তে। যথা ব্রহ্মমোহনপ্রস্তাবে স্বলীলাসৌন্দর্য্যার্থং বলদেবস্যাপি অসর্ব্বজ্ঞতা কল্পিতা নারদোপদেশাৎ প্রাদুর্ভূতে চ সতি যস্মিন্। সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসেতি। কিম্বা

এ পর্য্যন্ত আমি উত্তমরূপে নিরূপণ করি নাই ; বোধ হয়, ইহাই আমার চিত্ত-চাঞ্চল্যের প্রধান হেতু ॥ ৩০ ॥

ভগবান্ বেদব্যাস আপনাকে নিতান্ত হীনজ্ঞানে এইরূপ খেদ করিতে-ছেন, এমন সময়ে দেবর্ষি নারদ সরস্বতীতীরস্থ তদীয় আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন ॥ ৩১ ॥

আভাস।

সকল রোগে ও যে কোন বয়সে সেবন করা হউক্ না, তৎক্ষণাৎ পীড়ার উপশম হইয়া যায়। এই ঔষধি ও অনেক যত্নে শ্রেষ্ঠ মহাজনকর্তৃক আনিত, অতি দুর্ল্লভ সামগ্রী। এদিকে সংসারিশ্রেষ্ঠ পরীক্ষিতের পীড়ার কথা বলিয়া, যোগী ও জ্ঞানিশ্রেষ্ঠ ব্যাসদেবের পীড়ার কথা উত্থাপন করিয়াছেন। অশান্তি পীড়া বড় ভয়ঙ্কর। ইহা কি কুপথ্যাশী, কি সুপথ্যাশী, সাধু বা অসাধু কিছুই মানে না। প্রবল স্রোতস্বতীর নীরে পতিত হইয়া, উজান সন্তরণের চেষ্টা করিলে, হস্তীর ন্যায় বলবান্ জীবও যেমন ক্ষণকাল মধ্যে নির্ব্বীর্য্য ও অবসন্নপ্রায় হইয়া

তমভিজ্ঞায় সহসা প্রত্যুত্থায়াগতং মুনিঃ।

অন্বয়ঃ।

মুনিঃ বেদব্যাসঃ, তং সুরপূজিতং নারদং, সহসা আগতং অভিজ্ঞায় প্রত্যুত্থায় বিধিবৎ-

শ্রীধরস্বামী।

তং নারদমাগতমভিজ্ঞায় সহসা প্রত্যুত্থায় বিধিবৎ পূজয়ামাসেতি। সুরপূজিতমিতি ব্রহ্ম

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোগেন সাংখ্যেন ন্যাসস্বাধ্যায়য়োরপি কিম্বা শ্রেয়োভিরন্যৈশ্চ ন যত্রাত্মপ্রদো হরিরিতি বাক্যাভ্যাং সর্ব্বপুরুষার্থমুখ্যো মোক্ষোঽপি ভক্ত্যৈব লভ্যতে নতু সাধনান্তরেণেতি সর্ব্বশাস্ত্র-বিলক্ষণোঽর্থঃ সর্ব্বৈরেব দৃষ্টো ভবতীতি জ্ঞেয়ং ॥ ৩১ ॥

বিধিবৎ বিধিং ব্রহ্মাণমিব। ইববদ্বা চসাদৃশ্যে ইত্যভিধানং। অত্র বৎশব্দেন সহ

বেদব্যাস, দেবপূজিত নারদ ঋষিকে সমাগত দেখিয়াই তৎক্ষণাৎ

আভাস।

হাবুডুবু খাইতে থাকে, তদ্রূপ কেবল মাত্র পুরুষকারের বলে যতই নূতন আয়োজনে অগ্রসর হওয়া যায়, ততই নিরুৎসাহ ও অকৃতার্থতা অনুভূত হইতে থাকে। কিন্তু যদি অল্প পরিশ্রমে স্রোতে দেহ ভাসাইয়া মাত্র গমন করা হয়, তাহা হইলে নদীতে উজান গমনের অপেক্ষা, অনেক অধিক পথ গমন ও নূতন বিষয় দর্শন করা হয়, অথচ কোন ক্লেশ নাই, বরং আনন্দ; সেইরূপ এই সংসারস্রোতে বিশ্বাসের সহিত ভাসমান হইয়া অতি অল্প পুরুষকার দ্বারাই যথেষ্ট ফল লাভ হয়; ও অভিলষিত স্থানে গমন করিতে পারা যায়। এই স্রোতকে নানা বাদীতে নানা নাম প্রদান করিয়া থাকেন। কেহ পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মফল, কেহ কাল, কেহ স্বভাব, ও কেহবা ঈশ্বরের ইচ্ছা বলিয়া ভিন্ন ভিন্ন নামে অভিহিত করিয়া থাকেন মাত্র; কিন্তু প্রকৃতপক্ষে রূপান্তর ও নামান্তর মাত্র; মূলে একই কথা। ভগবান্ বেদব্যাস স্বয়ং এই অপার জ্ঞানের গর্ভ হইয়া, যোগের পরাকাষ্ঠা লাভ করিয়া, ধৈর্য্য বীর্য্য ও সামর্থ্যেরই পরিচয় দিয়াছিলেন। ব্রহ্মতেজস্বীতায় তৎসদৃশ ব্যক্তি শ্রুতিগোচর হয় না। তাঁহাতে একটু কি সামগ্রীর কিঞ্চিৎ অভাব ছিল, যৎপ্রাপ্তির জন্য তাঁহাকে তত অশান্তচিত্ত হইতে হইয়াছিল। এতদ্বারা দেখান হইয়াছে যে, সংসারমার্গে জ্ঞানী ও অজ্ঞানী ভেদে যথেষ্ট তারতম্য উপলক্ষিত হয়; কিন্তু ঈশ্বর-সন্নিকটে উভয়েই সমান; কারণ উভয়েই ভ্রান্ত। অজ্ঞানী বিষয়ে, জ্ঞানী বিচারাভিমানে ভ্রান্ত। জ্ঞানীর চিত্ত পরিমার্জ্জিত এবং মুক্তির অব্যবহিত পূর্ব্ববর্ত্তী একটী মাত্র অভিমান আবরণে ঈশ্বর হইতে বিশ্লিষ্ট; অতি অল্প আয়াসেই ঐ আবরণ উন্মোচন করিতে পারেন। অজ্ঞানীর তাহা ঘটে না। সেইজন্যই জ্ঞানিগণ, কর্ম্মিগণ ও যোগি-

পূজয়ামাস বিধিবন্নারদং সুরপূজিতং ।। ৩২ ।।

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে নারদাগমনং নাম চতুর্থোঽধ্যায়ঃ ।। ৪ ।।

অন্বয়ঃ ।

পূজয়ামাস ॥ ৩২ ॥

ইতি প্রথমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্থোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী ।

লোকাদাগতমিত্যর্থঃ ॥ ৩২ ॥

ইতি প্রথমে শ্রীভাগবতভাবার্থদীপিকায়াং চতুর্থোঽধ্যায়ঃ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

সমাসঃ ॥ ৩২ ॥

ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং ।
চতুর্থঃ প্রথমেঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্ ॥ * ॥

গাত্রোত্থান পূর্ব্বক যথাবিধি অভ্যর্থনা করিলেন ।। ৩২ ।।

ইতি প্রথম স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের চতুর্থ অধ্যায় সমাপ্ত ।।

আভাস ।

গণের অগ্রগণনীয় ভগবান্ বেদব্যাসের বিচারাভিমানরূপ আবরণের উন্মোচনার্থ সাক্ষাৎ ভগবৎ-কলাশক্তি-স্বরূপ ভক্তিশক্তি দেবর্ষি নারদের আবির্ভাব হইল। যে সৎসঙ্গ ও উপদেশ দ্বারা ক্ষীর-সমুদ্র-মন্থনে অমৃতোৎপাদনের ন্যায়, বেদব্যাসহৃদয়ে এই পীযূষময়ী ভাগবতী সংহিতা উৎপাদিত হইয়া, সমস্ত জ্ঞানীর হৃদয় ভক্তিরসামৃতে আপ্লুত করিতেছে। এই অধ্যায়ের দ্বারা গ্রন্থবর্ণিত ভক্তিরসের যে নিতান্তই প্রয়োজন, ইহাই প্রতিপাদন করা হইয়াছে ॥ ৯—৩২ ॥

ইতি প্রথম স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুর্থ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

পঞ্চমাধ্যায়ে দেবর্ষি নারদ, ব্যাসহৃদয়ে তুষ্টিপ্রদানার্থ সর্ব্বধর্ম্মাপেক্ষা হরিসংকীর্ত্তনেরই প্রাধান্য উপদেশ দিয়াছিলেন ॥

এই জগতে বাহ্য উন্নতির সহিত আধ্যাত্মিক উন্নতির সম্পর্ক অতি অল্প। বাহ্য যত্ন ও পরিশ্রম দ্বারা, বিশেষত দৈব যদি অনুকূল হন, একজন দীনদুঃখী ব্যক্তিও রাজরাজেশ্বর হইতে পারেন। কিন্তু তাহা হইলেই যে, তাঁহার আধ্যাত্মিক উন্নতি হইতেই হইবে, এমন কোন নিশ্চয়তা নাই। অতুল ঐশ্বর্য্যের অধিপতি হইয়াও বন্ধু বান্ধবাদি সর্ব্বপরিজনে পরিবেষ্টিত থাকিয়াও, কাহাকে বা অতিক্লেশে ঘনশ্বাসের সহিত প্রতি মুহূর্ত্তে মৃত্যুর আকাঙ্ক্ষায় কালাতিপাত করিতে হয়; কেহ বা অজিনাসনে উপবিষ্ট হইয়া, হিংস্র

সূত উবাচ ।।

অথ তং সুখমাসীনং উপাসীনং বৃহচ্ছ্রবাঃ।

দেবর্ষিঃ প্রাহ বিপ্রর্ষিং বীণাপাণিঃ স্ময়ন্নিব ।। ১ ।।

অন্বয়ঃ।

সূতঃ উবাচ। অথ বৃহচ্ছ্রবাঃ মহাযশাঃ, বীণাপাণিঃ দেবর্ষিঃ নারদঃ সুখমাসীনঃ সন্ স্ময়ন্ ঈষৎ হসন্ ইব, উপ সমীপে, আসীনং বিপ্রর্ষিং ব্যাসং, প্রাহ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

পঞ্চমে সর্ব্বধর্ম্মেভ্যো হরিকীর্ত্তনগৌরবং। ব্যাসচিত্তপ্রসাদায় নারদেনোপদিশ্যতে ॥

উপ সমীপে আসীনং বিপ্রর্ষিং ব্যাসং বৃহচ্ছ্রবাঃ মহাযশাঃ। স্ময়ন্ ঈষদ্ধসন্ ইবেত্যনেন মুখপ্রসত্তির্দ্যোত্যতে। যদ্বা ইবেত্যনধিকারার্থং অহো মহানপি মুহ্যতীতি স্ময়মানঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চমে জ্ঞানকর্ম্মাদের্বৈয়র্থ্যমুপপাদয়ন্। ভক্তিং কীর্ত্তনমুখ্যাঙ্গাং নারদস্তমুপাদিশৎ ॥

উপাসীনমাতিথ্যার্থমাসনার্ঘ্যপাদ্যাদিভিঃ উপাসনাং কুর্ব্বন্তমেবাহ। স্ময়ন্নিব ওষ্ঠাধরাভ্যাং স্মিতং নিষ্ক্রময়ন্নিব সর্ব্বজ্ঞতয়া তৎ প্রত্যন্তঃপ্রসাদং। নানাপ্রশ্নকৌতুকার্থমবহিত্থয়া গোপয়িতুমশক্নুবন্নিত্যর্থঃ ॥ ১ ॥

সুত কহিলেন। তদনন্তর মহাযশস্বী নারদ ঋষি, বীণাহস্তে উপবেশন করিয়া, ঈষৎ হাস্যবদনে সমীপবর্ত্তী ব্যাসদেবকে সম্বোধন করিয়া বলিতে লাগিলেন ।। ১ ।।

আভাস।

শ্বাপদাকীর্ণ নিবিড় অরণ্য মধ্যে যথালব্ধ পর্ণাদি ভোজন, পরিজন শূন্য একাকী অসহায়ে জীবন যাপন করিয়াও ক্ষণিকের জন্যও দুঃখ বা হৃদয়গ্লানি অনুভব করেন না। মানসিক তৃপ্তিই প্রকৃত আধ্যাত্মিক উন্নতি। মন পরিতৃপ্ত থাকিলে, জগতের সর্ব্ব পদার্থ হইতেই তৃপ্তি লাভ হয়। এবং মন যদি উদ্বিগ্ন থাকে, অতি মনোহর সুখসেব্য সামগ্রীও বিষের ন্যায়, ক্লেশকর বোধ হইতে থাকে।

এখানে দেবর্ষি নারদ ভগবান্ বেদব্যাসকে তদবস্থায় অবলোকন করিয়া, উৎসাহ বর্দ্ধনার্থ সহাস্যবদনে জিজ্ঞাসা করিলেন, আপনার আত্মগ্লানির কারণ কি আপনি অনুসন্ধান করিয়াছেন? প্রথমত পরাশরের ন্যায় মহাপ্রতাপশালী জিতেন্দ্রিয় ব্যক্তির বংশে জন্ম গ্রহণ করিয়া ও স্বয়ং এতাদৃশ শক্তিসম্পন্ন হইয়া, ঈদৃশ বিষণ্ণ ভাবে অবস্থান করা আপনার পক্ষে অতি আশ্চর্য্যের বিষয়, সন্দেহ নাই। শারীরিক বা মানসিক অস্বচ্ছন্দতাই বিষাদের প্রধান কারণ।

নারদ উবাচ ॥

পারাশর্য্য মহাভাগ ভবতঃ কচ্চিদাত্মনা।
পরিতুষ্যতি শারীর আত্মা মানস এব বা ॥ ২ ॥
জিজ্ঞাসিতং সুসম্পন্নমপি তে মহদদ্ভুতং।

অন্বয়ঃ।

নারদঃ উবাচ। হে মহাভাগ পারাশর্য্য পরাশরপুত্র মুনে ব্যাস! ভবতঃ শারীরঃ শরীরাভিমানী, তথা মানসঃ মনোঽভিমানী এব আত্মা, তেন শরীরেণ মনসা বা কচ্চিৎ প্ররিতুষ্যতি বা ॥ ২ ॥

জিজ্ঞাসিতং যৎ ধর্ম্মাদি তৎসর্ব্বং তে ত্বয়া সুসম্পন্নং জ্ঞাতং অপি অনুষ্ঠিতঞ্চ, যস্ত্বং

শ্রীধরস্বামী।

শারীরঃ শরীরাভিমানী আত্মা আত্মনা তেন শরীরেণ কচ্চিৎ কিং পরিতুষ্যতি মানস আত্মা মনোঽভিমানী তেন মনসা পরিতুষ্যতি কচ্চিন্নো বা ॥ ২ ॥

তে জিজ্ঞাসিতং জ্ঞাতুমিষ্টং ধর্ম্মাদি যত্তৎ সর্ব্বং সুসম্পন্নং সম্যগ্ জ্ঞাতং, অপিশব্দাদনু-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শারীরঃ শরীরাভিমানী আত্মা। আত্মনা তেন শরীরেণ কিং তুষ্যতি। মানস আত্মা মনোঽভিমানী তেন মনসা কচ্চিদিতি প্রশ্নে কিং পরিতুষ্যতি নো বা। পারাশর্য্যেতি মহাভাগেত্যাভ্যাং পৈতৃকস্বীয়মহাপ্রভাববতোঽপি কোঽয়ং বিষাদ ইতি বিস্ময়ো ব্যঞ্জিতঃ ॥ ২ ॥

নারদ বলিলেন।

হে মহাভাগ পরাশরতনয় ব্যাস! আপনার শরীরাভিমানী বা চিত্তাভিমানী আত্মা কি, দেহ ও মনের প্রতি পরিতৃপ্ত আছেন? ॥ ২ ॥

যখন আপনি এই সুবিস্তীর্ণ সর্ব্বধর্ম্মার্থ-পরিপূর্ণ বৃহৎ ভারতসংহিতা রচনা করিয়াছেন, তখন কোন জ্ঞাতব্য ধর্ম্মাদি পরিজ্ঞাত হইতে বা আচরণ

আভাস।

কিন্তু আপনাতে বোধ হয়, তাহার কিছুই দৃষ্ট হইতেছে না। দ্বিতীয়ত অভিলষিত বিষয়ের প্রাপ্তিকামনায় বিশেষ উদ্যমের সহিত যত্ন করিলেও নিজমূর্খতা নিবন্ধন তাহার প্রাপ্তি না হইলে এবং স্বয়ং অকর্ম্মণ্য বলিয়া পরিচিত হইলে, হৃদয়ে বড়ই বেদনা উপস্থিত হয়। কিন্তু

ভবতঃ শরীরে মনসিচ স্বাস্থ্যমস্তি কচ্চিদিত্যভিপ্রায়ঃ ॥ ২ ॥

কৃতবান্ ভারতং যস্ত্বং সর্ব্বার্থপরিবৃংহিতম্ ॥ ৩ ॥
জিজ্ঞাসিতমধীতঞ্চ ব্রহ্ম যত্তৎ সনাতনং।
তথাপি শোচস্যাত্মানমকৃতার্থ ইব প্রভো ॥ ৪ ॥

অন্বয়ঃ।

সর্ব্বার্থপরিবৃংহিতং সর্ব্বার্থপরিপূর্ণং, মহদদ্ভুতং সুবিস্তীর্ণং ভারতং কৃতবান্ ॥ ৩ ॥

কিঞ্চ যৎ সনাতনং নিত্যং, ব্রহ্ম তং ত্বয়া জিজ্ঞাসিতং বিচারিতং, অধীতং চ অপরোক্ষানুভূত্যা অধিগতং চ, অথাপি তথাপি, হে প্রভো! অকৃতার্থঃ অপূর্ণঃ ইব আত্মানং মন্যমানঃ শোচসি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

স্থিতমেত্যর্থঃ। অয়ীতি পাঠে সম্বোধনং। সুসম্পন্নত্বে হেতুঃ মহদদ্ভুতমিত্যাদি। সর্ব্বৈরর্থৈর্ধর্ম্মাদিভিঃ পরিবৃংহিতং পরিপূর্ণম্ ॥ ৩ ॥

কিঞ্চ যৎ সনাতনং নিত্যং পরং ব্রহ্ম তচ্চ ত্বয়া জিজ্ঞাসিতং বিচারিতং অধীতং অধিগতং প্রাপ্তঞ্চেত্যর্থঃ। তথাপি শোচসি ত্বং কিমর্থমিতি শেষঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচ তব শাস্ত্রজ্ঞানং কিঞ্চিদপেক্ষিতব্যং তদলব্ধিমূলকোঽয়ং বিষাদ ইতি বাচ্যং। যতো জিজ্ঞাসিতমিত্যাদি ॥ ৩ ॥

ন চানুভবজ্ঞানমপেক্ষিতব্যং ইত্যপি বাচ্যং যতঃ সনাতনং নিত্যং ব্রহ্ম ব্যাপকং নির্ব্বিশেষস্বরূপং যত্তদপি জিজ্ঞাসিতং বেদান্তসূত্রকরণৈর্ব্বিচারিতং। ন কেবলং জিজ্ঞাসিতমেব

করিতে আপনার অপেক্ষা নাই ॥ ৩ ॥

বিশেষত তন্ন তন্ন করিয়া বিচার পূর্ব্বক, হৃদয়পদ্মে সেই নিত্য বিভু সত্যস্বরূপ পরম ব্রহ্মকে সাক্ষাৎ উপলব্ধি করিয়াছেন। অতএব যোগক্ষেমে সমর্থ হইয়াও কি নিমিত্ত আপনাকে অকৃতার্থের ন্যায় জ্ঞান করত, বৃথায় শোক করিতেছেন? ॥ ৪ ॥

আভাস।

আপনার ন্যায় তত্ত্বানুসন্ধিৎসু ও তদ্বিষয়ে সম্যক্‌পারদর্শী বিশিষ্ট জ্ঞানবান্ কর্ম্মঠ ব্যক্তি আর দ্বিতীয় দেখিতে পাওয়া যায় না। কারণ, যিনি তাদৃশ বিস্তৃত সর্ব্ববর্ণাশ্রমোচিত ধর্ম্মার্থাদির বিশেষ বর্ণনা সহ এই বিপুল ভারতসংহিতা রচনা করিয়াছেন, তাঁহার আর কর্ত্তব্যের ত্রুটি বা, অজ্ঞানতা নিবন্ধন কোনরূপ মনোমালিন্য ঘটিবার সম্ভাবনাই নাই।

সর্ব্বৈরর্থৈর্ধর্ম্মাদিভিঃ পুরুষার্থৈঃ। মহৎ গ্রন্থতঃ। অদ্ভুতমর্থতঃ ॥ ৩ ॥

ব্যাস উবাচ ॥

অস্ত্যেব মে সর্ব্বমিদং ত্বয়োক্তং তথাপি নাত্মা পরিতুষ্যতে মে।
তন্মূলমব্যক্তমগাধবোধং পৃচ্ছামহে ত্বাত্মভবাত্মভূতম্ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

ব্যাসঃ উবাচ। হে নারদ! ত্বয়া উক্তং ইদং সর্ব্বং মে অস্তি এব, তথাপি মে আত্মা ন পরিতুষ্যতে; তন্মূলং তস্য অপরিতোষস্য কারণং, অব্যক্তং অস্মাভিঃ অজ্ঞাতং, যং তং আত্মভবাত্মভূতং (আত্মভবস্য ব্রহ্মণঃ) আত্মভূতং পুত্রং অতএব অগাধবোধং ত্বা ত্বাং, পৃচ্ছামহে পৃচ্ছামি ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

আত্মা শারীরো মানসশ্চ তন্মূলং তস্যাপরিতোষস্য কারণং। অব্যক্তং অস্ফুটং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপিতু অধীতমবগতমনুভবগোচরীকৃতমিত্যর্থঃ অত্র অধীতং অধিগতং প্রাপ্তমিত্যর্থঃ ইতি শ্রীস্বামিচরণাঃ ॥ ৪ ॥

তস্যাপরিতোষস্য মূলং কারণং অব্যক্তমস্মাভির্দুর্জ্ঞেয়ং, ত্বাং বয়ং পৃচ্ছাম অত্র হে ইতি সম্বোধনেন নচাহমভিজানামীতি বাচ্যং। যত আত্মভবো ব্রহ্মা তস্যাত্মনো দেহাৎ ভূতং

বেদব্যাস বলিলেন, হে নারদ! আপনি যাহা বর্ণনা করিলেন, সে সমস্তই আমাতে আছে, সত্য! কিন্তু তথাপি আমার চিত্ত কোন ক্রমেই তৃপ্তিলাভ করিতেছে না। আপনি অযোনি-সম্ভব-সম্ভূত মহাজ্ঞানবান্! অতএব আপনাকে জিজ্ঞাসা করি! অনুগ্রহ করিয়া আমার অসন্তোষের কারণ নিরূপণ করুন্ ॥ ৫ ॥

আভাস।

তাহাতে আবার আপনি অসীম জ্ঞানবান্; আপনার অগোচর কিছুই নাই। এমন কি! আপনি শারীরকমীমাংসা-সূত্রে বিচার দ্বারা দ্বৈতপ্রতিষেধ পূর্ব্বক, জীবব্রহ্মের ঐক্যাবধারণে সম্যক্ প্রতিপত্তি লাভ করিয়াছিলেন; তথাপি আপনি যে আপনাকে অকৃতার্থ বোধে এত ক্ষুন্ন হইয়াছেন, ইহা অতিশয় আশ্চর্য্যের বিষয়, সন্দেহ নাই ॥ ২ ॥ ৩ ॥ ৪ ॥

প্রত্যুত্তরে ব্যাসদেব প্রকাশ করিয়াছেন্ যে. তীক্ষ্ণ মনীষাবলে বুদ্ধিমান্ মানবগণ তত্ত্বের যতদূর গভীর গহ্বরে অবগাহন করুন্ না, সৎপথ প্রদর্শনার্থ তাঁহার উপদেষ্টার প্রয়োজন হয়। নতুবা ভ্রমাত্মক পথে গমন করিয়া নিরয়গামী হইবার যথেষ্ট সম্ভাবনা। যে ব্যক্তি উভয় পথ পর্য্যটন বা পরীক্ষা করিয়া উপকারিতা ও অপকারিতা অনুসারে উপাদেয় বা হেয়ভেদের

স বৈ ভবান্ বেদ সমস্তগুহ্যমুপাসিতো যৎ পুরুষঃ পুরাণঃ।
পরাবরেশো মনসৈব বিশ্বং সৃজত্যবত্যত্তি গুণৈরসঙ্গঃ॥ ৬॥

অন্বয়ঃ।

অসঙ্গঃ পরাবরেশঃ যঃ পুরাণঃ পুরুষঃ মনসা সংকল্পমাত্রেণ এব গুণৈঃ বিশ্বং সৃজতি, অবতি পালয়তি অত্তি সংহরতি সঃ দেবঃ, যৎ যস্মাৎ ভবতা উপাসিতঃ, তস্মাৎ স ভবান্ বৈ এব সমস্তগুহ্যং বেদ জানাতি॥ ৬॥

শ্রীধরস্বামী।

হে নারদ ত্বা ত্বাং পৃচ্ছামহে। আত্মভবো ব্রহ্মা তস্যাত্মনো দেহাদুদ্ভূতস্ত্বং। অতএবাগাধোঽতিগম্ভীরো বোধো যস্য তং ত্বাং॥ ৫॥

অগাধবোধতাং প্রপঞ্চয়ন্নাহ স বা ইতি দ্বাভ্যাম্। সর্ব্বগুহ্যজ্ঞানে হেতুঃ যদ্যস্মাৎ পুরাণঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জাতমিতি পৈতৃকপ্রভাবঃ। অগাধবোধ ইতি স্বীয়শ্চ প্রভাবস্তজ্‌জ্ঞানে কারণমস্ত্যেবেতি ভাবঃ॥ ৫॥

ত্বয়া যৎ পুরাণঃ পুরুষ উপাসিতঃ তেন পরাশরপুত্রত্বেন মহাভাগত্বেন চতুর্ব্বেদজ্ঞত্বেন ব্রহ্মানুভবিত্বেন চ ত্বয়াহমুক্তস্ত্বং তু ব্রহ্মণঃ পুত্রোঽগাধবোধঃ সর্ব্বজ্ঞো ভগবদুপাসক ইতি

যিনি কেবল ইচ্ছামাত্রেই এই বিশ্বব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও নিধন করিতেছেন, সেই কার্য্যকারণ-নিয়ন্তা অথচ স্বয়ং অসঙ্গ আদিদেব ভগবান্ বিষ্ণুকে আপনি উপাসনা করিয়া থাকেন; অতএব কোন বিষয়ই আপনার অবিদিত নাই॥ ৬॥

আভাস।

নির্ব্বাচনে সমর্থ, তিনিই পরোপদেশে পণ্ডিত। এবং যিনি স্বয়ং ব্যবহার দ্বারা পরীক্ষা না করিয়া, কেবল যুক্তি ও অনুমান বলে সদসৎ বিচারে অগ্রসর হন, তিনি যথেষ্ট জ্ঞানবান্ ও পণ্ডিত হইলেও, উপদেশ্য। এই মীমাংসা বদ্ধমূল করিবার জন্য, ব্যাসদেব স্বকীয় অন্তঃকরণের ব্যবহার দ্বারাই জগৎকে উপদেশ দিয়াছেন। প্রভূত ধীশক্তিসম্পন্ন বহুদর্শী বিচক্ষণ ব্যক্তি পুঙ্খানুপুঙ্খরূপে পরকীয় সদসৎ বিচারে বিলক্ষণ উপযুক্ত হইলেও, স্বীয় দোষ দর্শনে প্রায়ই অসমর্থ; যদিও দর্শন করেন, অন্যান্য উৎকৃষ্ট গুণের সঙ্গে মিশাইয়া দোষের গুরুত্বের লাঘব করিয়া ফেলেন। সুতরাং সংশোধনের জন্য তত উৎকণ্ঠা থাকে না; ও দোষের সম্পূর্ণ অবয়বও দৃষ্টিগোচর করেন না। যে বেদব্যাস সমস্ত বেদ-ভুবন পর্য্যটন করত, অপূর্ব্ব উপাদেয় দুর্লভ গুহ্য উপদেশরূপ রত্ন সামগ্রী সকল ক্রমান্বয়ে সংগ্রহ করিয়া, সর্ব্বশোভাসম্পন্ন যাবদীয় আহরণীয় ফলাবটপে শ্রেণীকৃত হংসকারণ্ডবাকীর্ণ বিকশিতকমল হ্রদ্য নির্ম্মল

ত্বং পর্য্যটন্নর্ক ইব ত্রিলোকীমন্তশ্চরো বায়ুরিবাত্মসাক্ষী।

অন্বয়ঃ।

ত্রিলোকীং পর্য্যটন্ অর্কঃ ইব সর্ব্বদর্শী তথা যোগবলেন অন্তশ্চরঃ বায়ুরিব আত্মসাক্ষী ত্বং

শ্রীধরস্বামী।

পুরুষঃ উপাসিতস্ত্বয়া কথম্ভূতঃ পরাবরেশঃ কার্য্যকারণনিয়ন্তা। মনসৈব সংকল্পমাত্রেণ গুণৈঃ কৃত্বা বিশ্বং সৃজতীত্যাদি ॥ ৬ ॥

কিঞ্চ ত্বং ত্রিলোকীং পর্য্যটন্নর্ক ইব সর্ব্বদর্শী। যোগবলেন প্রাণবায়ুরিব সর্ব্বপ্রাণিনামন্তশ্চরঃ সন্নাত্মসাক্ষী বুদ্ধিবৃত্তিজ্ঞঃ অতঃপরে ব্রহ্মণি ধর্ম্মতো যোগেন নিষ্ণাতস্য। তদুক্তং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মত্তঃ সর্ব্বথৈবাতিতরামেব বিশিষ্ট ইতিভাবঃ। পরাবরেশ ইত্যাদি বিশেষণকঃ স বৈ নিশ্চিতং ভবানেব তব ভগবদবতারত্বাদতো ভবান্ সমস্তানাং সমস্তঞ্চ গুহ্যং বেদ ॥ ৬ ॥

সর্ব্বলোকহিতার্থমেব পুরাণপুরুষস্তদ্রূপেণাবতীর্ণ স্তন্মমাদ্য হিতং কুরুষ্বেত্যাহ। ত্রিলোকীং পর্য্যটন্। অর্ক ইব সর্ব্বদর্শী বায়ুরিবান্তশ্চর আত্মৈব সাক্ষী বুদ্ধিবৃত্তিজ্ঞঃ অতঃ

আপনি দিবাকরের ন্যায় ত্রিভুবন পর্য্যটন করিয়া, সমস্ত স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া থাকেন; এবং যোগবলে প্রাণবায়ুর ন্যায় প্রাণিগণের অন্তরে প্রবিষ্ট হইয়া, সকলের অন্তঃকরণ পরিজ্ঞাত আছেন। অতএব আমি পরম

আভাস।

পুষ্টিকারক জলপুরিত সরোবরে পরিশোভিত, সর্ব্বজনানন্দকর উদ্যানের মধ্যস্থানে এই সংহিতা নামক ইন্দ্রালয়সদৃশ পান্থশালা প্রস্তুত করত, নিজের অনুপম ধীশক্তিরই পরিচয় প্রদান করিয়াছেন; নিজের বিচক্ষণতার দ্বারা জগতের এতই শ্রেয়ঃ ও উপকারিতা সম্পাদন করিয়াছেন যে, এই সংসারপথে যে জাতীয় পথিক আগমন করুন্ না! একবার এই পান্থনিবাসে প্রবেশ করিয়া দেখুন! আর পথ-শ্রান্তি থাকিবে না। তাঁহার শারীরিক, মানসিক, বৈষয়িক বা ঐন্দ্রিয়িক প্রাপ্তি অপ্রাপ্তি বা অতিপ্রাপ্তি নিবন্ধন যে কোন অভাব বা উদ্বেগের উপস্থিতি হয়, এই পান্থনিবাসে প্রবেশ করিলে, সে সকল দুঃখই দূরীভূত হইয়া যায়। তথায় ক্লেশ নাই! দুঃখ নাই! অনবরত শান্তির শান্ত চ্ছায়ায় বাস করিয়া, শান্তিরসে নিমগ্ন হইয়া, শান্তির পূর্ণ আস্বাদে চিত্ত চমকিত হইতে থাকে। কিন্তু কি আশ্চর্য্য! এতাদৃশ সুনিপুণ গৃহনির্ম্মাতা স্বকীয় গৃহাভাবে পথে পথে পরিভ্রমণ করত, শীতবর্ষাদি প্রচণ্ড ক্লেশ সহ্য করিয়া, রুগ্নদেহে চিকিৎসকের অনুসন্ধান করিতেছেন। দেবর্ষি নারদের সন্দর্শন লাভ করিয়া, হৃষ্টচিত্তে স্বীয় চিত্ত-ব্যাধির বিষয় বর্ণনা করিলেন; ও উপযুক্ত পাত্র বিবেচনায়

পরাবরে ব্রহ্মণি ধর্ম্মতো ব্রতৈঃ স্নাতস্য মে ন্যূনমলং বিচক্ষ্ব ॥ ৭ ॥

অন্বয়ঃ।

পরে ব্রহ্মণি ধর্ম্মতঃ যোগেন, অবরে বেদাখ্যে, ব্রহ্মণি ব্রতৈঃ স্বাধ্যায়নিয়মৈঃ, স্নাতস্য পারং গতস্য, মে অলং অত্যর্থং, যৎ ন্যূনং, তৎ বিচক্ষ্ব বিচারয় ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

যাজ্ঞবল্ক্যেন, ইজ্যাচারদমাহিংসাদানস্বাধ্যায়কর্ম্মণাং। অয়ন্তু পরমো ধর্ম্মো যদ্‌যোগেনাত্মদর্শনং। অবরে চ ব্রহ্মণি বেদাখ্যে ব্রতৈঃ স্বাধ্যায়নিয়মৈ র্নিষ্ণাতস্য মেঽলং অত্যর্থং যৎ ন্যূনং তদ্বিচক্ষ্ব বিচারয় ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরে ব্রহ্মণি ধর্ম্মতঃ যোগেন নিষ্ণাতস্য। তদুক্তং যাজ্ঞবল্ক্যেন। ইজ্যাচারদমাহিংসাদান-স্বাধ্যায়কর্ম্মণাং। অয়ন্তু পরমো ধর্ম্মো যদ্‌যোগেনাত্মদর্শনমিতি। অবরে চ ব্রহ্মণি বেদাখ্যে ব্রতৈঃ স্বাধ্যায়নিয়মৈ র্নিষ্ণাতস্য অলমত্যর্থং যন্ন্যূনং তদ্বিচক্ষ্ব বিতর্কয় ॥ ৭ ॥

ব্রহ্মনিষ্ঠ এবং বেদাধ্যয়নাদি ব্রতাচরণে সম্যক্ পারদর্শী হইয়াও, কোন্ বিষয়ের অভাব জন্য আমাকে এত ক্ষুণ্ণ বোধ করিতেছি, আপনি তাহা যোগবলে বিচার পূর্ব্বক কীর্ত্তন করুন ॥ ৭ ॥

আভাস।

হি যস্মাদিদং বিশ্বং ভগবানিব সদানন্দরূপমিব ন তু সাক্ষাৎ ভগবানেব স্যাৎ, যতো ভগবান্ বিশ্বস্মাৎ ইতরঃ বিলক্ষণঃ, যতঃ মায়াশক্তিমতঃ সকাশাৎ, জগতঃ স্থাননিরোধ-

শ্রীধরস্বামী।

তদেবং ভগবল্লীলাং প্রাধান্যেনানুবর্ণয় ইত্যুক্তং তত্র কো ভগবান্ কা চ তস্য লীলা ইত্যপেক্ষায়ামাহ ইদং বিশ্বং ভগবানেব স তু অন্যস্মাদিতরঃ ঈশ্বরাৎ প্রপঞ্চো ন পৃথক্ ঈশ্বরস্তু প্রপঞ্চাৎ পৃথগিত্যর্থঃ। তত্র হেতুঃ যতো ভগবতো হেতোর্জগতঃ স্থিত্যাদয়ো ভবন্তি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং ভক্তিমুপদিশ্য ভজনীয়েশ্বরস্যৈতাবদেব জ্ঞানং ভক্তেঃ প্রথমমপেক্ষিতব্যমিতি তদুপদিশতি ইদং দৃশ্যমানং বিশ্বং ভগবানিব সদিব চেতনমিব আনন্দরূপমিব নতু সাক্ষাৎ সচ্চিদানন্দরূপো ভগবানেবেত্যর্থঃ। ভগবতঃ সত্ত্বাদীনাং সার্ব্বকালিকত্বাৎ বিশ্বস্য সত্ত্বাদীনাঞ্চ কচিৎকালিকত্বাদিতি ভাবঃ। যতোঽসৌ ভগবানিতরঃ অস্মাদ্বিশ্বস্মাদন্যঃ। কথং বিশ্বং ভগবানিব কথং ভগবান্ বিশ্বস্মাদিতরস্তত্রাহ। যত ইতি। যস্মান্মায়াশক্তিমতো ভগবতঃ সকাশাজ্জগতঃ স্থাননিরোধসম্ভবা ইতি বিশ্বস্য কার্য্যরূপত্বাৎ কেনচিদংশেনৈব

এই বিশ্বই ভগবদ্রূপে প্রতীয়মান হইলেও ভগবান্ কখন জড় জগৎ নহেন। অথচ তিনি এই অনন্ত ব্রহ্মাণ্ডের সৃষ্টি, স্থিতি ও সংহার করিতেছেন। ভগবান্ স্বয়ম্ভুকে আপনি অবগত আছেন। যেহেতু আপনি সর্ব্বজ্ঞ।

আভাস।

মাত্রায় না হইলেও যে কোন ফল হয় না, এরূপ নহে। ক্ষুধায় নিতান্ত কাতর ও অবসন্ন ব্যক্তি অন্নাসনে প্রবৃত্ত হইয়া, যেরূপ প্রতিগ্রাসে তুষ্টি পুষ্টি ও ক্ষুধার শান্তি অনুভব করিয়া থাকেন, তদ্রূপ ভবক্ষুধায় প্রপীড়িত জীবও শান্তিকামনায় ভগবানের ভজনা করিতে অগ্রসর হইয়া, প্রতি পদবিক্ষেপেই ভজনোপযুক্ত ভক্তি, বিষয়বৈরাগ্য ও ঈশ্বরসাক্ষাৎকার লাভ করিয়া ক্রমশই চরিতার্থ হইতে থাকেন। অতএব যখন ভজনার বিরাম থাকিবে না, তখন ভগবল্লাভের আর অপেক্ষা থাকিবে না; ভক্তের মনোবাঞ্ছা পূর্ণ হইবে॥ ১৯॥

দেবর্ষি নারদ বেদব্যাসের চিত্তোদ্বেগ নিবৃত্তি করিবার বাসনায় ভগবদ্গুণানুবর্ণনের উপদেশ দিয়াছিলেন। এক্ষণে কে ভগবান্? ও তাঁহার লীলাই বা কি? এতৎ সম্বন্ধে স্বয়ং কথঞ্চিৎ বর্ণনা করিতেছেন। অর্থাৎ ভক্তি করিতে হইলে, ভজনীয় বিষয় (ভগবান্) ও ভজিবার হেতু (লীলা), যাহার জন্য চিত্তে একটী আবেগ উপস্থিত হয়, ভক্তের তাহা বিশেষরূপে পরিজ্ঞাত হওয়া উচিত। ভগবানের স্বরূপ সম্পূর্ণ বর্ণনীয় নহে। এস্থলে "ইদং বিশ্বং

তদ্বি স্বয়ং বেদ ভবাংস্তথাপি তে প্রাদেশমাত্রং ভবতঃ প্রদর্শিতম্ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

সম্ভবাঃ পালননাশোৎপত্তয়ঃ, ভবন্তি। তৎসর্ব্বং ভবান্ ভগবতোঽংশত্বাৎ স্বয়ং বেদ তথাপি সর্ব্বজ্ঞস্যাপি ভবতঃ পরিতোষার্থং তে তুভ্যং প্রাদেশমাত্রং বিতস্তিপরিমিতং, একদেশমাত্রং প্রদর্শিতম্ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

অনেনৈব লীলা অপি দর্শিতা। যদ্বা ইদং বিশ্বং ভগবান্ ইতর ইব যঃ স জীবোঽপি ভগবান্ চেতনাচেতনপ্রপঞ্চ স্তদ্ব্যতিরেকেণ নাস্তি স এবৈকস্তত্ত্বমিত্যর্থঃ। হিশব্দেন সর্ব্বং খল্বিদং ব্রহ্মেত্যাদি শ্রুতিপ্রমাণং সূচিতং। তদ্বি স্বয়মেব ভবান্ বেদ প্রাদেশমাত্রমেকদেশমাত্রম্ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদ্রূপত্বং নিরূপ্যতে ভগবতস্তৎকারণত্বাৎ তদিতরত্বমিত্যতঃ সর্ব্বং খল্বিদং ব্রহ্মেত্যাদি শ্রুতিভিরপি ব্রহ্মকার্য্যত্বাদেব ব্রহ্মত্বাতিদেশো জ্ঞাপ্যতে। তৎ সর্ব্বং ভবান্ ভগবতোঽবতারত্বাৎ স্বয়ং বেদ তদপ্যাচার্য্যবান্ পুরুষো বেদেতি ন্যায়েন প্রাদেশমাত্রং দিঙ্মাত্রং কোটিপরার্দ্ধাদপ্যানিরূপণীয়স্য ভগবতস্তদীয়ায়া ভক্তেশ্চ তদৈশ্বর্য্যজ্ঞানস্য চ প্রাদেশমাত্রং দশাঙ্গুলমাত্রং প্রদর্শিতং। প্রাদেশতালগোকর্ণাস্তর্জন্যাদিযুতে ততে ইত্যমরঃ ॥ ২০ ॥

তথাপি আপনার হৃদয়ের অশান্তি নিবারণের জন্য, সেই বিভুর কথঞ্চিৎ মাত্র লীলা আপনাকে প্রদর্শন করাইলাম ॥ ২০ ॥

আভাস।

ভগবান্ ইব" বলিয়া, ভগবৎস্বরূপের কথঞ্চিৎ ভাব প্রকাশ করিলেন। সৎচিৎ ও আনন্দের যে একাকারে ও একাধারে পূর্ণমাত্রায় স্ফূর্ত্তিপ্রাপ্তি, তাহাই ভগবানের স্বরূপলক্ষণ বলিয়া শাস্ত্রে বর্ণিত হইয়াছে। এক্ষণে তাহা প্রত্যক্ষ করাইবার জন্য বলিলেন, এই বিশ্বই ভগবানের স্বরূপ। অর্থাৎ ভগবান্ বিশ্ব হইতে সম্পূর্ণ পৃথক্ হইলেও ভগবৎসত্ত্বা, আনন্দ ও চৈতন্যের দ্বারা গঠিত জগতে, তিনি পর্য্যায়ক্রমে তিন রূপেই পরিচিত হইতেছেন। এই তিন রূপ তাঁহাতে নিত্য নির্ম্মল এবং অবিচ্ছিন্নভাবে বর্ত্তমান; কিন্তু বিশ্ব অনিত্য, সমল ও বিচ্ছিন্নরূপে অবস্থিতি করিতেছে। এতদ্দ্বারা ভগবানের স্বরূপ বলিয়া, লীলা বলিলেন। অন্য কার্য্যের কথা কি? এই চিজ্জড়াত্মক জগতের যিনি উৎপত্তি, পালন ও সংহার করিতেছেন,

বিশ্বস্য তৎকার্য্যরূপত্বাৎ কেনচিদংশেনৈব তদ্রূপত্বং নিরূপ্যতে। ভগবতস্তৎকারণত্বাৎ পরত্বং। ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে ইতি শ্রুত্যন্তরাৎ। তত্র সর্ব্বজ্ঞস্যাপি ভবতঃ সংপ্রতি অপরিতোষ এবাস্মৎ প্রমাণমিত্যাহ তদ্বীতি। ময়া তু যৎ কিঞ্চিদেব উপদিশ্যতে ইত্যাহ তথাপীতি ॥ ২০ ॥

ত্বমাত্মনাত্মানমবেহ্যমোঘদৃক্ পরস্য পুংসঃ পরমাত্মনঃ কলাং।
অজং প্রজাতং জগতঃ শিবায় তন্মহানুভাবাভ্যুদয়োঽধিগণ্যতাম্॥ ২১॥

অন্বয়ঃ।

হে অমোঘদৃক্! ত্বং আত্মনা স্বয়ং, আত্মানং পরস্য পরমাত্মনঃ, পুংসঃ কলাং অংশভূতং, অবেহি অনুসন্ধেহি। পুনশ্চ জগতঃ শিবায় (শ্রীকৃষ্ণরূপেণ) প্রজাতং অজং হরিং, অবেহি। তৎ তস্মাৎ স্বয়ং জ্ঞাত্বা মহানুভাবস্য অবতারশিরোমণেঃ শ্রীকৃষ্ণস্য, অভ্যুদয়ো লীলাঃ অধি অধিকং গণ্যতাং নিরূপ্যতাম্॥ ২১॥

শ্রীধরস্বামী।

আচার্য্যবান্ পুরুষো বেদেত্যাদি শ্রুত্যর্থসম্পাদনায় প্রদর্শিতং নচ তবাচার্য্যাপেক্ষাপি ঈশ্বরাবতারত্বাদিত্যাহ ত্বমিতি। হে অমোঘদৃক্ ত্বমাত্মনা স্বয়ং আত্মানমজমেব সন্তং জগতঃ শিবায় প্রজাতমবেহি। কুতঃ পরস্য পুংসঃ কলাং অংশভূতং তং তস্মাৎ মহানুভাবস্য হরেঃ অভ্যুদয়ঃ পরাক্রমোঽধি অধিকং গণ্যতাং নিরূপ্যতাং॥ ২১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বয়ং বেদেতি যদুক্তং তদুপপাদয়তি ত্বমিতি। হে অমোঘজ্ঞান! তং তস্মাৎ মহানুভাবস্য হরেঃ অভ্যুদয়ঃ পরমমঙ্গলং যশঃ অধি অধিকং গণ্যতাং নিরূপ্যতাং॥ ২১॥

হে যথার্থদর্শিন্! আপনি স্বয়ং যে, সেই পরম পুরুষের অংশসম্ভূত তাহা সম্যক্ বিদিত আছেন; এবং জগতের মঙ্গলকামনায় ভগবান্ যে ইচ্ছাবিগ্রহ পরিগ্রহ করিয়া অবতীর্ণ হন, তাহাও বিশেষরূপে অবগত আছেন। অতএব এতদ্ উভয় পরিজ্ঞাত হইয়া, ভগবান্ শ্রীহরি অবতারাদি চ্ছলে যে সমস্ত লীলা করিয়াছেন, আপনি তাহাই কীর্ত্তন করুন॥ ২১॥

আভাস।

অতএব জগৎ হইতে যিনি পর, অথচ জগৎ যাঁহাতে অবস্থিতি করিতেছে, তিনিই বিশ্বপতি ভগবান্। ব্যাসদেবকে সম্বোধন করিয়া নারদ বলিলেন, যে মায়াধ্যক্ষ জগৎকারণ হইতে এই কার্য্যস্বরূপ ব্রহ্মাণ্ডের উৎপত্তি হইয়াছে, এক্ষণে কার্য্যে কারণের উপচার দ্বারা বিশ্বকে ভগবান্ বলিয়া প্রতীতি হইতেছে; বোধ হয়, আপনি সেই ভগবানের স্বরূপ অবগত আছেন। যেহেতু আপনি জ্ঞানবান্ আচার্য্য ও তাঁহারই অংশ; তথাপি কেবল আপনার চিত্তে সান্ত্বনার জন্য ভগবদ্বিভূতির একাংশ মাত্র আমি কীর্ত্তন করিলাম॥ ২০॥

সর্ব্ব ধর্ম্ম পরিত্যাগ করিয়া এক ভক্তি দ্বারা যে, জীব কৃতার্থ হয়, তাহা পূর্ব্বেই উক্ত হইয়াছে। এক্ষণে সমস্ত ধর্ম্মই যদি ভক্তিপূর্ব্বক আচরিত হয়, তবেই সম্যক্ ফল; নতুবা শ্রম মাত্র। কেবল ভগবদ্ভক্তি লাভের জন্যই যাবতীয় ধর্ম্মের আলোচনা। ভক্তিতে

ইদং হি পুংসস্তপসঃ শ্রুতস্য বা স্বিষ্টস্য সূক্তস্য চ বুদ্ধিদত্তয়োঃ।
অবিচ্যুতোঽর্থঃ কবিভি র্নিরূপিতো যদুত্তমঃশ্লোকগুণানুবর্ণনম্ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

পুংসঃ, ইদং যৎ উত্তমঃশ্লোকগুণানুবর্ণনমেব হি নিশ্চিতং তপসঃ শ্রুতস্য শাস্ত্রশ্রবণস্য, স্বিষ্টস্য শোভনযজনস্য, সূক্তস্য প্রবচনস্য অধ্যয়নস্য, বুদ্ধিদত্তয়োঃ জ্ঞানস্য দানস্য চ, অবিচ্যুতঃ নিত্যঃ, অর্থঃ ফলং, ইতি কবিভিঃ নিরূপিতঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

অনেনৈব তপআদি সর্ব্বং তব সফলং স্যাদিত্যাহ ইদমিতি। শ্রুতাদয়ো ভাবে নিষ্ঠা। ইদমেব হি তপঃশ্রবণাদেরবিচ্যুতো নিত্যঃ অর্থঃ ফলং। কিং তৎ উত্তমঃশ্লোকস্য গুণানুবর্ণনমিতি যৎ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং ধর্ম্মান্ পরিত্যজ্য ভক্ত্যৈব কৃতার্থীভবতীত্যুক্তং, ইদানীং কস্যচিদ্ভক্তস্য কেষুচিদ্ধর্ম্মেষু যদি স্পৃহা স্যাৎ তদা তে ধর্ম্মা অপি ভক্ত্যৈব ভবন্তীত্যাহ ইদং হীতি। পুংসস্তপআদীনাং অবিচ্যুতোঽব্যভিচারী। অর্থো হেতুঃ ইদং উত্তমঃশ্লোকগুণানুবর্ণনমেব নিরূপিতঃ। "অর্থো বিষয়ার্থয়োর্ধনকারণবস্তুনি। অভিধেয়ে চ শব্দানাং নিবৃত্তৌ চ প্রয়োজন ইতি মেদিনী। যৎ কর্ম্মভি র্যৎ তপসা ইত্যাদি ভগবদ্বাক্যাদুক্ত্যা তপআদিফলানামপি সিদ্ধির্ভবেৎ কিং পুনস্তেষাং। স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ। সর্ব্বে বিধিনিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করাঃ। ইত্যাদি বাক্যতঃ সর্ব্বেষামপি ধর্ম্মাণাং কিংপুনস্তপআদিমাত্রাণামিতি। যদ্বা তপস ইতি তপঃ শ্রুতাদিবিধায়কশ্রুতিবাক্যানাং ভগবদ্ভক্তিবিধান এব তাৎপর্য্যং হরিকীর্ত্তনমেবাবিচ্যুতোঽর্থোঽভিধেয়ঃ ধর্ম্মো যস্যাং মদাত্মক ইতি ভগবদুক্তেঃ সর্ব্বশাস্ত্রবাক্যানাং শ্রীভবত্যেব তাৎপর্য্যমিতি শ্রীমধুসূদনসরস্বতীব্যাখ্যানাচ্চ ॥ ২২ ॥

উত্তমঃশ্লোক ভগবান্ শ্রীহরির গুণানুবর্ণন করা হইলেই পুরুষের তপস্যা, বেদাধ্যয়ন, যজ্ঞ, মন্ত্রপাঠ, জ্ঞান ও দানের স্বার্থকতা সম্পাদিত হইয়া, নিত্য ফল উৎপাদিত হয়, বলিয়া কবিগণ নিরূপণ করিয়াছেন ॥ ২২ ॥

আভাস।

উক্ত যে সকল বিধি ও নিষেধ বাক্য আছে, সে সকলের চরম উদ্দেশ্য ঈশ্বরলাভ। ভগবদ্বাক্যেও উক্ত হইয়াছে, তপস্যাদির ফল কেবল ভক্তির দ্বারাই অর্জিত হয়। যে কোন পথে অগ্রসর হওয়া যাউক্ না, ও যে কোন অবস্থাতে জীব পতিত হউক্ না, কখনও যেন ভগবানকে বিস্মৃত না হয়; সর্ব্বদা অন্তর্চিত্তে তাঁহার ধ্যান ও অনুস্মরণ করাই বিধেয়। তাহা হইলে, হে

অহং পুরাতীতভবেঽভবং মুনে দাস্যাস্তু কস্যাশ্চন বেদবাদিনাম্।
নিরূপিতো বালক এব যোগিনাং শুশ্রূষণে প্রাবৃষি নির্বিবিক্ষতাম্ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

হে মুনে! অহং পুরা পূর্ব্বকল্পে, অতীতভবে প্রাগ্জন্মনি, বেদবাদিনাং কস্যাশ্চন দাস্যাঃ গর্ভে জাতঃ, প্রাবৃষি বর্ষাসু, নির্বিবিক্ষতাং একত্রবাসং কর্ত্তুমিচ্ছতাং, যোগিনাং শুশ্রূষণে নিরূপিতঃ এব বালকঃ আসম্ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

সৎসঙ্গতো হরিকথাশ্রবণাদিফলং স্ববৃত্তান্তেন প্রপঞ্চয়তি অহমিতি। অহং পুরা পূর্ব্বকল্পে অতীতভবে পূর্ব্বজন্মনি বেদবাদিনাং দাস্যাঃ সকাশাৎ অভবং জাতোঽস্মি নিরূপিতঃ নিযুক্তঃ ক যোগিনাং শুশ্রূষণে প্রাবৃষি বর্ষোপলক্ষিতে চাতুর্ম্মাস্যে নির্বিবিক্ষতাং নির্ব্বেশমেকত্র-বাসং কর্ত্তুমিচ্ছতাম্ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যাদৃচ্ছিকী ভগবদ্ভক্তকৃপৈব শুদ্ধায়া উক্তলক্ষণায়া ভক্তের্হেতুর্নান্যত্তপআদিকমিতি বক্তুং স্বপূর্ব্ববৃত্তান্তমাহ অহমিতি। পুরা পূর্ব্বকল্পে অতীতভবে পূর্ব্বজন্মনি বেদবাদিনাং কস্যাশ্চন দাস্যাঃ সকাশাদভবং জাতোঽস্মি প্রাবৃষি বর্ষাকালে নির্বিবিক্ষতাং নির্ব্বেশং একত্র-বাসং কর্ত্তুমিচ্ছতাং যোগিনাং তত্রাপ্যহং কৃষ্ণকথাঃ প্রগায়তামিত্যগ্রে বক্ষ্যমাণত্বাদ্ভক্তিযোগ-বতাং শুশ্রূষণে নিরূপিতঃ নিযুক্তোঽস্মি ॥ ২৩ ॥

হে মুনে! আমি পূর্ব্বজন্মে কোন প্রাচীন কল্পে কয়েকজন বেদজ্ঞ ব্রাহ্মণের এক দাসীর গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলাম। বর্ষাগমে চাতুর্ম্মাস্য ব্রতের উপলক্ষে তাঁহারা একত্রাবাসের সংকল্প করিলে, জননী আমাকে শিশু-কালেই তাঁহাদের পরিচর্য্যায় নিযুক্ত করিয়াছিলেন ॥ ২৩ ॥

আভাস।

বেদব্যাস! আপনার তপস্যাদির সমস্ত পরিশ্রমই সফল হইবে ॥ ২২ ॥

তপস্যাদির দ্বারা যে বিশেষ কোন ফল উৎপন্ন হয়, তাহা তত উপাদেয় নহে। ভক্তিই একমাত্র উপাদেয়; এবং তাহা তপস্যা না করিলেও লাভ হইয়া থাকে। বিশেষত ভক্তি-মান্ পুরুষের সংসর্গে, স্বয়ং তপস্যাদিশূন্য হইলেও আশু ফল লাভ হয়, ইহাই নারদ স্বীয় জীবনবৃত্তান্ত বর্ণনের দ্বারা প্রতিপাদন করিতেছেন। অতি নীচ কুলোদ্ভব শ্রৌতাদি গুণবর্জ্জিত হইয়াও কেবল ভক্ত ব্রাহ্মণগণের সংসর্গে অতি অল্প, কেবল চারিমাস কালের মধ্যে তিনি অতি শৈশব কালেই ভগবৎপ্রেম লাভ করিয়া কৃতার্থ হইয়াছিলেন, ইহাই একটী শ্রেষ্ঠ উদাহরণ প্রদর্শিত হইয়াছিল ॥ ২৩ ॥

তে ময্যপেতাখিলচাপলেঽর্ভকে দান্তেঽধৃতক্রীড়নকেঽনুবর্ত্তিনি।
চক্রুঃ কৃপাং যদ্যপি তুল্যদর্শনাঃ শুশ্রূষমাণে মুনয়োঽল্পভাষিণি ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

যদ্যপি তুল্যদর্শনা স্তে মুনয়ঃ অপেতাখিলচাপলে বালোচিতচাঞ্চল্যবর্জ্জিতে, দান্তে জিতেন্দ্রিয়ে, অধৃতক্রীড়নকে ত্যক্তক্রীড়নকে, অনুবর্ত্তিনি আজ্ঞানুসারিণি, অল্পভাষিণি শুশ্রূষমাণে ময়ি, কৃপাং চক্রুঃ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

অপেতানি অখিলানি চাপল্যানি যস্মাৎ তস্মিন্। দান্তে নিয়তেন্দ্রিয়ে। অধৃতক্রীড়নকে ত্যক্তক্রীড়াসাধনকে। অনুবর্ত্তিনি অনুকূলে ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দান্তে নিয়তেন্দ্রিয়ে অধৃতক্রীড়নকে বাল্যোচিতং ক্রীড়নমপ্যকুর্ব্বতি। যদ্যপি তে তুল্যদর্শনা সুশীলেষু দুঃশীলেষু চ সৎকুর্ব্বৎসু তিরস্কুর্ব্বৎসু চ সদাচারেষু দুরাচারেষু চ জগজ্জনেষু যদ্যপি সমদৃষ্টয়ঃ কো বা তেষামনুগ্রাহ্য কো বা নিগ্রাহ্যস্তদপি ময়ি কৃপাং চক্রুঃ সর্ব্বত্র সাম্যেঽপি মহৎসু ভরতপ্রহ্লাদাদিষু কৃপায়া বৈষম্যদর্শনাদিতি ভাবঃ। অত্র মৎসৌশীল্যানুবৃত্ত্যাদিকমনপেক্ষ্যৈব প্রথমং কৃপাং চক্রুঃ। ততশ্চ তৎকৃপাজন্যসৌশীল্যানুবৃত্ত্যাদিকং পুনরপি তেষাং কৃপাতিশয়স্যৈব কারণমভূদিতি তেষাং নিরুপাধিকরণত্বমপ্যবশ্যমেব ব্যাখ্যেয়ং। তে যদ্যপি তুল্যদর্শনাস্তদপি অচাপল্যাদিগুণবিশিষ্টে ময়ি কৃপাঞ্চক্রুরিতি ব্যাখ্যানে গুণদোষদর্শনপ্রসক্ত্যা তেষাং তুল্যদর্শনত্বং ব্যাহন্যেত প্রথমকৃপায়াশ্চ নিরুপাধিত্বং ন স্যাদিতি ন তথা ব্যাখ্যেয়ং। কৃপা হি দ্বিবিধা গুণময়ী নির্গুণা চ। তত্রাদ্যা সর্ব্বেষাং সাংসারিকাণামপি সর্ব্বত্র গুণোপাধিকা যথাসম্ভবং ভবেৎ গুণাপায়ে তদপায়শ্চ দোষে

সেই সমদর্শী ঋষিগণ তাদৃশ বাল্যকালে আমাকে চাপল্যবর্জ্জিত, ক্রীড়ায় অনাশক্ত, মিতভাষী ও ইন্দ্রিয়সংযমন পূর্ব্বক অনবরত তাঁহাদের আজ্ঞানুসরণে শুশ্রূষায় নিযুক্ত দেখিয়া, আমার প্রতি সমধিক অনুগ্রহ করিয়াছিলেন ॥ ২৪ ॥

আভাস।

নারদ বাল্যকালেই চাপল্য পরিহার পূর্ব্বক ক্রীড়াদিতে অনাসক্ত মিতভাষীও দান্তাদিগুণবিশিষ্ট হইয়া, অনবরত তাঁহাদের শুশ্রূষায় নিযুক্ত থাকাতেই যে, ঋষিগণের কৃপা লাভ করিয়াছিলেন, এমন নহে। তাহা হইলে, ঋষিচরিত্রে দোষ স্পর্শ করে। তাঁহাদের নির্ম্মল চরিত্রে কোন দোষের সম্ভাবনা নাই। তাঁহারা কি শত্রু কি মিত্র, কি দুঃশীল কি সুশীল, ! সকলের প্রতিই সমভাব। কাহাকেও অবজ্ঞা বা অত্যাদর করেন না; যে যে ভাবেই তাঁহা-

উচ্ছিষ্টলেপাননুমোদিতো দ্বিজৈঃ সকৃৎ স্ম ভুঞ্জে তদপাস্তকিল্বিষঃ।
এবংপ্রবৃত্তস্য বিশুদ্ধচেতসস্তদ্ধর্ম্ম এবাত্মরুচিঃ প্রজায়তে॥ ২৫॥

অন্বয়ঃ।

দ্বিজৈঃ অনুমোদিতঃ সন্ উচ্ছিষ্টলেপান্, ভোজনাবশিষ্টপাত্রসংলগ্নং অন্নাদিকং, সকৃৎ একবারং, ভুঞ্জে স্ম, তদপাস্তকিল্বিষঃ তেন নিষ্পাপঃ জাতোঽহম্। এবং প্রবৃত্তস্য অথ বিশুদ্ধচেতসঃ মে তদ্ধর্ম্মে এব আত্মরুচিঃ প্রজায়তে স্ম॥ ২৫॥

শ্রীধরস্বামী।

উচ্ছিষ্টস্য লেপান্ ভিক্ষাপাত্রলগ্নান্ তৈর্দ্বিজৈরনুজ্ঞাতঃ সন্ ভুঞ্জে স্ম। তেন ভোজনেন অপাস্তকিল্বিষো জাতোঽস্মি। তেষাং ধর্ম্মে পরমেশ্বরভজন এব আত্মনো মনসঃ রুচিঃ প্রজায়তে স্মেত্যনুষঙ্গঃ॥ ২৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবাদয়শ্চ। দ্বিতীয়া তু নিস্তীর্ণসংসারাণাং তাদৃশানাং পরমভক্তিমতাং নিরুপাধিকৈব সর্ব্বত্র সাম্যেন মায়িকং কমপি গুণমনপেক্ষ্য পিরয়ো মুমুক্ষুস্তোয়ং রুচির মুমুক্ষুঃ শিবং। যথা জ্ঞানামৃতং কালে জ্ঞানিনো দদতে ন বেত্তি শুকোক্তন্যায়েন কদাচিৎ কমপি জনং বিষয়ীকরোতি সা হৃন্তঃকরণস্য গুণকৃতায়াঃ কঠোরতায়া ভগবদ্ভক্ত্যেব ধ্বংসে সতি তয়ৈব দ্রবীভাবমাপাদিতে তত্রৈবান্তঃকরণে আবির্ভবেৎ। যদুক্তং রুচিভিশ্চিত্তমাহন্ত্যকৃদসৌ ভাব উচ্যত ইতি। এবং সতাং কৃপা মহৎসেবা শ্রদ্ধা গুরুপদাশ্রয় ইতি ভূমিকাচতুষ্টয়ং সূচিতং॥ ২৪॥

ততশ্চ উচ্ছিষ্টস্য লেপান্ তেষাং ভোজনপাত্রে লগ্নানোদনান্ সকৃদেকবারং ভুঞ্জে স্ম কীদৃশঃ দ্বিজৈস্তৈস্তদর্থং ময়া প্রার্থিতৈরনুমোদিত দত্তানুজ্ঞঃ তেনৈব অপাস্তানি বিনষ্টানি

একদিন সেই ব্রাহ্মণগণের অনুমত্যনুসারে তাঁহাদের ভোজনাবশিষ্ট পাত্রসংলগ্ন অন্নাদি ভোজন করিয়া আমি নিষ্পাপ হইলাম; এবং ক্রমশঃই সেইরূপ অনুষ্ঠান দ্বারা আমার চিত্তস্থ কলঙ্করাশি বিধৌত হইয়া তদাচরিত শ্রবণকীর্ত্তনাদি ভগবদ্ধর্ম্মে রুচি জন্মিল॥ ২৫॥

আভাস।

দের নিকট আসুন, কৃপা বিতরণ জন্যই তাঁহারা প্রস্তুত; তবে পাত্রানুসারেই সেই কৃপা পতিত হয়। যেহেতু কৃপা দ্বিবিধা; গুণময়ী ও নির্গুণা। সাংসারিক ব্যক্তি স্বীয় গুণ অনুসারে এক জাতীয় কৃপা লাভ করিতে পারেন, যা দোষ অনুসারে লব্ধব্য উপস্থিত কৃপাও বিসর্জ্জন করিয়া থাকেন, তাহাতে অবিচরিত্রে কোন দোষস্পর্শ হয় না। নির্গুণা নিরুপাধিকা কৃপা কেবল পরমভক্তিমান্ সংসারোত্তীর্ণ জনের প্রতিই পতিত হইয়া থাকে।

তত্রান্বহং কৃষ্ণকথাঃ প্রগায়তামনুগ্রহেণাশৃণবং মনোহরাঃ।
তাঃ শ্রদ্ধয়া মেঽনুপদং বিশৃণ্বতঃ প্রিয়শ্রবস্যঙ্গ মমাভবদ্রতিঃ॥ ২৬॥

অন্বয়ঃ

তত্র অন্বহং কৃষ্ণকথাঃ প্রগায়তাং বিপ্রাণাং অনুগ্রহেণ মনোহরাঃ তাঃ কৃষ্ণকথাঃ অহং অশৃণবং; এবং শ্রদ্ধয়া মে প্রিয়শ্রবসঃ হরেঃ, তাঃ কথাঃ অনুপদং প্রত্যেকপদং বিশৃণ্বতঃ মম, তস্মিন্ প্রিয়শ্রবসি কৃষ্ণে, রতিঃ ভক্তির্মতিশ্চ অভবৎ॥ ২৬॥

শ্রীধরস্বামী।

অশৃণবং শ্রুতবানস্মি মে শ্রদ্ধয়া মমৈব স্বতঃসিদ্ধয়া নত্বন্যেন বলাজ্জনিতয়া অতো মমেত্যস্যাপৌনরুক্ত্যম্॥ ২৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চিদ্যাপি ভক্তিপ্রতিবন্ধকা অনর্থা যস্য সঃ ততশ্চ নিত্যমেব ভুক্ততদুচ্ছিষ্টস্য মম শ্রবণকীর্ত্তন-স্মরণাত্মিকা ভক্তিরনায়াসেনৈবাভবদিত্যাহ। এবং প্রবৃত্তস্যান্যস্যাপি জনস্য ভক্তানা-মুচ্ছিষ্টং যো ভুঙ্ক্তে তস্য তেষামেব ধর্ম্মে শ্রবণকীর্ত্তনাদাবাত্মনো মনসো রুচিঃ প্রকর্ষেণা-বশ্যমেব জায়তে এবং ভজনেষু স্পৃহা ভক্তিরনর্থাপগমস্ততঃ নিষ্ঠা রুচিরিতি পঞ্চ ভূমিকা অনেন শ্লোকার্দ্ধেন সূচিতা জ্ঞেয়াঃ॥ ২৫॥

তাঃ শ্রদ্ধয়েতি। শ্রদ্ধাপদেনাসক্তির্দশমী ভূমিকা। অনুপদং প্রতিক্ষণং প্রতি সুপ্তি-ঙন্তং পদং বা মে মম প্রিয়ং শ্রবো যশো যস্য তস্মিন্ প্রিয়শ্রবসি কৃষ্ণে মম রতিরভূদিত্যতো মমেত্যস্যাপৌনরুক্ত্যং কৃষ্ণে রতিরিত্যেকাদশী॥ ২৬॥

অনবরত কৃষ্ণগুণানুগানে প্রবৃত্ত সেই ব্রাহ্মণগণের অনুগ্রহে আমিও সর্ব্বদা হরিকথা শুনিতে পাইতাম; এবং শ্রদ্ধাসহকারে আমার হৃদয়ের সারনিধি ভগবান্ শ্রীকৃষ্ণের অত্যাশ্চর্য্য লীলাপ্রকাশক প্রত্যেক পদগুলি মনঃসংযোগ পূর্ব্বক শ্রবণ করিতে করিতে, আমার হৃদয়ে ভক্তির উদ্রেক হইল॥ ২৬॥

আভাস।

যেমন বারিদ সর্ব্বত্রই বারি বর্ষণ করিয়া থাকে, কিন্তু স্থানের শক্তি অনুসারে, সেই বারি কোথায় বা অমৃততুল্য কোথায় বা নিরর্থক হইয়া থাকে; তদ্রূপ জ্ঞান কালক্রমে অমৃততুল্য হয় এবং কখন বা অধিকারী ভেদে বিষসদৃশ কার্য্য করে। পুনরায় যখন ভগবদ্ভক্তি দ্বারা পাষাণতুল্য অন্তঃকরণও দ্রবীভূত হয়, তখন তাহাতে জ্ঞান রোপিত হইলে উত্তমরূপে বর্দ্ধিত হয়। ভক্তির জন্য চতুর্ব্বিধ ভূমিকা নির্ণীত হইয়াছে; যথা সাধুগণের অনুগ্রহ, পুণ্যশালের সেবা, বেদান্তবাক্যে বিশ্বাস, গুরুচরণে আশ্রয়। এই চারি ভাবের

তস্মিংস্তদা লব্ধরুচের্মহামতে প্রিয়শ্রবস্যস্খলিতা মতির্মম।
যয়াহমেতৎ সদসৎ স্বমায়য়া পশ্যে ময়ি ব্রহ্মণি কল্পিতং পরে ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

হে মহামতে! তদা তস্মিন্ প্রিয়শ্রবসি অচ্যুতে মম অস্খলিতা অচ্যুতা, মতিঃ অভবৎ, যয়া মত্যা অহং এতৎ পরিদৃশ্যমানং সদসৎ (সমষ্টিব্যষ্টিরূপং কার্য্যকারণং) স্বমায়য়া যোগমায়য়া পরে ব্রহ্মণি কল্পিতং, তথা সদসৎ ব্যষ্টিরূপং স্থূলং সূক্ষ্মঞ্চ শরীরং স্বমায়য়া স্বীয়াবিদ্যয়া ময়ি নিত্যমুক্তস্বরূপে গুণাতীতে সাক্ষীভূতে আত্মনি কেবলং কল্পিতং নতু বস্তুতঃ অস্তীতি অহং পশ্যে ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

প্রিয়ং শ্রবো যস্য তস্মিন্ ভগবতি লব্ধরুচের্মম অস্খলিতা অপ্রতিহতা মতিরভবদিত্যনুষঙ্গঃ যয়া মত্যা, পরে প্রপঞ্চাতীতে ব্রহ্মরূপে ময়ি সদসৎ স্থূলং সূক্ষ্মঞ্চ এতচ্ছরীরং স্বমায়য়া স্বাবিদ্যয়া কল্পিতং নতু বস্তুতোঽস্ত্যাত তৎক্ষণমেব পশ্যে পশ্যামি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লব্ধরুচে লব্ধাস্বাদবিশেষস্য স্খলনশূন্যা মতিরভূৎ। স্বমায়য়া হেতুনা ময়ি বর্ত্তমানং যদেতৎ স্থূলং সূক্ষ্মং চ শরীরং তৎ যয়া মত্যা পরে ব্রহ্মণি শ্রীকৃষ্ণে বিষয়ে এব কল্পিতং পশ্যে পশ্যামি কল্পিতং কৢপ্তীকৃতং স্থাপিতমিতি যাবৎ। তথাহি স্থূলং শরীরং ভগবজ্জলকলসবহনদণ্ডবৎপ্রণত্যাদৌ নতু স্বীয়ে ব্যবহারিকে ক্বাপি কৃত্যে। সূক্ষ্মং শ্রবণনয়নমনোবুদ্ধ্যাদিকং তদীয়গুণরূপমাধুর্য্যাস্বাদাদাবেব কল্পিতং নতু বৈষয়িকে ক্বাপি স্বভোগ্যে বস্তুনি ইতি। পশ্যে ইতি যৎ পূর্ব্বং বহ্বায়াসেনাপি ভগবতি কৢপ্তং নাসীৎ তদেব মনোনয়নাদিকং রতৌ জাতায়াং স্বং স্বং বহুকালাভ্যস্তমপি বিষয়ং ত্যক্ত্বা তত্রৈব কৢপ্তমিতি সাক্ষাদনুভবামীত্যর্থঃ ॥ ২৭ ॥

এইরূপে প্রিয়শ্রবা ভগবানে ভক্ত্যুদ্রেকের সঙ্গে সঙ্গেই আমার মতি অস্খলিতভাবে স্থির হইয়া আসিল ; এবং এই বুদ্ধিবলে মায়াময় সমষ্টিও ব্যষ্টিরূপ প্রপঞ্চ জগৎ এবং মায়াতীত পরমব্রহ্মে কল্পিত স্থূল, সূক্ষ্ম ও কারণাত্মক শরীরত্রয়ও স্বীয় অজ্ঞান দ্বারা নিজস্বরূপ আত্মাতে কল্পিত, ইহা আমি বিলক্ষণ উপলব্ধি করিতে পারিলাম ॥ ২৭ ॥

আভাস।

যে কোন ভাবে চিত্ত মার্জ্জিত করা যায়, তদ্দ্বারাই ভক্তির উদ্রেক হইয়া থাকে ॥ ২৪ ॥

সৎসঙ্গের গুণে ও বিদ্যাবিনয়সম্পন্ন সূর্য্যসন্নিভ তেজস্বী ব্রহ্মবিদ্ ব্রাহ্মণগণের প্রসাদ ভোজনের দ্বারা নারদের দেহ ক্রমশঃ পবিত্র হইয়া, ভক্তি ধারণে অধিকারী হইল। তৎপরে

ইত্থং শরৎপ্রাবৃষিকাবৃতূ হরের্বিশৃণ্বতো মেঽনুসবং যশোঽমলং।
সংকীর্ত্ত্যমানং মুনিভির্মহাত্মভির্ভক্তিঃ প্রবৃত্তাত্মরজস্তমোপহা ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

ইত্থং শরৎপ্রাবৃষিকৌ ঋতূ ঋতুদ্বয়ং ব্যাপ্য মহাত্মভিঃ মুনিভিঃ সংকীর্ত্ত্যমানং হরেঃ অমলং যশঃ অনুসবং প্রতিকালং, বিশৃণ্বতঃ মে আত্মনঃ জীবাত্মনঃ রজস্তমোপহা ভক্তিঃ প্রবৃত্তা নদীব প্রকর্ষেণ বর্দ্ধমানা অভূদিত্যর্থঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

এবং শুদ্ধে ত্বংপদার্থে জ্ঞাতে দেহাদিকৃতবিক্ষেপনিবৃত্তেস্তৎকারণভূতরজস্তমোনিবর্ত্তিকা দৃঢ়া ভক্তির্জ্জাতেত্যাহ ইত্থমিতি। হরের্যশঃ অনুসবং ত্রিকালং ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঋতু ঋতুদ্বয়ং ব্যাপ্য অনুসবং প্রতিসময়ং ভক্তিঃ প্রেমা। আত্মনাং জীবমাত্রাণামপি রজস্তমসী অপহন্তীতি সা। তদা তাং ভগবদ্ভক্তিং দৃষ্টবতামন্যেষামপি রজস্তমসোর্নাশোঽভূদিত্যর্থঃ। ভূমিকেয়ং দ্বাদশী। ততো দর্শনসাক্ষান্মাধুর্য্যানুভবাবুত্তরাধ্যায়ে বক্ষ্যেতে ॥২৮

এই প্রকারে শরৎ ও বর্ষা এই ঋতুদ্বয়, সেই মহাত্মা মুনিগণের সংকীর্ত্তিত ভগবান্ শ্রীহরির অমল যশোরাশি অনবরত শ্রবণ করিতে করিতে আমার রজস্তম উন্মূলনী নিশ্চলা ভক্তি ক্রমশই বৃদ্ধি পাইতে লাগিল ॥ ২৮ ॥

আভাস।

তাঁহাদিগের আচরিত ধর্ম্মানুষ্ঠানে ও পাপনাশক সঙ্গলাভ করিয়া, নারদের চিত্তে সত্ত্বগুণের উদয় হইয়া ক্রমশই ধর্ম্মের জন্য আসক্তি বৃদ্ধি হইতে লাগিল। এইরূপ উপাসকের পঞ্চ চিত্তাবস্থারও পরিচয় দেওয়া হইয়াছে। কোন একটী কার্য্যে প্রবৃত্ত হইবার পূর্ব্বে, তৎকার্য্যের শুভাশুভ বিবেচনায় অগ্রসর হওয়া বা না হওয়ার জন্য লোকের যে একটী ইচ্ছা হয়, তাহারই নাম স্পৃহা। ঈশ্বর-ভজনা সম্বন্ধেও এই স্পৃহা প্রথমত জন্মে; তৎপরে ভক্তি, অমঙ্গলনাশ, নিষ্ঠা ও রুচি ক্রমশ পর পর উদয় হইয়া উপাসককে চরিতার্থ করে ॥ ২৫ ॥

ভগবৎপ্রেমের অনির্ব্বচনীয় সামর্থ্য। জ্ঞানবিজ্ঞানবিহীন সামান্য দাসীপুত্র হইয়াও নারদ ব্রহ্মর্ষির পদবী লাভ করিলেন। ভগবদ্ভক্তির নিকট পাত্রাপাত্র কিছুই ভেদ নাই। সুবর্ণ যতই খাদবিশিষ্ট হউক, বহ্নির অন্তর্গত হইলে, সমস্ত কলঙ্ক হইতে বিনির্মুক্ত হইয়া অপূর্ব্ব শোভা ধারণ করে, তদ্রূপ জীবও ঈশ্বরপ্রেমের সন্নিকট হইবা মাত্র বিধৌতচিত্তমল হইয়া আত্মেতে প্রতীয়মান হইতে থাকে। তখন অজ্ঞান দূরীভূত হইয়া পূর্ণজ্ঞান প্রভাবে জীব স্বরূপ পরিজ্ঞাত হইতে পারেন। যেমন সূর্য্যোদয়ে সমস্ত পৃথিবী আলোকিত হয়, এবং

তস্যৈবং মেঽনুরক্তস্য প্রশ্রিতস্য হতৈনসঃ।
শ্রদ্দধানস্য বালস্য দান্তস্যানুচরস্য চ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

তস্য পূর্ব্বোক্তস্য এবংভূতস্য, অনুরক্তস্য প্রশ্রিতস্য, হতৈনসঃ বিগতপাপস্য, শ্রদ্দধানস্য দান্তস্য অনুচরস্য বালস্য মে ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

তস্যৈবমিতি। জ্ঞাতশুদ্ধত্বম্পদার্থস্য দৃঢ়ভক্তিমতো মে প্রশ্রিতস্য বিনীতস্য ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্যৈবংভূতস্য মে মম উৎপন্নপ্রেমভক্তেঃ সাক্ষাদ্ভগবতা দেবকীনন্দনেন উদিতং। জ্ঞায়তে হনেনেতি জ্ঞানং জ্ঞানশাস্ত্রং তচ্চ কেবলজ্ঞানপ্রধানাৎ ভক্তিমিশ্রজ্ঞানপ্রধানং শাস্ত্রগুহ্যং ততোঽপি জ্ঞানমিশ্রভক্তিপ্রধানং গুহ্যতরং ততোঽপি কেবলভক্তিপ্রধানং গুহ্যতমং যদুক্তবং ব্রহ্মাণঞ্চ প্রতি শ্রীভাগবতম্। অর্জ্জুনং প্রতি শ্রীগীতাভিধং চ। গমিষ্যন্তঃ খো বয়ং যাস্যাম ইতি বিভাব্য অববোচন্ উপদিষ্টবন্তঃ ॥ ২৯ ॥

এইরূপে নিতান্ত বিনয়ী শ্রদ্ধালু এবং জিতেন্দ্রিয়ভাবে ও নিষ্পাপচিত্তে সেই যোগিগণের আজ্ঞা পালন করাতেও আমাকে নিতান্ত শিশু দেখিয়া,

আভাস।

জীব তদীয় আলোক প্রভাবে এমন একটী অভিব্যঙ্গা শক্তি লাভ করে, যাহার বলে সমগ্র দৃশ্যজাত দর্শন করে ও তৎসঙ্গে শক্তিদাতা সূর্য্যকেও দর্শনে সমর্থ হয়, সেইরূপ ভগবদ্-উপাসক যতই ঘোর অজ্ঞানময় নিভৃত স্থানে পঙ্গুর ন্যায় বাস করুক! ঈশ্বরপ্রেমের উদয়ে সমস্ত অজ্ঞান তিরোহিত হইয়া তাহার হৃদয়ে অমল জ্ঞানজ্যোতির প্রকাশ হয়। ভগবৎ-কৃপাবলে এমন অলৌকিক শক্তি লাভ করে যে, তাহার সমস্ত বিকল ইন্দ্রিয়ও সবল হয়; মন, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত স্ব স্ব বৃত্তিনৈপুণ্যের দ্বারা চতুর্বিংশতি তত্ত্ব বিচার করত, জীবের স্বরূপ, জগতের স্বরূপ ও ভগবৎস্বরূপ উপলব্ধি করিয়া সম্যক্ কৃতার্থ হয়। এখানে নারদও এক ভক্তিবলে তত্ত্ব সকলের বিচার করিয়া, শুদ্ধ চৈতন্যময় আনন্দস্বরূপ জীবলক্ষণ পরিজ্ঞাত হইলেন। স্থূল, সূক্ষ্ম ও কারণ নামক শরীরত্রয় যে স্বীয় অজ্ঞান দ্বারা উক্ত জীবের উপরই আরোপিত হইয়াছে, তাহাও প্রতীতি করিলেন। পরে দেখিলেন, একটী দুইটী জীব বা জগৎ কেন? অসংখ্য জীব ও অসংখ্য জগৎ সেই ইচ্ছাময়ের ইচ্ছানাম্নী যোগমায়ায় রচিত হইয়া, তদধিষ্ঠানেই কল্পিত হইতেছে; অথচ তিনি নিজে চৈতন্যময় অখণ্ড আনন্দৈকরসমূর্ত্তিতে বিরাজ করিতেছেন ॥ ২৮ ॥ ২৯ ॥

স্বরূপজ্ঞান লাভ করিলে জীব নিজের স্বরূপ, মায়া ও ঈশ্বর-স্বরূপ অবগত হইতে পারে। এখনে জীব ও মায়া, ঈশ্বর হইতে ভিন্ন কি না? এতদর্থে প্রকাশ করিলেন,

জ্ঞানং গুহ্যতমং যত্তৎ সাক্ষাদ্ভগবতোদিতং।
অন্ববোচন্ গমিষ্যন্তঃ কৃপয়াদীনবৎসলাঃ॥ ৩০॥

অন্বয়ঃ।

তৎস্থানাৎ গমিষ্যন্তঃ গন্তুমিচ্ছন্তঃ দীনবৎসলাঃ ঋষয়ঃ সাক্ষাৎ ভগবতা নারায়ণেন, উদিতং কথিতং, যৎ গুহ্যতমং জ্ঞানং তৎকৃপয়া অন্ববোচন্ উপদিষ্টবন্তঃ॥ ৩০॥

শ্রীধরস্বামী।

গুহ্যতমমিতি। সাধনভূতধর্ম্মতত্ত্বজ্ঞানং গুহ্যং। তৎসাধ্যং বিবিক্তাত্মজ্ঞানং গুহ্যতরং তৎপ্রাপ্যেশ্বরজ্ঞানং গুহ্যতমং। ভগবতোদিতং ভাগবতশাস্ত্রং অন্ববোচন্ উপদিষ্টবন্তঃ॥৩০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যেনৈব শ্রীভাগবতেন ভগবতো মায়ায়াশ্চিচ্ছক্তেরৈশ্বর্য্যমাধুর্য্যজ্ঞানস্য কৃপাশক্তেস্ত্রিগুণ-মায়াশক্তেশ্চ অনুভাবং কার্য্যং প্রভাবং বা অবিদং জ্ঞাতবানস্মি। ত্রিগুণাত্মিকাথ জ্ঞানঞ্চ বিষ্ণুশক্তিস্তথৈবচ। মায়াশব্দেন ভণ্যন্তে শব্দতত্ত্বার্থবেদিভিরিতি শব্দমহোদধিঃ। মায়া চ বয়ুনং জ্ঞানমিতি নির্ঘণ্টুঃ। মায়া স্যাচ্ছাম্বরীবুদ্ধ্যোরিতি ত্রিকাণ্ডশেষঃ। মায়া দম্ভে কৃপায়াঞ্চেতি বিশ্বঃ। অতএব স্বরূপভূতয়া নিত্যশক্ত্যা মায়াখ্যয়া যুতঃ। অতো মায়াময়ং বিষ্ণুং প্রবদন্তি সনাতনমিতি মাধ্বভাষ্যপ্রমাণিতা শ্রুতিশ্চ। এবমগ্রিমেষু গ্রন্থেষ্বপি মায়া-শব্দেন যথাসম্ভবং চিচ্ছক্তিত্রিগুণশক্ত্যাদয়ো বাচনীয়াঃ॥ ৩০॥

দীনবৎসল ঋষিগণ আমার প্রতি কৃপা প্রদর্শন পূর্ব্বক শ্রীকৃষ্ণপ্রোক্ত পরম-গুহ্য দিব্য আত্মতত্ত্বের জ্ঞান আমাকে উপদেশ দেন॥ ২৯॥ ৩০॥

আভাস।

"ভগবতো মায়ানুভাবং"। জীব ও জগতের উৎপাদানস্থানীয়া অচিন্ত্যশক্তি মায়া স্বয়ংসিদ্ধা নহেন। গীতাতেও উক্ত হইয়াছে, "অপরেয়মিত স্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাং। জীব-ভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ"। ভগবানেরই মায়ানামে অনন্তশক্তিরূপিণী প্রকৃতিতে ঈশ্বরেচ্ছায় অনন্ত ভাবের উদ্ভাসিত হইয়া, কোথায় বা জীবরূপে কোথায়ও বা জড়রূপের ভাণ হইতেছে। একস্থানে চিচ্ছক্তি জীবরূপে প্রকাশ হইয়া, ঐশ্বর্য্য ও মাধুর্য্যাদি অনুভব করিতেছে; অপরদিকে কৃপাশক্তির উদয়ে, ভোগ্য পদার্থ ও ভোগায়তন দেহ রচিত হইয়া জড়নামে অভিহিত হইতেছে। শাস্ত্রান্তরে কথিত আছে যে, ত্রিগুণাত্মক জ্ঞানও বিষ্ণুশক্তি। শব্দতত্ত্বজ্ঞ পণ্ডিতগণ তাহাকেও মায়ানাম প্রদান করিয়াছেন। ভগবানের স্বরূপভূতা নিত্যশক্তিই মায়া এবং ভগবান্ বিষ্ণু ও মায়াময়। সাধন দ্বারা হৃদয়ে যে তত্ত্ব-জ্ঞানের উদয় হয়, তাহা অতি গুহ্য। আবার সেই তত্ত্বজ্ঞানের দ্বারা জ্ঞাতার স্বীয় স্বরূপের-অবধারণ গুহ্যতর; এই উভয়ের জ্ঞানপূর্ব্বক সর্ব্বনিয়ন্তা ঈশ্বরের স্বরূপজ্ঞানই গুহ্যতম।

যেনৈবাহং ভগবতো বাসুদেবস্য বেধসঃ।
মায়ানুভাবমবিদং যেন গচ্ছন্তি তৎপদং॥ ৩১॥
এতৎ সংসূচিতং ব্রহ্মংস্তাপত্রয়চিকিৎসিতং।

অন্বয়ঃ।

যেনৈব ত্বংপদার্থজ্ঞানেন ভগবতঃ ষড়ৈশ্বর্য্যবতঃ, বেধসঃ মায়াপ্রবর্ত্তকস্য, বাসুদেবস্য মায়ানুভাবং (মায়ায়াঃ ত্রিগুণশক্তেশ্চ অনুভাবং মাহাত্ম্যং কার্য্যং) অবিদং যেন জ্ঞানেন তৎপদং ব্রহ্মপদং, গচ্ছন্তি॥ ৩১॥

হে ব্রহ্মন্! ঈশ্বরে ভগবতি ব্রহ্মণি ভাবিতং অর্পিতং, যৎ কর্ম্ম তদেব তাপত্রয়চিকিৎ-

শ্রীধরস্বামী।

তদেব জ্ঞানং পূর্ব্বোক্তত্বম্পদার্থজ্ঞানাদ্বিবেকেন দর্শয়তি যেনৈবেতি। অবিদং জ্ঞাতবানহং॥ ৩১॥

তৎসাধনধর্ম্মরহস্যঞ্চ সূচিতমিত্যাহ এতদিতি। তাপত্রয়স্য আধ্যাত্মিকাদেশ্চিকিৎসিতং ভেষজং তন্নিবর্ত্তকং সত্ত্বশোধকমিতি যাবৎ। কিং তৎ। ভগবতি ভাবিতং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবঞ্চ শুদ্ধাং নির্গুণাং ভক্তিং ময়ি প্রেমপর্য্যন্তাং প্রবর্ত্ত্য অনুভাব্যচ ভক্তেঃ সাক্ষাদ্বাচকং ভগবদুক্তং শ্রীভাগবতশাস্ত্রং চোপদিশ্য জ্ঞানকারণং জ্ঞানঞ্চ মোক্ষপ্রয়োজনকমজিজ্ঞাসবেঽপি মহ্যং। সংপ্রতি বালস্যাস্য বয়োবৃদ্ধাবায়ত্যাং কদাচিৎ জিজ্ঞাসা জনিষ্যতে বেতি বিভাব্য নৈরপেক্ষার্থং ভঙ্গ্যা জ্ঞাপিতমিত্যাহ এতদিতি। সংসূচিতং নতু সাক্ষাদুক্তং মৎপ্রয়োজনাভাবাদিতি ভাবঃ। কিন্তৎ তাপত্রয়স্যাধ্যাত্মিকাদেঃ চিকিৎসিতং ভেষজং নিবর্ত্তকং। তদেব কিং যৎ স্বস্বভাবানুসারেণ ঈশ্বরে পরমাত্মনি বা ভগবতি ষড়ৈশ্বর্য্যবতি বা ব্রহ্মণি তদীয়নির্ব্বিশেষস্বরূপে বা কর্ম্ম ভাবিতং সমর্পিতং॥ ৩১॥

নন্ু সংসারহেতোঃ কর্ম্মণঃ কথং তাপত্রয়নিবর্ত্তকত্বং সত্যং সামগ্রীভেদেন ঘটত ইতি

এই জ্ঞানলাভে আমি সর্ব্ববিধানকর্ত্তা সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন বাসুদেবের মায়াকার্য্যবর্গ অবগত হইয়াছি। ইহা জানিতে পারিলে, জীব অনায়াসে মোক্ষপদ লাভ করিয়া থাকে॥ ৩১॥

হে ব্রহ্মন্! সর্ব্বনিয়ন্তা সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ অচ্যুত পরমব্রহ্মে সমর্পিত যাব-

আভাস।

অতএব ত্বংপদবাচ্য জীবের স্বরূপ নির্ণয় হইলে, নারদ তৎপদলক্ষ্য ভগবানের স্বরূপ কেবল ভক্তি ও ভক্তকৃপাবলে লাভ করিয়া কৃতকৃতার্থ হইয়াছিলেন॥ ৩০॥ ৩১॥

পূর্ব্বশ্লোকে নির্ণয় করা হইয়াছে যে, তপস্যা শ্রৌতজ্ঞান ও বিদ্যা ভক্তিহীন হইলে, কোন সুফল প্রদান করে না। এখানে বলিতেছেন যে, সমগ্র বেদোক্ত ক্রিয়া কলাপও যদি

যদীশ্বরে ভগবতি কর্ম্ম ব্রহ্মণি ভাবিতং ॥ ৩২ ॥

আময়ো যশ্চ ভূতানাং জায়তে যেন সুব্রত।

তদেব হ্যাময়ং দ্রব্যং ন পুনাতি চিকিৎসিতং ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

সিতং আধ্যাত্মিকাধিদৈবিকাধিভৌতিকদুঃখত্রয়স্য নির্ম্মূলনং ইতি, এতৎ সংসূচিতং অবান্তরেণোক্তম্ ॥ ৩২ ॥

হে সুব্রত! ভূতানাং যশ্চ আময়ঃ রোগঃ যেন দ্রব্যেণ জায়তে, তদেব দ্রব্যং পুনঃ চিকিৎসিতং দ্রব্যান্তরেণ মিশ্রিতং, সৎ আময়ং হি যতঃ পুনাতি নাশয়তি ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

সমর্পিতং যৎ কর্ম্ম তৎ। কথম্ভূতে ভগবতি ঈশ্বরে সর্ব্বনিয়ন্তরি এবমপি চ ব্রহ্মণি অপ্রচ্যুতপূর্ণরূপে ॥ ৩২ ॥

নন্বু সংসারহেতোঃ কর্ম্মণঃ কথং তাপত্রয়নিবর্ত্তকত্বং সামগ্রীভেদেন ঘটত ইতি সদৃষ্টান্তমাহ দ্বাভ্যাং। যশ্চাময়ো রোগঃ যেন ঘৃতাদিনা জায়তে তদেব কেবলমাময়কারণভূতং দ্রব্যং তং আময়ং ন পুনাতি ন নিবর্ত্তয়তীত্যর্থঃ। কিন্তু চিকিৎসিতং দ্রব্যান্তরৈর্ভাবিতং সৎ পুনাত্যেব যথা ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সদৃষ্টান্তমাহ দ্বাভ্যাং। য আময়ো রোগঃ যেন ঘৃতাদিনা জায়তে তদেব ঘৃতাদি দ্রব্যং চিকিৎসিতমৌষধান্তরবাসিতং সৎ আময়ং ন পুনাতি ন রক্ষতি নাশয়তীতি যাবৎ পুনাতিরত্র রক্ষণার্থকো জ্ঞেয়ঃ ॥ ৩২ ॥

ক্রিয়াযোগাঃ কর্ম্মযোগাঃ সর্ব্বে নিত্যাঃ কাম্যাঃ নৈমিত্তিকাশ্চ নিষ্কামাঃ পরমেশ্বরে কল্পিতাঃ সমর্পিতাঃ সন্তঃ আত্মবিনাশাৎ কর্ম্মনিবৃত্তয়ে কল্পন্তে সমর্থা ভবন্তি ॥ ৩৩ ॥

তীয় কর্ম্ম আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক নামক দুঃখত্রয় নিমূলনের মহৌষধ বলিয়া শাস্ত্রজ্ঞগণ সুস্পষ্ট নির্ণয় করিয়াছেন ॥ ৩২ ॥

হে দৃঢ়ব্রত! যেমন জীবের রোগোৎপাদক কোন সামগ্রী রাসায়নিক বিজ্ঞানবলে দ্রব্যান্তরের সহিত মিশ্রিত হইয়া পুনর্ব্বার সেই রোগেরই উপশম করিয়া থাকে ॥ ৩৩ ॥

আভাস।

ভক্তিপূর্ব্বক আচরিত না হয়, তদ্দ্বারা জীব নিস্তীর্ণ হওয়া দূরে থাকুক, বরং ঘোর সংসারের গভীর গর্ত্তেই অবগাহন করিয়া থাকে। সকল কার্য্য নির্ব্বাহেরই একটী কৌশল আছে; সেটী না জানিলে, কর্ম্ম সম্পন্ন হয় না। এস্থলে বেদোক্ত কর্ম্ম নিষ্পাদনের প্রধান কৌশলই স্বয়ং কর্ম্ম সমাপন করিয়া, মনে মনে সর্ব্বফলদাতার চরণকমলে সিদ্ধফলদ্বারে সমর্পণই

এবং নৃণাং ক্রিয়াযোগাঃ সর্ব্বে সংসৃতিহেতবঃ।
ত এবাত্মবিনাশায় কল্পন্তে কল্পিতাঃ পরে ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

এবং তে এব সংসৃতিহেতবঃ বন্ধহেতবঃ ক্রিয়াযোগাঃ, পরে পরমাত্মনি, কল্পিতাঃ অর্পিতাঃ, সন্তঃ আত্মবিনাশায় কর্ম্মনিবৃত্তয়ে মোক্ষায়, কল্পন্তে প্রভবন্তি ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

আত্মবিনাশায় কর্ম্মনিবৃত্তয়ে কল্পন্তে সমর্থা ভবন্তি। পরে ঈশ্বরে কল্পিতা অর্পিতাঃ সন্তঃ। তত্রচ প্রথমং মহৎসেবা ততস্তৎকৃপা ততস্তদ্ধর্ম্ম শ্রদ্ধা ততো ভগবৎকথাশ্রবণং ততো ভগবতি রতিঃ। তয়া চ দেহদ্বয়বিবেকাত্মজ্ঞানং। ততো দৃঢ়া ভক্তিঃ। ততো ভগবত্তত্ত্বজ্ঞানং। ততস্তৎ-কৃপয়া সর্ব্বজ্ঞত্বাদিভগবদ্‌গুণাবির্ভাবঃ। ইতি ক্রমো দর্শিতঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবেশ্বরার্পিতং কর্ম্ম সত্ত্বশোধকত্বাৎ জ্ঞানসাধনং ভবতীত্যাহ। ভগবদর্পিতত্বাৎ ভগবৎ-পরিতোষণং নিষ্কামং যৎ কর্ম্ম তদধীনং জ্ঞানং তজ্জন্যত্বাদিত্যর্থঃ। কীদৃশং যদ্ভক্তিযোগসমন্বিতং

সেইরূপ যে সমস্ত কর্ম্মযোগের দ্বারা ভোগের বৃদ্ধি করত জীবের সংসার-বন্ধন দৃঢ় হয়, তৎসমুদয় কর্ম্মই আবার যদি ভগবানে অর্পিত হয়, তাহা হইলে কর্ম্মবন্ধন শিথিল হইয়া, জীব মুক্তিলাভ করিয়া থাকে ॥ ৩৪ ॥

আভাস।

কর্ত্তব্য। যেমন পারদ মনুষ্যাদির দেহ মধ্যে স্পর্শমাত্রে ব্যাধির উৎপাদন করিয়া, কালক্রমে তীব্র বিষের ন্যায় তাহাকে অকালে কালগ্রাসে নিপাতিত করে; কিন্তু সেই বিষসদৃশ পারদও আবার যদি স্বর্ণাদি দ্রব্যান্তরে মিশ্রিত হইয়া মকরধ্বজরূপে পরিণত হয়, তখন দেহস্থ পারদ দোষ-জনিত মহাব্যাধিকেও নিবারণ করে; তদ্রূপ শরীরোৎপাদক সমস্ত কাম্যাদি কর্ম্ম ভগবচ্চরণ-স্পর্শে দোষনির্দগ্ধ হইয়া, কেবল অমৃতস্বরূপ মোক্ষকেই উৎপাদন করিয়া থাকে। তখন আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক দুঃখত্রয়ের লেশ মাত্রও অনুভূত হয় না। দুঃখত্রয়ের নিবারণে, শান্তি এবং তৎপরাকাষ্ঠা অতুল আনন্দ লাভ হইয়া থাকে। এই শ্লোকে স্বীকার করা হইয়াছে যে, যোগী, ভক্ত ও জ্ঞানী এই ত্রিবিধ অধিকারীরই সমর্পণের সামর্থ্য আছে। শ্লোকে লিখিয়াছেন, "ঈশ্বরে ভগবতি ব্রহ্মণি" এই তিনটী শব্দ প্রয়োগের উদ্দেশ্যই এই যে, যে ভাবেই তাঁহাকে ডাকা যাউক্, তিনি এক। তবে সাধকের কল্পনা অনুসারে তাঁহার নাম ও রূপাদির কল্পনা হইয়া থাকে মাত্র। যোগিগণ তাঁহাকে ঈশ্বর বলিতেছেন; ভক্তগণ তাঁহার ঐশ্বর্য্যাদি দর্শনে পরিতুষ্ট হইয়া ভগবান্ বলিতেছেন; জ্ঞানিগণ তাঁহাকেই আবার ব্রহ্ম বলিতেছেন।

যদত্র ক্রিয়তে কর্ম্ম ভগবৎপরিতোষণং।
জ্ঞানং যত্তদধীনং হি ভক্তিযোগসমন্বিতং ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

যৎ ভক্তিযোগসমন্বিতং মোক্ষদায়কং জ্ঞানং ইতি তদপি তৎ কর্ম্মাধীনং যৎ কর্ম্ম ভগবৎ-পরিতোষণং কর্ম্ম ইতি ক্রিয়তে ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

নহু চ জ্ঞানেনাজ্ঞানপ্রাপ্তকর্ম্মনাশঃ তচ্চ জ্ঞানং ভক্তিযোগাদ্ভবতি। কথং কর্ম্মণা কর্ম্মনাশঃ স্যাত্তত্রাহ যদিতি ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যস্য ভক্তিরহিতস্য জ্ঞানস্য তু মোক্ষসাধকত্বাশঙ্কে নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতমিত্যাদিনা তিরস্কার এব দৃষ্টঃ ॥ ৩৪ ॥ ৩৫ ॥

ভক্তিমিশ্র জ্ঞানই মোক্ষসাধক; এবং সেই জ্ঞানও ভগবৎতুষ্টি-জনক কর্ম্মের দ্বারা অর্জ্জিত হইয়া থাকে ॥ ৩৫ ॥

আভাস।

কিন্তু যে অধিকারীই হও! এবং যে কর্ম্মই কর! তাঁহাকে অর্পণ করা প্রয়োজন। ঈশ্বরে কর্ম্মার্পণের অভ্যাস করিলে, প্রথমত মহাত্মাগণের সেবায় প্রবৃত্তি জন্মে; সেই সেবার দ্বারা তাঁহাদিগের কৃপার উদয় হয়; তৎপরে তাঁহাদের আচরিত ধর্ম্মে কর্ম্মীর শ্রদ্ধা জন্মে; পরে ভগবৎকথা শ্রবণে ইচ্ছা, তৎপরে ভগবানে রতি এবং এই রতি দ্বারা স্থূল সূক্ষ্ম উভয় দেহের ভান হইয়া, ভগবানে দৃঢ়া ভক্তি জন্মে ও ভগবত্তত্ত্বের সাক্ষাৎকার হয়; তাহার ফলে ঈশ্বর-কৃপায় সর্ব্বজ্ঞত্বাদি ঐশ্বর্য্যের আবির্ভাবে সাধক কৃতার্থ হন ॥ ৩২—৩৪ ॥

জ্ঞানের দ্বারা অজ্ঞান বিনিবৃত্ত হইয়া, সংসার ধ্বংস হয় বটে; কিন্তু সে জ্ঞানেও যদি ঈশ্বরের আরাধনা না থাকে, তাহা হইলেও তাহা বৃথা। জীবত্ব সঙ্গক (অহং) জ্ঞানপূর্ব্বক যে বুদ্ধির উদয় হয়, তাহাই মোক্ষসাধক। সে বুদ্ধি কেবল বিচারের দ্বারা পাওয়া যায় না। তাহা লাভ করিতে হইলে, ঈশ্বরার্পিত কর্ম্মসাধনের প্রয়োজন। সুতরাং সাক্ষাৎ সম্বন্ধে জ্ঞানই মোক্ষের সাধক হইলেও, অবান্তর কারণে, ভক্তিপূর্ব্বক আচরিত কর্ম্মই মোক্ষসাধক বলিয়া শাস্ত্রে কীর্ত্তিত হইয়াছে ॥ ৩৫ ॥

ভক্তিযোগ অর্জ্জন করিতে হইলে, ঈশ্বরার্পিত কর্ম্মানুষ্ঠানের প্রয়োজন। শ্রীকৃষ্ণ স্বয়ং গীতাদি বাক্যের দ্বারা প্রকাশ করিয়াছেন, হে অর্জ্জুন! যে কোন ব্যবহারিক পান ভোজনাদি কর্ম্ম অথবা যজ্ঞ, দান ও তপস্যাদি যাহা কিছু কর, সমস্ত কর্ম্মই আমাতে সমর্পণ পূর্ব্বক নির্ব্বাহ

কুর্ব্বাণা যত্র কর্ম্মাণি ভগবচ্ছিক্ষয়াসকৃৎ।
গৃণন্তি গুণনামানি কৃষ্ণস্যানুস্মরন্তি চ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

যত্র যদা ভগবচ্ছিক্ষয়া "যৎ করোষি যদশ্নাসীতি" গীতাদ্যুক্তয়া শিক্ষয়া, কর্ম্মাণি অসকৃৎ কুর্ব্বাণাঃ ভবন্তি, তদা তে কৃতিনঃ কৃষ্ণস্য গুণনামানি গৃণন্তি অনুস্মরন্তি চ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

ভগবদর্পণেন ক্রিয়মাণং কর্ম্ম ভক্তিযোগং জনয়তীতি সদাচারেণ দর্শয়তি কুর্ব্বাণা ইতি। যত্র যদা ভগবতঃ শিক্ষয়া কর্ম্মাণি কুর্ব্বাণা ভবন্তি। তদা শ্রীকৃষ্ণস্য গুণনামানি গৃণন্তি অনুস্মরন্তি চ কৃষ্ণমিত্যর্থঃ। ইয়ং হি ভগবচ্ছিক্ষা, যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যত্তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণমিতি ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং ভক্তিমিশ্রেণ কর্ম্মণা ভক্তিমিশ্রং জ্ঞানং মোক্ষসাধনং ভবতীতি উক্তং, ইদানীং ভক্তিমিশ্রনিষ্কামকর্ম্মবতাং তাদৃশভক্তসঙ্গভাগ্যেন কেষাঞ্চিৎ কদাচিৎ কর্ম্মমিশ্রা ভক্তিরপি ভবেদিত্যাহ কুর্ব্বাণা ইতি। যত্র ভক্তিমিশ্রকর্ম্মণি স্থিতা অকস্মাদ্ভক্তসঙ্গভাগ্যেন ভগবচ্ছিক্ষয়া কর্ম্মাণি কুর্ব্বাণাঃ সন্তঃ কেচিৎ কৃষ্ণস্য গুণনামানি গৃণন্তি স্মরন্তি চ কীর্ত্তনস্মরণাদ্যাত্মিকাং ভক্তিং কুর্ব্বন্তীত্যর্থঃ। ভগবচ্ছিক্ষা চেয়ং। যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যত্তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণমিতি। শিক্ষায়াশ্চাস্যা ভক্তিপ্রকরণপঠিতত্বাৎ ন কর্ম্মিবিষয়তয়া ব্যাখ্যা যুক্তা। কর্ম্মিণো হি কর্ম্মবৈফল্যাভাবার্থং বৈদিকমেব কর্ম্মার্পয়ন্তি। ভক্তাস্তু ভগবৎস্বামিকত্বেনৈবাত্মানং জানন্তঃ স্বকর্ত্তব্যং বৈদিকং লৌকিকং দৈহিকং চ কর্ম্ম

ভক্ত অর্জ্জুনের প্রতি শ্রীকৃষ্ণ কথিত (যৎ করোষীতি) উপদেশ বাক্য অনুসারে কর্ম্ম নিষ্পাদন করিয়া, তদীয় লীলা ও লীলাসূচক নামসমূহের কীর্ত্তন, শ্রবণ ও মনে মনে অনবরত ধ্যান করাই ভগবানের সন্তোষপ্রদ কর্ম্ম; যাহার বলে ধার্ম্মিকগণ ভক্তিপূর্ব্বক জ্ঞান-লাভে সমর্থ হন ॥ ৩৬ ॥

আভাস।

কর! বৈদিক কর্ম্ম নির্ব্বাহ কালে, "অজ্ঞানাদ্যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ। স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাদিতি শ্রুতিঃ" ॥ এই শ্রুতিতে উক্ত বিধান অনুসারে যদি ভগবানকে স্মরণ করিলে মাত্র অসম্পূর্ণ কর্ম্মও সম্পূর্ণ হয়, তখন ভক্তগণ আপনাদিগকে ভগবানের দাস বিবেচনায়, কর্ত্তব্য বৈদিক, লৌকিক ও দৈহিক ক্রিয়া সকল তৎপ্রেরিতের ন্যায় সমাধা করত, স্বয়ং কোন ফলের প্রত্যাশা না করিয়া, যাঁহার অনুমোদিত কর্ম্ম, তিনিই তাহার ফলভোগী বোধে নিরস্ত থাকিলে, কেন না তাঁহার সংসার-লীলারূপ বিচিত্র ভোগপ্রদ

ওঁ নমো ভগবতে তুভ্যং বাসুদেবায় ধীমহি।
প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায় চ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

ওঁ নমো ভগবতে তুভ্যং বাসুদেবায় ধীমহি, প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায় চ ইতি।

শ্রীধরস্বামী।

কীর্ত্তনস্মরণরূপভক্তিহেতুত্বমুক্তং ; জ্ঞানহেতুত্বমাহ ওঁ নম ইতি দ্বাভ্যাং। নমো ধীমহি মনসা নমনং কুর্ব্বীমহি ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বপ্রভুপ্রবর্ত্ত্যমানং প্রতিযন্তঃ সর্ব্বমেব তস্মিন্ সমর্পয়ন্তীতি মহান্ ভেদঃ। অতএবাত্র যদশ্নাসীত্যুপন্যস্তং, এবমেব তত্র শ্রীরামানুজাচার্য্যচরণৈরপি ব্যাখ্যাতং, অত্র কুর্ব্বাণা ইতি বর্ত্তমাননির্দ্দেশাৎ। ভক্তিং কুর্ব্বন্তীত্যাখ্যাতক্রিয়ায়া মুখ্যত্বাচ্চেয়ং কর্ম্মযোগসহিতা ভক্তিরিত্যতো ভক্তেরস্যাঃ কর্ম্মমিশ্রতা জ্ঞেয়া। কর্ম্মমিশ্রয়া ভক্ত্যা সাধ্যা জ্ঞানমিশ্রতয়া চ সাধ্যা মুক্তিসহিতা ভগবৎপ্রতিঃ শান্তভক্তিনাম্নী আত্মারামাশ্চ মুনয় ইত্যাদের্জ্ঞেয়া ॥ ৩৬ ॥

তদেবং ভক্তিরহিতানাং জ্ঞানকর্ম্মাদীনাং নৈষ্কর্ম্যেত্যাদিনা নিন্দয়া সর্ব্বথা হেয়ত্বমুক্ত্বা ত্যক্ত্বা স্বধর্ম্মমিত্যাদি শ্লোকত্রয্যা পরমোপাদেয়াং শুদ্ধাং নির্গুণাং ভক্তিং স্তুত্বা অহং পুরাতীতভবে ইত্যাদি শ্লোকষট্‌কেন তস্যা এব ভক্তেরাবির্ভাবপ্রকারং প্রেমপর্য্যন্তাং বৃত্তিঞ্চোক্ত্বা অধিকারি-

হে ভগবন্! আপনি প্রণব মূর্ত্তি, সর্ব্বৈশ্বর্য্যে পূর্ণ-বিশ্বাধার! আপনি সঙ্কর্ষণ, অনিরুদ্ধ ও প্রদ্যুম্নরূপে সৃষ্টি, পালন ও নাশ করিতেছেন! আপনাকে প্রণাম করি! ॥ ৩৭ ॥

আভাস।

কর্ম্মের আশু পরিসমাপ্তি হইবে? জীবন-নাশক জঙ্গম বিষসমূহ যেরূপ রাসায়নিক বিজ্ঞান-বলে অগ্নি আদি পদার্থ-সংযোগে পরিত্র হইয়া, সূচিকাভরণাদি নাম ধারণে, উৎকট ব্যাধি হইতে মুক্ত করত জীবের জীবন দান করে; তদ্রূপ কর্ম্ম সকলও সংসারোৎপাদনের মূলীভূত কারণ হইলেও, ভগবানে কেবল অর্পিত হইবার গুণে বিধৌতমল হইয়া, বিপরীত মোক্ষফলেরই উৎপাদন করিয়া থাকে। যদি প্রতিপদে নিজের পুরুষকার বিসর্জ্জন করিয়া, অনন্যশরণে ভগবানের কৃপার অপেক্ষা করা হয়, তবেই প্রকৃত ভক্তির উদ্রেক বলা যায়; এবং তাহার অবান্তর ফলই নিশ্চয় মোক্ষ ॥ ৩৬ ॥

ভক্তিহেতুত্বেন কর্ম্ম উক্ত্বা জ্ঞানায় প্রণবমন্ত্রং উপদিশতি। চতুর্ব্যূহাত্মকো ভগবানেব অত্র দেবতা, তত্র শ্রীবাসুদেব সঙ্কর্ষণো বামদক্ষিণয়োর্ম্মধ্যতো জ্ঞেয়ৌ, অনিরুদ্ধো বাসুদেবস্য

ইতি মূর্ত্ত্যভিধানেন মন্ত্রমূর্ত্তিমমূর্ত্তিকং।
যজতে যজ্ঞপুরুষং স সম্যগ্‌দর্শনঃ পুমান্॥ ৩৮॥

অন্বয়ঃ।

মূর্ত্ত্যভিধানেন স্বয়ং তু অমূর্ত্তিকং, কেবলং মন্ত্রমূর্ত্তিকং যজ্ঞপুরুষং বিষ্ণুং যঃ পুমান্ যজতে সঃ এব সম্যগ্‌দর্শনঃ জ্ঞানী॥ ৩৭॥ ৩৮॥

শ্রীধরস্বামী।

অমূর্ত্তিকং মন্ত্রোক্তমূর্ত্তিব্যতিরিক্তমূর্ত্তিশূন্যং যজতে পূজয়তি স পুমান্ সম্যগ্‌দর্শনো ভবতি॥ ৩৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্লোকা অধিকারিবিশেষে পুনরুপাদেয়ং ভক্তিমিশ্রং জ্ঞানং ততোঽধিকাং কর্ম্মমিশ্রাং ভক্তিশ্চোক্ত্বা ইদানীং ব্রূয়ুঃ স্নিগ্ধস্য শিষ্যস্য গুরবো গুহ্যমপ্যুতেত্যুক্তেঃ শ্রীগুরুভ্যঃ প্রাপ্তং স্বমন্ত্রমপি তমুপাদিদিক্ষু স্তত্র শ্রদ্ধামুৎপাদয়ন্নাহ দ্বাভ্যাং ওঁ নম ইতি। ত্রয়স্ত্রিংশদক্ষরাত্মকো মন্ত্রঃ চতুর্ব্যূহাত্মকো ভগবানত্র দেবতা সঙ্কর্ষণাদিক্রমবিপর্য্যয়েণ নির্দ্দেশস্তু শ্রীকৃষ্ণচতুর্ব্যূহত্বং বোধয়তি তৎপুত্রপৌত্রত্বেন প্রদ্যুম্নানিরুদ্ধয়োস্তন্নিকটপাঠাৎ। যদ্বা। প্রদ্যুম্নানিরুদ্ধসঙ্কর্ষণানাং ক্রমেণ সৃষ্টিস্থিতিসংহারকারণত্বাত্তথোক্তিঃ। নমো ধীমহি নমস্কারং ধ্যায়েম মনসা নমনং কুর্ব্বীমহীত্যর্থঃ॥ ৩৭॥

ইতি মূর্ত্তীনাং বাসুদেবাদীনাং অভিধানেন নামচতুষ্টয়েন যজতে পঞ্চরাত্রোক্তবিধিনা বাসুদেবায় নমঃ প্রদ্যুম্নায় নম ইত্যেবং ষোড়শোপচারৈ র্যঃ পূজয়েৎ মন্ত্রমূর্ত্তিং মন্ত্রধ্যানোক্ত-

---

যে ব্যক্তি এইরূপে প্রণবাদি মন্ত্রমূর্ত্তি ভিন্ন প্রাকৃতিক নামরূপাদি-বর্জ্জিত সর্ব্বযজ্ঞেশ্বর বিষ্ণুকে সতত হৃদয়পদ্মে পূজা করেন, তিনিই প্রকৃত জ্ঞানবান্ ও সম্যগ্‌দর্শী॥ ৩৮॥

আভাস।

ঈশ্বরার্পিত নিষ্কাম কর্ম্মই ভক্তির হেতুরূপে মীমাংসা করিয়া, বিগ্রহশূন্য মন্ত্র-মূর্ত্তি ভগবানের মন্ত্রজপের দ্বারা জ্ঞান লাভ হয়, ইহাই নির্দ্দেশ করিতেছেন। ইতিপূর্ব্বে উক্ত হইয়াছে যে, ভক্তিহীন কোন কর্ম্মে অগ্রসর হওয়া উচিত নহে। এমন কি। সমস্ত নিষ্কাম

বামে। সঙ্কর্ষণাদিক্রমবিপর্য্যয়েণ নির্দ্দেশস্তু শ্রীকৃষ্ণচতুর্ব্যূহত্বং বোধয়তি তৎপুত্রপৌত্রত্বেন প্রদ্যুম্নানিরুদ্ধয়োস্তন্নিকটপাঠাৎ ওঁ নমঃ ইতি জগতঃ পুংসঃ সম্যক্‌জ্ঞানং জায়তে। মন্ত্রমূর্ত্তিং তদুক্তমূর্ত্তিং তথাপি অমূর্ত্তিকং প্রাকৃতমূর্ত্তিরহিতং। যজ্ঞপুরুষং পূজায়াং ধ্যেয়াকারমিত্যর্থঃ। দর্শনস্য সম্যক্ত্বং শ্রীভগবদাবির্ভাবাদিতি॥ ৩৭॥ ৩৮॥

ইমং স্বনিগমং ব্রহ্মন্নবেত্য মদনুষ্ঠিতং।
অদান্মে জ্ঞানমৈশ্বর্য্যং স্বস্মিন্ ভাবঞ্চ কেশবঃ॥ ৩৯॥

অন্বয়ঃ।

হে ব্রহ্মন্! ইমং স্বনিগমং (স্বোপদেশং) মদনুষ্ঠিতং অবেত্য জ্ঞাত্বা, কেশবঃ জ্ঞানং ঐশ্বর্য্যং তথা স্বস্মিন্ ভাবঞ্চ মে মহ্যং, অদাৎ॥ ৩৯॥

শ্রীধরস্বামী।

এবঞ্চ কৃতবতি ময়ি হরিঃ স্বসদৃশং জ্ঞানাদিকং দত্তবানিত্যাহ ইমং স্বনিগমং স্বোপদেশং ময়ানুষ্ঠিতং অবেত্য জ্ঞাত্বা ভাবং প্রীতিঞ্চ॥ ৩৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মূর্ত্তিং মন্ত্রেণৈব জপিতেনাবির্ভবতি মূর্ত্তিঃ শরীরং যস্যেতি বা। অমূর্ত্তিকং প্রাকৃতমূর্ত্তি-রহিতং অকঠিনং কৃপার্দ্রমিতি বা। মূর্ত্তিঃ কাঠিন্যকায়য়োরিত্যমরঃ। যজ্ঞপুরুষং যজনীয়ং পুরুষং স সম্যগ্দর্শনঃ তং দৃষ্ট্বা অন্যোঽপি কৃতার্থা ভবন্তীত্যর্থঃ। যদ্বা দৃশ্যতে অনেনেতি দর্শনং শাস্ত্রং ভক্তিপ্রতিপাদকং পঞ্চরাত্রাদি সম্যক্ ধন্যমাত্মপ্রসাদকত্বাৎ। নতু যেনৈবাসৌ ন তুষ্যেত মন্যে তদ্দর্শনং খিলমিত্যুক্তলক্ষণং ভক্তিরহিতং শাস্ত্রমেব খিলমিত্যর্থঃ। ততশ্চ কৃতবেদান্তদর্শনস্যাপি তবায়মাত্মা ন বৈ পরিতুষ্টঃ, মম তু কৃতপঞ্চরাত্রশাস্ত্রস্যাত্মা সদা প্রসন্ন এবেতি ভাবঃ॥ ৩৮॥

স্বনিগমং নিজান্তরঙ্গবেদোক্তং জ্ঞানং প্রথমতঃ স্বানুভবং তত ঐশ্বর্য্যং স্বাণিমাদিরূপং ততস্তত্র মমানাসক্তিমভিপ্রেত্য ভাবং স্বমহাপ্রেমাণঞ্চ অদাৎ ততশ্চ মহ্যমপীমং মন্ত্রং কৃপয়োপদিশেতি প্রার্থিতেন শ্রীনারদেন ব্যাসস্তমেব মন্ত্রমুপদিষ্ট ইতি সুধীভির্ব্বোদ্ধব্যম্॥ ৩৯॥

হে ব্রহ্মন্। উল্লিখিত উপদেশ অনুসারে আমি যথাযথ কর্ম্মের অনুষ্ঠান করিলে, ভগবান্ আমার প্রতি প্রসন্ন হইয়া, আত্মজ্ঞানের উদয় করিলেন এবং অণিমাদি ঐশ্বর্য্যে ভূষিত করিয়া, পরমাত্ম-জ্ঞান প্রকাশ করিলেন॥ ৩৯॥

আভাস।

কর্ম্ম, এমন কি! জ্ঞানও অভক্তি পূর্ব্বক আচরিত হইলে, কেবল পণ্ডশ্রমমাত্র হয়; এইরূপ নিন্দা করিয়া, স্বীয় পূর্ব্বজন্মের বর্ণনার দ্বারা ভক্তিলাভের উপকরণ ও প্রকরণ নির্দ্দেশ করিয়াছেন। ভক্ত-সংসর্গে অনবরত তল্লীলা শ্রবণ দ্বারা কার্য্যান্তরে অনাসক্ত হওয়াতে, ক্রমশঃ ভক্তি উদ্রিক্ত হইয়া, প্রেমেরও পুষ্টি-সাধন করে। তৎপরে অধিকারী বিশেষে ভক্তিপূর্ব্বক

স্বনিগমং নিজান্তরঙ্গপরমবেদরূপং। প্রথমতো জ্ঞানং স্বানুভবং ততঃ ঐশ্বর্য্যং স্বাণিমাদিরূপং। তত তত্রানাসক্তৌ ভাবং স্বমহাপ্রেমাণঞ্চ॥ ৩৯॥

ত্বমপ্যদভ্রশ্রুত বিশ্রুতং বিভোঃ সমাপ্যতে যেন বিদাং বুভুৎসিতম্।

অন্বয়ঃ।

অতঃ হে অদভ্রশ্রুত যশস্বিন্ ব্যাস! ত্বমপি বিভোঃ বিশ্রুতং যশঃ প্রখ্যাহি কথয়, যেন শ্রুতেন বিদাং বিদুষাং বুভুৎসিতং বোদ্ধুং ইচ্ছা সমাপ্যতে, অন্যথা মুহুঃ দুঃখৈঃ অর্দ্দিতানাং

শ্রীধরস্বামী।

অতস্ত্বমপ্যেবং কুর্ব্বিত্যাহ ত্বমিতি। অদভ্রং অনল্পং শ্রুতং যস্য হে অদভ্রশ্রুত বিভো র্বিশ্রুতং যশঃ প্রখ্যাহি কথয়। যেন বিশ্রুতেন বুদ্ধেন বিদাং বিদুষাং বুভুৎসিতং বোদ্ধু-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে অদভ্রশ্রুত অনল্পবেদশাস্ত্র হে সর্ব্বজ্ঞেত্যর্থঃ। বিভোর্ব্বিশ্রুতং যশঃ প্রখ্যাহি কথয় যেন বিশ্রুতেন বুদ্ধেন বিদাং বিদুষাং বুভুৎসিতং বোদ্ধুমিচ্ছা সমাপ্যতে তদ্‌যশোঽমৃতা-

---

অতএব হে মহাযশস্বিন্ ব্যাসদেব! আপনিও ভগবান্ অনন্তদেবের সন্তাপনাশন যশোরাশি কীর্ত্তন করুন! ইহাতে জ্ঞানীর জ্ঞান-পিপাসার চরিতার্থতা সাধন হয়; এবং এতদ্ব্যতীত প্রতিনিয়ত দুঃখ-জর্জ্জরিত জীবের

আভাস।

জ্ঞান, ও তৎপ্রাপক ভক্তিপূর্ব্বক কর্ম্মের প্রশংসা করিয়া, গুরুপ্রসাদের অপূর্ব্বত্ব কীর্ত্তন করিলেন। গুরুগণ প্রসন্ন হইলে, শিষ্যের আর কোন অভাব থাকে না। তাঁহারা বহুকাল ও আয়াস-সাধ্য তপস্যাদি দ্বারা যে রত্ন লাভ করিয়াছিলেন, এক্ষণে প্রসন্ন হইলে নিতান্ত অকৃতী শিষ্যকেও কেবল ভক্তিভূষিত দেখিয়াই স্বচ্ছন্দমনে তাহা সমর্পণ করিয়া থাকেন। এস্থলে নারদও স্বীয় ভক্তি দ্বারা গুরুসদনে লব্ধ অপূর্ব্ব মহারত্ন "ওঁ নমো ভগবতে তুভ্যং বাসুদেবায় ধীমহি। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায় চ" এই মহামন্ত্রের প্রসাদে নিজে কৃতার্থতা লাভ করিয়াছিলেন; এবং বেদব্যাসকে শিষ্যরূপে গ্রহণ করিয়া, এই মহামন্ত্র উপদেশ করিলেন। এই মন্ত্রের অধিষ্ঠাত্রী দেবতাই চতুর্ব্যূহাধিপতি শ্রীকৃষ্ণ। যেমন জাগ্রৎ অবস্থা স্বপ্নাবস্থা ও গাঢ়নিদ্রাবস্থা হইতে পৃথক্, অথচ এই তিন অবস্থাতেও অধিষ্ঠাতা ভাবে বা সাক্ষিস্বরূপে বর্ত্তমান তুরীয় নামে জীবের একটী স্বরূপ অবস্থা আছে; তদ্রূপ বিরাট, হিরণ্যগর্ভ ও ঈশ্বর; অনিরুদ্ধ, প্রদ্যুম্ন ও সংকর্ষণ; সৃষ্টি, স্থিতি ও প্রলয় এই অবস্থা ত্রয়ের অতীত, অথচ এই অবস্থাত্রয়ের পুষ্টিসাধক ও আশ্রয়স্থানীয় সর্ব্বাতীত পরমব্রহ্ম বাসুদেবই তুরীয় ব্রহ্ম বা চতুর্থ চৈতন্য-স্বরূপে প্রখ্যাত হইয়াছেন। অতএব কেবল জগৎ বিচারে সমর্থ হইলেই যে জ্ঞানী হয়, তাহা নহে। তিনি জন্য জগতের নাম রূপাদির দ্বারা কখন অভিহিত হন না; কারণ নাম রূপাদির সৃষ্টিরও পূর্ব্বে, যিনি অবলক্ষ জ্ঞান ও আনন্দ জ্যোতিতে বিরাজমান, অথচ কারণ, সূক্ষ্ম ও স্থূল

প্রখ্যাহি দুঃখৈর্মুহুরর্দ্দিতাত্মনাং সংক্লেশনির্ব্বাণমুশন্তি নান্যথা ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে ব্যাসনারদসংবাদে পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

জনানাং সংক্লেশনিবারণং ন উশন্তি মন্যন্তে বিবেকিনঃ ॥ ৪০ ॥

ইতি প্রথমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে পঞ্চমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

মিচ্ছা সমাপ্যতে তৎ। যতো দুঃখৈঃ পীড়িতানাং সংক্লেশশান্তিং প্রকারান্তরেণ ন মন্যন্তে ॥ ৪০ ॥

ইতি প্রথমে শ্রীভাগবতভাবার্থদীপিকায়াং পঞ্চমোঽধ্যায়ঃ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বাদনিমগ্নানাং সদা তদেকভক্তিমতাং জ্ঞানায় স্পৃহৈব ন ভবেদিত্যর্থঃ। অন্যথা প্রকারান্তরেণ দুঃখৈঃ পীড়িতানাং ক্লেশশান্তিং ন উশন্তি ন মন্যন্তে বিবেকিনঃ ॥ ৪০ ॥

ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

প্রথমে পঞ্চমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ ৫ ॥

সর্ব্ব প্রকার ক্লেশ নিবারণের আর অন্য কোন উপায় নাই ॥ ৪০ ॥

ইতি প্রথমস্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত পঞ্চম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

ভাবে যিনি একাই এই জড়জঙ্গমাত্মক সৃষ্টিরূপে প্রতীয়মান হইতেছেন; কিন্তু স্বয়ং প্রাকৃত মূর্ত্তিরহিত; কেবল মন্ত্রোক্ত মূর্ত্তিধারণে ভক্তসমীপে সন্দর্শন দেন; এবং পূজার কালে ভক্তের কল্পনা অনুসারে যিনি দেহ পরিগ্রহ করিয়া আবির্ভূত হন, সেই সনাতন বিষ্ণুকে যে ব্যক্তি সুস্পষ্ট জ্ঞাত হইয়াছেন, তাঁহার জ্ঞানই প্রকৃত জ্ঞান। সেই জ্ঞানফলে, জ্ঞানীই যে কৃতার্থ হন এমত নহে, তাদৃশ জ্ঞানীকে দর্শন করিলে, অপরেও কৃতার্থ হইয়া থাকে। অতএব নিশ্চয় ভক্তির উৎপাদক সুতরাং জ্ঞান-প্রকাশক ক্ষুদ্র শাস্ত্রও শ্রেষ্ঠ; কিন্তু সকল উপনিষদের মীমাংসা-স্থানীয়, জীব জগৎও ব্রহ্মবিচারের চূড়ান্ত নিষ্পত্তির প্রতিপাদক বৃহৎ দর্শনশাস্ত্রও যদি ভক্তিশূন্য হয়, তবে তাহাও আদরণীয় নহে ॥ ৩৭ ॥ ৩৮ ॥

"ভক্তি পূর্ব্বক আত্মসমর্পণ করিলে ভগবানের যে আশু কৃপা হয়, আমিই তাহার একটী সুস্পষ্ট দৃষ্টান্ত স্থল," এই বলিয়া নারদ পরিচয় দিলেন যে, আজ্ঞানুবর্ত্তী পুত্রের প্রতি প্রসন্ন থাকিয়া প্রয়োজন অনুসারে প্রাকৃতিক পিতা যেরূপ পুত্রের অভাব-পূরণ ও দুঃখ-নিবারণ করিয়া

সূত উবাচ॥

এবং নিশম্য ভগবান্ দেবর্ষের্জন্ম কর্ম্ম চ।

ভূয়ঃ পপ্রচ্ছ তং ব্রহ্মন্ ব্যাসঃ সত্যবতীসুতঃ॥ ১॥

অন্বয়ঃ।

সূতঃ উবাচ। হে ব্রহ্মন্! সত্যবতীসুতঃ ভগবান্ ব্যাসঃ এবং দেবর্ষেঃ জন্ম কর্ম্ম চ নিশম্য শ্রুত্বা, ভূয়ঃ তং পপ্রচ্ছ॥ ১॥

শ্রীধরস্বামী।

ব্যাসস্য প্রত্যয়ার্থঞ্চ ষষ্ঠে প্রাগ্ জন্মসম্ভবং। স্বভাগ্যং নারদঃ প্রাহ কৃষ্ণসংকীর্ত্তনোদ্ভবম্॥ ১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ষষ্ঠে গত্বা বনং কৃষ্ণদর্শনং তদ্বচঃশ্রুতিঃ। তদ্ভক্তচিন্ময়তনোর্নারদেনাপ্তিরুচ্যতে॥ ১॥

সূত বলিলেন। হে ব্রহ্মন্! সত্যবতীতনয় ভগবান্ বেদব্যাস এইরূপে দেবর্ষি নারদের জন্ম ও কর্ম্ম-বৃত্তান্ত শ্রবণ করিয়া, পুনরায় তাঁহাকে জিজ্ঞাসা করিলেন॥ ১॥

আভাস।

থাকেন, তদ্রূপ জগৎপিতাও আমার ভক্তি ও নিষ্কাম কর্ম্মানুষ্ঠানে প্রসন্ন হইয়া, যাবতীয় অভাব মোচন করত আমাকে অণিমাদি সর্ব্বৈশ্বর্য্যে পরিপূর্ণ করিয়াছেন। আমার প্রার্থনার অপেক্ষা রাখেন নাই। তিনি আবশ্যক ও অধিকার মতে প্রথমতঃ, প্রদীপস্থানীয় জীবের স্বরূপ উপলব্ধি করাইয়া, সর্ব্বদুঃখবিমোচনার্থ আমাকে অণিমাদি অষ্ট প্রকার ঐশ্বর্য্য প্রদান করিয়াছেন। পরিশেষে এই সমস্ত ঐশ্বর্য্য লাভেও আমাকে সম্পূর্ণ অনাসক্ত দর্শন করিয়া, নিতান্ত কৃপা প্রকাশ পূর্ব্বক স্বীয় অনির্ব্বচনীয় প্রেমস্বরূপের প্রকাশ করিয়াছেন। এক্ষণে সেই ভগবৎরস ব্যতীত অন্য কোন রসে আর আমার আস্থা নাই। আমার চিত্ত তাঁহাতেই পরম প্রীতি লাভ করিয়াছে॥ ৩৯॥

অতএব আপনি যেমন সর্ব্বতত্ত্বজ্ঞ ও জগতে সর্ব্বত্র বিখ্যাত, সেইরূপ এই বৃহৎ কর্ম্মও আপনারই সম্পন্ন করা উচিত। শ্রীহরির গুণানুকীর্ত্তনই সর্ব্বশ্রেষ্ঠ কর্ম্ম। এতদ্ব্যতীত জ্ঞানিগণের আর অন্য কোন জ্ঞাতব্য বিষয়ই নাই; ভগবল্লীলা অনুভব করাই সকল জ্ঞানের পরিসমাপ্তি। দুঃখ-প্রপীড়িত জীবের এই একমাত্র মহৌষধি নির্ণীত হইয়াছে॥ ৪০॥

ইতি প্রথমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত পঞ্চম অধ্যায়ের আভাস সমাপ্ত॥

ভক্তির সঙ্গে সঙ্গেই যে বৈরাগ্য উপস্থিত হয়, নারদই তাহার প্রধান দৃষ্টান্ত-স্থল। একে বালক, তাহাতে সহায়হীন। নিতান্ত শৈশব-কালেই মাতৃবিয়োগ হওয়ায়, জগতে তাঁহার আর "আমার" বলিবার কেহ ছিল না। এবং জগতকে যে কিরূপে "আমার" করিতে হয়,

ব্যাস উবাচ ॥

ভিক্ষুভির্বিপ্রবসিতে বিজ্ঞানাদেষ্টৃভিস্তব।

বর্ত্তমানো বয়স্যাদ্যে ততঃ কিমকরোদ্ভবান্ ॥ ২ ॥

স্বায়ম্ভুব কয়া বৃত্ত্যা বর্ত্তিতং তে পরং বয়ঃ।

কথং বেদমুদস্রাক্ষীঃ কালে প্রাপ্তে কলেবরং ॥ ৩ ॥

অন্বয়ঃ।

শ্রীব্যাসঃ উবাচ। তব বিজ্ঞানাদেষ্টৃভিঃ ভিক্ষুভিঃ বিপ্রবসিতে আদ্যে বয়সি বর্ত্তমানঃ বালকঃ ভবান্ ততঃ কিমকরোৎ ॥ ২ ॥

হে স্বায়ম্ভুব! তে ত্বয়া, পরং বয়ঃ কয়া বৃত্ত্যা বর্ত্তিতং, ইদং দাসীসম্ভবং কলেবরং বা কালে প্রাপ্তে কথং উদস্রাক্ষীঃ উৎসৃষ্টবানসি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

স্বয়মপি তথা চিকীর্ষুগুরূপদেশানন্তরং ভাবি তচ্চরিতং পৃচ্ছতি ভিক্ষুভিরিতি ত্রিভিঃ। বিপ্রবসিতে দূরদেশগমনে কৃতে সতি। বিজ্ঞানস্যোপদেষ্টৃভিঃ ॥ ২ ॥

হে স্বায়ম্ভুব তে ত্বয়া পরং বয়ঃ উত্তরমায়ুঃ কথং বর্ত্তিতং নীতং। ইদং ইতি দাসীপুত্র-ভূতং কলেবরং উদস্রাক্ষীঃ উৎসৃষ্টবানসি ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিপ্রবসিতে তস্মাৎ প্রবাসতো বিচ্যুতে সংপ্রসারণাভাব আর্ষঃ। কিমকরোদিতি ত্বচ্ছিষ্যোঽহমপি তথা চিকীর্ষামীতি ভাবঃ ॥ ২ ॥

ইদং দাসীপুত্রভূতং কলেবরং কথং উৎসৃষ্টবানসি ॥ ৩ ॥

ব্যাস বলিলেন, হে ভগবন্! আপনার বিজ্ঞানোপদেশক সেই ভিক্ষু ব্রাহ্মণগণ সন্ন্যাস অবলম্বনে স্থানান্তরে গমন করিলে, সেই প্রথম বয়সে কেবল মাত্র শৈশব অবস্থায়, আপনি কিরূপ আচরণ করিয়াছিলেন ॥ ২ ॥

হে ব্রহ্মনন্দন! তৎপরে আপনি পরজীবনই বা কিরূপ আচরণে অতিবাহিত করিলেন? এবং কালপূর্ণ হইলে, এই দাসীগর্ত্তজাত কলেবরই বা কি প্রকারে পরিত্যাগ করিলেন? ॥ ৩ ॥

আভাস।

তখন তাহাও তিনি শিক্ষা করেন নাই। "জননীর আমি" এই মাত্র জ্ঞান তাঁহার ছিল। এক্ষণে স্নেহময়ী মাতাকে অকালে কালের করাল গ্রাসে কবলিত দেখিয়া, জগৎ শূন্যময় দর্শন করিতে লাগিলেন। এক্ষণে এই মুহূর্ত্তে কে আমাকে রক্ষা করিতেছেন? আমি কার? এই মনোহর

প্রাক্‌কল্পবিষয়ামেতাং স্মৃতিং তে মুনিসত্তম।
ন হ্যেষ ব্যবধাৎ কাল এষ সর্ব্বনিরাকৃতিঃ ॥ ৪ ॥
নারদ উবাচ ॥
ভিক্ষুভির্বিপ্রবসিতে বিজ্ঞানাদেষ্টৃভির্ম্মম।
বর্ত্তমানো বয়স্যাদ্যে তত এতদকারষম্ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

হে মুনিসত্তম! কথং বা তে প্রাক্‌কল্পবিষয়াং এতাং স্মৃতিং এষঃ কালঃ ন ব্যবধাৎ খণ্ডিতবান্, যতোহি এষঃ কালঃ সর্ব্বনিরাকৃতিঃ সর্ব্ববিনাশকঃ এব ॥ ৪ ॥

নারদঃ উবাচ। মম বিজ্ঞানাদেষ্টৃভিঃ ভিক্ষুভিঃ বিপ্রবসিতে গমনে কৃতে, সতি আদ্যে বয়সি বর্ত্তমানঃ অহং ততঃ এতৎ অকারষম্ কৃতবান্ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

এষ কল্পান্তলক্ষণঃ কালঃ তে স্মৃতিং কথং ন ব্যবধাৎ ন খণ্ডিতবান্। অড়াগমাভাব-স্থার্ষঃ। যত এষ সর্ব্বস্য নিরাকৃতিঃ অপলাপো যস্মাৎ সঃ ॥ ৪ ॥

অকারষং কৃতবানহম্। রেফষকারয়োর্বিশ্লেষশ্ছন্দোঽনুরোধেন ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন ব্যবধাৎ ব্যবধায় ন খণ্ডিতবান্ অড়াগমাভাব আর্ষঃ। নিরাকৃতির্বিনাশঃ ॥ ৪ ॥

অকারষমিতি রেফষকারবিশ্লেষঃ ছন্দোঽনুরোধেন। যদুক্তং। মূর্দ্ধরেফা বিকল্প্যন্তে ছন্দোভঙ্গভয়াদিহেতি ॥ ৫ ॥

হে মুনিসত্তম! সর্ব্বসংহারক কাল কি নিমিত্ত আপনার পূর্ব্বকল্প-সম্বন্ধীয় স্মৃতি সকলকে বিলুপ্তপ্রায় করিতে পারে নাই? ॥ ৪ ॥

নারদ উত্তর করিলেন, আমার বিজ্ঞানোপদেশক ব্রাহ্মণগণ দেশান্তরে গমন করিলে, আমি যেরূপে তাৎকালিক বাল্যকাল অতিবাহিত করিয়াছিলাম, তাহা বলিতেছি শ্রবণ করুন্! ॥ ৫ ॥

আভাস।

অথচ ভীষণাকারে সজ্জীকৃত দৃশ্যজাত কাহার রচিত ও রক্ষিত? কোথায় তিনি, কেমন করিয়া তৎসমীপে উপস্থিত হইয়া আত্মপরিচয় দানে সুখী হইব? ইত্যাদি চিন্তায় নিমগ্ন হইয়া, নারদ অনন্যমনে একাকী একদিকে গমন করিতে লাগিলেন। পিতামাতার তুল্য স্নেহ-বিশিষ্ট সর্ব্বপ্রকারে হিতৈষী পরমকারুণিক বন্ধু বালকের পক্ষে আর কেহই নাই। আনন্দে বিষাদে, ক্ষুধিতাবস্থায় বা আকণ্ঠ-ভোজনে, নিদ্রাতে বা জাগরণে, প্রত্যেক মুহূর্ত্তে, প্রত্যেক

একাত্মজা মে জননী যোষিন্মূঢ়া চ কিঙ্করী।
ময্যাত্মজেঽনন্যগতৌ চক্রে স্নেহানুবন্ধনং ॥ ৬ ॥
সাঽস্বতন্ত্রা ন কল্পাসীদ্‌যোগক্ষেমং মমেচ্ছতী।
ঈশস্য হি বশে লোকো যোষা দারুময়ী যথা ॥ ৭ ॥

অন্বয়ঃ।

যোষিৎ মূঢ়া তথা কিঙ্করী চ একাত্মজা একবৎসা, মে জননী অনন্যগতৌ সহায়শূন্যে, আত্মজে পুত্রে, ময়ি স্নেহানুবন্ধনং চক্রে ॥ ৬ ॥

অস্বতন্ত্রা সা মম যোগক্ষেমং ইচ্ছতী অপি ন কল্পা সমর্থা আসীৎ। হি যতঃ দারুময়ী যোষা যথা, তথা ঈশ্বস্য বশে লোকঃ বর্ত্ততে ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তত্র তাবৎ কিঞ্চিৎ কালং তত্রৈব মাতৃস্নেহেন যন্ত্রিতো ন্যবসমিত্যাহ একেতি দ্বিভিঃ। এক এবাহমাত্মজো যস্যাঃ সা। যোষিদিতি মূঢ়েতি চ স্নেহানুবন্ধে হেতুঃ ॥ ৬ ॥

কিঙ্করীত্যস্যার্থং প্রপঞ্চয়তি সেতি। অস্বতন্ত্রা সা অতো ন কল্পা ন সমর্থাসীৎ। দারুময়ী যোষেত্যতিপারবশ্যে দৃষ্টান্তঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

একোঽহমেবাত্মজো যস্যাঃ সা ॥ ৬ ॥

অস্বতন্ত্রা অতো ন কল্পা ন সমর্থা ॥ ৭ ॥

আমার জননী স্ত্রীস্বভাব বশত নির্ব্বোধ, তাহাতে আবার পরের দাসত্ব-শৃঙ্খলে বদ্ধা ছিলেন। আমাকে তাঁহার এক মাত্র পুত্রও অনন্যগতি বিবেচনা করিয়া, সবিশেষ স্নেহ প্রদর্শন করিতেন ॥ ৬ ॥

জননী আমার মঙ্গল-বিধানে সতত ইচ্ছুক হইলেও, পরাধীনতা নিবন্ধন কৃতকার্য্যা হইতে পারিতেন না; যেহেতু কুহকের হস্তে কাষ্ঠপুত্তলিকার ন্যায়, সমস্ত লোকই ঈশ্বর-পরতন্ত্র ॥ ৭ ॥

আভাস।

কার্য্যে ও প্রত্যেক অবস্থায় বালক পিতামাতার অপেক্ষা করে; সোৎকণ্ঠ চিত্তে তাঁহাদের দিকে নিরীক্ষণ করিতে থাকে; যেন তাঁহাদের দর্শনেই তাহার সকল দুঃখ দূরীভূত হইয়া গেল। বালক নারদ, সংসারের সার, বাল্য জীবনের একমাত্র অবলম্বন স্নেহময়ী জননীরে বিসর্জ্জন দিয়া, উদ্‌ভ্রান্তচিত্তে গমন করিতেছিলেন। তখন তিনি মাতার ন্যায় হিতৈষী ব্যক্তির অন্বেষণ করিতেছেন। বেদ সংহিতাদি প্রোক্ত অহোরাত্র, মাস, ঋতু

অহঞ্চ তদ্‌ব্রহ্মকুলে ঊষিবাংস্তদপেক্ষয়া।
দিগ্দেশকালাব্যুৎপন্নো বালকঃ পঞ্চহায়নঃ॥ ৮॥
একদা নির্গতাং গেহাদ্দুহন্তীং নিশি গাং পথি।
সর্পোঽদশৎ পদাস্পৃষ্টঃ কৃপণাং কালচোদিতঃ॥ ৯॥

অন্বয়ঃ।

অহঞ্চ পঞ্চহায়নঃ পঞ্চবর্ষাত্মকঃ দিগ্দেশকালাব্যুৎপন্নঃ অনভিজ্ঞঃ, বালকঃ তদপেক্ষয়া স্নেহস্যাপেক্ষয়া, তৎ ব্রহ্মকুলে ঊষিবান্ বাসং চক্রে॥ ৮॥

একদা গাং দুহন্তীং নিশি গেহাৎ পথি নির্গতাং কৃপণাং তাং মাতরং কালচোদিতঃ কালেন প্রেরিতঃ, সর্পঃ পদা স্পৃষ্টঃ সন্ অদশৎ॥ ৯॥

শ্রীধরস্বামী।

তদেবং সা স্নেহং চক্রে অহঞ্চ দিগাদিষনভিজ্ঞঃ অতস্তত্রৈব ন্যবসমিত্যাহ। অহঞ্চ তস্মিন্ ব্রহ্মকুলে তস্যা মাতুঃ স্নেহানুবন্ধস্যাপেক্ষয়া কদা বিরমেদিতি প্রতীক্ষয়েত্যর্থঃ। ঊষিবান্ বাসং কৃতবান্। পঞ্চহায়নঃ পঞ্চবর্ষঃ॥ ৮॥

গেহান্নির্গতাং গাং দুহন্তীং হেতৌ শতৃপ্রত্যয়ঃ দোগ্ধুং নির্গতামিত্যর্থঃ। পদা পাদেন আস্পৃষ্টঃ ঈষদাক্রান্তঃ অদশৎ অখাদৎ॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদপেক্ষয়া তৎকর্তৃকা যা অপেক্ষা তয়া সা মাং ন ত্যজতীত্যহমপ্যবসমিত্যর্থঃ॥ ৮॥
দুহন্তীং দোগ্ধুং॥ ৯॥

তৎকালে আমার বয়ঃক্রম পঞ্চবর্ষ মাত্র, সুতরাং দিক্ দেশ ও কালাদিতে সম্পূর্ণ অনভিজ্ঞ নিতান্ত বালক, কেবল জননীর স্নেহানুবন্ধন প্রতীক্ষা করিয়াই আমি সেই ব্রাহ্মণকুলে বাস করিতে লাগিলাম॥ ৮॥

এক দিন আমার মাতা, গোদোহনার্থ নিশিতে গৃহ হইতে নির্গত হইয়া পথিমধ্যে এক সর্পের উপর পাদবিক্ষেপ করেন। সর্পও কালপ্রেরিত হইয়া পাদস্পর্শ মাত্রেই তাঁহাকে দংশন করে॥ ৯॥

আভাস।

বা সংবৎসর-সাধ্য বাজপেয়াদি কর্ম্মের অনুষ্ঠের বিবিধ কর্ম্মকাণ্ড তাঁহার আয়ত্ত নাই যে, একস্থানে প্রতিষ্ঠিত থাকিয়া কেবল মন্ত্রের উচ্চারণে ও কর্ম্মানুষ্ঠানের কৌশলে সমগ্র জগৎকে আকর্ষী মুদ্রা দ্বারা বশীভূত করত, দ্বিতীয় ঈশ্বরের ন্যায় আপন প্রতিপত্তি সংস্থাপন করিবেন। জ্ঞানীর ধন, "বিচার" ও তাঁহার হস্তগত ছিল না। তাহা হইলে এই অপূর্ব্ব গোতাসম্পন্ন

তদা তদহমীশস্য ভক্তানাং শমভীপ্সতঃ।
অনুগ্রহং মন্যমানঃ প্রাতিষ্ঠং দিশমুত্তরাম্ ॥ ১০ ॥
স্ফীতান্ জনপদাংস্তত্র পুরগ্রামব্রজাকরান্।
খেটখর্ব্বটবাটীশ্চ বনান্যুপবনানি চ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

তৎ মাতুর্ম্মরণং ভক্তানাং, শং কল্যাণং অভীপ্সতঃ ঈশস্য অনুগ্রহং এব মন্যমানঃ অহং উত্তরাং দিশং প্রাতিষ্ঠং জগাম ॥ ১০ ॥

তত্র স্ফীতান্ জনপদান্ পুরগ্রামব্রজাকরান্ খেটখর্ব্বটবাটীশ্চ বনানি উপবনানি চ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

তৎ মাতুর্ম্মরণং শং কল্যাণমভীপ্সতঃ ঈশস্যানুগ্রহং মন্যমানঃ প্রাতিষ্ঠং প্রস্থি-তোহস্মি ॥ ১০ ॥

স্ফীতান্ জনপদানতিক্রম্য যাতঃ সন্ মহদ্বিপিনমদ্রাক্ষমিতি চতুর্থেনান্বয়ঃ। জনপদাদিষু নানাগুণদোষযুক্তেষু সমদৃষ্টিঃ সন্ গতোহহমিতি তাৎপর্য্যার্থঃ। স্ফীতান্ সমৃদ্ধান্ জনপদান্ দেশান্ তত্র তস্যাং দিশি পুরগ্রামব্রজাকরান্। তত্র পুরাণি রাজধান্যঃ। গ্রামা ভৃগুপ্রোক্তাঃ বিপ্রাশ্চ বিপ্রভৃত্যাশ্চ যত্র চৈব বসন্তি তে। স তু গ্রাম ইতি প্রোক্তঃ শূদ্রাণাং বাস এব চেতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তন্মাতুর্ম্মরণং ঈশস্য ময্যনুগ্রহং মন্যমানঃ প্রাতিষ্ঠং অকৃত তৎসাম্পরায়িকবিধিরেব। গতবান্ পরস্মৈপদমার্ষং ॥ ১০ ॥

জনপদাদীনতিক্রম্য যাতঃ সন্ মহদ্বিপিনমদ্রাক্ষমিতি চতুর্থেনান্বয়ঃ। তত্র পুরাণি রাজ-ধান্যঃ গ্রামা ভৃগু প্রোক্তাঃ। বিপ্রাশ্চ বিপ্রভৃত্যাশ্চ যত্র চৈব বসন্তি তে। স তু গ্রাম ইতি প্রোক্তঃ শূদ্রাণাং বাস এবচেতি। ব্রজা গোকুলানি আকরা রত্নাদ্যুৎপত্তিস্থানানি খেটাঃ

তৎকালে সেই মাতৃবিয়োগকে ভক্তবৎসল ভগবানের অনুগ্রহরূপে জ্ঞান করিয়া, আমি সন্তুষ্টচিত্তে উত্তরাভিমুখে একাকীই যাত্রা করিলাম ॥ ১০ ॥

গমনকালে সুসমৃদ্ধ জনপদ, নগর, গ্রাম, গোষ্ঠ রত্নাদির খনি, কৃষক গ্রাম, পর্ব্বত-সমীপস্থ গ্রাম, পুগ, পুষ্পাদি বাটিকা, বন, উপবন— ॥ ১১ ॥

আভাস।

পরম রমণীয় গিরি, নদী, বন, উপবন, নগর, সহর, গ্রাম, পবিত্র জলাশয় ও স্বভাবের অন্যান্য বিচিত্র শোভা দর্শনে চিত্ত পুলকিত হইয়া, এই বিশ্বরচয়িতার সৃষ্টিনৈপুণ্যের প্রতি তাঁহার লক্ষ্য পড়িত; ও হৃদয়ে তদ্ বিষয়ক বিচার-ভাবের উদয়ে তিনি স্তম্ভিত হইয়া পড়িতেন। নারদে এই

চিত্রধাতুবিচিত্রাদ্রীনিভভগ্নভুজদ্রুমান্।
জলাশয়াঞ্ছিবজলান্নলিনীঃ সুরসেবিতাঃ॥
চিত্রস্বনৈঃ পত্ররথৈর্বিভ্রমদ্ভ্রমরশ্রিয়ঃ॥ ১২॥
নলবেণুশরস্তম্বকুশকীচকগহ্বরং।
এক এবাতিযাতোঽহমদ্রাক্ষং বিপিনং মহৎ॥
ঘোরং প্রতিভয়াকারং ব্যালোলূকশিবাজিরং॥ ১৩॥

চিত্রধাতুবিচিত্রাদ্রীন্ ইভভগ্নভুজদ্রুমান্ শিবজলান্ জলাশয়ান্ চিত্রস্বনৈঃ বিচিত্রং ৷৷রদ্ভিঃ, পত্ররথৈঃ পক্ষিভিঃ, বিভ্রমদ্ভ্রমরশ্রিয়ঃ সুরসেবিতাঃ নলিনীঃ॥ ১২॥

নলবেণুশরস্তম্বকুশকীচকগহ্বরং ব্যালোলূকশিবাজিরং প্রতিভয়াকারং ঘোরং মহৎ বিপিনং অতিযাতঃ একঃ এব অহং অদ্রাক্ষম্॥ ১৩॥

শ্রীধরস্বামী।

ব্রজা গোকুলানি। আকরা রত্নাদ্যুৎপত্তিস্থানানি তান্। খেটাঃ কর্ষকগ্রামাঃ। খর্ব্বটাঃ গিরিতটগ্রামাঃ। ভৃগুপ্রোক্তা বা। একতো যত্র তু গ্রামো নগরং চৈকতঃ স্থিতং। মিশ্রন্তু খর্ব্বটং নাম নদীগিরিসমাশ্রয়মিতি। বাট্যঃ পূগপুষ্পবাট্যস্তাঃ বনানি স্বতঃসিদ্ধবৃক্ষাণাং সমূহাঃ উপবনানি রোপিতবৃক্ষাণাং সমূহাঃ তানি চ॥ ১১॥

চিত্রৈর্ধাতুভিঃ সুবর্ণরজতাদ্যৈঃ বিচিত্রানদ্রীংশ্চ ইভৈর্ভগ্না ভুজাঃ শাখা যেষাং তে দ্রুমা যেষু তান্। শিবানি ভদ্রাণি জলানি যেষাং তান্। নলিনীঃ সরসীঃ চিত্রাঃ স্বনা যেষাং তৈঃ পত্ররথৈঃ পক্ষিভিঃ তন্নাদপ্রবুদ্ধৈরিতস্ততো বিভ্রমদ্ভির্ভ্রমরৈঃ শ্রীঃ শোভা যাসাং তাঃ নলিনীঃ॥ ১২॥

অতিযাতঃ অতিক্রম্য গতঃ। মহদ্বিপিনং বনমদ্রাক্ষম্। কীদৃশং নলবেণুশরস্তম্বৈঃ কুশৈঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ষকগ্রামাঃ খর্ব্বটা গিরিতটগ্রামাঃ ভৃগুপ্রোক্তা বা। একতো যত্রতু গ্রামো নগরঞ্চৈকতঃ স্থিতং মিশ্রঞ্চ খর্ব্বটং নাম নদীগিরিসমাশ্রয়মিতি। বাট্যঃ পূগপুষ্পবাটিকাঃ। বনানি স্বতঃসিদ্ধবৃক্ষ-

---

নানাবিধ ধাতুশোভিত পর্ব্বতশ্রেণী, মাতঙ্গভগ্ন বৃক্ষসমূহ, বিবিধ কলকণ্ঠ বিহঙ্গম ও নিরন্তর মণ্ডলাকারে উড্ডীয়মান ভ্রমরশোভিত বিকচ নলিনী, সুরসেবিত নির্ম্মল জলাশয়॥ ১২॥

ও অন্যান্য বিচিত্রদর্শন দ্রব্যজাত অতিক্রম করিয়া, সিংহ ব্যাঘ্রাদি

আভাস।

দুইয়েরই অভাব। সম্বলের মধ্যে ক্রন্দন ও ব্যাকুল হৃদয়ে প্রার্থনা মাত্র; তুমি যেই হও, যেখানেই থাক, মাতার ন্যায় আমাকে ক্রোড়ে করিয়া, অসহ্য দুঃখসমূহকে নিবারণ কর।

পরিশ্রান্তেন্দ্রিয়াত্মাহং তৃট্‌পরীতো বুভুক্ষিতঃ।
স্নাত্বা পীত্বা হ্রদে নদ্যা উপস্পৃষ্টো গতশ্রমঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

পরিশ্রান্তেন্দ্রিয়াত্মা তট্‌পরিতঃ বুভুক্ষিতোঽহম্ নদ্যাঃ হ্রদে স্নাত্বা পীত্বা উপস্পৃষ্টঃ গতশ্রমোঽহম্ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

কীচকৈশ্চ গহ্বরং দুর্গম্। তত্র বেণুজাতয় এব বিপুলান্তরালগর্ত্তাঃ কীচকাঃ বেণবো নিশ্ছিদ্রাঃ ঘোরং দুঃসহং প্রতিভয়াকারং ভয়ঙ্কররূপং ব্যালাদীনামজিরং ক্রীড়াস্থানং ॥ ১৩ ॥

পরিশ্রান্তানীন্দ্রিয়াণি আত্মা দেহশ্চ যস্য, তৃষা পরীতো ব্যাপ্তঃ। উপস্পৃষ্ট আচান্তঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমূহাঃ। উপবনানি রোপিতবৃক্ষসংঘাঃ। চিত্রৈর্ধাতুভিঃ সুবর্ণরজতাদ্যৈঃ বিচিত্রান্ অদ্রীন্ ইভৈ-র্ভগ্না ভুজাঃ শাখা যেষাং তে দ্রুমা যেষু তান্ নলিনীঃ সরসীঃ কীদৃশীঃ পত্ররথৈঃ পক্ষিভির্হেতু-ভূতৈর্বিভ্রমদ্ভিঃ প্রবৃদ্ধা ইতস্তত শ্চলদ্ভির্ভ্রমরৈঃ শ্রীঃ শোভা যাসাং তাঃ অতিযাতঃ অতিক্রম্য যাতঃ সন্ নলাদিভি র্গহ্বরং বিপিনমদ্রাক্ষমিত্যন্বয়ঃ। স্তম্বো গুচ্ছস্তৃণাদিনঃ। বেণবঃ কীচকা স্তে শুষ্যর্থে স্বনন্ত্যনিলোদ্ধতা ইত্যমরঃ। ঘোরং দুষ্প্রেক্ষং যতঃ প্রতিভয়াকারং ভয়ঙ্কররূপং

হিংস্র শ্বাপদসঙ্কুল এবং নল বেণু শরস্তম্ব কুশ ও কীচকাদিতে সমাকীর্ণ এক অতি নিবিড় নিতান্ত ভীষণ অরণ্য অবলোকন করিলাম ॥ ১৩ ॥

এই বহুদূর গমন-হেতু পরিশ্রমে আমি বিকলেন্দ্রিয় এবং ক্ষুধা ও তৃষ্ণায় নিতান্ত কাতর হইয়া পড়িলাম। পরে নিকটবর্ত্তী এক নদীর হ্রদে অবগাহন পূর্ব্বক আচমন, স্নান ও জলপান করিয়া শ্রান্তি দূর করিলাম ॥ ১৪ ॥

আভাস।

এইটী ভক্তির কেবল প্রথম অঙ্কুরিত অবস্থা মাত্র। ভক্তি হৃদয়সম্বন্ধে বড়ই কোমল, কিন্তু জগৎ সম্পর্কে অতীব তীব্র। নারদের হৃদয়ে কেবল মাত্র অঙ্কুরিত হইয়াই, বিষয়-বৈরাগ্য আনয়ন করিল। ভোগ্য সুখপ্রদ সামগ্রী হইতে সময়ে সময়ে নিরস্ত থাকা বরং সহজ, কিন্তু বিভৎসরূপধারী নানাপ্রকার যাতনা সহ মৃত্যুসংঘটক তীব্র পদার্থের উপস্থিতিতে, কাহার না পলায়নে বাসনা জন্মে? ভোগী ও কর্ম্মীর ত কথাই নাই; জ্ঞানী স্বীয় অসাধারণ বিচার বলে চিত্তকে পরিমার্জ্জিত করিয়া, চিত্তের বলাবল অনুসারেই সহ্য করিতে পারেন। কিন্তু ভক্ত অকুতোভয়ে ও অক্ষুণ্নমনে সমস্তই সহ্য করিতে পারেন। কি শোভন-দর্শন হিতকর প্রেমময় মূর্ত্তি, কি বিকটদর্শন অনিষ্টকর ভীষণ মূর্ত্তি! ভক্ত এই উভয়কেই এক পর্য্যায়ে অব-লোকন করেন। কারণ, অবস্থানুসারে দুইই প্রয়োজন; ভগবান্ দুইই সৃজন করিয়াছেন

তস্মিন্নির্ম্মনুজেঽরণ্যে পিপ্পলোপস্থ আশ্রিতঃ ।
আত্মনাত্মস্থমাত্মানং যথাশ্রুতমচিন্তয়ম্ ॥ ১৫ ॥

অন্বয়ঃ ।

নির্ম্মনুজে জনশূন্যে, তস্মিন্ অরণ্যে, পিপ্পলোপস্থে অশ্বত্থমূলে, আশ্রিতঃ উপবিষ্টঃ সন্, আত্মনা মনসা, আত্মস্থং হৃদিস্থং, আত্মানং পরমাত্মানং, অহং অচিন্তয়ম্ ॥ ১৫ ॥

পিপ্পলোপস্থে অশ্বত্থমূলে। আশ্রিতঃ উপবিষ্টঃ। আত্মনা বুদ্ধ্যা। আত্মস্থং হৃদিস্থং। আত্মানং পরমাত্মানম্ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ব্যালাদীনাং অজিরং ক্রীড়াস্থানং তেষু তেষু বহুবিস্ময়াস্পদেষু ভীত্যাস্পদেষু চ দৃষ্টেষ্বপি ন মে বিস্ময়ো নাপি ভীতিরভূৎ মন্মনসস্তদা ভগবন্মাধুর্য্যাস্বাদমাত্রাবিষ্টত্বাদিতি ভাবঃ ॥ ১১—১৪ ॥

পিপ্পলোপস্থে অশ্বত্থমূলে আশ্রিতঃ উপবিষ্টঃ। আত্মনা বুদ্ধ্যা আত্মস্থং উৎপন্নপ্রেমত্বান্মনস্যবিচ্ছেদেনৈব কৃতবাসং আত্মানং পরমাত্মানং। তত্রাপি যথাশ্রুতং মন্ত্রোপদিষ্টধ্যানমনতিক্রম্য অচিন্তয়ম্ ॥ ১৫ ॥

অবশেষে সেই নির্জ্জন কাননের মধ্যে একটী অশ্বত্থপাদপের মূলদেশে উপবেশন করিয়া, উপদেষ্টা ব্রাহ্মণগণের নিদেশানুসারে হৃদয়কন্দরস্থ পরমাত্মাকে মনে মনে ধ্যান করিতে লাগিলাম ॥ ১৫ ॥

আভাস ।

এবং প্রয়োজন মত দুইয়েরই অপলোপ করিবেন। ভক্তি নারদ-হৃদয়ে কোমল ভাবে অঙ্কুরিত হইলেও, অচ্ছেদ্য বিষয়-বাসনার মূল পর্য্যন্ত নষ্ট করিয়া ফেলিল। কি সুখসেব্য! কি দুঃখপ্রদভাব! নারদ কিছুতেই ভ্রূক্ষেপ না করিয়া, অনবরত সর্ব্বস্নেহময়ের অনুসরণে গমন করিতে লাগিলেন। সাধু-সংসর্গে চিত্তের বিষয়-প্রবণতা দূরীভূত হইল; স্বপ্নদর্শনের ন্যায়, তাঁহাদের উপদেশে নারদহৃদয়ে ভগবানের ঐশ্বর্য্যরাশি প্রকটিত হইয়া, নিশ্চলা ভক্তি উদিত করিল। এই মাধুর্য্যময় ভক্তিরসাস্বাদনে, নারদ অসহ্য মাতৃবিরহকেও ঈশ্বরের অনুগ্রহ-জ্ঞানে সন্তুষ্টহৃদয়ে আলিঙ্গন করিলেন। যাত্রাকালে পথিমধ্যে কতই মনোহর বস্তু অবলোকন করিয়াছিলেন; কিন্তু কিছুতেই তাঁহার মন আকৃষ্ট হয় নাই। কারণ তাঁহার লক্ষ্য সর্ব্বরসময় সর্ব্বসৌন্দর্য্যময় ও কারুণ্য-রসের একমাত্র আধার ভগবান্! বাহ্যদর্শনে তাঁহার দৃষ্টি বিষয়ের প্রতি পতিত বলিয়া অনুভূত হইলেও, প্রকৃতপ্রস্তাবে তাহা নহে। সিংহ-ব্যাঘ্রাদি শ্বাপদাকীর্ণ, শরবেণু-কুশাচ্ছন্ন ঘোরদর্শন নিবিড় অরণ্য দর্শনে একাকী গমন কালে, কোন্ পথিকের মনে মৃত্যুর ভীষণ আকার না প্রতীয়মান হয়? কিন্তু কেবল ভক্তি

ধ্যায়তশ্চরণাম্ভোজং ভাবনির্জ্জিতচেতসা।
ঔৎকণ্ঠ্যাশ্রুকলাক্ষস্য হৃদ্যাসীন্মে শনৈর্হরিঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

ভাবনির্জ্জিতচেতসা ভক্ত্যাকৃষ্টচিত্তেন, চরণাম্ভোজং ধ্যায়তঃ ঔৎকণ্ঠ্যাশ্রুকলাক্ষস্য প্রেম-নির্ভরত্বাৎ বাষ্পাকুলিতলোচনস্য, মে মম হৃদি হরিঃ শনৈঃ আসীৎ প্রাদুর্বভূব ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

ভাবেন ভক্ত্যা নির্জ্জিতং বশীকৃতং যচ্চেতস্তেন ঔৎকণ্ঠ্যেনাশ্রুকলাযুক্তে অক্ষিণী যস্য ॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভাবনির্জ্জিতেন প্রেমবশীকৃতেন চেতসা মনসা হৃদি মনস্যেব ধ্যায়তো মম হরিঃ শনৈঃ ক্রমেণাসীৎ আগত্যাগ্রে বভূব। যদ্বা শনৈরিতি প্রথমং হৃদ্যাবির্ভূব ততো হৃদ্বৃত্তিষু তিস্বষু নাসিকাশ্রোত্রচক্ষুঃষপি স্বাঙ্গসৌরভ্যনূপুরসৌস্বর্য্যশ্রীমুখসৌন্দর্য্যগ্রাহণার্থমাবির্ভূব। কীদৃশস্য মম ঔৎকণ্ঠ্যেন অশ্রূণি কলয়তো ধারয়তোঽক্ষিণী যস্য তস্য ॥ ১৬ ॥

নিতান্ত ভক্তি-সহকারে ও তদ্‌গতচিত্তে চরণকমল চিন্তা করিতে করিতে অত্যন্ত উৎকণ্ঠা বশত আমার নেত্রদ্বয় অশ্রুপূর্ণ হইল এবং হৃদয়াকাশে মেঘনির্ম্মুক্ত শশধরের ন্যায়, ভগবান্ শ্রীহরি প্রাদুর্ভূত হইলেন ॥ ১৬ ॥

আভাস।

মাত্র অমোঘ অস্ত্রের অবলম্বনে, নারদ নির্ভয়চিত্তে যেন পূর্ব্বপরিচিত ও কতই শান্তিপ্রদ নিকেতনে উপস্থিত হইলেন। তাঁহার হৃদয় আশ্বাসপূর্ণ আনন্দরসে নিমগ্ন; প্রত্যেক ভীষণ দৃশ্যসমূহও নারদচক্ষে, প্রতিপদে ভগবানের এক একটী ঐশ্বর্য্যের পরিচয় প্রদান করিতে লাগিল। নারদ ক্ষুধা, পিপাসা ও পথশ্রমে নিতান্ত নিস্তেজ হইলেও, তত্রত্য নদীর জলে অবগাহন পূর্ব্বক স্নানাদি সমাপন করিয়াই পবিত্রদেহ হইলেন; এবং মনোমধ্যে দ্বিগুণ উত্তেজনা লাভ করিয়া, কেবল মাত্র বৃক্ষমূল আশ্রয়েই ভগবচ্চিন্তায় নিমগ্ন হইলেন ॥ ১৫ ॥

পরিব্রাজক ব্রাহ্মণগণের উপদেশ অনুসারে সর্ব্বশরণদাতার শরণাগত হইয়া, নারদ মনে মনে স্থিরভাবে এইরূপ ভাবিতে লাগিলেন যে, যিনি সর্ব্বজীবের অন্তরস্থ ও সর্ব্বময়, তিনি অদ্য কৃপা করিয়া এই দীনহীন সন্তানের হৃদয়ে একবার স্বরূপের প্রকাশ করুন্! ভগবানের নিকট বালক বা বৃদ্ধ, জ্ঞানী বা মূর্খ, ধনী বা দরিদ্র বলিয়া কোন পার্থক্য নাই; ভক্তিপূর্ব্বক কাতরপ্রাণে যে তাঁহার শরণাগত হয়, তাহার দুঃখ তখনই তিনি বিমোচন করিয়া, আশ্বাসার্থ স্বয়ং আত্মস্বরূপের প্রকাশ করিয়া থাকেন। নারদ যেমন বয়ঃক্রমে শিশু, বিষয়রসানুভবেও ততোধিক বালক। সুতরাং কোমল হৃদয়ে ভগবন্মাধুর্য্যের এতই প্রবল উৎস উত্থিত

প্রেমাতিভরনির্ভিন্নপুলকাঙ্গোঽতিনির্বৃতঃ।
আনন্দসংপ্লবে লীনো নাপশ্যমুভয়ং মুনে॥ ১৭॥

অন্বয়ঃ।

হে মুনে! তদা প্রেমাতিভরনির্ভিন্নপুলকাঙ্গঃ প্রেমাতিরেকেন পুলকিতসর্ব্বাঙ্গঃ, অতএব অতিনির্বৃতঃ নিষ্পন্নঃ অহং আনন্দসংপ্লবে লীনঃ মগ্নঃ সন্ আনন্দমূর্চ্ছায়াং, উভয়ং আত্মানং পরমাত্মানং চ ন অপশ্যম্॥ ৭॥

শ্রীধরস্বামী।

প্রেম্ণোঽতিভরেণ নির্ভিন্নপুলকানি অঙ্গানি যস্য। আনন্দানাং সংপ্লবে মহাপ্লবে পরমানন্দে। উভয়ং আত্মানং পরঞ্চ॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রেম্ণোঽতিভরেণ অত্যাধিক্যেন নির্ভিন্নানি অতিভিন্নানি পুলকযুক্তানি চ অঙ্গানি যস্য সঃ। প্রেমরূপাণ্যেব সর্ব্বাণ্যঙ্গানি তদানীমভূবন্নিত্যর্থঃ। যদ্বা নিঃশেষেণ ভিন্নানি বিদীর্ণানীব বোঢ়ুমসামর্থ্যাদেবেতি ভাবঃ। আনন্দসংপ্লবে লীনো লব্ধানন্দমূর্চ্ছ ইত্যর্থঃ। উভয়ং আত্মানং পরঞ্চ নাপশ্যম্॥ ১৭॥

হে ঋষিবর! দুর্ল্লভদর্শন ভগবানকে হৃদয়পদ্মে লাভ করায়, প্রেমের আতিশয্যে আমার সর্ব্বাঙ্গ পুলকিত হইল; আমি অতি চমৎকৃত হইয়া পরমানন্দ-স্রোতে নিমগ্ন হইলাম বটে, কিন্তু সে সুখে মূর্চ্ছিতের ন্যায় অবসন্ন হইয়া, আমার নিজের স্বরূপ ও পরমাত্মস্বরূপ এই উভয়ই বিস্মৃত হইলাম॥ ১৭॥

আভাস।

হইল যে, যেন হৃদয়ের অন্তস্তল সুশীতল করিয়া, বাহিরের উত্তাপ নিবারণের জন্যই অশ্রুরূপে নেত্র পূরণ করত, দরদরিতধারে বক্ষঃস্থল আর্দ্র করিতে লাগিল। নারদের আশা পূর্ণ হইল। তিনি আগ্রহাতিশয়ে পাদপদ্ম চিন্তা করিতে করিতে, ভগবানের পূর্ণাবয়ব দর্শন করিলেন; কিন্তু আনন্দের মূর্চ্ছনায় বিবশ হইয়া, পুনরায় সমস্ত বিস্মৃত হইয়া গেলেন। তিনি কে? তাঁহার ভাবনীয় ভগবান্ কোথায়?" কিছুই আর তাঁহার স্মরণ রহিল না। অবশেষে মূর্চ্ছাভঙ্গের ন্যায় চিত্তস্থ হইয়া, ভগবৎস্বরূপের দর্শনাভাবে নিতান্তই উদ্বিগ্ন হইলেন। এবং সত্বর গাত্রোত্থান করিয়া, সেই মোহন মূর্ত্তি পুনর্ব্বার দর্শন করিবার অভিলাষে চিত্ত সংযত করিলেন; কিন্তু আশানুরূপ ফললাভ হইল না। ভগবানের অদর্শনে নিতান্ত বিষণ্নমনে উপবিষ্ট ছিলেন। এমত সময়ে ভক্তবৎসল ভগবান্ আকাশবাণী দ্বারা তাঁহার চিত্তে আশ্বাস প্রদান পূর্ব্বক প্রকাশ করিলেন যে, জন্ম পরিগ্রহ করিয়া জীব যদি ঈশ্বরসাক্ষাৎকারে সমর্থ হয়,

রূপং ভগবতো যত্তন্মনঃকান্তং শুচাপহং।
অপশ্যন্ সহসোত্তস্থে বৈক্লব্যাদ্ দুর্ম্মনা ইব ॥ ১৮ ॥
দিদৃক্ষুস্তদহং ভূয়ঃ প্রণিধায় মনো হৃদি।
বীক্ষমাণোঽপি নাপশ্যমবিতৃপ্ত ইবাতুরঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

মনঃকান্তং প্রিয়তমং, শুচাপহং তাপনাশনং, যৎ ভগবতঃ রূপং তৎ অপশ্যন্ সন্, বৈক্লব্যাৎ দুর্ম্মনাঃ ইব সহসা উত্তস্থে ॥ ১৮ ॥

পুনস্তদ্রূপং দিদৃক্ষুঃ অহং ভূয়ং হৃদি মনঃ প্রণিধায় বীক্ষমাণোঽপি ন অপশ্যম্। তেন অবিতৃপ্তঃ অহং আতুরঃ ইব অভবম্ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

মনসঃ কান্তমভীষ্টং। শুচা শোকস্তামপহন্তীতি তথা তৎ। উত্তস্থে ব্যুত্থিতবানস্মি ॥ ১৮ ॥

হৃদি মনঃ প্রণিধায় স্থিরীকৃত্য। অবিতৃপ্তোঽহং আতুর ইব অভবমিতি শেষঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুনশ্চ সহসৈব তদ্রূপং অপশ্যন্ উত্তস্থে উত্থিতোঽস্মি। যথা প্রাপ্তচ্যুতনিধির্জ্জনো দুর্ম্মনা ভবতি তথৈবেত্যর্থঃ ॥ ১৮ ॥

প্রণিধায় স্থিরীকৃত্য ॥ ১৯ ॥

কিয়ৎক্ষণ পরে আমি চিত্তস্থ হইলাম; কিন্তু সর্ব্বতাপনাশন মনোমুগ্ধকর প্রেমময় ভগবানের মূর্ত্তিখানি অন্তরে আর অবলোকন করিতে না পাইয়া, আমি নিতান্ত ব্যাকুল হইলাম এবং অতিশয় দুঃখিতের ন্যায় সহসা গাত্রোত্থান করিলাম ॥ ১৮ ॥

এবং পুনরায় দর্শন করিবার বাসনায় সংযতচিত্ত হইয়া, বারংবার চেষ্টা করিলেও আমার আশা পূর্ণ হইল না; আমি ক্ষুন্নহৃদয়ে অসমর্থের ন্যায় অবস্থিতি করিতে লাগিলাম ॥ ১৯ ॥

আভাস

তবেই জীবন সার্থক, নতুবা নিরর্থক। ভক্ত যদি আর কিছু না চাহিয়া, কেবল ভগবানকেই চাহে, তাহা হইলে তাহার সৌভাগ্যের আর সীমা থাকে না। কিন্তু নারদের অন্তঃকরণ তখনও প্রসুপ্ত বিষয়বাসনার দ্বারা আচ্ছন্ন ছিল; কেবল একটী আকস্মিক পরিবর্ত্তন দ্বারা চিত্তে একাগ্রতার উদয় হইয়া, ঈশ্বর-সন্দর্শন লাভ হইল। পরে ভক্তিপূর্ব্বক তত্ত্বসাক্ষাৎকারের অভ্যাস ও

এবং যতন্তং বিজনে মামাহাগোচরো গিরাং।
গম্ভীরশ্লক্ষ্ণয়া বাচা শুচঃ প্রশময়ন্নিব ॥ ২০ ॥

অন্বয়ঃ।

এবং বিজনে বনে, যতন্তং দর্শনায় যত্নং কুর্ব্বন্তং, মাং গিরাং অগোচরঃ সংবেদনস্যা-বিষয়ীভূতঃ, আকাশবাক্ ঈশ্বরঃ, গম্ভীরশ্লক্ষ্ণয়া মধুরয়া, বাচা শুচঃ শোকান্, প্রশময়ন্ ইব আহ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

গিরামগোচরঃ সন্ বচনস্যাবিষয়ীভূত ঈশ্বরঃ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গিরাং অগোচরঃ যতো বাচো নিবর্ত্তন্তে ইতি শ্রুতেঃ। সর্ব্বেরেব বচনগোচরীকর্ত্তুমশ-ক্যোঽপি ভগবান্মামাহ। স্বীয়বচনসৌস্বর্য্যং শ্রবণাভ্যাং মামনুভাবয়ামাস। এবং নারদস্য বৈধভক্তিমত্ত্বাদ্ভগবৎ-সৌরভ্য-সৌন্দর্য্যসৌস্বর্য্যাণাং ত্রয়াণামেব মাধুর্য্যাণামনুভবঃ সাধকদেহে অন্যেষাং সর্ব্বেষান্তু তন্মাধুর্য্যাণাং সিদ্ধদেহ এব ভাবী জ্ঞেয়ঃ। শুচস্তদ্দর্শনোদ্ভূতদুঃখশোকান্ প্রশময়ন্ দূরীকুর্ব্বন্ অত্র বিয়োগোৎকণ্ঠাবতঃ প্রেয়ঃ সর্ব্বথাতৃপ্ত্যভাবধর্ম্মত্বাদিবশব্দঃ ॥ ২০ ॥

এইরূপে সেই নির্জ্জন কাননমধ্যে ভগবদ্দর্শনলাভার্থ আমি চেষ্টা করিতেছি, এমন সময়ে শব্দাদির অগোচর ভগবান্ শ্রীহরি গম্ভীর ও মধুর স্বরে শোকাপ-নোদন পূর্ব্বক অন্তরীক্ষে আমাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন— ॥ ২০ ॥

আভাস।

বিষয়বৈরাগ্য দ্বারা চিত্ত যখন সর্ব্বতোভাবে মালিন্যবর্জ্জিত হইবে, তখনই দুঃখের নিবৃত্তি হইবে। এস্থলে প্রশ্ন হইতে পারে যে, নারদের বিষয়বাসনা সত্ত্বেও ঈশ্বরসাক্ষাৎকার-লাভ কি প্রকারে ঘটিল? এবং স্থায়ীভাবে পরে সে অবস্থা না থাকিবার কারণ কি? তদুত্তরে ভগবান্ স্বয়ংই প্রকাশ করিলেন যে, তুমি এই দেহেই যে পুনর্ব্বার দর্শনের জন্য প্রার্থনা করিতেছ, তাহা কখনই সম্ভব নহে। আমি যে তোমাকে এই অবস্থাতেই দর্শন দিয়াছি, সে কেবল ভক্তহৃদয়কে অধিকতর প্রেমপ্রবণ করিবার জন্যই মাত্র। অতএব যে ভক্তের হৃদয়ে কথঞ্চিৎ ভগবৎপ্রেমের উদ্ভাবন হইয়াছে, তাহাকে উত্তরোত্তর উৎসাহান্বিত করিবার জন্যই একবার মাত্র তাহাকে দর্শন দিয়া থাকি। ভগবৎ-স্বরূপের সাক্ষাৎকার অতীব প্রীতিপ্রদ; সেই সর্ব্বরসময় সর্ব্বানন্দপ্রদ ও সৌন্দর্য্যের একমাত্র আধার, পরমরমণীয় জগদানন্দকর পূর্ণব্রহ্মকে দর্শন করিয়া, ভক্ত ত্রিভুবনের আধিপত্যও তুচ্ছজ্ঞানে অনবরত সেই প্রেমময় মূর্ত্তিখানির দর্শনবাসনায় উৎকণ্ঠিতচিত্তে অন্বেষণ করিতে থাকে। কালের অব্যাহত গতি সহ-কারে বিরহোৎকণ্ঠা ক্রমশ অগ্রসর হইয়া, ভক্তহৃদয়ে একাগ্রতার এত বৃদ্ধি করে যে, শয়নে

হন্তাস্মিন্ জন্মনি ভবান্ মা মাং দ্রষ্টুমিহার্হতি।
অবিপক্ককষায়াণাং দুর্দ্দর্শোঽহং কুযোগিনাং ॥ ২১ ॥
সকৃদ্‌যদ্দর্শিতং রূপমেতৎ কামায় তেঽনঘ।
মৎকামঃ শনকৈঃ সাধুঃ সর্ব্বান্ মুঞ্চতি হৃচ্ছয়ান্ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

হন্ত ভোঃ, নারদ! ভবান্ অস্মিন্ জন্মনি ইহ জগতি মা মাং দ্রষ্টুং, মা ন, অর্হতি যোগ্যঃ ভবতি। যতঃ অবিপক্ককষায়াণাং অনির্দগ্ধচিত্তমলানাং, সুতরাং কুযোগিনাং অহং দুর্দ্দর্শঃ দ্রষ্টুমশক্যঃ ॥ ২১ ॥

হে অনঘ! ময়া যৎ এতৎ রূপং সকৃৎ দর্শিতং তৎ ময়ি তে তব, কামায় প্রীতয়ে, অনুরাগায় এব; যতঃ মৎকামঃ ময়ি অনুরক্তঃ, সাধুঃ সর্ব্বান্ হৃচ্ছয়ান্ বাসনারূপান্, কষায়ান্, শনকৈঃ মুঞ্চতি ত্যজতি ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

হন্তেতি সানুকম্পসম্বোধনে। মা ইতি মাং, দ্রষ্টুং মার্হতি নার্হতি যতোঽবিপক্কা অদগ্ধাঃ কষায়া মলাঃ কামাদয়ো যেষাং তেষাং কুযোগিনাং অনিষ্পন্নযোগানাম্ ॥ ২১ ॥

কুতস্তর্হি দৃষ্টোঽসি তত্রাহ সকৃৎ দর্শিতং ময়েতি যৎ এতৎ কামায় ময়ি অনুরাগায়। ত্বৎকামেন কিমিত্যত আহ মৎকাম পুমান্। হৃচ্ছয়ান্ কামান্ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিমাহেত্যত আহ। হন্তেতি সানুকম্পসম্বোধনং। অস্মিন্ জন্মনি সাধকদেহে মা ইতি মাং দ্রষ্টুং নার্হতি। ন বিপক্কাঃ ন দগ্ধাঃ কষায়া মলাঃ কামাদয়ো যেষাং তেষাং কুযোগিনাং অহং দুর্দ্দর্শঃ অদৃশ্যঃ। তুভ্যং তু দর্শনং দত্তমেবেতি ত্বং তু কুযোগী ন ভবসীতি ভাবঃ ॥ ২১ ॥

তর্হি হাহা পুনরপ্যেকবারং দর্শনং দেহীত্যত আহ সকৃদিতি। এতদেকবারদর্শনং তে কামায় ত্বন্মনোরথং সাধয়িতুং যোগ্যমিত্যর্থঃ। নতু মুহুর্দ্দর্শনং। ঔৎকণ্ঠ্যস্যানতিবৃদ্ধ্যা

হে নারদ! আর শোক করিও না! তুমি এই জন্মে জগতীতলে আর আমার সন্দর্শন পাইবে না। কারণ সাধনার দ্বারা যাহাদের চিত্তমল সম্পূর্ণ বিধৌত হয় নাই, তাদৃশ যোগিগণ কখনই আমার দর্শন পায় না ॥ ২১ ॥

হে অনঘ! তোমাকে যে একবার আমার স্বরূপ দেখাইলাম, সে কেবল

আভাস।

স্বপনে, জাগরণে, বিহরণে বা আলাপনে তাঁহার চক্ষুর সন্নিকটে সেই মধুর মূর্ত্তি ব্যতীত অন্য কোন-নামগ্রাহী আর স্থান পায় না। এইরূপে যখন কি তীব্র! কি মৃদু! সর্ব্বপ্রকার বিষয় বাসনার মূল পর্য্যন্ত উৎপাটিত হইয়া অবিপ্লবে ভগবৎস্বরূপের প্রকাশ হইতে থাকে, তখনই

সৎসেবয়া দীর্ঘয়াপি জাতা ময়ি দৃঢ়া মতিঃ।
হিত্বাবদ্যমিমং লোকং গন্তা মজ্জনতামসি ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

অদীর্ঘয়াপি সৎসেবয়া ময়ি তব দৃঢ়া মতিঃ জাতা, মচ্চিন্তনং দৃঢ়মাসীৎ। অতঃ ইমং অবদ্যং নিন্দ্যং, লোকং দেহগেহাদিন্ হিত্বা মজ্জনতাং মৎপার্ষদতাং, অসি ত্বং, গন্তা গমিষ্যসি ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

অদীর্ঘয়াপি সতাং সেবয়া অবদ্যং নিন্দ্যং লোকং দেহং। মজ্জনতাং মৎপার্ষদতাং গন্তাসি ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রেম্ণোঽপ্যনতিবৃদ্ধেস্তস্য-তারুণ্যং ন স্যাদিতি ভাবঃ। অতএব জাতপ্রেম্নে ভক্তায় সাধকদেহে একবারমেব দর্শনং দদামীতি মম নিয়মঃ। যথা সাধকদেহে বালভূতঃ প্রেমা বিয়োগোৎকণ্ঠ্যেন লব্ধাতিবৃদ্ধিঃ সিদ্ধদেহে তরুণঃ সন্ স্বাধারং ভক্তং মুহুরপি মাং দর্শয়তি সাক্ষাৎ সেবয়তি চেতি স্বভক্তমনোরথপূর্ত্তিপ্রকারমহমেব জানামি ন তু মে স্বভক্ত ইতি ভাবঃ। মৎকামঃ যো হি মাং কাময়তে মাত্রং মদ্দর্শনালাভেঽপীত্যর্থঃ। হৃচ্ছয়ান বিষয়বাসনাঃ। অত্রাপি সর্ব্বান্ মোক্ষ্যসি হৃচ্ছয়ানিত্যুক্তের্নারদং প্রতি নেদং বাক্যং কিন্তু স্বভক্তেঃ স্বভাবং তং জ্ঞাপয়ামাসত্যেবাত্র তত্ত্বং সর্ব্বমিদং দৈন্যবর্দ্ধনার্থমিত্যেকে ॥ ২২ ॥

অদীর্ঘয়া অল্পয়াপি অবদ্যং নিন্দ্যালোকং সাংসারিকজনাবাসং ত্রিভুবনমেব ত্যক্ত্বা মজ্জনতাং মৎপার্ষদত্বং গন্তাসি গমিষ্যসি ॥ ২৩ ॥

আমার প্রতি তোমার আসক্তি-বৃদ্ধির জন্য মাত্র; কারণ আমার প্রতি আসক্ত সাধুগণের বিষয়বাসনা চিত্ত হইতে ক্রমশই দূরীভূত হইয়া থাকে ॥ ২২ ॥

বিশেষত অতি অল্পদিন সাধুসেবা করিয়াই, আমার প্রতি তোমার অচলা ভক্তি জন্মিয়াছে। অতএব তুমি এই ঘৃণার্হ মর্ত্ত্যধাম পরিহার পূর্ব্বক, আমার দিব্যলোকে গমন করিবে ॥ ২৩ ॥

আভাস।

ভগবন্নিষ্ঠা মতির উদয় স্বীকার করিতে হইবে। আমার প্রসাদে ভক্তের তাদৃশী মতির কখন হ্রাস হয় না; কারণ নিত্যস্বরূপ আমাতে সংলগ্ন থাকায়, মতিও নিত্যা এবং অনির্ব্বাচ্যারূপে প্রতীয়মান হয়। সাধক এই নশ্বর ত্রিগুণময় দুঃখজর্জ্জরিত মায়ারচিত দেহাদি বিসর্জ্জন করিয়া, মদীয় লোকে আগমন করত, শুদ্ধসত্ত্বময় আমার পার্ষদদেহ লাভ করিয়া,

মতির্ময়ি নিবদ্ধেয়ং ন বিপদ্যেত কর্হিচিৎ।
প্রজাসর্গনিরোধেঽপি স্মৃতিশ্চ মদনুগ্রহাৎ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

ময়ি নিবদ্ধা ইয়ং মতিঃ কর্হিচিৎ ন বিপদ্যেত ন নশ্যেত, তথা মদনুগ্রহাৎ তে এতজ্জন্মবিষয়া স্মৃতিশ্চ প্রজানাং সর্গে সৃষ্টৌ, নিরোধে প্রলয়ে, অপি ন নঙ্ক্ষ্যতি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

প্রজানাং সর্গে সৃষ্টৌ নিরোধে সংহারেঽপি। প্রজাসর্গস্য নিরোধ ইতি বা ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন বিপদ্যেত যতো ময়ি নিবদ্ধা স্থাপিতা প্রেম্ণৈবেত্যর্থঃ। মম নিত্যত্বাৎ মতিরপি নিত্যৈবেত্যর্থঃ ॥ ২৪ ॥

একবার আমাতে মতি নিবিষ্ট করিতে পারিলে, আর কখন তাহা স্খলিত হয় না; এবং আমার কৃপায় তাহার পূর্ব্বস্মৃতিও, কি সৃষ্টি কালে! কি প্রলয় কালে! কখনই নষ্ট হয় না ॥ ২৪ ॥

আভাস।

চিরানন্দ অনুভব করিতে থাকে ॥ ১৬—২৩ ॥

ভক্ত প্রতিপদে ভগবৎ-সান্নিধ্য লাভের আশ্বাস প্রাপ্ত হইয়া থাকে। ঈশ্বরপরায়ণ ব্যক্তি আপনাকে কখন বিপন্ন বোধ করেন না। তাঁহার মনে দৃঢ় নিশ্চয় যে, সকল অবস্থায় ভগবান্ তাঁহার সহায়। অতএব সমস্ত জগতের সাহায্য পাইয়া যে ফল লাভ হইবে, এক ভগবানের বিন্দুমাত্র ঈক্ষণেই তাহার কোটি গুণ ফল অবশ্যই হওয়া সম্ভব। কারণ ভগবান্ সর্ব্বনিয়ন্তা ও সর্ব্বব্যাপী। ভক্তের বিপদ উপস্থিত হইবার পূর্ব্বেই, এমন কি! অঙ্কুরিত অবস্থাতেই ধ্বংস হইয়া যায়। সুতরাং ভক্তের চিত্ত অটল ও প্রসন্ন। বিশেষত ঈশ্বর-চিন্তায় অনবরত নিমগ্ন থাকায়, তাঁহাদের চিত্ত এরূপ বিধৌতমল হয় যে, যেমন স্বচ্ছ দর্পণাদি-পদার্থে ছায়া সুস্পষ্ট প্রতীয়মান হয়, সেইরূপ ইচ্ছা করিলে, ভক্ত বহু পূর্ব্বের, এমন কি! সৃষ্টির আদি অবস্থার বিষয়গুলিও হৃদয়ে সুস্পষ্ট দেখিতে পান; এবং মহাপ্রলয়েও যখন সমস্ত জীব ও জগত স্ব স্ব আকার, নাম, ক্রিয়া, সম্বন্ধ ও প্রয়োজন বিস্মৃত হইয়া, মায়ার একাকারতায় প্রলীন হইবে, কোন সংজ্ঞা থাকিবে না, তখন কেবল ভক্তগণকে প্রহরী রাখিয়া ভগবান্ও যোগনিদ্রা অবলম্বনে বিশ্রাম করিবেন। ভক্তের স্মৃতির কখন নাশ নাই। ঈশ্বরপরায়ণ হইলে, জীব ক্রমশ এই জীবনেই ত্রিকালদর্শী হইতে থাকেন। এই সমস্তই ভগবদনুগ্রহের প্রধান লক্ষণ ॥ ২৪ ॥

এতাবদুক্ত্বোপররাম তন্মহদ্ভূতং নভোলিঙ্গমলিঙ্গমীশ্বরং।
অহঞ্চ তস্মৈ মহতাং মহীয়সে শীর্ষ্ণাবনামং বিদধেঽনুকম্পিতঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

তৎমহদ্ভূতং প্রসিদ্ধং, নভোলিঙ্গং শব্দমূর্ত্তিকং, তথাচ অলিঙ্গং মূর্ত্তিরহিতং, ঈশ্বরং নিয়ন্তৃ, এতাবদুক্ত্বা উপররাম। তেন অনুকম্পিতঃ সন্ অহং চ মহতাং মহীয়সে সর্ব্বকর্ত্রে, তস্মৈ ঈশ্বরায়, শীর্ষ্ণা শিরসা, অবনামং প্রণামং, বিদধে কৃতবান্ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

তৎ প্রসিদ্ধং মহদ্ভূতং। অস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতদ্যদৃগ্বেদ ইত্যাদি শ্রুতেঃ। কীদৃশং ঈশ্বরং সর্ব্বনিয়ন্তৃ, নভসি লিঙ্গং মূর্ত্তির্যস্য তন্নভোলিঙ্গং। সন্নিহিতমপি ন লিঙ্গত ইত্যলিঙ্গং। তস্মৈ অদৃষ্টায় ভগবতে অবনামং প্রণামং বিদধে কৃতবানহম্। তেনানুকম্পিতঃ অনুগৃহীতঃ সন্ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহদ্ভূতমিতি ক্লীবলিঙ্গং ভগবন্নাম। অস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতদ্যদৃগ্বেদ ইত্যাদি শ্রুতেঃ। তেন যস্য নিশ্বসিতমেব চত্বারো বেদাস্তস্য বচনং ততোঽপ্যতিপ্রমাণমিতি ভাবঃ। ঈশ্বরং অতিনিকৃষ্টায় দাসীপুত্রায়াপি মহৎ তথা বরপ্রদানং যদিদমপি তস্যৈকমীশ্বরত্বমিতি ভাবঃ। নভসি আকাশ এব লিঙ্গং চিহ্নং শ্রীমুখবচনরূপং যস্য তৎ যতো ন লিঙ্গ্যতে ন লক্ষ্যতে চক্ষুর্ভ্যামদৃষ্টত্বাদলিঙ্গম্ ॥ ২৫ ॥

এই বলিয়া সেই শব্দশরীরী নিরাকার সর্ব্বশক্তিমান্ অতি মহদ্ভূত ভগবান্ বিনিবৃত্ত হইলেন; আমিও তাঁহার অনুকম্পায় নিতান্ত অনুগৃহীত হইয়া, সেই সর্ব্বশ্রেষ্ঠ পরমাত্মাকে অবনত মস্তকে প্রণাম করিলাম ॥ ২৫ ॥

আভাস।

নারদ আকাশবাণী শ্রবণে আশ্বস্ত হইলেন এবং মনে মনে আপনাকে কৃতার্থ জ্ঞান করিয়া, ভগবানকে ধন্যবাদ প্রদান করিতে লাগিলেন। প্রথমত ভাবিয়াছিলেন যে, আমি অতি নিকৃষ্ট দাসীর গর্ভে জন্মগ্রহণ করিয়াছি, তাহাতে আবার মূর্খ বালক; কেন তিনি প্রসন্ন হইয়া আমাকে দর্শন দিবেন? তিনি যে যোগীর আরাধ্য ধন! তিনি যে মূর্ত্তিশূন্য অথচ সর্ব্বব্যাপী, আকাশবাণী দ্বারাই তাহার পরিচয় দিয়াছেন। যাঁহার নিশ্বাস-বায়ু হইতে সাম আদি বেদ চতুষ্টয় বিনির্গত হইয়া, মর্ত্তভূমে কর্ত্তব্য বিষয়ের অবধারণ হইয়াছে, তিনি শূন্যময় আকাশ হইতে ধ্বনিরূপে প্রকাশ পাইয়া, আমাকে পরম সুহৃদ ও গুরুর ন্যায় উপদেশ করিয়াছেন। তিনি আমাকে দেখিতেছেন; আমি তাঁহাকে দেখিতে পাইলাম না! ঈদৃশ অনুগ্রহ প্রকাশই ঈশ্বরের ঈশ্বরত্ব ॥ ২৫ ॥

নামান্যনন্তস্য হৃতত্রপঃ পঠন্ গুহ্যানি ভদ্রাণি কৃতানি চ স্মরন্।
গাং পর্য্যটংস্তুষ্টমনা গতস্পৃহঃ কালং প্রতীক্ষন্নমদো বিমৎসরঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

ততোঽহম্ হৃতত্রপঃ ত্যক্তলজ্জঃ, ইব অনন্তস্য নামানি পঠন্ কীর্ত্তয়ন্, গুহ্যানি ভদ্রাণি মঙ্গলানি, কৃতানি চরিতানি, চ স্মরন্ গাং পৃথিবীং, পর্য্যটন্ তুষ্টমনাঃ গতস্পৃহঃ অমদঃ বিমৎসরঃ সন্ কালং তৎকৃপাবসরং, প্রতীক্ষমানঃ আসম্ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

অনন্তস্য নামানি পঠন্নিবানবরতং গৃণন্। হৃতত্রপ ত্যক্তলজ্জো বিমৎসরো জাতোঽস্মীতি শেষঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃতানি চরিতানি। কালং প্রতীক্ষন্ স কালো যে কদা ভবিষ্যতি যত্র তৎপার্ষদতাং যাস্যামীতি ভগবৎপার্ষদো ভবিষ্যামি কোঽন্য বরাকো মৎসম ইত্যেবং মদমৎসরৌ মম নাভূতাম্ ॥ ২৬ ॥

তদবধি আমিও লজ্জা, মাৎসর্য্য ও অহঙ্কারে জলাঞ্জলি দিয়া, কেবল সেই অনন্তদেবের নাম-কীর্ত্তন ও সর্ব্বমঙ্গলময় লীলাদির স্মরণ করিয়া পৃথিবী পর্য্যটন করত সর্ব্ববিষয়ে স্পৃহাশূন্য ও সতত সন্তুষ্ট ভাবে কালের প্রতীক্ষা করিতে লাগিলাম ॥ ২৬ ॥

আভাস।

ভক্তকে ভগবান্ রক্ষা করেন। ভক্ত লৌকিক আচারের অতীত; সামাজিক কপটতাপূর্ণ ভদ্রতার অধীন হইয়া, কখন মনোগত ভাব প্রচ্ছন্ন করত শিষ্টাচার দ্বারা প্রশংসা লাভের বাসনা করেন না। সত্য মাত্র সম্বল লইয়া, সকল কার্য্যে অগ্রসর হন। কখন মোক্ষ উদ্দেশ্য হইতে চ্যুত হন না। এখানে নারদও সমাজের সভ্যতায় জলাঞ্জলি দিয়া, অনন্তদেবের মঙ্গলময় নাম ও লীলার কীর্ত্তন করিতে করিতে, উন্মত্তের ন্যায় নৃত্য করিতেন; অসূয়াশূন্য নিরহঙ্কার ও নিস্পৃহ হইয়া সর্ব্বত্র পরিভ্রমণ করত, সন্তুষ্টচিত্তে কেবল প্রয়াণের জন্যই প্রতীক্ষা করিতে লাগিলেন। ভগবানের নিকট কায়মনোবাক্যে সেই শুভদিনের জন্য সতত প্রার্থনা করিতেন। মৃত্যু ভোগীর নিকট বড় দুঃখপ্রদ ও অশুভ বটে, কিন্তু যোগীর সম্বন্ধে অতিশয় হিতকর। কারণ যোগীর মৃত্যু, মৃত্যু নহে; কেবল দেহ-পরিবর্ত্তন মাত্র। বহুদূর-প্রবাহ নদী স্রোতে পতিত কীট যেমন একটী আবর্ত্ত (ঘূর্ণি) মধ্যে পতিত হইয়া, ঘুরিতে থাকে এবং সেই পাকের নিবৃত্তি হইয়া কিয়দ্দূর ভাসমান না হইতেই অপর আবর্ত্তে পতিত হইয়া ভ্রমিতে থাকে; তদ্রূপ সংসার-স্রোতের অন্ত নাই এবং সেই প্রবাহে প্রস্তুত দেহেরও অন্ত

এবং কৃষ্ণমতেব্র ম্নাসক্তস্যামলাত্মনঃ।
কালঃ প্রাদুরভূৎ কালে তড়িৎ সৌদামনী যথা ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

হে ব্রহ্মন্! এবং অসক্তস্য অমলাত্মনঃ কৃষ্ণমতেঃ মম তড়িৎ সৌদামনী যথা তথা কালে স্বাবসরে, কালঃ মৃত্যুঃ, প্রাদুরভূৎ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

(হে ব্রহ্মন্ এবং কৃষ্ণে মতির্যস্য তস্য অসক্তস্য বিষয়াসক্তিরহিতস্য) কালে স্বাবসরে কালো মৃত্যুঃ প্রাদুরভূৎ আবির্বভূব। অকস্মাৎ প্রাদুর্ভাবে দৃষ্টান্তঃ তড়িদিবেতি সৌদামনীতি বিশেষণং স্ফুটত্ব-প্রদর্শনার্থম্। তথাহি সুদামা মালা তত্রভবা সৌদামনী মালাকারেত্যর্থঃ। যদ্বা সুদামানাম পর্ব্বতঃ কশ্চিৎ ততঃ "তেনৈকদিগিতি" সূত্রেণ অন্। স্ফটিকাদিময়পর্ব্বত-প্রান্তভাগভবা হি বিদ্যুদতিস্ফুটা ভবতি তদ্বদিত্যর্থঃ। যদ্বা তড়িদস্তিক ইত্যর্থঃ তড়িদস্তি-কবজ্রয়োরিতি নৈরুক্ত-স্মরণাৎ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কালে মম স্থূলদেহভঙ্গসময়ে কালঃ প্রাদুরভূৎ। যং কালং প্রতীক্ষমাণঃ পূর্ব্বং চিরা-দভূবং স ইত্যর্থঃ। রাজ্ঞো গমনসময়ে তস্যা গমনসময়মিতিবৎ। বুদ্ধির্হি ভগবতি অভেদে-ঽপি ভেদং জনয়তীত্যনুন্যাসঃ। কালয়োস্তয়োরকস্মাদ্‌যুগপদেবাধারাধেয়ভাবেন প্রাদুর্ভাবে দৃষ্টান্তঃ তড়িতি বিদ্যুতি সৌদামিনী যথা। একস্যাং সৌদামিন্যাং তথৈবান্যা সৌদামিনী কদাচিদ্‌যথা ভবতি তথৈব মম পাঞ্চভৌতিকদেহভঙ্গকালে এব পার্ষদদেহপ্রাপ্তিকালোঽভূ-দিত্যর্থঃ ॥ ২৭ ॥

এইরূপে শ্রীকৃষ্ণ-চিন্তায় নিয়ত চিত্ত সমর্পণ করিয়া, অনন্যমনে কিয়ৎ-কাল অতিবাহিত হইলে, বিদ্যুৎ-সন্নিধানে বিদ্যুতান্তরের আবির্ভাবের ন্যায়, উপযুক্ত অবসরেই তাঁহার মৃত্যু উপস্থিত হইল ॥ ২৭ ॥

আভাস।

নাই; সুতরাং ভোগী জীবের জলময় কীটের ন্যায়, সংসার হইতে উত্তীর্ণ হওয়া ঘটে না; মৃত্যুতে কেবল দেহ-পরিবর্ত্তন মাত্র হয়। কিন্তু বিষ্ণুপরায়ণ ব্যক্তি প্রারব্ধ ভোগের অবসানে ভোগায়তন পাঞ্চভৌতিক দেহের বিনাশ উপস্থিত হইলে, দিব্য সুখময় পার্ষদ-দেহ লাভ করিয়া, অনা-য়াসে সংসার-প্রবাহ হইতে উত্তীর্ণ হইয়া যান। আর পরিবর্ত্তনের ক্লেশ তাঁহাকে সহ্য করিতে হয় না। এই শ্লোকে নারদের "ময়ি প্রযুজ্যমানে" উক্তি দ্বারা প্রকাশ হইয়াছে যে, ভগবান্ স্বীয় ভাগবতী শুদ্ধা সত্ত্বময়ী তনু ভক্তসমীপে আনয়ন করিয়া, সাধককে কৃতার্থ করেন; তদুপ-লক্ষেই সাধকের পাঞ্চভৌতিক দেহের পতন হয়। এস্থলে পাঞ্চভৌতিক দেহের ত্যাগ ও শুদ্ধা তনুর গ্রহণ সমকালেই হইয়া থাকে। একের নাশে অন্যের প্রাপ্তি হইলে,

প্রযুজ্যমানে ময়ি তাং শুদ্ধাং ভাগবতীং তনুং।
আরব্ধকর্ম্মনির্ব্বাণো ন্যপতৎ পাঞ্চভৌতিকঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

ততঃ তাং প্রতিশ্রুতাং, শুদ্ধাং সত্ত্বময়ীং, ভাগবতীং পার্ষদরূপাং, তনুং প্রতি ভগবতা ময়ি প্রযুজ্যমানে নীয়মানে, সতি মম আরব্ধকর্ম্মনির্ব্বাণঃ প্রারব্ধকর্ম্মাবসানঃ, পাঞ্চভৌতিকঃ দেহঃ ন্যপতৎ পপাত ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

প্রযুজ্যমানে ইত্যস্যায়মর্থঃ "হিত্বাবদ্যমিমং লোকং গন্তা মজ্জনতামসীতি" যা ভাগবতী ভগবৎপার্ষদরূপা শুদ্ধা সত্ত্বময়ী তনুঃ প্রতিশ্রুতা তাং তনুং প্রতি ভগবতা ময়ি প্রযুজ্যমানে আরব্ধং যৎ কর্ম্ম তন্নির্ব্বাণং সমাপ্তং যস্য আরব্ধকর্ম্মণো নির্ব্বাণমিব নির্ব্বাণং যস্যেতি বা স পঞ্চভূতাত্মকো দেহো ন্যপতৎ। অনেন পার্ষদতনূনামকর্ম্মারব্ধত্বং নিত্যত্বং শুদ্ধত্বমিত্যাদি সূচিতং ভবতি ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাং পূর্ব্বোক্তাং হিত্বাবদ্যমিমং লোকং গন্তা মজ্জনতামসীতি ভগবতা প্রতিশ্রুতাং শুদ্ধাং শুদ্ধসত্ত্বময়ীং যতো ভাগবতীং নতু মায়িকীং তনুং প্রতি ময়ি প্রযুজ্যমানে ভগবতৈব নীয়মানে সতি মম পাঞ্চভৌতিকো দেহো ন্যপতৎ গোষু দুহ্যমানাসু গত ইতি দোহনগমনয়োরিব মম ভৌতিকদেহত্যাগচিন্ময়দেহপ্রাপ্ত্যোস্তুল্যকালত্বমেবাভূদিত্যর্থঃ। হিত্বাবদ্যমিমং লোকমিতি ভগবদুক্তৌ ক্ত্বাপ্রত্যয়স্তুল্যকাল এব। যদুক্তং। ক্বচিত্তুল্যকালেঽপি উপবিশ্য ভুঙ্‌ক্তে, ঋণংকৃত্য পততি, চক্ষুঃ সংমীল্য হসতি, মুখং ব্যাদায় স্বপিতীত্যাদিকমুপসংখ্যেয়মিতি ভাষাবৃত্তৌ। অনেন পার্ষদতনূনামকর্ম্মারব্ধত্বং শুদ্ধত্বং নিত্যত্বমিত্যাদি সূচিতমিতি শ্রীধরস্বামি-

---

তৎকালে ভগবান্ শুদ্ধসত্ত্বময়ী মায়াতীত পার্ষদরূপা তনুর সন্নিধানে আমাকে প্রণয়ন করিলে, প্রারব্ধ-ভোগের বিনাশে আমার পাঞ্চভৌতিক দেহের অবসান হইল ॥ ২৮ ॥

আভাস।

কার্য্যের আনন্তর্য্য বুঝায়। তথাপি যেরূপ "ঋণ্ করিয়া পতিত হইল, চক্ষু চাহিয়া হাসিতেছে, মুখব্যাদান পূর্ব্বক নিদ্রা যাইতেছে," ইত্যাদি ব্যাবহারিক প্রয়োগে ঋণ্‌করা, চক্ষু চাহিয়া, ও মুখব্যাদান রূপ অসমাপিকা ক্রিয়ার পর পতন, হাসা বা নিদ্রাযাওয়ারূপ সমাপিকা ক্রিয়ার প্রয়োগ হইলেও, অর্থতঃ দুই ক্রিয়ার কার্য্যই এককালে হইয়া থাকে; সেইরূপ যদিও "হিত্বাবদ্যমিমং লোকং" এই ভগবদুক্তিতে "হিত্বা" এই পদে অনন্তর অর্থে ক্তা প্রত্যয় হইলেও, এস্থলে তুল্য কালেরই বাচক। যেমন বিদ্যুতের প্রকাশমান অবস্থায় বিদ্যুতান্তরের উদয়, প্রকৃত পরে হইলেও অব্যবহিত কালের নির্ণয় করা যায় না,

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চরণাঃ। অত্রারব্ধানাং কর্ম্মণাং তাপকত্বাদগ্নিতুল্যানাং নির্ব্বাণো নাশো যত্র স ইতি বহুব্রীহিণা ন কেবলং তদানীমেব আরব্ধনাশ ইতি লভ্যতে দেহপাতাৎ পূর্ব্বকালেঽপি তন্নাশে তৎপ্রয়োগসিদ্ধেঃ নচ জাতপ্রেম্নো ভক্তস্যাপি প্রারব্ধং তিষ্ঠতীতি শুদ্ধভক্তানাং মতং সাধন-দশায়ামেব তন্নাশাৎ। যদ্বক্ষ্যতে প্রিয়ব্রতকথায়াং। নৈবংবিধঃ পুরুষকার উরুক্রমস্য পুংসাং তদঙ্ঘ্রিরজসা জিতষড়্গুণানাং। চিত্রং বিদূরবিগতঃ সকৃদাদদীত যন্নামধেয়মধুনা স জহাতি তন্ধমিতি। অস্যার্থঃ। এবংবিধং পৌরুষং ন চিত্রং চিত্রং খল্বেতদেব কিং তদিত্যত আহ বিদূরবিগতোঽন্ত্যজোঽপি যন্নামধেয়ং সকৃদাদদীত যঃ সঃ। অধুনা নামগ্রহণসমকাল এব তন্ধং তনুং জহাতি। অত্র নামগ্রহণসমকালে তনুত্যাগদর্শনাৎ তদ্বারম্ভকং প্রারব্ধকর্ম্মৈব তনুশব্দেন লভ্যতে ইত্যেকে প্রাহুরপরে তু ভক্তিসম্পর্কাৎ স্পর্শমণিন্যায়েন ত্রিগুণময়ী তনু-রেব ত্রিগুণাতীতা ভবতি ধ্রুবাদৌ তথা দর্শনাদত্র তস্যা ত্রৈগুণ্যত্যাগ এব তনুত্যাগ উচ্যতে।

আভাস।

সেইরূপ ভোগদেহে ভোগ হইতে হইতে অকস্মাৎ পার্ষদদেহের প্রাপ্তি হইল। এস্থলে টীকা-কারগণের বলিবার তাৎপর্য্যই এই, যেরূপ প্রারব্ধফলে পাঞ্চভৌতিক দেহের উৎপত্তি হয়, ভাগবতী তনু সেরূপ কোন কর্ম্মের ফল নহে। তাহা হইলে, তাহার নাশ হইত। এই তনুর নাশ নাই। প্রারব্ধ-কর্ম্ম নিবৃত্ত হইলে, শুদ্ধা তনু ভগবান্ আপনি দেন। পিতার ঔরসজাত পুত্র জন্মের সঙ্গেই পিতৃগৃহ ও ধনাদিতে অধিকারী; তাহার সত্তে অধিকারী হইতে, আর কোন নূতন কর্ম্ম বা গুণের প্রয়োজন নাই। কিন্তু সেই পুত্র বহুকাল বিদেশে বাস করিয়া, পিতৃভক্তি ও পিতার ঐশ্বর্য্য আদি বিস্মৃত হইলেই যে সত্তে বঞ্চিত হয়, এরূপ নহে। তবে বহু অনুসন্ধান ও পথ-পর্য্যটন করিয়া, একবার পিতার নিকেতনে সমুপস্থিত হইতে পারি-লেই সমস্ত সম্পত্তিই বালকের; তাহার আর অভিনব সম্বন্ধ প্রস্তুত করিতে হয় না। সেইরূপ প্রারব্ধ ও সঞ্চিত কর্ম্মের ক্ষয় করিতে পারিলেই, ভগবানের ঐশ্বর্য্যে জীব অধিকারী; সে ঐশ্বর্য্য-লাভের জন্য কোন নূতন কর্ম্মের প্রয়োজন নাই। প্রারব্ধ কর্ম্ম সমূহকে যোগিগণ, অনল সদৃশ জ্বালাপ্রদ বলিয়া জ্ঞান করেন। সেই জন্যই শ্লোকে "আরব্ধকর্ম্মনির্ব্বাণঃ" শব্দ প্রয়োগ করিয়াছেন। পাঞ্চভৌতিক ভক্তদেহে প্রারব্ধ কর্ম্মের তীব্রতা, প্রকাশ পাইতে পারে না। প্রারব্ধের ক্ষয়ে ভৌতিক দেহের নিবৃত্তি হয়; তখন আর সাধনের অপেক্ষা নাই; আচার ও সাধনের দ্বারা প্রারব্ধ ধ্বংস হইলে, দেহ ধারণের হেতু থাকে না। প্রেমিক ভক্তের আর প্রারব্ধ থাকে না; সাধন-দশাতেই সমস্ত নষ্ট হইয়া যায়। প্রিয়ব্রত উপাখ্যানে লীলামাহাত্ম্যের কীর্ত্তন-প্রসঙ্গে উক্ত হইয়াছে, যিনি সমগ্র ব্রহ্মাণ্ড রচনা করিয়াছেন, তাঁহার আর পুরুষকারের কি বিশেষ পরিচয় দিবার আছে? তবে আশ্চর্য্য

কল্পান্ত ইদমাদায় শয়ানেঽম্ভস্যুদন্বতঃ।
শিশয়িষোরনুপ্রাণং বিবিশেঽন্তরহং বিভোঃ॥ ২৯॥

অন্বয়ঃ।

কল্পান্তে ইদং বিশ্বং, আদায় উদন্বতঃ একার্ণবস্য, অম্ভসি শয়ানে শিশয়িষোঃ বিভোঃ ব্রহ্মণঃ, অন্তঃ মধ্যং, অহং অনুপ্রাণং নিশ্বাসেন সহ বিবিশে প্রাবিশম্॥ ২৯॥

শ্রীধরস্বামী।

ইদং ত্রৈলোক্যমাদায় উপসংহৃত্য উদন্বত একার্ণবস্যাম্ভসি শয়ানে শ্রীনারায়ণে শিশয়িষোঃ শয়নং কর্ত্তুমিচ্ছোর্বিভো ব্রহ্মণঃ অন্তর্মধ্যং অনুপ্রাণং নিশ্বাসেন সহ বিবিশে প্রবিষ্টোঽহং। ততোঽবতীর্য্য বিশ্বাত্মা দেহমাবিশ্য চক্রিণঃ। অবাপ বৈষ্ণবীং নিদ্রামেকীভূয়াথ বিষ্ণুনেতি কৌর্ম্মোক্তেঃ। স্বায়নে অন্তসীতি পাঠে স্বায়নে স্বস্যাশ্রয়ে অম্ভসি শিশয়িষোর্ব্রহ্মণ ইতি শ্রীনারায়ণেনাভেদবিবক্ষয়োক্তমিত্যবগন্তব্যম্॥ ২৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতচ্চ রাসারম্ভে জহুর্গুণময়ং দেহমিত্যত্র প্রপঞ্চয়িষ্যতে। কচিত্তু মতান্তরোৎখাতাভাবার্থং স্বভক্তানাং দেহত্যাগোঽপি ভগবতা দর্শ্যত ইত্যাহুঃ যথা জাতপ্রেমোঽপি নারদস্য দেহত্যাগস্তদপি প্রারব্ধকর্ম্মনাশো ভক্ত্যারম্ভ এব ব্যাখ্যেয়ো যদুক্তং শ্রীরূপগোস্বামিচরণৈঃ যদ্ব্রহ্ম সাক্ষাৎ কৃতিনিষ্ঠয়াপি বিনাশমায়াতি বিনা ন ভোগৈঃ। অপৈতি নামস্মরণেন তত্তে প্রারব্ধকর্ম্মেতি বিরৌতি বেদ ইতি। প্রারব্ধনাশ এব দেহপাত ইত্যভিপ্রায়ে প্রারব্ধকর্ম্মনির্ব্বাণো ন্যপতৎ পঞ্চভৌতিক ইতি সপ্তম্যন্তমেব পদং প্রযুজ্যতে ইত্যবধেয়ম্। তদপ্রযুজ্য বহুব্রীহি প্রয়োগেণ ভক্তানাং প্রারব্ধকর্ম্মনির্ব্বাণাধিকরণীভূত এব দেহঃ পতেন্নতু ততোঽন্য ইতি জ্ঞাপিতম্॥ ২৮॥

নম্ভু তব নিত্যতনুত্বে কথমস্মিন্ কল্পে স্বায়ম্ভুবে মন্বন্তরে উৎসঙ্গান্নারদো জজ্ঞে ইতি

ভগবান্ বিষ্ণু কল্পের অন্তে সৃষ্ট ব্রহ্মাণ্ড আপনাতে উপসমিত করিয়া কারণার্ণবশায়ী হইলেন; আমিও তাঁহার নিশ্বাস অবলম্বনে অন্তরে প্রবেশ করিলাম॥ ২৯॥

আভাস।

এই যে, অতি নীচ যোনিতে গমন করিয়াও যদি, একবার মাত্র সেই দীনবন্ধুর নাম গ্রহণ করা হয়, তাহা হইলে সেই মুহূর্ত্তেই নিকৃষ্ট দেহত্যাগ করিয়া, উৎকৃষ্ট দেহের লাভ হয়। কিন্তু ফলে তাহা প্রত্যক্ষগোচর নহে; নাম গ্রহণেও দেহ পতন হয় না। এখানে "ভব" শব্দে কেহ তনুর আরম্ভক প্রারব্ধ কর্ম্ম বলিয়া অর্থ করেন। তাহা হইলেও নাম গ্রহণকালে যখন দেহের অবসান দেখা যায় না, তখন প্রারব্ধেরও ক্ষয় স্বীকার করা অসম্ভব। কারণ যেমন স্কন্ধবন্ধনী (মূল শিকড়) অভাবে বৃক্ষ কখন দাঁড়াইতে পারে না, সেইরূপ প্রারব্ধের অভাবে প্রারব্ধ-

সহস্রযুগপর্য্যন্ত উত্থায়েদং সিসৃক্ষতঃ।
মরীচিমিশ্রা ঋষয়ঃ প্রাণেভ্যোঽহঞ্চ জজ্ঞিরে ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

পুনঃ সহস্রযুগপর্য্যন্তে কল্পাদৌ, উত্থায় ইদং সিসৃক্ষতঃ স্রষ্টুমিচ্ছতঃ, ব্রহ্মণঃ প্রাণেভ্যঃ মরীচিমিশ্রা ঋষয়ঃ জজ্ঞিরে, অহঞ্চ জাতঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

(সহস্রযুগপর্য্যন্তে দিব্যযুগ সহস্র পরিমিতা ব্রহ্মণোরাত্রি স্তদবসানে উত্থায়েদং সিসৃক্ষতো ব্রহ্মণঃ) প্রাণেভ্য ইন্দ্রিয়েভ্যঃ অহং মরীচিমিশ্রাস্তমুখা ঋষয়শ্চ জজ্ঞিরে ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মণঃ সকাশাৎ তব জন্মপ্রসিদ্ধিঃ সত্যং নিত্যতনোরেব ভগবতো লীলাবিশেষার্থং দেবক্যাদি-গর্ভে প্রবেশ ইব মমাপি ব্রহ্মপুত্রত্বলীলার্থং পূর্ব্বকল্পান্ত এব ব্রহ্মশরীরে প্রবেশোঽভূদিত্যাহ কল্পান্ত ইতি। ইদং ত্রৈলোক্যমাদায় উপসংহৃত্য উদবতঃ একার্ণবস্যাম্ভসি শয়ানে শ্রীনারায়ণে শিশয়িষোঃ শয়নং কর্ত্তুমিচ্ছোর্বিভো ব্রহ্মণঃ অন্তর্মধ্যং অনুপ্রাণং বিবিশে প্রবিষ্টোঽহম্। ততোঽবতীর্য্য বিশ্বাত্মা দেহমাবিশ্য চক্রিণঃ। অবাপ বৈষ্ণবীং নিদ্রামেকীভূয়াথ বিষ্ণুনেতি কূর্ম্মোক্তেঃ। শায়নেঽন্তসীতি পাঠে নারায়ণেনাভেদবিবক্ষয়েতি মন্তব্যম্ ॥ ২৯ ॥

সহস্রযুগস্য পর্য্যন্তে পরিসমাপ্তৌ পূর্ব্বকল্পান্তে এতৎকল্পাদাবিত্যর্থঃ। মরীচিমিশ্রা মরীচ্যাদ্যাঃ প্রাণেভ্যঃ ইন্দ্রিয়েভ্যঃ জজ্ঞিমহ ইতি বক্তব্যে জজ্ঞিরে ইত্যার্ষম্ ॥ ৩০ ॥

এইরূপে সহস্র যুগ-পরিমিত প্রলয়-কাল অতিবাহিত করিয়া, ভগবান্ যোগনিদ্রা পরিত্যাগ পূর্ব্বক পুনঃ সৃজন করিবার মানসে গাত্রোত্থান করিলে, তাঁহার ইন্দ্রিয়প্রেরিত হইয়া, আমি ও মরীচ্যাদি ঋষিগণ ক্রমশঃ জন্মগ্রহণ করিলাম ॥ ৩০ ॥

আভাস।

ব্যঞ্জক দেহও থাকিতে পারে না। স্পর্শমণির সম্পর্কে লৌহের লৌহত্ব বর্জ্জনের ন্যায়, ভক্তির সম্পর্কে ত্রিগুণময়ী দেহও গুণাতীত হইয়া থাকে। এই ত্রিগুণত্যাগের নামই তনুত্যাগ; প্রকৃত তনুত্যাগ প্রারব্ধ-ত্যাগের সমকালীনই জানিতে হইবে ॥ ২৮ ॥

নারদ এই দিব্য দেহ লাভ করিয়া, কখন ভ্রান্ত হন নাই। এমন কি! মহাপ্রলয়ে কারণার্ণবশায়ী ভগবানের স্তম্ভিত ক্রিয়াশক্তির অক্ষয় অথচ স্তিমিত সূত্র অবলম্বনে, তাঁহার অন্তরে প্রবেশ পূর্ব্বক অতুল আনন্দ উপভোগ করিয়াছিলেন। এবং যোগনিদ্রা পরিত্যাগ করিয়া, পুনর্ব্বার ভগবানের ঐশী শক্তির প্রকাশকালে ভগবৎশক্তি হইতে প্রাদুর্ভূত হইয়া, ইচ্ছা-বিগ্রহের ন্যায় শুদ্ধ সত্ত্বময়ী মূর্ত্তি অবলম্বনে নারদাদি ঋষিগণ সৃষ্টজগতে বিচরণ

অন্তর্বহিশ্চ লোকাংস্ত্রীন্ পর্য্যেম্যস্কন্দিতব্রতঃ।
অনুগ্রহান্মহাবিষ্ণোরবিঘাতগতিঃ ক্বচিৎ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

সোঽহম্ মহাবিষ্ণোঃ অনুগ্রহাৎ অস্কন্দিতব্রতঃ নিশ্চলভগবদ্ভক্তিনিয়মঃ ক্বচিৎ বৈকুণ্ঠাদৌ অপি, অবিঘাতগতিঃ অকুণ্ঠগতিঃ সন্, ত্রীন্ লোকান্ তেষাং অন্তর্বহিশ্চ পর্য্যেমি পর্য্যটামি ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

যে কর্ম্মিণস্তে বহির্ন যান্তি। যে তপ আদিভি র্ব্রহ্মলোকং গতা স্তেঽন্ত র্ন যান্তি। অহন্তু মহাবিষ্ণোরনুগ্রহাৎ অখণ্ডিতব্রহ্মচর্য্যব্রতঃ সন্নন্তর্ব্বহিশ্চ পর্য্যেমি পর্য্যটামি ক্বচিদপি অবিঘাতা অপ্রতিহতা গতির্যস্য সঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচ মরীচ্যাদয়ঃ প্রাকৃতাঃ স্বস্বকর্ম্মপতিতাঃ ইবাহং ক্বাপি কর্ম্মণি, নাপি সনকাদ্যা ইব জ্ঞানেঽপি নিযুক্তঃ কিং ত্বহং প্রবৃত্তি-নিবৃত্তিধর্ম্মাতীতো হরিং ভজন্নেব স্বচ্ছন্দেন বর্ত্তে ইত্যাহ অন্তরিতি। যে কর্ম্মিণস্তে বহির্ন যান্তি অশক্তেঃ তপ আদিভির্ব্রহ্মলোকং গতা অন্তর্ন যান্তি কর্ম্মবন্ধভীতেঃ। অহন্তু অখণ্ডিতস্বভক্তিনিষ্ঠঃ সন্নন্তর্বহিশ্চ পর্য্যেমি পর্য্যটামি। যদ্বা বহির্ব্রহ্মাণ্ডাৎ মহাবৈকুণ্ঠেঽপি অত এবোক্তং নারসিংহে। সনকাদ্যা নিবৃত্তাখ্যে তে চ ধর্ম্মে নিযোজিতাঃ। প্রবৃত্তাখ্যে মরীচ্যাদ্যা মুক্তৈকং নারদং মুনিমিতি ॥ ৩১ ॥

হে ব্রহ্মন্! তদবধি আমিও নিশ্চল ভগবদ্ভক্তিতে জাতসৌহার্দ্দ হওয়ায়, মহাবিষ্ণুর অনুগ্রহে বৈকুণ্ঠলোকাদিতেও অপ্রতিহত গতিসহকারে ত্রিভুবনের অন্তর ও বাহির, সর্ব্বত্র পর্য্যটন করিতে লাগিলাম ॥ ৩১ ॥

আভাস।

করিয়া থাকেন। তাঁহারা বদ্ধ জীবের ন্যায়, ভ্রমাত্মক কর্ম্মে লিপ্ত নহেন। একমাত্র প্রেমানন্দই তাঁহাদের ধ্যেয় ॥ ২৯ ॥ ৩০ ॥

জ্ঞানী ও কর্ম্মীর অপেক্ষা ভক্তের ঐশ্বর্য্য কোন অংশে ন্যূন নহে। মরীচি আদি ঋষিগণ বেদোক্ত যাবদীয় বহু-আয়াসসাধ্য কর্ম্ম-কলাপাদি সুনিষ্পন্ন করিয়া যে ফল লাভ করিয়াছিলেন এবং সনকাদি জ্ঞানিগণ তত্ত্ব তত্ত্ব বিচার দ্বারা যে অদ্বৈত পরম জ্ঞান-লাভে ভগবানের অনুগ্রহ প্রাপ্ত হইয়াছিলেন, দেবর্ষি নারদ কর্ম্ম ও জ্ঞানে বিহীন হইয়াও এক নিশ্চলা ভক্তিপ্রভাবে সেই সমস্ত ঐশ্বর্য্যে ভূষিত হইয়া, পরমানন্দ উপভোগ করেন ॥ ৩১ ॥

ভক্তির অনুকূল সামগ্রীই ভক্ত পাইয়া থাকে। মাতা যেমন বালকের ভাবী ক্ষুধার নিবৃত্তির জন্য পূর্ব্বেই দুগ্ধের আয়োজন রাখেন, ভগবানও সেইরূপ প্রিয় নারদের হৃদয়ে অনবরত তৃপ্তি জাগরূক রাখিবার জন্য, তাঁহার হস্তে এক অপূর্ব্ব বীণা প্রদান করিলেন। যদিও কখন

দেবদত্তামিমাং বীণাং স্বরব্রহ্মবিভূষিতাং ॥
মূর্চ্ছয়িত্বা হরিকথাং গায়মানশ্চরাম্যহম্ ॥ ৩২ ॥
প্রগায়তঃ স্ববীর্য্যাণি তীর্থপাদঃ প্রিয়শ্রবাঃ ॥
আহূত ইব মে শীঘ্রং দর্শনং যাতি চেতসি। ৩৩ ॥

অন্বয়ঃ।

• স্বরব্রহ্মবিভূষিতাং দেবদত্তাং ইমাং বীণাং মূর্চ্ছয়িত্বা বাদয়ন্, হরিকথাং গায়মানঃ অহং চরামি ॥ ৩২ ॥

তীর্থপাদঃ প্রিয়শ্রবাঃ ভগবান্ বিষ্ণুঃ এবং স্ববীর্য্যাণি প্রগায়তঃ মে মম, চেতসি আহূতঃ ইব দর্শনং যাতি ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

কিমতি পর্য্যটসি ঈশ্বরাজ্ঞয়া লোকমঙ্গলার্থমিত্যাহ চতুর্ভিঃ। দেবেন ঈশ্বরেণ দত্তাং। স্বরাঃ নিষাদর্ষভগান্ধারষড়্জমধ্যমধৈবত-পঞ্চমা ইতি সপ্ত ত এব ব্রহ্ম ব্রহ্মাভিব্যঞ্জকত্বাৎ তেন বিভূষিতাং। স্বতঃসিদ্ধসপ্তস্বরামিত্যর্থঃ। মূর্চ্ছয়িত্বা মূর্চ্ছনালাপবতীং কৃত্বা ॥ ৩২ ॥

স্বপ্রয়োজনমাহ প্রগায়ত ইতি (মম চেতসি আহূত ইব আকারিত ইব) ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বর্গাপবর্গবিলক্ষণা সর্ব্বৈরন্যৈ দুর্ল্লভা মম ভোগসামগ্রী তু সদা সর্ব্বত্রেত্যাহ দ্বাভ্যাং। দেবেন শ্রীকৃষ্ণেন দত্তাং লিঙ্গপুরাণে তেনৈব স্বয়ং তস্য বীণাগ্রাহণং হি প্রসিদ্ধং। স্বরাঃ ষড়্জাদয়ঃ এব ব্রহ্মস্ফোরকত্বাদ্ব্রহ্ম মূর্চ্ছয়িত্বা মূর্চ্ছনালাপবতীং কৃত্বা ॥ ৩২ ॥

প্রিয়শ্রবা ইতি। স্বযশঃপ্রিয়ত্বাদ্যত্র যত্র যশোগানং তত্রায়াতি তীর্থপাদ ইতি যত্রায়াতি তত্তীর্থং ভবতি। আহূত ইব আহ্বানং বিনাপীতি ভগবতো ভক্তিবশ্যত্বমুক্তম্ ॥ ৩৩ ॥

ব্রহ্মাভিব্যঞ্জক স্বরসপ্তে বিভূষিত এই দেবদত্ত বীণায় সুর আলাপ করত আমি হরিগুণ গান করিয়া বেড়াইতাম। ৩২ ॥

যাঁহার চরণে সকল তীর্থের উৎপত্তি হয় এবং জগতে যাঁহার কীর্ত্তিই প্রকৃত হিতকর ও আনন্দপ্রদ বলিয়া নির্ণীত হয়, সেই ভগবান্ শ্রীহরি স্বীয় লীলাগানে যেন সত্বর আহূত হইয়াই আমার হৃদয়-মন্দিরে বিরাজিত হন ॥ ৩৩ ॥

আভাস।

চিত্ত উদ্‌ভ্রান্ত হয়, সামান্য বাহ্যেন্দ্রিয় অঙ্গুল্যাদির পরিচালনেই তিনি ব্রহ্মানন্দ অনুভব করিতেন। সৃষ্টজগতে সে বীণার তুলনা নাই। ব্রহ্মস্বরূপের অভিব্যঞ্জক নিষাদ, ঋষভ, গান্ধার, ষড়্জ মধ্যম, ধৈবত ও পঞ্চম এই সপ্ত সিদ্ধস্বরে বিভূষিতা বীণা নারদ-হস্তে ভক্তি-রসে পরি-

এতদ্ধ্যাতুরচিত্তানাং মাত্রাস্পর্শেচ্ছয়া মুহুঃ।
ভবসিন্ধুপ্লবো দৃষ্টো হরিচর্য্যানুবর্ণনম্ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

মুহুঃ পুনঃ পুনঃ, মাত্রাস্পর্শেচ্ছয়া বিষয়ভোগবাসনয়া, আতুরচিত্তানাং ক্লিষ্টহৃদয়ানাং সংসারিণাং, এতৎ হরিচর্য্যানুবর্ণনং হরিভজনং, এব হি ভবসিন্ধুপ্লবঃ দৃষ্টঃ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

পরং প্রয়োজনমাহ এতদ্ধীতি। মাত্রা বিষয়া স্তেষাং স্পর্শা ভোগা স্তেষামিচ্ছয়া আতুরাণি চিত্তানি যেষাং তেষাং হরিচর্য্যানুবর্ণনং যৎ এতদেব ভবসিন্ধোঃ প্লবঃ পোতঃ ন কেবলং শ্রুতিপ্রামাণ্যেন কিন্তু অন্বয়ব্যতিরেকাভ্যাং দৃষ্ট এবেত্যর্থঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকরণার্থমুপসংহরতি এতদিতি। মাত্রা বিষয়া স্তেষাং স্পর্শা ভোগাস্তদিচ্ছয়া ব্যাকুলচিত্তানাং যো ভবসিন্ধু স্তস্য প্লবঃ পোতঃ দৃষ্টঃ ময়া সাক্ষাৎ প্রত্যক্ষীকৃতঃ। নাত্র প্রমাণাপেক্ষেতি ভাবঃ। এতদেব কিং হরিচরিতস্যানুবর্ণনম্। অত্র সর্ব্বত্রৈব বহ্বঙ্গায়া অপি ভক্তেঃ কীর্ত্তনস্য মুখ্যত্বাৎ কীর্ত্তনোপলক্ষিতা সর্ব্বৈরেব ভক্তিজ্ঞেয়া ॥ ৩৪ ॥

অনবরত বিষয়ভোগের বাসনায় ব্যাকুলহৃদয় জীবগণের পক্ষে হরিগুণানুকীর্ত্তনই সংসার-সমুদ্র উত্তরণের অপূর্ব্ব ভেলা; ইহা শাস্ত্র, যুক্তি ও মীমাংসার দ্বারা সম্যক্ অবধারিত হইয়াছে ॥ ৩৪ ॥

আভাস।

সিক্তা হইয়া, বসন্ত-কালীন প্রকৃতির ন্যায় ত্রিভুবনকে আনন্দরসে আসিক্ত করিয়াছিল ॥৩২॥

নারদের সাধ পরিপূর্ণ হইল। নারদ যেমন গুণানুকীর্ত্তনে স্বীয় চিত্ত একান্ত প্রশস্ত করিয়া অগ্রসর হইতেছিলেন, ভগবানও ভক্তের মধুর ভাবে গদ্‌গদ হইয়া, প্রেমশৃঙ্খলে নিতান্ত বশীভূত হইলেন। তাঁহার পাদস্পর্শে ভক্তহৃদয়, হুতাশন সংসর্গে তৃণরাশির ন্যায়, সর্ব্বদোষনির্ম্মুক্ত ও পবিত্র তীর্থময় হইল। ভক্ত, তীর্থ ও লীলাকীর্ত্তনের একত্র সমাবেশ অতীব হৃদয়গ্রাহী। এই তিনের সহজ মিলনে আর অন্য কোন সাধনের প্রয়োজন নাই; ভগবান্ যেন ভক্তের ভাবে আপনি আহূত হইয়াই তৎক্ষণাৎ আবির্ভূত হন ॥ ৩৩ ॥

দেবর্ষি নারদের স্থির সিদ্ধান্ত এই যে, যে পর্য্যন্ত ইন্দ্রিয় আছে, আপাতত মনোরম বিষয়সংসর্গ দুষ্পরিহার্য্য। সুতরাং ভোগলালসায় কলুষিত-হৃদয় মানবগণের পক্ষে যমনিয়মাদি অষ্টাঙ্গ যোগানুষ্ঠানে চিত্তমলা দূরীকরণ করা নিতান্তই কঠিন। কিন্তু ভগবল্লীলানুরাগী জীব পুনঃ পুনঃ ভগবৎসেবায়, নিগড়াবদ্ধ মত্ত মাতঙ্গের ন্যায় বিষয়বন হইতে মৃদু ও সুখসেব্য ভক্তিডোরে আবদ্ধ হওয়ায়, সদ্ভ্রমণ পুরুষের সর্ব্বত্র জলময় ভাব দর্শনের ন্যায়, প্রেমরসে মূর্চ্ছিত হইয়া,

যমাদিভির্যোগপথৈঃ কামলোভহতো মুহুঃ।
মুকুন্দসেবয়া যদ্বত্তথাদ্ধাত্মা ন শাম্যতি ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

মুহুঃ মুকুন্দসেবয়া অদ্ধা সাক্ষাৎ, কামলোভহতঃ আত্মা মনঃ যদ্বৎ যথা শাম্যতি যমাদিভিঃ যোগপথৈঃ তথা ন শাম্যতি ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

এতদেবেত্যুক্তমবধারণমনুভবেন দ্রঢ়য়তি যমাদিভিস্তথা ন শাম্যতি যথা মুকুন্দসেবয়া অদ্ধা সাক্ষাৎ আত্মা মনঃ শাম্যতি। কথঞ্চিন্মুকুন্দসেবামাত্রেণ শাম্যতি কিং পুনস্তদ্গুণবর্ণনেনেতি ভাবঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তিসম্ভাব এব নিস্তার ইতি নির্দ্ধারেঽপি যথা কেবলয়া ভক্ত্যা আত্মা সাক্ষাৎ শাম্যতি ন তথা ভক্তিমিশ্রৈর্যোগজ্ঞানাদিভিরিত্যাহ। যমাদিভিস্তথা ন শাম্যতি যদ্বন্মুকুন্দসেবয়া অদ্ধা সাক্ষাদেব। অত্র পুরেহ ভূমন্নিত্যাদিনা নৈষ্কর্ম্ম্যেত্যাদিনা চ যোগাদীনাং ভক্তি-রাহিত্যে বৈয়র্থ্যাদ্ভক্তিমিশ্রৈরেব যমাদিভিরিতি লভ্যতে। অতস্তৈরাত্মা যদ্যপি শাম্যতি তদপি যদ্বন্মুকুন্দসেবয়া যমাদিবিনাভূতত্বাৎ কেবলয়েত্যর্থঃ। অত্র ভবতানুদিতপ্রায়মিত্যা-দিনা তথাত্মাদ্ধা ন শাম্যতীত্যন্তেন গ্রন্থেন ভক্তেরেব নিস্তারোপায়ত্বেনোক্তেঽপি তস্যাস্ত্রৈ-বিধ্যং দৃশ্যতে, কেবলত্বং প্রাধান্যং গুণভাবশ্চ। ত্যক্ত্বা স্বধর্ম্মমিত্যাদিষু। অহং পুরাতীত-ভব ইত্যাদিষু চ কেবলত্বং। কুর্ব্বাণা যত্র কর্ম্মাণি ভগবচ্ছিক্ষয়াসকৃৎ। গৃণন্তি গুণনামানি কৃষ্ণস্যানুস্মরন্তি চেত্যাদিষু প্রাধান্যং। যদত্র ক্রিয়তে কর্ম্ম ভগবৎপরিতোষণং। জ্ঞানং যত্তদধীনং হি ভক্তিযোগসমন্বিতমিত্যত্র গুণভাবঃ। তত্র কেবলত্বে নিষ্কামাধিকারিণো ভক্তিরনন্যা শুদ্ধা নির্গুণা উত্তমা অকিঞ্চনেত্যাদি নাম্নী প্রেমফলা ভবতি। প্রাধান্যে কর্ম্মমিশ্রা জ্ঞানমিশ্রা যোগমিশ্রেত্যাদি নাম্নী ভক্তিঃ শান্ত্যাধিকারিণো রতিফলা কস্যচিন্মোক্ষ-ফলাপি ভবতি দাস্যাদিভাববৎ সাধুসঙ্গবশাৎ কস্যচিৎ দাস্যাদ্যভিলাষিণো ভক্তেরতি-

কামলোভাদি দ্বারা নিরন্তর অভিভূত চিত্ত, মুকুন্দসেবায় নিরত হইবা মাত্র যেরূপ আশু উদ্বেগশূন্য হয়, যম নিয়মাদি যোগমার্গ অবলম্বনেও তাদৃশ শাম্যভাব লাভ করে না ॥ ৩৫ ॥

আভাস।

পূর্ব্ব পরিচিত বিষয়রসকে বিষের ন্যায় পরিহার করিয়া থাকে। অতএব বিবিধ দুঃখের আকর এই ভবসমুদ্র উত্তীর্ণ হইবার বাসনা করিলে, অনন্যশরণে ভগবানের জগৎস্পর্শী লীলাবর্ণনই বিধেয়। ইহাতে কোন বিড়ম্বনার সম্ভাবনা নাই ইহাই অতি সুকর

সর্ব্বং তদিদমাখ্যাতং যৎ পৃষ্টোঽহং ত্বয়ানঘ।
জন্মকর্ম্মরহস্যং মে ভবতশ্চাত্মতোষণং ॥ ৩৬॥

শ্রীসূত উবাচ ॥

এবং সম্ভাষ্য ভগবান্নারদো বাসবীসুতম্।
আমন্ত্র্য বীণাং রণয়ন্ যযৌ যাদৃচ্ছিকো মুনিঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

হে অনঘ ব্যাস! ত্বয়া যৎ অহং পৃষ্টঃ তৎ মে মম জন্মকর্ম্মরহস্যং, তথা ভবতঃ আত্ম-তোষণঞ্চ, ইদং সর্ব্বং ময়া আখ্যাতম্॥ ৩৬॥

শ্রীসূত উবাচ। ভগবান্ মুনিঃ নারদঃ বাসবীসুতং ব্যাসং, এবং সম্ভাষ্য আমন্ত্র্য, চ বীণাং রণয়ন্ যাদৃচ্ছিকঃ যযৌ॥ ৩৭॥

শ্রীধরস্বামী।

ভবতো মনঃ পরিতোষকারণঞ্চ ব্যাখ্যাতম্॥ ৩৬॥

আমন্ত্র্য অনুজ্ঞাপ্য যাদৃচ্ছিকঃ স্বপ্রয়োজনসংকল্পশূন্যঃ॥ ৩৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাধান্যে সত্যৈশ্বর্য্যপ্রধানদাস্যাদিভাবপ্রদা প্রেমফলাপি ভবতি। গুণভাবে তু স্বীয়ং নাম ফলং চাপ্রকাশয়ন্তী কর্ম্মজ্ঞানযোগাদীনাং তয়া বিনা প্রতি স্বফলং সম্যক্ সাধয়িতুমসমর্থানাং তত্র সাহায্যমাত্রং কুর্ব্বতী স্বয়ং তটস্থেন ভবতি ততশ্চ ভক্তিমিশ্রং কর্ম্ম জ্ঞানং যোগশ্চ মোক্ষং সাধয়তীত্যতোঽত্র শাস্ত্রে ভক্তির্দ্বিবিধৈব। কেবলা প্রধানীভূতা চেত্যেতৎ সর্ব্বং নারদেনোপদিষ্টো ব্যাসো দ্বাদশসু স্কন্ধেষু প্রপঞ্চয়িষ্যতীতি জ্ঞেয়ং॥ ৩৫॥

সর্ব্বং ভক্তেরাবির্ভাবপ্রকারো বৃদ্ধিঃ ফলং তদ্বতো জনস্য চেষ্টাপ্রারব্ধকর্ম্মনাশঃ সাধক-দেহত্যাগপ্রকারোঽকর্ম্মারব্ধচিন্ময়দেহপ্রাপ্তিশ্চ রহস্যং বেদান্তদর্শিভিরপ্যগম্যম্॥ ৩৬॥

হে শুদ্ধাত্মা বেদব্যাস! আপনি যে, আমার জন্মকর্ম্মের বিষয় ও নিজ হৃদয়ে তুষ্টির সম্বন্ধে প্রশ্ন করিয়াছিলেন, আমি তৎসমুদয় আনুপূর্ব্বিক আপনার নিকট বর্ণন করিলাম॥ ৩৬॥

সূত বলিলেন, দেবর্ষি নারদ বাসবীনন্দন বেদব্যাসকে এইরূপ সম্ভাষণ পূর্ব্বক অনুজ্ঞা গ্রহণ করিয়া, বীণাযন্ত্রে স্বরসংযোগ করত হরিগুণ গান করিতে করিতে যদৃচ্ছাক্রমে গমন করিলেন॥ ৩৭॥

আভাস।

উপায়। কেবল ভক্তিলাভেই মুক্তিলাভ হইয়া থাকে; এমন কি। যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি, পর্য্যায়ক্রমে এই অষ্টবিধ চিত্তবৃত্তি নিরোধের

অহো দেবর্ষির্ধন্যোঽয়ং যঃ কীর্ত্তিং শার্ঙ্গধন্বনঃ।
গায়ন্মাদ্যন্নিদং তন্ত্র্যা রময়ত্যাতুরং জগৎ॥ ৩৮॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে ব্যাসনারদসংবাদে ষষ্ঠোঽধ্যায়ঃ॥ *॥ ৬॥ *॥

অন্বয়ঃ।

অহো অয়ং দেবর্ষিঃ ধন্যঃ যঃ তন্ত্র্যা বীণয়া, শার্ঙ্গধন্বনঃ শ্রীকৃষ্ণস্য, কীর্ত্তিং গায়ন্ স্বয়ং মাদ্যন্ হৃষ্যন্, ইদং আতুরং তাপত্রয়পীড়িতং, জগৎ রময়তি আনন্দয়তি॥ ৩৮॥

ইতি প্রথমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ষষ্ঠোঽধ্যায়ঃ॥

শ্রীধরস্বামী।

হরিকথাগায়কভাগ্যং শ্লাঘতে অহো ইতি। মাদ্যন্ হৃষ্যন্। তন্ত্র্যা বীণয়া॥ ৩৮॥

ইতি প্রথমে শ্রীভাগবতভাবার্থদীপিকায়াং ষষ্ঠোঽধ্যায়ঃ॥ *॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আমন্ত্র্য অনুজ্ঞাপ্য যদৃচ্ছয়া চরতীতি যাদৃচ্ছিকঃ হেতুশূন্যগমনাদিক্রিয় ইত্যর্থঃ। তেন চ ভক্তির্যাদৃচ্ছিকী ভক্তোঽপি যাদৃচ্ছিকস্তৎসঙ্গোঽপি ব্যাসস্য যাদৃচ্ছিক ইতি ভক্তিমতাং যাদৃচ্ছিকত্রয়ী জীবতু॥ ৩৭॥

অতো বিস্ময়ং প্রকাশয়ন্নাহ অহো ইতি। তন্ত্র্যা বীণয়া॥ ৩৮॥

ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ষষ্ঠোঽয়ং প্রথমেঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্॥ *॥

অহো এই দেবর্ষি নারদই ধন্য! যিনি বীণাযন্ত্রে শার্ঙ্গধন্বা ভগবানের লীলা গান করত স্বয়ং আনন্দিত হইয়া, এই তাপত্রয়ের দ্বারা একান্ত প্রপীড়িত জগৎকেও পুনঃ আনন্দিত করিয়াছিলেন॥ ৩৮॥

ইতি প্রথম স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ষষ্ঠাধ্যায়ের অনুবাদ সমাপ্ত॥

আভাস।

যোগশাস্ত্রোক্ত উপায়ও ভক্তি বিনা বিফল হইয়া থাকে। অতএব ভক্তিমিশ্র যোগ, জ্ঞান ও কর্ম্ম দ্বারাই জীবের হিতসাধন হইয়া থাকে, সন্দেহ নাই॥ ৩৫॥ ৩৬॥

সূত শৌনকাদি যাজক ব্রাহ্মণগণকে নারদ-ব্যাসের সংবাদ দ্বারা ভক্তিমার্গে আনয়ন করিলেন এবং জ্ঞানপূর্ব্বক ভগবদ্ভক্তি লাভে চরিতার্থ জীবই সর্ব্বোৎকৃষ্ট বলিয়া প্রতীয়মান করাইলেন। জ্ঞানী বা কর্ম্মী স্বীয় অধ্যবসায় দ্বারা পূর্ণ-মনোরথ হইলে, স্বয়ংই তৃপ্তিলাভ করিয়া থাকেন; কিন্তু ভক্ত, যেমন নিজে অসীম আনন্দ অনুভব করেন, তৎসঙ্গে জগৎকেও আনন্দরসে আপ্লুত করেন॥ ৩৭॥ ৩৮॥

ইতি প্রথমে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত ষষ্ঠ অধ্যায়ের আভাস সমাপ্ত॥

শৌনক উবাচ ॥

নির্গতে নারদে সূত ভগবান্ বাদরায়ণঃ।

শ্রুতবাংস্তদভিপ্রেতং ততঃ কিমকরোদ্বিভুঃ ॥ ১ ॥

সূত উবাচ ॥

ব্রহ্মনদ্যাং সরস্বত্যামাশ্রমঃ পশ্চিমে তটে।

শম্যাপ্রাস ইতি প্রোক্ত ঋষীণাং সত্রবর্দ্ধনঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

শৌনকঃ উবাচ। হে সূত! নারদে নির্গতে সতি তদভিপ্রেতং শ্রুতবান্ সন্ ভগবান্ বিভুঃ বাদরায়ণঃ ব্যাসঃ ততঃ কিমকরোৎ? ॥ ১ ॥

সূত উবাচ। ব্রহ্মনদ্যাং সরস্বত্যাং পশ্চিমে তটে ঋষীণাং সত্রবর্দ্ধনঃ শম্যাপ্রাস ইতি প্রোক্তঃ আশ্রমঃ আস্তে ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

অথ ভাগবতশ্রোতুর্জ্জন্ম বক্তুং পরীক্ষিতঃ। সুপ্তবালবধাদ্দ্রৌণের্দণ্ডঃ সপ্তম উচ্যতে ॥ তস্য নারদস্য অভিপ্রেতং শ্রুতবান্ সন্ ॥ ১ ॥

ব্রহ্মনদ্যাং ব্রহ্মদৈবত্যায়াং ব্রাহ্মণৈরন্বিতায়াং বা সত্রং কর্ম্ম বর্দ্ধয়তীতি তথা ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

সপ্তমে সর্ব্বশাস্ত্রার্থং সমাধৌ ব্যাস ঐক্ষত। ব্রহ্মাস্ত্রস্যোপসংহারো দ্রৌণের্দণ্ডশ্চ কথ্যতে ॥ ১ ॥

ব্রহ্মনদ্যাং বেদানাং বিপ্রাণাং তপসাং পরমেশ্বরস্য বা সম্বন্ধিন্যাং নদ্যাং। বেদস্তত্বং তপো ব্রহ্ম ব্রহ্মা বিপ্রঃ প্রজাপতিরিত্যমরঃ ॥ ২ ॥

শৌনক ঋষি সূতকে জিজ্ঞাসা করিলেন যে, দেবর্ষি নারদ তথা হইতে গমন করিলে, ভগবান্ বেদব্যাস তদীয় অভিপ্রায় অবগত হইয়া কি করিলেন? ॥ ১

সূত বলিলেন, নিরন্তর ব্রাহ্মণগণে পরিসেবিত সরস্বতী নদীর পশ্চিম কূলে, যজ্ঞের হিতকর শম্যাপ্রাস নামে এক আশ্রম আছে ॥ ২ ॥

আভাস

শৌনকাদি ঋষিগণ মনে মনে ভাবিয়াছিলেন যে, ব্যাসহৃদয়ে নারদপ্রদত্ত উপদেশ কি সহজে স্থান প্রাপ্ত হইবে? যে বেদব্যাস তীক্ষ্ণধার অসি সদৃশ প্রবল বিচারবলে মায়া-যবনিকা খণ্ড বিখণ্ড করিয়া স্বীয় অসাধারণ ধৈর্য্য ও অধ্যবসায় দ্বারা পরমব্রহ্ম সাক্ষাৎ-কারে সমর্থ, তিনি যে আবার সম্পূর্ণ বিরুদ্ধ মতকে সর্ব্বান্তঃকরণে গ্রহণ করিবেন, এরূপ

তস্মিন্ স্ব আশ্রমে ব্যাসো বদরীখণ্ডমণ্ডিতে।
আসীনোঽপ উপস্পৃশ্য প্রণিদধ্যৌ মনঃ স্বয়ম্ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

বদরীখণ্ডমণ্ডিতে তস্মিন্ স্বে আশ্রমে আসীনঃ ব্যাসঃ অপঃ উপস্পৃশ্য স্বয়ং মনঃ প্রণিদধ্যৌ সমাধিনা স্থিরীচকার ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

বদরীণাং খণ্ডেন সমূহেন মণ্ডিতে। মনঃ প্রণিদধ্যৌ স্থিরীচকার। সমাধিনানুস্মরেতি নারদোপদিষ্টং ধ্যানং কৃতবানিত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনঃ মনসা প্রণিদধ্যাবিতি সমাধিনানুস্মর তদ্বিচেষ্টিতমিতি নারদোপদেশাৎ ॥ ৩ ॥

তথায় বদরী-বৃক্ষরাজী-বিরাজিত স্বকীয় আশ্রমে অবস্থান করিয়া, বেদব্যাস আচমন পূর্ব্বক সমাহিত অন্তঃকরণে ঈশ্বরচিন্তায় নিমগ্ন হইলেন ॥ ৩ ॥

আভাস।

সংযম পূর্ব্বক বিষয়বৈরাগ্য সহকারে তত্ত্বানুসন্ধানে সামর্থ্য নাই, যাহারা জড় প্রপঞ্চ জগৎ বিচার পূর্ব্বক জীব ও ঈশ্বরের ঐক্যাবধারণে যোগ্য নহে, যাহারা নির্জ্জনবাসে চিত্তকে সমাহিত করিয়া চতুর্বিংশতি তত্ত্বকে ক্রমান্বয়ে একাগ্রতা সহকারে অবলম্বন ও বিসর্জ্জন পূর্ব্বক সর্ব্বান্তর্যামী পূর্ণব্রহ্ম পরিদর্শনে সম্যক্ সমর্থ হয় নাই, তাহারাই দেবতার শরণাগত হইয়া এই ভবজলধি পার হইতে যত্নবান্ হয়; কিন্তু যাহাদের সুদৃঢ় জ্ঞানপোত শত্রুদলনের জন্য প্রচণ্ড আগ্নেয়াস্ত্র সদৃশ তীব্র বিষয়বৈরাগ্যে অলঙ্কৃত, দ্রুত গমনের জন্য উর্দ্ধাধঃ বিস্তৃত বিবিধ বাতানুগৃহীত পটের পোল ন্যায়, যম নিয়মাদি অষ্ট যোগাঙ্গ দ্বারা সুসজ্জীকৃত, বিজ্ঞানবান্ বুদ্ধি-নাবিকের দ্বারা প্রচালিত, তাহারা অনায়াসে এই ভবজলধি উত্তীর্ণ হইবে; বৃথা ক্রন্দন পরিতাপ ও আত্মগ্লানি করত পরপ্রত্যাশী হইবার প্রয়োজন কি? সেই জন্যই সূতকে জিজ্ঞাসা করিলেন, নারদ যথেচ্ছ গমন করিলে ব্যাসদেব কি করিলেন। তাঁহার কালানল সদৃশ সর্ব্বত্র দেদীপ্যমান জ্ঞানাগ্নির সন্নিকটে নারদের ভক্তিপ্রস্রবণ শুষ্ক হইয়া গেল, কি ভক্তিস্রোত ব্যাসদেবের জ্ঞানাগ্নিকে নির্ব্বাপিত করিল? প্রত্যুত্তরে সূত দেখাইলেন, ব্যবহারিক দৃষ্টিতে যে পদার্থদ্বয়কে বিরোধী বলিয়া প্রতীয়মান হয়, নৈসর্গিক আবরণে এতদুভয়ের পরস্পর সম্বন্ধ, অনুকূল কি প্রতিকূল তাহা সেই রচয়িতা ব্যতীত অন্য কেহ নির্ণয় করিতে সমর্থ নহে। অগ্নি ও জল পরস্পর সম্পূর্ণ বিরোধী; কিন্তু উপযুক্ত রূপে মিশ্রিত হইলে, অসামান্য কার্য্যের পরিচয় প্রদান করে। যে পরিমাণ জল ও অগ্নির সমবায় সম্বন্ধে মিলন হইয়া বাষ্প প্রস্তুত হয়, তাহাতে তাহার অনেকগুণ পরিমাণ অধিক গুরুতর অর্ণবপোত ও রথাদিকে

ভক্তিযোগেন মনসি সম্যক্ প্রণিহিতেঽমলে।
অপশ্যৎ পুরুষং পূর্ণং মায়াঞ্চ তদপাশ্রয়াম্ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

ততঃ সম্যক্ প্রণিহিতে নিরুদ্ধবৃত্তিকে, তথা ভক্তিযোগেন অমলে মায়াবরণশূন্যে মনসি পূর্ণং (বা পূর্ব্বং) পুরুষং তথা তদপাশ্রয়াং ঈশ্বরাধীনাং, মায়াঞ্চ অপশ্যৎ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

প্রণিহিতে নিশ্চলে অত্র হেতুঃ ভক্তিযোগেন অমলে। পূর্ব্বং প্রথমং পুরুষমীশ্বরমপশ্যৎ। পূর্ণমিতি বা পাঠঃ। তদপাশ্রয়াং ঈশ্বরাশ্রয়াং তদধীনাং মায়াঞ্চাপশ্যৎ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রণিহিতে নিশ্চলে অত্র হেতুঃ ভক্তিযোগেনামলে পুরুষং পুরুষাকারং পূর্ণং শ্রীকৃষ্ণমিত্যর্থঃ কৃষ্ণে পরমপুরুষে ইত্যগ্রিমোক্তেঃ। পূর্ব্বমিতি পাঠে পূর্ব্বমেবাহমিহাসমিতি তৎপুরুষস্য পুরুষত্বমিতি শ্রৌতনির্ব্বচনবিশেষপুরস্কারেণ চ স এবোচ্যতে। পূর্ণমিতি পদেন তস্য স্বরূপভূতাং চিচ্ছক্তিং অংশকলাবতারান্। পূর্ত্তিলিঙ্গেন ব্রহ্ম চ অপশ্যদিতি গম্যতে। পূর্ণং চন্দ্রমপশ্যদিত্যুক্তে চন্দ্রস্য কান্তেরংশকলানাঞ্চ পূর্ত্তেশ্চ দর্শনং স্বত এব ভবেদিত্যর্থঃ। কিন্তু তস্য বহিরঙ্গায়াঃ শক্তের্মায়ায়াস্তদ্বিপরীতধর্ম্মবত্যা স্তদ্দর্শনেন দর্শনং ন ভবতীতি তাং পৃথগুল্লিখতি মায়াং চেতি। তস্য অপ অপরঃ পশ্চিমভাগ এব আশ্রয়ো যস্যাস্তাং। বিলজ্জমানয়া যস্য স্থাতুমীক্ষাপথেঽমুয়েত্যনেন তস্যা ভগবৎপৃষ্ঠদেশাশ্রয়ত্বেনোক্তেঃ ॥ ৪ ॥

এইরূপে ভক্তিযোগ সহকারে চিত্ত সম্যক্ সমাহিত হইলে, সকল মালিন্য বিধৌত হইয়া তিনি প্রথমতঃ পরিপূর্ণ পরম পুরুষ ও তদধীনা বৈষ্ণবী মায়াকে স্বীয় হৃদয়-মন্দিরে অবলোকন করিলেন ॥ ৪ ॥

আভাস।

অবলীলাক্রমে পরিচালনের শক্তি জন্মে। এখানে ব্যাস ও নারদের অপূর্ব্ব মিলন জগতে অপূর্ব্ব কার্য্য সমাধা করিবে, তাহাতে আর সন্দেহ কি? জ্ঞানের তীক্ষ্ণ লাঙ্গলের দ্বারা কর্ষিত এবং বৈরাগ্য-নিড়নের দ্বারা কণ্টকাপহৃত ব্যাসদেবের হৃদয় আসারসিক্তের ন্যায় ভক্তিরসে সিক্তিত হইয়া, অভাবনীয় ও অচিন্তনীয় শস্য প্রসব করিল। সে শস্যে কেবল ক্ষেত্রস্বামী কেন? দেশ দেশান্তরস্থ জনগণেরও ভবক্ষুধা নিবৃত্ত হইল। মুনিবর আশ্বস্তহৃদয়ে স্বীয় শম্যাপ্রাস নামক সরস্বতীর পশ্চিমতীরস্থ আশ্রমে নিবিষ্টমনা হইয়া ঐকান্তিক একাগ্রতা সহকারে ভগবান্ কমললোচনের চিন্তায় নিমগ্ন হইলেন। নারদোক্ত উপদেশেই বর্ণিত ছিল, "সমাধিনানুস্মর তদ্বিচেষ্টিতম্" কোথায়ও গমনে ভগবানের সন্দর্শন লাভ হইবে না। কেবল সমাহিত অন্তঃকরণে তাঁহার শরণাগত হইয়া স্বরূপ অন্বেষণে প্রবৃত্ত হইলে, ষড়ৈশ্বর্য্যপূর্ণ ভগবান্

যয়া সম্মোহিতো জীব আত্মানং ত্রিগুণাত্মকম্।
পরোঽপি মনুতেঽনর্থং তৎকৃতঞ্চাভিপদ্যতে ॥ ৫ ॥

অন্বয়ঃ।

যয়া মায়য়া, সম্মোহিতঃ স্বরূপাবরণেন বিক্ষিপ্তঃ, জীবঃ পরোঽপি গুণাতীতোঽপি আত্মানং ত্রিগুণাত্মকং গুণময়ং জড়স্বরূপং, মনুতে, তথা তৎকৃতং মায়াকার্য্যাভিমানকৃতং, অনর্থং কর্ত্তৃত্বাদিকং, চ প্রাপ্নোতি ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

ঈশমায়াকৃতাঞ্চ জীবানাং সংস্কৃতিমপশ্যদিত্যাহ যয়া মায়য়া সম্মোহিতঃ স্বরূপাবরণেন বিক্ষিপ্তঃ পরোঽপি গুণত্রয়াদ্ব্যতিরিক্তোঽপি তৎকৃতং ত্রিগুণত্বাভিমানকৃতং অনর্থং কর্ত্তৃত্বাদিকঞ্চ প্রাপ্নোতি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নহু ভগবদ্রূপগুণলীলামাধুর্য্যবর্ণনার্থং ভগবদ্দর্শনমপেক্ষণীয়মেব। ব্যাসস্য মায়াদর্শনঞ্চ কিমর্থং তত্রাহ যয়া সম্মোহিত ইতি। অয়মর্থঃ যদর্থং শ্রীভাগবতমারীপ্সিতং স জীবো মায়ারোগগ্রস্তঃ কথং স্বয়ং স্বাদয়তু তন্মাধুর্য্যং অতস্তস্য রোগদর্শনং বিনা চিকিৎসা ন ভবতি তয়া চ বিনা রোগিণস্তস্য কথমৌষধপথ্যয়োর্ব্যবস্থেতি মায়াজীবাবপি দ্রষ্টুমবশ্যমেবাপেক্ষণীয়াবিতি যয়া সংমোহিতঃ স্বরূপাবরণবিক্ষেপাভ্যাং ভ্রমিতঃ পরোঽপি তস্যা মায়ায়া গুণত্রয়াতিরিক্তোঽপি তৎকৃতং গুণকৃতং অনর্থং তদভিমানেন প্রাপ্নোতি ॥ ৫ ॥

যে মায়াপ্রভাবে জীব স্বয়ং গুণাতীত হইলেও, আত্ম-স্বরূপ বিস্মৃত হইয়া, আপনাকে গুণময়-স্বরূপে দর্শন করে; ও মায়ানিবন্ধন অভিমানাদি দ্বারা অভিভূত হইয়া নিরয়গামী হয় ॥ ৫ ॥

আভাস।

তাঁহার হৃদয়ে উদয় হন। সাধকের আর কিছু জানিতে বাকী থাকে না; ভগবান্, তল্লীলাদি ঐশ্বর্য্য, তদধীনা শক্তিস্বরূপিণী মায়া এবং মায়ামোহিত চৈতন্যকণা জীব-স্বরূপ পরিজ্ঞাত হইয়া, অনায়াসে সংসার হইতে নিস্তার লাভ করে। পূর্ণচন্দ্র দর্শন করিলে, চন্দ্রের কান্তি ও ষোড়শ কলা-সম্বলিত পূর্ণচন্দ্র দৃষ্ট হইল; কিন্তু তদ্বিরোধী শক্তির আর দর্শন হয় না। কিন্তু ভক্তিযোগের দ্বারা চিত্তের মলা দূরীভূত হইয়া ব্রহ্মদর্শন হইলে, কিছু জানিতে বাকী থাকে না; কি অনুকূল! কি প্রতিকূল! সমস্ত পদার্থই যুগপৎ তাঁহার সমীপে প্রকাশিত হয় ॥ ১—৪ ॥

ভগবানের রূপ, গুণ, লীলা ও মাধুর্য্য বর্ণন করিতে হইলে, ভগবদ্দর্শনেরই অপেক্ষা করে; কিন্তু এখানে ব্যাসের মায়া-দর্শনের কি প্রয়োজন ছিল? তদুত্তরে বলিলেন, রোগীর পীড়ার

অনর্থোপশমং সাক্ষাদ্ভক্তিযোগমধোক্ষজে।
লোকস্যাজানতো বিদ্বাংশ্চক্রে সাত্বতসংহিতাম্ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

অধোক্ষজে (অধঃ অক্ষজং ইন্দ্রিয়জং জ্ঞানং যস্মাৎ তস্মিন্ ভগবতি) ভক্তিযোগমেব সাক্ষাৎ অনর্থোপশমং অপশ্যৎ। অতঃ এবং অজানতঃ মূঢ়স্য, লোকস্য, (হিতায়) বিদ্বান্ সর্ব্বজ্ঞঃ, বেদব্যাসঃ সাত্বতসংহিতাং শ্রীভাগবতীং সংহিতাং, চক্রে ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

অনর্থমুপশময়তি যোঽধোক্ষজে সাক্ষাদ্ভক্তিযোগঃ তমপশ্যৎ এতৎ সর্ব্বং স্বয়ং দৃষ্ট্বা এবমজানতো লোকস্যার্থে সাত্বতসংহিতাং শ্রীভাগবতাখ্যাং চক্রে। তদনেন শ্লোকত্রয়েণ শ্রীভাগবতার্থঃ সংক্ষেপেণ দর্শিতঃ। এতদুক্তং ভবতি বিদ্যাশক্ত্যা মায়ানিয়ন্তা নিত্যাবির্ভূত-পরমানন্দস্বরূপঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্বশক্তিরীশ্বরঃ, তন্মায়য়া সম্মোহিতঃ তিরোভূতস্বরূপঃ তদ্বিপরীত-ধর্ম্মা জীবঃ তস্য চেশ্বরস্য ভক্ত্যা লব্ধজ্ঞানেন মোক্ষ ইতি তদুক্তং বিষ্ণুস্বামিনা; হ্লাদিন্যা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য যদৌষধং তদপি দৃষ্টমিত্যাহ অনর্থমুপশময়তি যন্তং ভক্তিযোগকাপশ্যৎ। অত্র দর্শনেঽয়ং ক্রমো জ্ঞেয়ঃ। প্রথমং ভগবন্তমপশ্যৎ। পূর্ণেতিপদপ্রয়োগাদংশান্ বিনা কথং পূর্ণত্বমিতি তদংশান্ পুরুষাবতার-গুণাবতারাদীন্ অপশ্যৎ। পূর্ত্তিমত্ত্বং পূর্ণত্বমিতি পূর্ত্তিরূপং ব্রহ্ম অপশ্যৎ তৎকান্তিভূতাং বিমলোৎকর্ষিণ্যাদ্যনেক-প্রভেদবতীং চিচ্ছক্তিং অপশ্যৎ। পৃষ্ঠে বহিরঙ্গাং মায়াশক্তিমপশ্যৎ, তয়া মোহিতাং জীবশক্তিং তদনন্তরমপশ্যৎ তস্যাস্তন্মোহ-নিবর্ত্তিকাং সর্ব্বতোঽপি মহতীং চিচ্ছক্তিমুখ্যাং ভক্তিরূপাং শক্তিমনুগ্রহাশক্তি-বিলাসভূতাং ভগবতোঽপি বশয়িত্রীং ভগবত্যেবাপশ্যৎ তদেতৎ সর্ব্বং স্বয়ং দৃষ্ট্বা অজানতো লোকস্যার্থে

এতদ্ব্যতীত ভগবানে নিশ্চলা ভক্তিই যে কেবল সংসার-দুঃখ-নিবারণের একমাত্র উপায় তাহাই পরিদর্শন করিয়া, সেই সর্ব্বজ্ঞ মুনি অনভিজ্ঞ জনগণের দুঃখপ্রশমনের সোপান-স্বরূপ এই ভাগবতী সংহিতা প্রণয়ন করিলেন ॥ ৬ ॥

আভাস।

নির্ণয় না হইলে, ঔষধির ব্যবস্থা হয় না; এখানে মায়ারোগগ্রস্ত জীবগণের আরোগ্য-কামনায় যখন ভাগবতের প্রারম্ভ, তখন পূর্ব্বে মায়া যে কি? তাহা চিকিৎসকের জানা উচিত। সেই মায়ায় মোহিত জীব আত্মস্বরূপ চিদানন্দভাব বিস্মৃত হইয়াই অহঙ্কারের দ্বারা বিক্ষিপ্ত হয়; সুতরাং সংসারচক্রে তাহার ভ্রমণ দুর্নিবার্য্য। অতএব রোগ নির্ণয়ের ন্যায়, মায়া নির্ণীত হইলে, চিকিৎসক অতি সহজে রোগীকে নির্ব্যাধি করিতে পারেন ॥ ৫ ॥

যদিও রোগ এবং রোগীর নির্ণয় হয়, ঔষধি না জানিলে কখনই ব্যাধির প্রশমন করা যায়

যস্যাং বৈ শ্রূয়মাণায়াং কৃষ্ণে পরমপুরুষে।
ভক্তিরুৎপদ্যতে পুংসঃ শোকমোহভয়াপহা ॥ ৭ ॥

অন্বয়ঃ।

যস্যাং সংহিতায়াং, বৈ প্রসিদ্ধে, শ্রূয়মাণায়াং পরমপুরুষে কৃষ্ণে পুংসঃ শোকমোহ-ভয়াপহা সংস্কারনাশিনী, ভক্তিঃ প্রেমা, উৎপদ্যতে আবির্ভবতি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

সম্বিদাশ্লিষ্টঃ সচ্চিদানন্দ ঈশ্বরঃ। স্বাবিদ্যা সম্বৃতো জীবঃ সংক্লেশনিকরাকরঃ। তথা। স ঈশো যদ্বশে মায়া স জীবো যস্তয়ার্দ্দিতঃ। স্বাবির্ভূতপরমানন্দ স্বাবির্ভূতসুদুঃখভূঃ। স্বদৃগুথ-বিপর্য্যাসভবভেদজভীশুচঃ। যন্মায়য়া জুষন্নাস্তে তমিমং নৃহরিং নুম ইত্যাদি ॥ ৬ ॥

সংহিতায়া অনর্থোপশমকত্বং দর্শয়তি যস্যাং শ্রূয়মাণায়ামেব কিং পুনঃ শ্রুতায়া-মিত্যর্থঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাত্বতসংহিতাং এতাং সর্ব্বতত্ত্বপ্রকাশিকাং শ্রীভাগবতাখ্যাং চক্রে। ঈশঃ স্বতন্ত্রশ্চিৎসিন্ধুঃ সর্ব্বব্যাপ্যেক এব হি। জীবোঽধীনশ্চিৎকণোঽপি স্বোপাধিব্যাপিশক্তিকঃ। অনেকোঽ-বিদ্যয়োপাত্তস্ত্যক্তাবিদ্যোঽপি কর্হিচিৎ। মায়া ত্বচিৎপ্রধানাবিদ্যাবিদ্যেতি সা ত্রিধা। ঈশ্বরজীবমায়াজগতাং স্বরূপশক্তের্ভক্তেশ্চ স্বরূপলক্ষণপ্রমাণাদিকং বেদস্তুতিব্যাখ্যায়াং ব্যক্তীভবিষ্যতি ॥ ৬ ॥

সংহিতায়াঃ প্রেমসাধনত্বমাহ। যস্যাং শ্রূয়মাণায়ামেব কিং পুনঃ শ্রুতায়াং কিন্তরাং কীর্ত্ত্যমানায়াং কিন্তমাং কীর্ত্তিতায়াং। ভক্তিঃ প্রেমা ঈশ্বরঃ সদ্যো হৃদ্যবরুধ্যতেঽত্র কৃতি-ভিরিত্যুক্তে রীশ্বরাবরোধস্য ফলস্য প্রেম্ন এব লিঙ্গত্বাৎ ভক্তানামনুসংহিতং ফলং সংসার-নিবৃত্তিঃ সা চ ভক্তানামেব ভবতীত্যাহ শোকেত্যাদি ॥ ৭ ॥

যাহা শ্রবণ করিলে, পরমপুরুষ শ্রীকৃষ্ণে অবিরলধারে প্রেমের আবির্ভাব হয় এবং জীবের শোক, মোহ ও ভয় নিবারিত হইয়া যায় ॥ ৭ ॥

আভাস।

না। বেদব্যাস পীড়ার নিবৃত্তিকারক ঔষধিও তাহার সঙ্গে সঙ্গে দর্শন করিলেন। অবাঙ্মনস-গোচর ভগবান্ শ্রীহরিতে যে অচলা ভক্তি, তাহাই এই ভবব্যাধি নিবারণের একমাত্র ঔষধি। বেদব্যাস ইহা স্বয়ং উপলব্ধি করিলেন এবং ভ্রমান্ধ জীবগণের হিতকামনায় ঈশ্বরের লীলা-

---

অথ প্রয়োজনঞ্চ স্পষ্টয়িতু পূর্ব্বোক্তস্য পূর্ণপুরুষস্য চ শ্রীকৃষ্ণরূপত্বং ব্যঞ্জয়িতুং গ্রন্থফল-নির্দ্দেশদ্বারা তত্র তদনুভাবান্তরং প্রতিপাদয়ন্নাহ যস্যামিতি। ভক্তিঃ প্রেমা। শ্রবণরূপয়া সাধনভক্ত্যা সাধ্যত্বাৎ। উৎপদ্যতে আবির্ভবতি। তস্যানুষঙ্গিকং গুণমাহ শোকেতি।

স সংহিতাং ভাগবতীং কৃত্বানুক্রম্য চাত্মজম্।
শুকমধ্যাপয়ামাস নিবৃত্তিনিরতং মুনিম্ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

সঃ ঋষিঃ ব্যাসঃ এবং শোকমোহভয়াপহাং ভাগবতীং সংহিতাং কৃত্বা, অনুক্রম্য সংশোধ্য চ, নিবৃত্তিনিরতং ব্রহ্মানুভবনিমগ্নং, আত্মজং মুনিং শুকং, অধ্যাপয়ামাস আনন্দ-বৈশিষ্ট্যলম্ভনায় গ্রাহয়ামাস ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

অনুক্রম্য শোধয়িত্বা ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথ তস্যৈব প্রয়োজনস্য প্রেম্ণো ব্রহ্মানন্দানুভবাদপি পরমত্বমনুভূতবানেব যতস্তাদৃশং শুকমপি প্রেমানন্দস্য বৈশিষ্ট্যোপলম্ভনায় তামধ্যাপয়ামাস। লোকে হি স্বাদিতাপূর্ব্বমিষ্টবস্তুকঃ পিত্রাদিরবশ্যমেব পুত্রাদিকং তত্তদাস্বাদয়িতুং প্রযততে ইত্যাহ স সংহিতামিতি কৃত্বানুক্রম্য চেতি প্রথমতঃ স্বয়ং সংক্ষিপ্তভক্তিকং কৃত্বা পশ্চান্নারদোপদেশাদনুক্রমেণ শ্রীভগবদ্ভক্ত্যেক-প্রধানতয়া অনুক্রম্য সংশোধ্যেত্যর্থঃ। স চ নারদোপদেশঃ শ্রীকৃষ্ণান্তর্দ্ধানানন্তরং পরীক্ষিৎ-

বেদব্যাস এই সংহিতা প্রণয়ন করিয়া, যথাসঙ্গত ভক্তিনিবদ্ধা করত নিবৃত্তিমার্গাবলম্বী স্বীয় তনয় শুকমুনিকে অধ্যয়ন করাইয়াছিলেন ॥ ৮ ॥

আভাস।

প্রকাশক এই ভক্তি-গ্রন্থ প্রণয়ন করিয়া, লোক-সমাজে মুক্তিপথের উৎকৃষ্ট সোপান প্রস্তুত করিয়াছেন ॥

এই শ্লোকত্রয়ের দ্বারা সংক্ষেপে ভাগবতার্থ বর্ণিত হইয়াছে। এস্থলে ভাবার্থই এই যে, সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তিমান্ ঈশ্বর স্বীয় বিদ্যাশক্তিতে পরিবেষ্টিত থাকিয়াও নিত্য আবির্ভূত পরমানন্দস্বরূপে প্রতিষ্ঠিত আছেন। দুর্ঘটঘটনাপটীয়সী মায়া তাঁহার অধীন। সেই মায়া

অত্রৈবাং সংস্কারোঽপি নশ্যতীতি ভাবঃ। প্রীতির্ন যাবন্ময়ি বাসুদেবে ন মুচ্যতে দেহ-যোগেন তাবদিতি শ্রীঋষভদেববাক্যাৎ। পরমপুরুষে পূর্ব্বোক্তে পূর্ণপুরুষে। কিমাকারে ইত্যপেক্ষয়ামাহ কৃষ্ণইতি। কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যাদিশাস্ত্রসহস্রসম্ভাবিতান্তঃকরণানাং পরম্পরয়া তৎপ্রসিদ্ধমধ্যপাতিনাকাসংখ্যলোকানাং তন্নামশ্রবণমাত্রেণ প্রথমপ্রতীতিবিষয়ঃ স্যাৎ তথা তন্নায়ঃ প্রথমাক্ষরমাত্রং মন্ত্রায় কথ্যমানং যস্যাভিমুখ্যায় স্যাত্তদাকার ইত্যর্থঃ। আহুশ্চ নাম কৌমুদীকারাঃ কৃষ্ণশব্দস্য তমালশ্যামলত্বিষি শ্রীযশোদাস্তনন্ধয়ে পরব্রহ্মণি রূঢ়িরিতি ॥ ৭ ॥

ব্যাসঃ স্বয়ং ব্রহ্মানন্দানুভবাদপি পরমত্বমনুভূতবান্। যতস্তাদৃশং শুকমপি তদানন্দ-

শৌনক উবাচ ॥

স বৈ নিবৃত্তিনিরতঃ সর্ব্বত্রোপেক্ষকো মুনিঃ।

কস্য বা বৃহতীমেতামাত্মারামঃ সমভ্যসৎ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

শৌনক উবাচ। হে সূত! নিবৃত্তিনিরতঃ সর্ব্বত্রোপেক্ষকঃ] অতএব আত্মারামঃ বৈ সঃ শুকঃ মুনিঃ কস্য বা হেতোঃ, বৃহতীং বিততাং, এতাং সংহিতাং সমভ্যসৎ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

কস্য বা হেতোঃ বৃহতীং বিততাং ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্তৃককলিনিগ্রহাৎ পূর্ব্বং ক্ষেয়স্তদৈব কলিনা স্বাধিকারারম্ভে স্বপ্রাবল্যপ্রকটনাৎ ধার্ম্মিকাণামপি শাস্ত্রদর্শিনামপ্যধর্ম্মে প্রবৃত্তেঃ। যত এব ব্যাসস্য চিত্তাপ্রসাদঃ। যদুক্তং। জুগুপ্সিতং ধর্ম্মকৃতেঽনুশাসত ইত্যত্র ন মন্যতে তস্য নিবারণং জন ইতি। কলিযুগাৎ পূর্ব্বমেব চিত্তাপ্রসাদে ন মংস্যত ইতি প্রযুজ্যেত অতস্তদৈব পূর্ব্বনির্ম্মিতস্যৈব শ্রীভাগবতস্যানুক্রমণং। যদুক্তং। কৃষ্ণে স্বধামুপগতে ইত্যত্র পুরাণার্কোঽধুনোদিত ইতি অত এবেদং শ্রীমদ্ভাগবতং ভাগবতানন্তরং যদত্র শ্রূয়তে যচ্চান্যত্র অষ্টাদশপুরাণানন্তরং ভাগবতমিতি তদ্দ্বয়মপি সুসঙ্গতং স্যাৎ। নিবৃত্তিনিরতং ব্রহ্মানুভবিনমপি ॥ ৮ ॥

কস্য বা হেতোঃ ॥ ৯ ॥

শৌনকমুনি সূতকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, যে শুকদেব অনবরত নিবৃত্তিমার্গের অনুসরণ করিয়া সর্ব্ববিষয়ে ঔদাসীন্য বশতঃ কেবল পরমাত্মার চিন্তায় চিত্ত নিমগ্ন রাখিতেন, তিনি আবার কি প্রয়োজনে এই বিস্তৃত ভাগবত শাস্ত্র অভ্যাসে যত্নবান্ হইলেন? ॥ ৯ ॥

আভাস।

প্রভাবে জীব স্বীয় স্বরূপ বিস্মৃত হইয়া, বিপরীত জড়ধর্ম্ম আপনাতে আরোপ করত অনর্থক সংসারে ভ্রমণ করে। পুনরায় ভগবদ্ভক্তির বলে স্বরূপজ্ঞান লাভ করিয়া, মুক্ত হয়। অন্যান্য শাস্ত্রে জীবব্রহ্মের এইরূপই ভেদ নির্ণিত হইয়াছে ॥ ৫ ॥ ৬ ॥

এই শ্লোকে ভাগবত গ্রন্থের প্রয়োজন দেখাইয়া, শ্রীকৃষ্ণেরই পূর্ণপুরুষত্ব প্রদর্শন করিয়াছেন। শাস্ত্রশ্রবণরূপ সাধনার দ্বারা একটী অলৌকিক প্রেম উৎপন্ন হয়; যাহার প্রভাবে পুরুষের সংসারবন্ধন শোক, মোহ ও ভয়াদি দূরীভূত হয় এবং পূর্ণব্রহ্ম ভগবান্ শ্রীকৃষ্ণ

বৈশিষ্ট্যজ্ঞানায় তামধ্যাপয়ামাসেত্যাহ সংহিতামিতি। ব্রহ্মানন্দানুভবনিমগ্নত্বান্নিবৃত্তিনিরতং। সর্ব্বতোনিবৃত্তৌ নিরতং তত্র তত্রাব্যভিচারিণমপীত্যর্থঃ ॥ ৮ ॥ ৯ ॥

সূত উবাচ ॥

আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে।

অন্বয়ঃ।

সূত উবাচ। আত্মারামাঃ অতএব নির্গ্রন্থাঃ চ বিধিনিষেধাতীতাঃ, অপি মুনয়ঃ উরু-

শ্রীধরস্বামী।

নির্গ্রন্থাঃ গ্রন্থেভ্যো নির্গতাঃ। তদুক্তং গীতাসু। যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিত-রিষ্যতি। তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চেতি। যদ্বা গ্রন্থিরেব গ্রন্থঃ। নিবৃত্তঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্গ্রন্থা জিজ্ঞাসিত-গ্রন্থেভ্যো নির্গতাঃ যদুক্তং। যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিত-রিষ্যতি। তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ ইতি। যদ্বা গ্রন্থিরেব গ্রন্থঃ। নির্গতা-হঙ্কারগ্রন্থয়ঃ। যদুক্তং। ভিদ্যতে হৃদয়গ্রন্থিরিতি। যদ্বা বিধিনিষেধগ্রন্থাতীতাঃ। যদুক্তং চরেদবিধিগোচর ইতি। তথাভূতা অপি অহৈতুকীং ফলাভিসন্ধিরহিতাং ভক্তিং কুর্ব্বন্তি।

সূত বলিলেন, হে ব্রহ্মন্! মুনিগণ পরমাত্ম-পরিচিন্তনের দ্বারা আত্মাতে পরম নির্বৃতি লাভ করত বিধিনিষেধবাচক গ্রন্থের বহির্ভূত হইলেও উরুক্রম

আভাস।

হৃদয়ে আবির্ভূত হইলে, পুরুষ জীবন্মুক্তি লাভ করে ॥ ৭ ॥

এই সংহিতা রচনা করিয়া, ব্যাসদেব ব্রহ্মানন্দ অপেক্ষাও পরমানন্দ অনুভব করিয়াছিলেন। পিতা অতি সুমিষ্ট ও সুস্বাদু সামগ্রী লাভ করিলে, কেবল স্বয়ং ভোজনেই তৃপ্তি অনুভব করেন না; প্রিয় পুত্রকে ভোজন করাইয়া, অধিকতর প্রসন্ন হন। এখানে ব্যাসদেবও অপূর্ব্ব আনন্দ লাভে নিশ্চিন্ত থাকিতে পারিলেন না। প্রথমত গ্রন্থ রচনা করিয়া, ভক্তির স্রোত প্রসারিত করিলেন এবং নিস্তরঙ্গ স্তিমিত ও গম্ভীর জলধির ন্যায় বিষয়বাসনারহিত ব্রহ্মানন্দপূর্ণ শুকহৃদয়ে প্রবাহিত করিয়া শান্তচিত্ত হইলেন। শ্রীকৃষ্ণ অন্তর্হিত হইবার পর এবং রাজা পরীক্ষিৎকৃত নিগ্রহের পূর্ব্বে, স্বীয় অধিকার আরম্ভকালে কলি এতই প্রবল হইয়াছিলেন যে, ধার্ম্মিক শাস্ত্রদর্শিগণেরও অধর্ম্মে প্রবৃত্তি জন্মিয়াছিল। এমন কি! ব্যাসচিত্তেও অপ্রসন্নতার উদয় হয়। নারদ যখন উপদেশচ্ছলে ব্যাসকে তিরস্কার করেন, তখন স্পষ্টই বলিয়াছেন, "আপনি ধর্ম্মের উপদেশ দিতে গিয়া, অধর্ম্মকার্য্য পশুহিংসাদির উপদেশ প্রদানে জীবের অসৎপ্রবৃত্তিরই প্রশ্রয় দিয়াছেন; তাহাতে বরং অনিষ্টই করা হইয়াছে; এক্ষণে ইহার সংশোধন করা অতীব দুরূহ"। ব্যাসদেব কলি-আরম্ভের পূর্ব্বেই সংক্ষেপ-ভক্তিতে ভাগবত রচনা করিয়াছিলেন; এক্ষণে নারদের উপদেশে কেবল অনুক্রমভাবে তাহাতে ভক্তিরই বিস্তার করিয়া জগতের মঙ্গলবিধান করিয়াছেন মাত্র ॥ ৮ ॥

কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিঃ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

ক্রমে ভগবতি, অহৈতুকীং ফলাভিসন্ধিরহিতাং, ভক্তিং কুর্ব্বন্তি। যতঃ হরিঃ ইত্থম্ভূতগুণঃ এবম্প্রভাবঃ এব ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

ক্রোধাহঙ্কাররূপো গ্রন্থির্যেষাং তে নিবৃত্তহৃদয়গ্রন্থয় ইত্যর্থঃ। নমু মুক্তানাং কিং ভক্ত্যেতি সর্ব্বাক্ষেপপরিহারার্থমাহ ইত্থম্ভূতগুণো হরিরিতি ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্ত্যা জ্ঞানং জ্ঞানান্মুক্তিঃ। ততোঽপি ভক্তিরিত্যয়ং শ্রেষ্ঠ এব ক্রমো যস্মাৎ তস্মিন্। নমু মুক্তানাং কিং ভক্ত্যা, নির্গ্রন্থানাং কিং ভক্তিগ্রন্থেন শ্রীভাগবতেন নিরভিমানানাং কিং পুনঃ সেব্যসেবকলক্ষণেনাভিমানেন, বিধিনিষেধাতীতানাং কিং পুনঃ শ্রীভাগবতোক্তেন ভক্তেবি ধিনেত্যাদি সর্ব্বাক্ষেপপরিহারার্থমাহ। ইত্থংভূতঃ। আত্মারামাণামপ্যাকর্ষণশীলো গুণো যস্য সঃ। তেন মূলত এব ভক্তিপ্রাধান্যাভ্যাসেন বা মদ্গুণানুভব এষামস্থিতি সনকাদিষু ভগবৎকৃপয়ৈব শ্রীকৃষ্ণগুণানুভবো মৎসুতস্যাস্থিতি শ্রীশুকে ব্যাসস্যেব ভগবতো ভক্তানাং বা কৃপয়া যৈরাত্মারামৈস্তদ্গুণানুভবযোগ্যতা লব্ধা ত এবাহৈতুকীং ভক্তিং কুর্ব্বন্তি। অন্যে ত্বাত্মারামা সাযুজ্যার্থাং ভক্তিং কুর্ব্বন্তীত্যহৈতুকীপদব্যাবৃত্তিরনুসন্ধেয়া। যদুক্তং। ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাং। ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ। ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরমিতি ॥১০

জনার্দ্দনে নিষ্কাম ভক্তি করিয়া থাকেন; সেটি কেবল ভগবান্ শ্রীহরির অনির্ব্বচনীয় ও অসাধারণ গুণেরই মহিমা ॥ ১০ ॥

আভাস।

বেদব্যাস যে অপূর্ব্ব ভক্তিমূলক ভাগবত রচনা করিয়া প্রিয়পুত্র শুকদেবকে অধ্যয়ন করাইলেন এবং শুকদেবও আত্মারাম মুনি হইয়া অবাধে এই বৃহৎ ভক্তিশাস্ত্র অভ্যাসে অনুমোদন করিলেন, তাহাতে সনকাদি ঋষিগণ চমৎকৃত হইয়া সূতকে তদ্বিষয়ে জিজ্ঞাসা করেন। তাঁহাদের বলিবার উদ্দেশ্য এই যে, অজ্ঞানী কামপরতন্ত্র জীবগণকে কুপথ হইতে প্রতিনিবৃত্ত করিয়া সৎপথে পরিচালন করিবার জন্যই শাস্ত্রের প্রয়োজন; কিন্তু শুকদেবের

আত্মারামাশ্চ নির্গ্রন্থাঃ বিধিনিষেধাতীতাঃ, নির্গতাহঙ্কারগ্রন্থয়ো বা। অহৈতুকীং ফলাভিসন্ধিরহিতাং; ইত্থমিতি আত্মারামাণামপ্যাকর্ষণস্বভাবো গুণো যস্য স ইতি বা মুক্তেরপি অলোক্যমানা গুণা যস্য তাদৃশঃ। হরিগুণরহস্যং পরমভক্তৈরনুভবৈকবেদ্যং নতু বাচ্যমিতি ॥ ১০ ॥

কৃতমনুকৃতবত্য উন্মদান্ধাঃ প্রকৃতিমগন্ কিল যস্য গোপবধ্বঃ ॥ ৪০ ॥
মুনিগণ-নৃপবর্য্য-সঙ্কুলেঽন্তঃসদসি যুধিষ্ঠির রাজসূয় এষাং।

অন্বয়ঃ।

প্রকৃতিং স্বরূপং, কিল অগন্ প্রাপুঃ ॥ ৪০ ॥

যুধিষ্ঠিরস্য রাজসূয়ে যজ্ঞে, মুনিগণনৃপবর্য্য-সঙ্কুলে মুনীন্দ্ররাজেন্দ্রগণসেবিতে, অন্তঃসদসি

শ্রীধরস্বামী।

পূজা যাসাং তাঃ অত উৎকটেন মদেন অন্ধাঃ বিবশাঃ অতএব তদেকচিত্তত্বেন তস্য কৃতং কর্ম্ম গোবর্দ্ধনোদ্ধরণাদিকং অনুকৃতবত্যো গোপবধ্বঃ যস্য প্রকৃতিং স্বরূপমগন্ অগমন্। মকার-লোপ স্বার্ষঃ। কিল প্রসিদ্ধং। তস্মিন্মে রতিরস্ত ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ৪০ ॥

জগৎপূজ্যতামনুস্মরন্নাহ মুনিগণৈ নৃপবর্য্যৈশ্চ সঙ্কুলে ব্যাপ্তে অন্তঃসদসি সভামধ্যে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সারথ্যদূত্যাদি-মাত্রপ্রাপ্তির্যা সা তু ভয়তো যন্ত্রণাময়ীতি ন তৎ সমকক্ষতাং প্রাপ্তুমর্হত্যর্জ্জুন ইতি ভাবঃ। অত্রৈব তৃতীয়ান্যপদার্থে বহুব্রীহৌ তাভিরপি স্বীয়সাদৃশ্যং সর্ব্বস্বার্পণেন সোঽনুরঞ্জিত ইতি পরস্পরানুরঞ্জনসুখময়ং সখ্যং ব্যঞ্জিতং। ততএবাসাধারণ-সৌভাগ্য-প্রদানমাহ। কৃতং রাসে নৃত্যং গীতং বাদনানিচ যথা তথৈব তা অপ্যনুকৃতবত্য তৎসাহিত্যেনৈব রাসে তাসাং তথা নৃত্যাদ্যুক্তেঃ। নচ তাসাং তত্তচ্ছিক্ষণাভ্যাসঃ কোঽপ্যাসীদিত্যাহ উন্মদেন মহাপ্রেমোত্থেনান্ধাঃ ব্যবহারমাত্রমদৃষ্টবত্যঃ অতঃ কিলেত্যাশ্চর্য্যে যস্য প্রাকৃতিং স্বভাবমেবাগচ্ছন্ ভগবতো নৃত্যগীতাদিবৈদগ্ধ্যাদয়ঃ স্বাভাবিকাঃ অসাধারণাঃ অনন্তা এব যে গুণাস্তান্ সর্ব্বানপি তেন দত্তান্ প্রাপুরিত্যর্থঃ। অর্জ্জুনায় তু স্বমসাধারণং তদপেক্ষিতং বলিষ্ঠত্বমপি ভগবতা ন দত্তমিতি। যদ্বা। কৃতং গোবর্দ্ধনধারণাদিকং উন্মদ উন্মাদ ইতি বিরহশ্চ দর্শিতঃ। এবং চাতিমন্দা স্তাবৎ সাযুজ্যং প্রাপুঃ অত্যুৎকৃষ্টাঃ প্রেম্ণঃ পরাং কাষ্ঠাং অহং তু তয়োর্মধ্যবর্ত্তী স্বাভীপ্সিতাং তব সারথ্যলীলাং কথং ন প্রাপ্স্যামীতি ভাবঃ ॥ ৪০ ॥

কিঞ্চ সংপ্রতি প্রত্যক্ষীকৃতং মদ্ভাগ্যমেব তৎপ্রাপ্তেরাবশ্যকত্বং কথয়তীত্যাহ মুনীতি।

বিহ্বল হইয়াছিলেন এবং উন্মাদিনীর ন্যায়, যাঁহার কৃত গোবর্দ্ধন উত্তোলনাদি কর্ম্মের অনুকরণ করিয়াই সাযুজ্য পদ লাভ করেন ॥ ৪০ ॥

রাজা যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞে, মুনিগণ ও রাজেন্দ্রবর্গে পরিপূর্ণ রাজসভা

আভাস।

আপনি যেরূপে ও যে ভাবে গোপাঙ্গনাগণকে উন্মত্ত করিয়া, তদীয় রাসাদি লীলারসে চরিতার্থ করিয়াছিলেন; পরে অন্তর্হিত হইয়া, বিচ্ছেদানলে তাহাদিগের চিত্তবাসনা পরিদগ্ধ করত, সাযুজ্যপদ প্রদান করেন; হে ভগবন্! আমি কি তদপেক্ষা ন্যূন ফলেরও প্রত্যাশী হইতে পারি না? ॥ ৪০ ॥

অর্হণমুপপেদ ঈক্ষণীয়ো মম দৃশি গোচর এষ আবিরাত্মা ॥ ৪১ ॥
তমিমমহমজং শরীরভাজাং হৃদি হৃদি ধিষ্টিতমাত্মকল্পিতানাং।

অন্বয়ঃ।

সভামধ্যে, ঈক্ষণীয়ঃ উৎকর্ষেণ দর্শনীয়ঃ, যঃ এষাং মুনিনৃপাদীনাং অর্হণং সম্মানার্ঘ্যং, উপপেদে প্রাপ, এষঃ আত্মা পরমাত্মা, মম দৃশিগোচরঃ সন্ আবিঃ প্রকটঃ এব বর্ত্ততে ॥ ৪১ ॥

আত্মকল্পিতানাং পরমাত্মনি নির্ম্মিতানাং শরীরভাজাং প্রাণিনাং হৃদি হৃদি প্রতিহৃদয়ং ধিষ্টিতং অন্তর্য্যামিরূপতয়া অধিষ্টিতং প্রতিদৃশং অর্কমিব নৈকধা অনেকধা ভান্তং একং

শ্রীধরস্বামী।

যুধিষ্টিরস্য রাজস্থয়ে। এষাং মুনিগণাদীনাং ঈক্ষণীয়ঃ। অহো রূপমহো মহিমেত্যেবমাশ্চর্য্যেণ বিলোকনীয়ঃ সন্ উপপেদে প্রাপ এষ জগতামাত্মা মম দৃশি গোচরঃ দৃষ্টিবিষয়ঃ সন্ আবিঃ প্রকটো বর্ত্ততে অহো মে ভাগ্যমিতি ভাবঃ ॥ ৪১ ॥

সোঽহং কৃতার্থোঽস্মীত্যাহ তামমমিতি। ইমমজং সম্যগধিগতঃ প্রাপ্তোঽস্মি। সম্যক্‌ত্বমাহ বিধুতভেদমোহঃ তদর্থং ভেদস্যোপাধিকত্বমাহ আত্মকল্পিতানাং স্বয়ংনির্ম্মিতানাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্তঃসদসি সভামধ্যে যুধিষ্টিরস্য রাজসূয়ে এষাং মুনিগণাদীনামীক্ষণীয়ঃ অহো রূপং অহো মহিমেত্যেবমাশ্চর্য্যেণ বিলোকনীয়ঃ সন্ উপপেদে প্রাপ যঃ স এষ মমাত্মা মৎপ্রাণনাথঃ সংপ্রতি মম দৃশি গোচর এব মৎপ্রার্থিতং দদান এবাস্তে ইতি ॥ ৪১ ॥

ননু কথং তর্হি ত্বয়ি মে রতিরস্ত্বিত্যেকবারমপি যুষ্মৎপ্রয়োগেণ ন ব্রূষে কিন্তু প্রতিশ্লোকমেব বিজয়সখে বিজয়রথকুটুম্বে মে রতি রস্তু। চরণরতিঃ পরমস্য তস্য মেঽস্ত স ভবতু মে ভগবান্ গতিরিতি তচ্ছব্দপ্রয়োগেনৈবেতি তত্রাহ তমিতি। তং পার্থসারথিং প্রগ্রহ-

---

মধ্যে যিনি সমাসীন থাকিয়া, সকলেরই মাননীয় হইয়া অগ্র-পূজা প্রাপ্ত হন, সেই পরমাত্মা মুকুন্দ এক্ষণে আমাকে প্রত্যক্ষে দর্শন দিতেছেন। অহো ভাগ্য! ॥ ৪১ ॥

সূর্য্য যেমন একাকী সর্ব্বজীবের দৃষ্টিপ্রদ, অথচ কাহারও চক্ষুর্নিষ্ঠ দোষগুণাদিতে কখন লিপ্ত নহেন, সেইরূপ সর্ব্বভূতের অন্তরাত্মা শ্রীকৃষ্ণে যাবতীয় ভূতসর্গ

আভাস।

শ্রীকৃষ্ণের সর্ব্বপ্রকার মঙ্গলময় রূপ বর্ণনা করিয়া, সকলের পূজনীয়, সকলের মনোহর এবং সকলের দুর্ল্লভদর্শন রূপের উৎপ্রেক্ষা করিতেছেন। তিনি যেমন বলীর পূজ্য; যোগ তপস্যা এবং জ্ঞানবিশিষ্ট মুনিগণেরও যে সেইরূপ পূজ্য তাহা রাজসূয়-সভামধ্যে অর্ঘ্য-প্রদান উপলক্ষে বিলক্ষণ পরিদৃষ্ট হইয়াছেন। ॥ ৪১ ॥

প্রতিদৃশমিব নৈকধার্কমেকং সমধিগতোঽস্মি বিধূতভেদমোহঃ ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

অদ্বিতীয়ং তং ইমং অগ্রতঃ এব উপবিষ্টং অজং স্বেচ্ছয়া ধৃতবিগ্রহং, শ্রীকৃষ্ণং বিধূতভেদ-মোহঃ (বিগতঃ অজ্ঞানজনিত-নানাত্বভ্রমঃ, যস্য সঃ) অহং সমধিগতঃ প্রাপ্তঃ অস্মি ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

শরীরভাজাং প্রাণিনাং হৃদি হৃদি প্রতিহৃদয়ং ধিষ্ঠিতং অধিষ্ঠিতং অকারলোপস্ত্বার্ষ্যঃ। নৈকধা অনেকধা অধিষ্ঠানভেদাদনেকধা ভাতমিত্যর্থঃ। অত্র দৃষ্টান্তঃ সর্ব্বপ্রাণিনাং দৃশং দৃশং প্রতি একমেবার্কমনেকধা প্রতীতমিবেতি ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রতোদালঙ্কৃতবামদক্ষিণকরং মম হৃদি স্ফুরন্তমেব ইমং অধিগতোঽস্মি নত্বিমমেব তং। তস্যৈব হৃদি প্রথমপ্রবিষ্টত্বাদভ্যাসেন তদীয়-স্ফূর্ত্তিব্যাপ্তে হৃদি অয়ং প্রবেষ্টুং ন শক্নোতীতি ভাবঃ। তং কীদৃশং অজং, ন জায়ত ইত্যজ স্তং ন কেবলং তদানীং যুদ্ধকাল এব তাদৃশ-স্বরূপো মচ্চক্ষুষোরগ্রে স জাতঃ অপিতু যুদ্ধাৎ পূর্ব্বমপি স্বাভাবিকেন মনোরথেন মম হৃদি তথা ভাত আসীদেবেতি ভাবঃ। তেনাত্র ন মম দোষঃ কিন্তু হৃদিস্থঃ পরমেশ্বরো যং যং যথা স্ফোরয়তি ভদ্রং অভদ্রং বা স তথৈবাসাস্তে ইত্যাহ। শরীরভাজাং জীবানাং হৃদি হৃদি ধিষ্ঠিতং অকারলোপশ্ছান্দসঃ। আত্মনা স্বয়মেব কল্পিতানাং যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্তীতি শ্রুতেঃ। ন চাহং হৃদিস্থং তৎপদবাচ্যং পার্থসারথিমন্যং তথা পুরস্থং ইদং পদবাচ্যং চতুর্ভুজমন্যং জানামীত্যাহ প্রতীতি। আকাশস্থমেকমর্কমপি জনানাং প্রতিদৃশং অবলোকনং প্রতি নৈকধা অয়ং মমূর্দ্ধোপরি অর্ক ইতি। প্রতিমূর্দ্ধোপরিস্থমর্কং তত্তদ্দৃষ্টিভেদাদনেকধা ভাতমিবেতি বিধূতো দূরীকৃতো ভেদরূপো মোহো যেন সঃ। অয়মর্থঃ। মম হৃদি তথা যুধিষ্ঠিরাদীনাং বসুদেবাদীনাং উদ্ধবাদীনাং নন্দাদীনাং গোপিকানাঞ্চ হৃদি ভাবভেদেন

নির্ম্মিত হইলেও, তিনি নিজে জন্মকর্ম্মাদিরহিত ও অদ্বিতীয়; এক্ষণে আমি তাঁহাকে প্রাপ্ত হইলাম। যেহেতু আমার অজ্ঞান-জনিত ভ্রম দূরীভূত হইয়াছে।॥৪২

আভাস।

এই শ্লোক দ্বারা শ্রীকৃষ্ণই যে পরমব্রহ্ম, তিনি কেবল ভক্তগণের ভক্তির উপকারক; স্বেচ্ছা-ধীন বিগ্রহ পরিগ্রহ করিয়া জগতে বিচরণ করিয়া থাকেন, তাহাই নির্ণয় করিতেছেন। সূর্য্যের উদয়ে জীব দর্শনশক্তি লাভ করে এবং চক্ষুষ্মান্ বলিয়া পরিজ্ঞাত হয়; কিন্তু সূর্য্যের অদর্শনে চক্ষু থাকিতেও দর্শন শক্তির অভাবে অবলোকনে সমর্থ হয় না। সূর্য্যই দর্শনে-ন্দ্রিয়ের অধিষ্ঠাতা; অথচ এক; সেইরূপ বাসুদেব এক হইয়াও সর্ব্বজীবের অন্তরাত্মা অথচ জীবকৃত কর্ম্মে কখন লিপ্ত হন না। তীব্র একাগ্রতা সহকারে তন্নিষ্ঠ হইয়া, অভ্যাস-যোগের

সূত উবাচ ॥

কৃষ্ণ এবং ভগবতি মনোবাগ্‌দৃষ্টিবৃত্তিভিঃ ।
আত্মনাত্মানমাবেশ্য সোঽন্তঃশ্বাস উপারমৎ । ৪৩ ॥

অন্বয়ঃ ।

সঃ ভীষ্মঃ, ভগবতি আত্মনি পরমাত্মনি, কৃষ্ণে এবং মনোবাগ্‌দৃষ্টিবৃত্তিভিঃ আত্মানং মনঃ আবেশ্য সংস্থাপ্য, অন্তঃশ্বাসঃ বিলীনপ্রাণবায়ুঃ, সন্ উপারমৎ ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী ।

মনোবাগ্‌ দৃষ্টীনাং বৃত্তিভিঃ পরমাত্মনি শ্রীকৃষ্ণে অন্তরেঽবলীনঃ শ্বাসো যস্য সঃ ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

প্রেমতারতম্যেনচ পৃথক্ পৃথক্ লীলতয়ৈব যদ্যপি স্ফুরতি তদপ্যেক এব কৃষ্ণ ইতি জানামি তথা তেষাং তত্তৎ প্রেম্নাং তত্তদ্ভাবানাং চোৎকর্ষতারতম্যং সর্ব্বমহং জানাম্যেব তদপি মে পার্থসারথ্যাবেব স্বাভাবিক্যাসক্তি স্তাং ত্যক্তুং নৈব শক্নোমি পুরস্থিতেঽস্মিংশ্চতুর্ভুজরূপে ধারণাপি কৃতা সাপ্যকিঞ্চিৎকরৈবাভূদিতি ॥ ৪২ ॥

কৃষ্ণ এবং ভগবতীত্যাদি । এবমাত্মনি হৃদি স্থিতে কৃষ্ণে পার্থসারথাবিত্যর্থঃ । আত্মানং স্বং আবেশ্য আবেশযুক্তং কৃত্বা অন্তরেব লীনঃ শ্বাসো যস্য সঃ । বহির্ব্বৃত্ত্যুপরামঃ ॥ ৪৩ ॥

এইরূপে দেবব্রত ভীষ্ম ষড়ৈশ্বর্য্য-সম্পন্ন পরমাত্মা শ্রীকৃষ্ণে কায়মনবাক্যে মন সমর্পণ করত, বিলীন-প্রাণ হইয়া নিরস্ত হইলেন ॥ ৪৩ ॥

আভাস ।

জন্যই বিবিধভাবে বারম্বার তাঁহারই প্রার্থনা করিতে লাগিলেন । পরে ক্রমশঃ ভেদবুদ্ধি নিবৃত্ত হইয়া, স্বয়ং শ্রীকৃষ্ণকে পরমব্রহ্ম জানিয়া, নিজের পরম সৌভাগ্য জ্ঞান করিলেন ॥ ৪২ ॥

এই শ্লোক দ্বারা দেখাইয়াছেন যে, দেবব্রত ভীষ্ম পরমব্রহ্ম শ্রীকৃষ্ণে উপরতিরূপ নির্ব্বাণ-মুক্তি লাভ করিয়াছিলেন । অর্থাৎ তাঁহার জীবোপাধিস্বরূপ মহত্তত্ত্ব, অহঙ্কার, মন ও ইন্দ্রিয়গণ, বিষয়চিন্তনরূপ বহির্মুখী বৃত্তি পরিত্যাগ করিয়া, অন্তর্মুখী বৃত্তির অবলম্বনে প্রতি-লোম গমনের দ্বারা নিবৃত্ত হইতে লাগিল । অর্থাৎ ইন্দ্রিয় মনে লীন হইল, মন অহংতত্ত্বে, অহংকারতত্ত্ব বুদ্ধিতে এবং বুদ্ধি পরমাত্মতত্ত্ব শ্রীকৃষ্ণে প্রলীন হইয়া, ভীষ্ম পরম নির্ব্বৃতি লাভ করিলেন ॥ ৪৩ ॥

এই শ্লোকে শ্রীধরস্বামীর সহিত অন্যান্য টীকাকারগণের মতভেদ দেখা যায়, কিন্তু একটু অন্তরে প্রবেশ করিলে ভেদের ভিত্তি রক্ষা হয় না । জীবগোস্বামী বর্ণনা করিয়াছেন যে, নিষ্কল ব্রহ্মশব্দে এস্থলে মায়াতীত নরাকৃতি, পরমব্রহ্মস্বরূপ শ্রীকৃষ্ণকেই লক্ষ্য করিতে হইবে । "তস্মিন্ সম্পদ্যমানং" অর্থে তাঁহারই পার্ষদরূপে সনক-সনন্দাদির ন্যায় অবস্থিতি

সম্পদ্যমানমাজ্ঞায় ভীষ্মং ব্রহ্মণি নিষ্কলে।

অন্বয়ঃ।

নিষ্কলে নিরবয়বে ব্রহ্মণি সম্পদ্যমানং মিলিতং, ভীষ্মং আজ্ঞায় দিনাত্যয়ে দিবাবসানে,

শ্রীধরস্বামী।

নিষ্কলে নিরুপাধৌ সম্পদ্যমানং মিলিতং আজ্ঞায় আলক্ষ্য॥ ৪৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং ভীষ্মঃ স্বাভিলষিতং পার্থসারথিং প্রাপ লোকাস্তু তদবিদ্বাংসো ভীষ্মো ব্রহ্মণি লীনো বভূবেতি জানন্তিস্মেত্যাহ সংপদ্যেতি। অজ্ঞানে দৃষ্টান্তঃ বয়াংসি পক্ষিণঃ দিনস্যাত্যয়ে অবসানে সতি দিনং ন দৃষ্টমিতি দিনস্য স্বরূপধ্বংসমেব জ্ঞাত্বা যথা তূষ্ণীং ভবন্তি ন শব্দায়ন্ত ইত্যর্থঃ। নতু বস্তুতো দিনং ন পশ্যন্তি তৎক্ষণেঽপি বর্ষান্তরে তস্য স্থিতেরবগমাৎ

ভীষ্মদেব দেহত্যাগ পূর্ব্বক নিরুপাধি পরমব্রহ্মে সম্পন্ন হইয়াছেন জানিয়া,

আভাস।

করাই তাৎপর্য্য। এবং সপ্তম স্কন্ধের একটী শ্লোক উল্লেখ করিয়া, ঐ ভাবেরই পোষকতা সম্পাদন করিয়াছেন। অর্থাৎ বিষ্ণুর পার্শ্বদরূপে অবস্থিতি করিলে যে পরমসুখ অনুভূত হয়, জ্ঞানিগণ তাহাকেই ব্রহ্ম-নির্ব্বাণ সুখ বলিয়া ব্যাখ্যা করিয়া থাকেন; তদতিরিক্ত নির্ব্বাণের কথা কেবল কল্পনা মাত্র। বিশ্বনাথ চক্রবর্ত্তীকৃত টীকায় প্রকাশ পায় যে, যে অনির্ব্বচনীয় শ্যামসুন্দর মদনমোহন মূর্ত্তিতে তিনি ভক্ত-সমভিব্যাহারী ভাবে অশেষ কার্য্য সমাধা করিয়া জগতে লীলা করিয়াছিলেন, ভীষ্ম তাঁহাকেই প্রাপ্ত হইলেন; কিন্তু ব্রহ্মে লীন হইলেন, বলিয়া, তাৎকালিক ব্রহ্মবাদিগণ অনুমান করিয়াছিলেন। এই প্রকার অজ্ঞানের দৃষ্টান্ত দেখাইলেন যে, দিবা অবসান হইলে, দিবা ধ্বংস হইয়াছে বুঝিয়া বিহঙ্গমকুল নিরাশ্বাসে মগ্ন হইয়া নিস্তব্ধ হয়। কিন্তু এইটী যেমন ভ্রম মাত্র, দিবার কখন ধ্বংস বা নিবৃত্তি বা অত্যন্ত অভাব ঘটে না, চক্রনেমির উপর্য্যধোভাবে পরিবর্ত্তনের ন্যায়, রাত্রির অপগমে পুনরায় দিবার আগমন হয়, সেইরূপ ভীষ্ম পার্শ্বদরূপ প্রাপ্ত হইয়া, ভগবৎ সন্নিধি লাভে বিশ্রামসুখস্বরূপ পরমানন্দ ব্রহ্মসুখ অনুভব করিতে লাগিলেন বটে, আবার দিবাগমের ন্যায় কল্পান্তরে নিত্য সৃষ্টির অন্তরস্থ ভীষ্ম এই মূর্ত্তিতে পুনর্ব্বার জন্মগ্রহণ করিয়া এই বর্ত্তমান কল্পের ন্যায় শ্রীকৃষ্ণের সহিত এইরূপই যুদ্ধও শরশয্যায় শয়নাদি করিবেন। সৃষ্টবস্তু বা ক্রিয়ার অবসান নাই। যাহা দেখিতেছি, তাহা পূর্ব্বে ছিল; মধ্যে লীন; এক্ষণে প্রকাশ। এবং পরে ধ্বংসরূপ অভাবের অন্তর্গত হইয়া, কিছুকাল অবস্থিতি করিবে। পুনঃ এই রূপই ধারণ করিবে। শ্রীধরস্বামীর ভাব এই যে, যিনি নরাকৃতি মায়াতীত শ্রীকৃষ্ণবিগ্রহ ধারণ করিয়া ভক্তগণের মঙ্গল বিধান করিয়াছিলেন, সেই পরমব্রহ্মে চিত্ত সমাহিত করিয়া, ভীষ্ম

সর্ব্বে বভূবুস্তে তূষ্ণীং বয়াংসীব দিনাত্যয়ে ॥ ৪৪ ॥
তত্র দুন্দুভয়ো নেদু র্দেবমানববাদিতাঃ।
শশংসুঃ সাধবো রাজ্ঞাং খাৎ পেতুঃ পুষ্পবৃষ্টয়ঃ ॥ ৪৫ ॥

অন্বয়ঃ।

বয়াংসি পক্ষিণঃ ইব তে সর্ব্বে শ্বষয়ঃ তূষ্ণীং বভূবুঃ ॥ ৪৪ ॥

তত্র দেবমানববাদিতাঃ দুন্দুভয়ঃ নেদুঃ, রাজ্ঞাং মধ্যে যে সাধবঃ অনসূয়বঃ তে ভীষ্মং শশংসুঃ, খাৎ আকাশাৎ, পুষ্পবৃষ্টয়ঃ পেতুঃ ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

দেবৈর্ম্মানবৈশ্চ বাদিতাঃ। রাজ্ঞাং মধ্যে যে সাধবঃ অনসূয়বঃ ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যামচতুষ্টয়ানন্তরং তত্রাপি পুনরাগমাৎ এবং ভীষ্মস্যাপ্যত্যয়ে ভীষ্মো মুক্ত ইত্যজ্ঞা বিদন্তি। বিজ্ঞাস্তু তদৈবাপ্রকটপ্রকাশে রথচরণপাণিনা কৃষ্ণেন ভূমৌ ধাবতা সহ ভীষ্মোঽন্তর্দ্ধান এবেতি পুনরাগামি-কৃষ্ণাবতারে তেন সহ ভীষ্ম আবির্ভবিষ্যত্যেবেতি জানন্তি। যদ্বা নিষ্কং পদকং লাতীতি তস্মিন্ ব্রহ্মণি শ্রীকৃষ্ণ ইত্যর্থঃ। ব্রহ্মসাযুজ্যপ্রাপ্তিস্তু ন ব্যাখ্যেয়া নিত্যপার্ষদ-ভীষ্মেণ কদাপি তদনঙ্গীকৃতত্বাৎ ভক্তিসম্বন্ধরহিতায়া রতের্বাঞ্ছিতত্বাৎ মোক্ষস্যাকামিতত্বাৎ ভগবতাপি বলাদকামিত-ফলদানানৌচিত্যাৎ ॥ ৪৪ ॥

রাজ্ঞাং মধ্যে সাধবোঽনসূয়বঃ ॥ ৪৫ ॥

যুধিষ্ঠিরাদি সমবেত সমস্ত লোকেই, দিবাবসানে নীরব বিহঙ্গম-কুলের ন্যায়, নিস্তব্ধ ভাব ধারণ করিলেন ॥ ৪৪ ॥

এই সময় স্বর্গে দেবতাগণ এবং মর্ত্তে মানবগণ দুন্দুভি-ধ্বনি করিতে লাগিলেন। রাজন্যগণের মধ্যে অসূয়াশূন্য ব্যক্তিগণ সাধুবাদ দ্বারা ভীষ্মকে প্রশংসা করিতে লাগিলেন। এবং আকাশ হইতে পুষ্পবৃষ্টি হইতে লাগিল ॥ ৪৫ ॥

আভাস।

প্রলীন হইলেন। ভগবান্ মরীচিমালী দিবাবসানে অস্তাচলচূড়া অবলম্বন করিলে, বিহঙ্গম-কুল নিশার ভীষণ অন্ধকারে প্রাণান্ত বোধ করিয়া যেমন আকুল হয়, আনন্দের কাকলি বিস্মৃত হইয়া ভয়ে নিস্তব্ধ হয়, সমবেত ভূপালগণ এবং মুনিগণও সেইরূপ ভীষ্মের মুখারবিন্দ বিনির্গত অমৃতোপম যথাক্ষর হিতকর এবং ভাবপূর্ণ বচনামৃত পানে কতই আনন্দ প্রকাশ করিয়াছিলেন; অকস্মাৎ তিনি আত্মস্বরূপের সম্বরণ করিলে, সমবেত ব্যক্তিগণের শ্মশান-বৈরাগ্যের উদয় হইল; এবং নিরানন্দে তাঁহারা নিস্তব্ধ রহিলেন। ভীষ্মের অজ্ঞান উপাধি নিরস্ত হইয়া, ব্রহ্মস্বরূপ প্রাপ্ত হইল। অদ্বিতীয় নিত্য সত্য পরমানন্দস্বরূপ পরমব্রহ্মই ভক্তগণের অভিষ্ট প্রদান পূর্ব্বক সংসার

তস্য নির্হরণাদীনি সম্পরেতস্য ভার্গব।
যুধিষ্ঠিরঃ কারয়িত্বা মুহূর্ত্তং দুঃখিতোঽভবৎ ॥ ৪৬ ॥
তুষ্টুবু র্মুনয়ো হৃষ্টাঃ কৃষ্ণং তদ্‌গুহ্যনামভিঃ।
ততস্তে কৃষ্ণহৃদয়াঃ স্বাশ্রমান্ প্রযযুঃ পুনঃ ॥ ৪৭ ॥

অন্বয়ঃ।

হে ভার্গব শৌনক! সম্পরেতস্য মৃতস্য, তস্য নির্হরণাদীনি ঔর্দ্ধদেহিক-সংস্কারাদীনি, কারয়িত্বা যুধিষ্ঠিরঃ মুহূর্ত্তং দুঃখিতঃ অভবৎ ॥ ৪৬ ॥

মুনয়ঃ হৃষ্টাঃ সন্তঃ তদ্‌গুহ্যনামভিঃ কৃষ্ণং তুষ্টুবুঃ। ততঃ কৃষ্ণহৃদয়াঃ তে স্বাশ্রমান্ পুনঃ-প্রযযুঃ ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

নির্হরণাদীনি সংস্কারাদীনি। সম্যক্ পরেতস্য যুক্তস্যাপীত্যর্থঃ ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্হরণাদীনি সংস্কারান সম্পরেতস্যেতি নিত্যপার্ষদে ভীষ্মে বসোঃ প্রবেশাৎ তস্যৈব দেহত্যাগো ভগবতা দর্শিতঃ। যাবদধিকারমবস্থিতিরধিকারিকাণামিতি ন্যায়েন তস্যো-বাংশেন বসুষ্বেচ স্থিতির্ভগবল্লোকপ্রাপ্তিশ্চ অতঃ সম্যক্ পরং পরমেশ্বরং ইতস্য প্রাপ্তস্যেতি ব্যাখেয়ং। তস্য সর্ব্বলোকেষু কামচারো ভবতীতি মুক্তিবিশেষপ্রতিপাদকশ্রুতেঃ। নিত্য-পার্ষদভূতস্য ভীষ্মস্য স্বপ্রকটলীলায়াং পার্থসারথিপ্রাপ্তিরুক্তৈব। অতএব তত্র সোঽভূঃখাস

হে ভৃগু-তনয় শৌনক! দেবব্রত ভীষ্ম এইরূপে দেহত্যাগ করিলে, রাজা যুধিষ্ঠির তাঁহার অন্ত্যেষ্টিক্রিয়া সমাপন করাইয়া, ক্ষণকাল বিরহ দুঃখ প্রকাশ করিলেন ॥ ৪৬ ॥

মুনিগণ আনন্দচিত্তে গুহ্যনাম সকল কীর্ত্তন করিয়া, শ্রীকৃষ্ণের স্তব করত স্ব স্ব আশ্রমাভিমুখে গমন করিলেন ॥ ৪৭ ॥

আভাস।

উত্তরণের পথ প্রদর্শন করিবার জন্যই শ্রীকৃষ্ণ-বিগ্রহে অবতীর্ণ। জীবের ন্যায়, বিগ্রহ ধারণেও তাঁহার কোন বন্ধন নাই। তিনি যখন যে রূপেই পরিচিত হউন্ না, স্বরূপেই বিরাজমান আছেন। ভীষ্ম তাদৃশ পরমপুরুষে আত্মসমর্পণ করিয়া, সমুদ্রে সংগত স্রোতস্বতীর ন্যায়, পরমানন্দ অনুভব করিতে লাগিলেন। প্রত্যাবর্ত্তনের কোন কারণ দৃষ্টিগোচর না হইলেও, ভীষ্মের স্বরূপে অবস্থিতি ব্যতীত, কখন ধ্বংস বা অভাব পরিগণিত হইবে না। এই উভয় মত হইতে যে মত সমীচীন, তাহা পণ্ডিতগণ আপনারাই মীমাংসা করিয়া লইবেন; অধিক লেখা এস্থলে অনাবশ্যক ॥ ৪৪ ॥

ততো যুধিষ্ঠিরো গত্বা সহকৃষ্ণো গজাহ্বয়ং ।
পিতরং সান্ত্বয়ামাস গান্ধারীঞ্চ তপস্বিনীং ॥ ৪৮ ॥
পিত্রা চানুমতো রাজা বাসুদেবানুমোদিতঃ ।
চকার রাজ্যং ধর্ম্মেণ পিতৃপৈতামহং বিভুঃ ॥ ৪৯ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে যুধিষ্ঠির-রাজ্যোপলম্ভো নাম নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

অন্বয়ঃ ।

ততঃ সহকৃষ্ণঃ যুধিষ্ঠিরঃ গজসাহ্বয়ং হস্তিনাপুরং গত্বা পিতরং ধৃতরাষ্ট্রং তপস্বিনীং শোকসন্তপ্তাং গান্ধারীং সান্ত্বয়ামাস ॥ ৪৮ ॥

বিভুঃ রাজা যুধিষ্ঠিরঃ পিত্রা অনুমতঃ কৃষ্ণেন চ অনুমোদিতঃ সন্ পিতৃপৈতামহং রাজ্যং চকার ॥ ৪৯ ॥

ইতি প্রথমে শ্রীধগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে নবমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥

শ্রীধরস্বামী ।

পিতরং ধৃতরাষ্ট্রং । তপস্বিনীং সন্তাপবতীং ॥ ৪৮ ॥
রাজা যুধিষ্ঠিরঃ ॥ ৪৯ ॥

ইতি প্রথমে ভাগবতভাবার্থ-দীপিকায়াং নবমোঽধ্যায়ঃ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

উপারমদিতি প্রযুক্তং অন্তরেব শ্বাসঃ প্রাণা যস্য তথাভূতঃ সন্ পারমং প্রকটপ্রকাশাদুপরতোঽভূদিতি তত্রার্থঃ সম্মতঃ । দেহং তত্যাজ প্রাণাং স্তভ্যাজেত্যাদ্যনুক্তেরিতি মুহূর্ত্তং দুঃখিত ইতি লোকব্যবহাররক্ষার্থং ॥ ৪৬ ॥

তুষ্টুবুরিতি । তদা গুহনামভিঃ । হে ভক্তবৎসল কৃষ্ণ প্রেমাধীন নমস্তচ্চাতুর্য্যায়েতি ॥ ৪৭ ॥
পিতরং ধৃতরাষ্ট্রং ॥ ৪৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং ।
প্রথমে নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

অনন্তর রাজা যুধিষ্ঠির কৃষ্ণের সমভিব্যাহারে হস্তিনাপুরে গমন করিলেন; এবং তাঁহার পিতৃব্য ধৃতরাষ্ট্র ও শোকসন্তপ্তা গান্ধারীকে নানাপ্রকার মধুর বাক্যে সান্ত্বনা করিলেন ॥ ৪৮ ॥

পরে ধৃতরাষ্ট্রের অনুমতি ও কৃষ্ণের অভিপ্রায় অনুসারে রাজ্যভার গ্রহণ পূর্ব্বক, রাজা যুধিষ্ঠির ধর্ম্মানুসারে প্রজাপালন করিয়াছিলেন ॥ ৪৯ ॥

ইতি প্রথম স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত নবম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

শৌনক উবাচ ॥

হত্বা স্বরিক্থস্পৃধ আততায়িনো যুধিষ্ঠিরো ধর্ম্মভূতাং বরিষ্ঠঃ।
সহানুজঃ প্রত্যবরুদ্ধভোজনঃ কথং প্রবৃত্তঃ কিমকারষীত্ততঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

শৌনকঃ উবাচ। অথ ধর্ম্মভৃতাং বরিষ্ঠঃ ধার্ম্মিকাগ্রগণ্যঃ, সহানুজঃ যুধিষ্ঠিরঃ স্বরিক্থস্পৃধঃ স্বস্য ধনাপহারিণঃ, আততায়িনঃ হত্বা, প্রত্যবরুদ্ধভোজনঃ সঙ্কুচিতভোগঃ অপি রাজ্যং প্রাপ্য, কথং (রাজ্যে) প্রবৃত্তঃ, ততঃ কিমকার্ষীৎ বা। ১ ॥

শ্রীধরস্বামী।

দশমে কৃতকার্য্যস্য হস্তিনাপুরতো হরেঃ।
স্ত্রীভিঃ সংস্তূয়মানস্য বর্ণ্যতে দ্বারকাগমঃ। * ।

রাজ্যং চকারেত্যুক্তং তত্র পৃচ্ছতি হত্বেতি। স্বস্য ঋক্থে ধনে স্পর্দ্ধন্তে স্ম যে তে তথা। যদ্বা স্বারক্থায় স্পৃধঃ সংগ্রামো যেষাং অতএব ধনাদি হরণাদাততায়িনঃ তান্ হত্বা প্রত্যবরুদ্ধভোজনঃ বন্ধুবধদুঃখেন সঙ্কুচিতভোগঃ। রাজ্যলাভেন প্রাপ্তভোগো বা। কথং রাজ্যে প্রবৃত্তঃ। প্রবৃত্তো বা ততঃ কিমকার্ষীৎ। ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন্যস্য নিষ্কণ্টকে রাজ্যে পাণ্ডবং স্বপুরীং হরেঃ।
গচ্ছতঃ কুরুনারীভিঃ স্তুতির্দশম উচ্যতে। * ।

বাসুদেবানুমোদেনৈব রাজ্যপ্রবৃত্তিপ্রজাপালনাদিকং সামান্যতো জ্ঞাত্বাপি বিশেষং জিজ্ঞাসুঃ পৃচ্ছতি হত্বেতি। স্বস্য রিক্থে ধনে স্পর্দ্ধন্তে স্ম যে তান্। শত্রুভির্যবরুদ্ধং যদাসীৎ তৎ তেভ্যঃ সকাশাৎ প্রত্যবরুদ্ধং পুনশ্চ স্ববশীকৃতং ভোজনং ভোগো যেন সঃ। ১ ॥

শৌনক জিজ্ঞাসা করিলেন, হে সূত! ধার্ম্মিকবর রাজা যুধিষ্ঠির ধনাপহারী আততায়িগণকে নিধন করিয়া, ভ্রাতৃবর্গের সহিত হৃতরাজ্য অধিকার করিলেন বটে, কিন্তু স্বজন-বিয়োগে কাতর থাকায়, কিরূপ রাজ্য শাসনে প্রবৃত্ত হইলেন এবং পরেই বা কি করিলেন ॥ ১ ॥

আভাস।

দশম অধ্যায়ে শ্রীকৃষ্ণ, যুধিষ্ঠিরের রাজ্য নিষ্কণ্টক করিয়া, দ্বারকায় গমন করেন; এবং গমনকালে কুরুনারীগণ কর্ত্তৃক তদীয় স্তব-বর্ণন বর্ণিত হইয়াছে।

শোকাতুর ব্যক্তি সকল কর্ম্মেই ঔদাসীন্য প্রকাশ করেন, এই মনে করিয়া শৌনক ঋষি প্রশ্ন করিয়াছিলেন যে, রাজা যুধিষ্ঠির স্বজন-বিয়োগে নিতান্ত কাতর, অথচ গুরুতর রাজ্যভার উপস্থিত; এরূপ অবস্থায় তিনি কিরূপ ধৈর্য্য অবলম্বন করিলেন? তদুত্তরে সূত

সূত উবাচ।

বংশং কুরোর্বংশদবাগ্নিনির্হৃতং সংরোহয়িত্বা ভবভাবনো হরিঃ।
নিবেশয়িত্বা নিজরাজ্য ঈশ্বরো যুধিষ্ঠিরং প্রীতমনা বভূব হ॥ ২॥

অন্বয়ঃ।

সূত উবাচ। ভবভাবনঃ সংসারপালকঃ, ঈশ্বরঃ সর্ব্বসামর্থ্যবান্, হরিঃ শ্রীকৃষ্ণঃ, বংশদবাগ্নিনির্হৃতং স্বজনবিরোধেনোৎপন্নক্রোধাগ্নিনা, দগ্ধং কুরোঃ বংশং সংরোহয়িত্বা (পরীক্ষিদ্রক্ষণেন অঙ্কুরিতং কৃত্বা) তথা যুধিষ্ঠিরং নিজরাজ্যে নিবেশয়িত্বা সংস্থাপ্য, প্রীতমনাঃ বভূব হ॥২॥

শ্রীধরস্বামী।

রাজ্যপ্রবৃত্তেঃ শ্রীকৃষ্ণস্য প্রীতিং পর্য্যালোচ্য প্রবৃত্ত ইত্যাশয়েনোত্তরমাহ বংশং কুরোঃ সংরোহয়িত্বা পরীক্ষিদ্রক্ষণেন সংরোহ্য অঙ্কুরিতং কৃত্বা। কথংভূতং ব শদবাগ্নিনির্হৃতং বংশ এব দবো বনং তস্মাদ্ভূতং ক্রোধরূপোঽগ্নিস্তেন নির্হৃতং দগ্ধং। নিজরাজ্যে নিবেশ্য চ॥২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রীকৃষ্ণস্য প্রীতিং পর্য্যালোচ্যৈব প্রবৃত্ত ইত্যাশয়েনোত্তরমাহ। কুরোর্ব্বংশং বংশদবাগ্নিনৈব নির্হৃতং নিদগ্ধং সংরোহয়িত্বা পরীক্ষিদ্রক্ষণেন সংরোহ্য দবো বনং বংশানাং বনং যথা স্বসংঘর্ষোত্থেনাগ্নিনা দহ্যতে তথৈব কুরোর্ব্বংশমপি পরস্পরক্রোধোত্থযুদ্ধেন হতমিত্যর্থঃ। ভবং মহাদেবমপি ভাবয়তি স্বলীলাং ধ্যায়তীতি সঃ॥২॥

বনস্থ বৃক্ষের পরস্পর সংঘর্ষণোত্থ দাবানলেই যেমন বন ভস্মীভূত হয়, সেইরূপ পরস্পরের বিদ্রোহাচরণে সমুদ্ভূত ক্রোধাগ্নি দ্বারা কুরুকুল সবংশে নির্দ্দগ্ধ হইবার উপক্রম দেখিয়া, ভূতভাবন ভগবান্ বাসুদেব অশ্বত্থামার ব্রহ্মাস্ত্র হইতে পরীক্ষিতের রক্ষাবিধান দ্বারা কুরুবংশের অঙ্কুর রক্ষা করিলেন; এবং যুধিষ্ঠিরকে তাঁহার পৈত্রিক রাজ্যে সংস্থাপন করিয়া, আনন্দিত হইলেন॥২॥

আভাস।

বলিলেন, ভীষ্ম ও শ্রীহরির ধর্ম্ম-সম্বন্ধীয় উপদেশ বাক্যে যুধিষ্ঠিরের অজ্ঞান দূরীভূত হইল; তিনি আশ্বস্তচিত্তে একমাত্র অধীশ্বর ও সর্ব্বনিয়ন্তা ভগবানের উপর নির্ভর দিলেন; এবং সূর্য্যের উদয়ে যেমন অন্ধকার নিবারিত হইয়া, সমস্ত দৃশ্যজাত প্রত্যক্ষত প্রতীয়মান হয়, তদ্রূপ ভগবৎ-সূর্য্যের সান্নিধ্য লাভে "প্রবৃত্তবিজ্ঞানবিধূতবিভ্রমঃ" অর্থাৎ আত্মীয়-পর-ব্যঞ্জক ভেদ-বুদ্ধিরূপ অবিবেক তিরোহিত হইয়া, জ্ঞানের প্রখর জ্যোতিতে তিনি সদানন্দে সংসার যাত্রা নির্ব্বাহ করিতে লাগিলেন। যাহার প্রতি ঈশ্বরের অনুগ্রহ হয়, তাহার কোন দিকেই অনাটন থাকে না; যুধিষ্ঠিরের আভ্যন্তরিক উন্নতির সঙ্গে সঙ্গেই বাহ্যিক উন্নতি নির্ব্বিবাদে

নিশম্য ভীষ্মোক্তমথাচ্যুতোক্তং প্রবৃত্তবিজ্ঞানবিধূতবিভ্রমঃ।
শশাস গামিন্দ্র ইবাজিতাশ্রয়ঃ পরিধ্যুপান্তামনুজানুবর্ত্তিতঃ ॥ ৩ ॥
কামং ববর্ষ পর্জ্জন্যঃ সর্ব্বকামদুঘা মহী।

অন্বয়ঃ।

ভীষ্মোক্তং অথ অচ্যুতোক্তং (অশেষধর্ম্মং) নিশম্য শ্রুত্বা, প্রবৃত্তবিজ্ঞানবিধূতবিভ্রমঃ জ্ঞানপ্রকাশেন বিশুদ্ধসত্বঃ, অজিতাশ্রয়ঃ কৃষ্ণশরণঃ, তথা অনুজানুবর্ত্তিতঃ ভ্রাতৃভিঃ আনুকূল্যেন সেবিতঃ, ধর্ম্মনন্দনঃ যুধিষ্ঠিরঃ, ইন্দ্রঃ ইব পরিধ্যুপান্তাং আসমুদ্রাং, গাং পৃথ্বীং, শশাস পালয়ামাস ॥ ৩ ॥

ধর্ম্মে যুধিষ্ঠিরে রাজ্যপালকে সতি, পর্জ্জন্যঃ মেঘঃ, কামং ইচ্ছানুরূপং, ববর্ষ; মহী সর্ব্বকামদুঘা সর্ব্বকামদোগ্ধ্রী, আসীৎ; উধস্বতীঃ (উধস্বত্যঃ) স্থূলোধসঃ গাবঃ, মুদা হর্ষেণ, ব্রজান্ গোষ্ঠানি

শ্রীধরস্বামী।

প্রবৃত্তৌ হেতুমুক্ত্বা কিমকার্ষীদিত্যপেক্ষায়ামাহ নিশম্যেতি। প্রবৃত্তং যদ্বিজ্ঞানং পরমেশ্বরাধীনং জগৎ ন স্বতন্ত্রং ইত্যেবং রূপং তেন বিধূতো বিভ্রমোঽহংকর্ত্তেত্যেবংভূতো-মোহো যস্য সঃ। অনুজৈরনুবর্ত্তিতঃ সেবিতঃ সন্ অজিতঃ শ্রীকৃষ্ণ এব আশ্রয়ো যস্য সঃ। পরিধিঃ সমুদ্রঃ তৎপর্য্যন্তাং গাং পৃথ্বীং পালয়ামাস ॥ ৩ ॥

তস্য রাজ্যমনুবর্ণয়তি কামমিতি ত্রিভিঃ। মহী সর্ব্বকামদোগ্ধ্রী বভূব। ব্রজান্ গোষ্ঠানি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিশম্যেতি প্রবৃত্তং যদ্বিজ্ঞানং পরমেশ্বরাধীনং জগন্ন স্বতন্ত্রমিত্যেবংভূতং তেন বিধূতো বিভ্রমোঽহং কর্ত্তেত্যেবংভূতো মোহো যস্য সঃ গাং পৃথ্বীং শশাস। অজিতঃ শ্রীকৃষ্ণঃ উপেন্দ্রস্য পরিধয়ঃ সমুদ্রাঃ উর্দ্ধগ্‌দিঙ্মণ্ডলঞ্চ অনুজানাং অনুবর্ত্তিতা অনুবৃত্তি র্যস্মিন্ পক্ষে অনুজেনো-পেন্দ্রেণানুবৃত্তিং প্রাপিতঃ ॥ ৩ ॥

ভীষ্ম ও শ্রীকৃষ্ণের তাদৃশ ধর্ম্মসঙ্গত বাক্য শ্রবণে যুধিষ্ঠিরের মোহের নিবারণ হইয়া, বিশুদ্ধ বিজ্ঞানের উদয় হইল। তিনি বাসুদেবের নিতান্ত শরণাগত থাকিয়া, ভ্রাতৃগণের আনুকূল্যে এই সসাগরা পৃথিবী শাসন করিয়াছিলেন ॥ ৩ ॥

তাঁহার রাজত্বকালে বারিবাহ প্রচুর পরিমাণে বারি বর্ষণ করিতে লাগিল; পৃথিবী সর্ব্বপ্রকার শস্যাদিতে পরিপূর্ণ হইল এবং ধেনুগণ দুগ্ধভারে স্থূলোধঃ

আভাস।

দেখা দিল। তিনি ভীমপরাক্রম ভীমসেনাদি ভ্রাতৃচতুষ্টয়ের আনুকূল্যে সসাগরা ধরণীর অধীশ্বর হইয়া, পরম সুখে রাজকার্য্য সমাধা করিতে লাগিলেন ॥ ৩ ॥

সিষিচুঃ স্ম ব্রজান্ গাবঃ পয়সোধস্বতীর্মুদা ॥ ৪ ॥
নদ্যঃ সমুদ্রা গিরয়ঃ সবনস্পতিবীরুধঃ।
ফলন্ত্যোষধয়ঃ সর্ব্বাঃ কামমন্বৃতু তত্র বৈ ॥ ৫ ॥
নাধয়ো ব্যাধয়ঃ ক্লেশা দৈবভূতাত্মহেতবঃ।
অজাতশত্রাবভবন্ জন্তূনাং রাজ্ঞি কর্হিচিৎ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

পয়সা ক্ষীরেণ, সিষিচুঃ অভ্যসিঞ্চন্ ॥ ৪ ॥

কামং (তত্র রাজ্যে বা) তস্য যুধিষ্ঠিরস্য ইচ্ছানুসারং, নদ্যঃ সমুদ্রাঃ গিরয়ঃ (অনুকূলাঃ আসন্) সবনস্পতিবীরুধঃ বৃক্ষলতাদয়ঃ ফলন্ত্যোষধয়ঃ ব্রীহ্যাদয়ঃ, সর্ব্বে অন্বৃতু সর্ব্বকালং, ফলন্তিস্ম ॥ ৫ ॥

অজাতশত্রৌ যুধিষ্ঠিরে, রাজ্ঞি সতি, জন্তূনাং দৈবভূতাত্মহেতবঃ দেবতাভূতাত্মনঃ অধিকৃত্য প্রবৃত্তাঃ যে আধয়ঃ মনোমাত্রজন্যাঃ ব্যথাঃ, ব্যাধয়ঃ শারীরাঃ ক্লেশাঃ, তে কর্হিচিৎ ন অভবন্ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী

উধস্বতীঃ উধস্বত্যঃ উধঃ ক্ষীরাশয়ঃ স্থূলোধস ইত্যর্থঃ সিষিচুরভ্যসিঞ্চন্ ॥ ৪ ॥

অন্বৃতু ঋতৌ ঋতৌ ॥ ৫ ॥

আধয়ো মনোব্যথাঃ। ব্যাধয়ো রোগাঃ। ক্লেশাঃ শীতোষ্ণাদিকৃতাঃ। দৈবঞ্চ ভূতানিচ আত্মাচ হেতুর্যেষাং আধিদৈবিকাদীনাং জন্তূনাং নাভবন্ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উধস্বতীঃ স্থূলাঃ পীনবত্যঃ ॥ ৪ ॥ ৫ ॥ ৬ ॥

হইয়া, হৃষ্টচিত্তে গোষ্ঠাদিকে ক্ষীর সিঞ্চনে আর্দ্র করিতে লাগিল ॥ ৪ ॥

তত্রস্থ সরিৎ, সাগর ও পর্ব্বতাদি সকলে প্রসন্নমূর্ত্তি ধারণ করিল। বৃক্ষ, লতা এবং ওষধি সকল প্রত্যেক ঋতুতে যথেষ্ট ফল প্রদান করিত ॥ ৫ ॥

অজাতশত্রুর রাজ্যাধিকার কালে জীবের আধ্যাত্মিক, আধিদৈবিক বা আধিভৌতিক হেতুনিবন্ধন কোন প্রকার শারীরিক বা মানসিক ক্লেশ অনুভব করিতে হয় নাই ॥ ৬ ॥

আভাস।

তিন প্রকার কারণ হইতে দুঃখের উৎপত্তি দেখা যায়। প্রথম অভিলষিত বিষয়ের প্রাপ্তিকামনারূপ মনোনিষ্ঠ বৃত্তি বা আসক্তি; দ্বিতীয় অন্য জীব হইতে, তৃতীয় দুষ্টগ্রহরূপী দেবতার সঞ্চার। এই দুঃখ ভোগের স্থান দ্বিবিধ, মন ও শরীর ॥ ৬ ॥

উষিত্বা হাস্তিনপুরে মাসান্ কতিপয়ান্ হরিঃ।
সুহৃদাঞ্চ বিশোকায় স্বস্রুশ্চ প্রিয়কাম্যয়া॥ ৭॥
আমন্ত্র্য চাভ্যনুজ্ঞাতঃ পরিষজ্যাভিবাদ্য তং।
আরুরোহ রথং কৈশ্চিৎ পরিষক্তোঽভিবাদিতঃ॥ ৮॥
সুভদ্রা দ্রৌপদী কুন্তী বিরাটতনয়া তথা।
গান্ধারী ধৃতরাষ্ট্রশ্চ যুযুৎসু র্গৌতমো যমৌ॥ ৯॥

অন্বয়ঃ।

হরিঃ শ্রীকৃষ্ণঃ সুহৃদাং পাণ্ডবানাং বিশোকায় সন্তাপপরিহারায়, স্বস্রুঃ সুভদ্রায়াঃ, প্রিয়-কাম্যয়া হাস্তিনপুরে কতিপয়ান্ মাসান্ উষিত্বা॥ ৭॥

তং যুধিষ্ঠিরং আমন্ত্র্য সম্ভাষ্য, পরিষজ্য আলিঙ্গ্য, অভিবাদ্য চ (তথা তেন) অভি সর্ব্বতোভাবেন অনুজ্ঞাতঃ কৈশ্চিৎ তৈঃ ভীমাদিভিঃ পরিষক্তঃ আলিঙ্গিতঃ অভিবাদিতঃ চ সন্ (দ্বারকাং গন্তুং) রথং প্রারুরোহ॥ ৮॥

তদা সুভদ্রা দ্রৌপদী কুন্তী বিরাটতনয়া (উত্তরা), গান্ধারী তথা ধৃতরাষ্ট্রঃ যুযুৎসুঃ গৌতমঃ (কৃপঃ), যমৌ নকুল-সহদেবৌ চ॥ ৯॥

শ্রীধরস্বামী।

ইদানীং দ্বারকাগমনং নিরূপয়িতুমাহ উষিত্বেতি। স্বস্রুঃ সুভদ্রায়াঃ॥ ৭॥

তং যুধিষ্ঠিরং॥ ৮॥

যুযুৎসুর্ধৃতরাষ্ট্রাৎ বৈশ্যায়াং জাতঃ। গৌতমঃ কৃপঃ। যমৌ নকুলসহদেবৌ॥ ৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বস্রুঃ সুভদ্রায়াঃ। তং যুধিষ্ঠিরং॥ ৭॥ ৮॥

যুযুৎসুর্ধৃতরাষ্ট্রাদ্বৈশ্যায়াং জাতঃ গৌতমঃ কৃপঃ॥ ৯॥

যুধিষ্ঠিরাদি স্বজনবর্গের শোকাপনোদনের জন্য এবং ভগিনী সুভদ্রার প্রিয়-কামনায় বাসুদেব কয়েক মাস হস্তিনাপুরেই অবস্থিতি করিলেন॥ ৭॥

পরে স্বীয় নগরী দ্বারকায় গমনাভিলাসে যুধিষ্ঠিরকে সম্ভাষণ, আলিঙ্গন এবং অভিবাদন করিলেন; এবং অন্যান্য পাণ্ডবগণও তাঁহাকে আলিঙ্গন ও অভিবাদন করিলে, রাজার অনুমতি গ্রহণ পূর্ব্বক শ্রীকৃষ্ণ রথে আরোহণ করিলেন॥ ৮॥

কিন্তু সেই সময় সুভদ্রা, দ্রৌপদী, কুন্তী, বিরাটতনয়া উত্তরা ও গান্ধারী, ধৃতরাষ্ট্র, যুযুৎসু, কৃপ, নকুল, সহদেব॥ ৯॥

ভীম, ধৌম্য এবং মৎস্যসুতা সত্যবতী প্রভৃতি নারীগণ শার্ঙ্গধন্বা কৃষ্ণের

বৃকোদরশ্চ ধৌম্যশ্চ স্ত্রিয়ো মৎস্যসুতাদয়ঃ।
ন সেহিরে বিমুহ্যন্তো বিরহং শার্ঙ্গধন্বনঃ ॥ ১০ ॥
সৎসঙ্গান্মুক্তদুঃসঙ্গো হাতুং নোৎসহতে বুধঃ।
কীর্ত্ত্যমানং যশো যস্য সকৃদাকর্ণ্য রোচনং ॥ ১১ ॥

অন্বয়ঃ।

বৃকোদরঃ ভীমঃ, ধৌম্যঃ চ তথা মৎস্যসুতাদয়ঃ সত্যবত্যাদয়ঃ, স্ত্রিয়ঃ, শার্ঙ্গধন্বনঃ কৃষ্ণস্য, যাত্রায়াং বিমুহ্যন্তঃ মোহং আপ্নুবানাঃ এব বিরহং ন সেহিরে ॥ ১০ ॥

অহো, সৎসঙ্গাৎ অন্যৈঃকীর্ত্ত্যমানং রোচনং রোচকং, যস্য কৃষ্ণস্য যশঃ, সকৃৎ আকর্ণ্য বুধঃ মুক্তদুঃসঙ্গঃ সন্ হাতুং ত্যক্তুং ন উৎসহতে ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

অন্যাশ্চ স্ত্রিয়ঃ। মৎস্যসুতা উত্তরা। তস্যাঃ পুনর্গ্রহণং গর্ব্ভরক্ষককৃষ্ণস্য বিরহ-মোহাধিক্যাৎ। যদ্বা মৎস্যসুতা সত্যবতী ॥ ১০ ॥

তেষাং পুনঃ কৃষ্ণবিরহাসহনং কৈমুতিকন্যায়েনাহ সৎসঙ্গাদিতি দ্বাভ্যাং। সতাং সঙ্গাদ্ধেতোঃ মুক্তঃ পুত্রাদিবিষয়ো দুঃসঙ্গো যেন সঃ। সদ্ভিঃ কীর্ত্ত্যমানং রুচিকরং যস্য যশঃ সকৃদাকর্ণ্য সৎসঙ্গং ত্যক্তুং ন শক্নোতি ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মৎস্যসুতা উত্তরা তস্যাঃ পুনর্গ্রহণং গর্ভরক্ষককৃষ্ণে মোহাধিক্যাৎ। যদ্বা মৎস্যসুতা সত্যবতী ॥ ১০ ॥

যস্য যশোহপি হাতুং বুধো নোৎসহতে তস্য বিরহং পার্থাঃ কথং সহেরন্নিত্যন্বয়ঃ। রোচনং রোচকং বুধঃ কীদৃশঃ সৎসঙ্গান্মুক্তো দুঃসঙ্গো যেন সঃ তেন সৎসঙ্গং বিনা দুঃসঙ্গো মদমৎসরাদিহেতুর্নাপযাতি তদপগমেন বিনা ভগবদ্‌যশো রোচকং দুস্ত্যজঞ্চ ন ভবতীতি সিদ্ধান্তো ধ্বনিতঃ ॥ ১১ ॥

বিরহ সহ্য করিতে না পারিয়া, বিমোহিত হইতে লাগিলেন ॥ ১০ ॥

ইহা কিছু আশ্চর্য্যের বিষয় নহে যে, সৎসংসর্গে যাঁহার হৃদয়গ্রাহী অমৃত-বর্ষী যশঃ সমূহ পরমুখে একবার মাত্র কীর্ত্তন করিতে শুনিলে, অসৎ সঙ্গ দূরীভূত হইয়া, কদাপি তাদৃশ যশঃশ্রবণ পরিহারের বাসনা হয় না ॥ ১১ ॥

আভাস।

বাসুদেব সকল প্রিয় ব্যক্তিগণকে অভিবাদন পূর্ব্বক যখন রথারোহণে দ্বারকাভিমুখে যাত্রা করিলেন, তখন সকলেই তাঁহার বিরহে কাতর হইয়াছিলেন। প্রাণ অপেক্ষা প্রিয় শ্রীহরির

তস্মিন্ন্যস্তধিয়ঃ পার্থাঃ সহেরন্ বিরহং কথং ।
দর্শনস্পর্শনালাপশয়নাসনভোজনৈঃ ॥ ১২ ॥
সর্ব্বে তেঽনিমিষৈরক্ষৈ স্তমনুদ্রুতচেতসঃ ।
বীক্ষন্তঃ স্নেহসংবদ্ধা বিচেলুস্তত্র তত্র হ ॥ ১৩ ॥

অন্বয়ঃ ।

তস্মিন্ ভগবতি দর্শন-স্পর্শনালাপ-শয়নাসনভোজনৈঃ একত্রোপবেশন-ভোজন-সংলাপ-দর্শনাদিভিঃ, ন্যস্তধিয়ঃ আকৃষ্টচিত্তাঃ, পার্থাঃ পৃথাতনয়াঃ, তৎবিরহং কথং সহেরন্ ॥ ১২ ॥

অনুদ্রুতচেতসঃ বিক্লিন্নহৃদয়াঃ, সর্ব্বে তে পাণ্ডবাঃ স্নেহসংবদ্ধাঃ সন্তঃ অনিমিষৈঃ অক্ষৈঃ তং বীক্ষন্তঃ তত্র তত্র বিচেলুঃ (যত্র যত্র সঃ চলতিস্ম) ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী ।

দর্শনাদিভিঃ তস্মিন্ শ্রীকৃষ্ণে ন্যস্তা অভ্যস্তা ধী র্যেষাং তে ॥ ১২ ॥

অতএবানিমিষৈর্নেত্রৈ স্তমেব বীক্ষ্যমাণাঃ তত্রার্হণানয়নার্থং চলন্তিস্ম । যতঃ স্নেহেন সম্যক্ বদ্ধা অতএব তমনুগতানি চেতাংসি যেষাং তে ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

পার্থাঃ কীদৃশাঃ দর্শনাদিভি স্তস্মিন্ কৃষ্ণে এব ন্যস্তধিয়ঃ ॥ ১২ ॥

অতএব অনিমিষৈরক্ষৈস্তমেব বীক্ষ্যমাণাঃ । অনু বীক্ষণানন্তরং বিক্লিন্নচেতসঃ ততঃ স্নেহেন সম্যগ্বদ্ধাঃ অতএব তত্র তত্র বিচেলুঃ যত্র যত্র স চলতি স্মেত্যর্থঃ ॥ ১৩ ॥

কুন্তীপুত্রগণ যখন অনবরত দর্শন, স্পর্শ, একত্র আলাপ, শয়ন, উপবেশন ও ভোজনাদির দ্বারা সেই স্বয়ং শ্রীকৃষ্ণে চিত্ত সমর্পণ করিয়াছিলেন, তখন তাঁহারা কি প্রকারে তাঁহার বিরহ সহ্য করিতে পারিবেন? ১২ ॥

তাঁহারা সকলে শ্রীকৃষ্ণের স্নেহানুবন্ধনে নিতান্ত বিহ্বল হইয়া, যে যে পথে কৃষ্ণ গমন করিতেছিলেন, চিত্রার্পিতের ন্যায় অনিমেষ-লোচনে সেই সেই দিকে তাঁহার প্রতি নিরীক্ষণ করিয়াই রহিলেন ॥ ১৩ ॥

আভাস ।

সন্দর্শন যতক্ষণই লাভ হয়, ততক্ষণই মঙ্গল ; এই ভাবনাতেই বোধ হয়, কুরুনারীগণ প্রাসাদোপরি আরোহণ করিয়া, তাঁহার পথিকবেশ অবলোকন করিতেছিলেন। এরূপ অবস্থায় "প্রেমব্রীড়াস্মিতেক্ষণঃ" এই বিশেষণ পদদ্বারা বনিতাগণের প্রকৃত অভিপ্রায়ের সঙ্গতি-বোধ হয় না। কারণ কৃষ্ণবিরহের সূচনা কালে (স্মিত) ঈষৎ হাস্য কখন সম্ভব হয় না ; বরং ভাবী ক্লেশ স্মরণ করিয়া, তাহারা দুঃখিতই হইয়াছিল। অতএব নারীগণ কৃষ্ণরসের

ন্যরুন্ধন্নুদ্গলদ্বাষ্পমৌৎকণ্ঠ্যাদ্দেবকীসুতে।
নির্যাত্যগারান্নোঽভদ্রমিতি স্যাদ্বান্ধবস্ত্রিয়ঃ॥ ১৪॥
মৃদঙ্গশঙ্খভের্য্যশ্চ বীণা পণব-গোমুখাঃ।
ধুধুর্য্যানক-ঘণ্টাদ্যা নেদুর্দুন্দুভয়স্তদা॥ ১৫॥

অন্বয়ঃ।

দেবকীসুতে অগারাৎ গৃহাৎ, নির্যাতি সতি বান্ধবস্ত্রিয়ঃ, অভদ্রং অমঙ্গলং নো ন স্যাৎ ইতি হেতোঃ বিরহোৎকণ্ঠ্যাৎ উদ্গলদ্বাষ্পং অশ্রূণি অরুন্ধন্ নেত্রে এব নিবারয়ামাস॥ ১৪॥

তদা তস্মিন্ কালে মৃদঙ্গ-শঙ্খ-ভের্য্যঃ চ বীণা পণবঃ গোমুখাঃ ধুধুরী আনকঘণ্টাদ্যাঃ দুন্দুভয়শ্চ নেদুঃ॥ ১৫॥

শ্রীধরস্বামী।

অগারান্নির্যাতি নির্গচ্ছতি সতি দেবকীসুতে বান্ধবস্ত্রিয়ঃ ঔৎকণ্ঠ্যাদ্ধেতোঃ উদ্গলৎ প্রবদ্বাষ্পং অশ্রূণ্যরুন্ধন্ নেত্রেষ্বেব স্তম্ভিতবত্যঃ। তত্র হেতুঃ অভদ্রং নো স্যাৎ অমঙ্গলং মাভূৎ ইত্যেতদর্থং॥ ১৪॥

মৃদঙ্গাদয়ো দশ বাদ্যভেদাঃ॥ ১৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অগারান্নির্যাতি নির্গচ্ছতি সতি ঔৎকণ্ঠ্যাদ্ধেতো রুদ্গালস্তৎ প্রবন্তং বাষ্পং অশ্রূণ্যরুন্ধন্ স্তম্ভিতবত্যঃ। তত্র হেতুঃ অভদ্রং নোস্যাদমঙ্গলং মাভূদিত্যেতদর্থং। অত্রোদ্গলদিতি শতৃ প্রত্যয়েন উপসর্গেনচ যত্নতো নিরুদ্ধান্যপ্যশ্রূণি সাশ্রুরেব কেবলামঙ্গলনিবারণার্থং পটাঞ্চলেন গোপয়াঞ্চক্রুরিতি লভ্যতে॥ ১৪॥

মৃদঙ্গাদয়ো বাদ্যভেদাঃ॥ ১৫॥

দেবকীপুত্র শ্রীকৃষ্ণ দ্বারকায় গমন মানসে পুরী হইতে বহির্গত হইলে, বান্ধবপত্নীগণ সকলেই অশ্রুমুখী হইয়াছিলেন; কিন্তু অশ্রু বিসর্জ্জনে পাছে প্রাণপ্রিয় কৃষ্ণের কোন অমঙ্গল ঘটে, এই ভয়ে চক্ষের জল চক্ষেই সম্বরণ করিলেন॥ ১৪॥

এদিকে তাঁহার গমনকালে মৃদঙ্গ, শঙ্খ, ভেরী, বীণা, পণব, গোমুখ, ধুধুরী, আনক, ঘণ্টা এবং দুন্দুভি প্রভৃতি মঙ্গল বাদ্যের ধ্বনী হইতে লাগিল॥ ১৫॥

আভাস।

প্রেমিকা ছিলেন, তৎকালে প্রাসাদোপরি আরোহণ করিয়া নির্জ্জনে পরস্পরের অবলোকন

প্রাসাদশিখরারূঢ়াঃ কুরুনার্য্যো দিদৃক্ষয়া।
ববৃষুঃ কুসুমৈঃ কৃষ্ণং প্রেমব্রীড়াস্মিতেক্ষণাঃ॥ ১৬॥
সিতাতপত্রং জগ্রাহ মুক্তাদামবিভূষিতং।
রত্নদণ্ডং গুড়াকেশঃ প্রিয়ঃ প্রিয়তমস্য হ॥ ১৭॥

অন্বয়ঃ।

দিদৃক্ষয়া দর্শনেচ্ছয়া, প্রাসাদশিখরারূঢ়াঃ রাজগৃহোপরি আরূঢ়াঃ কুরুনার্য্যঃ প্রেমব্রীড়াস্মিতেক্ষণাঃ প্রেম্ণা লজ্জয়া স্মিতেন (অস্মিতেন বা) চ দর্শনবিশিষ্টাঃ সত্যঃ কৃষ্ণং কুসুমৈঃ ববৃষুঃ॥ ১৬॥

(অচ্যুতস্য) প্রিয়ঃ গুড়াকেশঃ জিতনিদ্রঃ, অর্জ্জুনঃ প্রিয়তমস্য বাসুদেবস্য, উপরি, মুক্তাদামবিভূষিতং রত্নদণ্ডং সিতাতপত্রং, জগ্রাহ দধার॥ ১৭॥

শ্রীধরস্বামী।

প্রেমব্রীড়াস্মিতপূর্ব্বমীক্ষণং যাসাং তাঃ॥ ১৬॥
গুড়াকা নিদ্রা তস্যা ঈশো জিতনিদ্রোঽর্জ্জুনঃ। গুড়াকা ধনুর্ব্বিদ্যা তস্যা ঈশ ইতি বা ধনুর্ব্বেদপারগ ইত্যর্থঃ॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুসুমৈঃ কুসুমানি প্রেমব্রীড়াস্মিতানি ঈক্ষণেষু ব্যঞ্জিতানি যাসাং তাঃ॥ ১৬॥

কুরুনারীগণ কৃষ্ণদর্শন-মানসে প্রাসাদোপরি আরোহণ করিয়া, প্রেম, লজ্জা ও ঈষৎ হাস্য (মোহ) সহকারে শ্রীকৃষ্ণকে অবলোকন করত, তাঁহার উপর পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন॥ ১৬॥

তৎকালে অচ্যুতপ্রিয় অর্জ্জুন, মুক্তাজাল-বিভূষিত অপূর্ব্ব রত্নদণ্ড-শোভিত শ্বেতচ্ছত্র হৃদয়বল্লভ শ্রীকৃষ্ণের উপর অতন্দ্রিত ভাবে ধারণ করিলেন॥ ১৭॥

আভাস।

হইবামাত্র প্রথম লজ্জার উদ্রেক হইল, পরে বিরহ স্মরণ করিয়া তাহারা (অস্মিতা) মোহে অভিভূত হইল। এস্থলে স্মিত শব্দের পরিবর্ত্তে অস্মিতার অর্থই সঙ্গত॥ ১৬॥

নারীগণ শ্রীপতি বাসুদেবের অতুল তেজ ও রূপরাশিতে বিমোহিত হইয়া, চিত্রার্পিতের ন্যায় দণ্ডায়মান আছেন; তন্মধ্যে শাস্ত্রিরসবিশিষ্টা কোন কামিনী এমত সময়ে অপরাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, সখি রে! এরূপ স্থলে বিস্ময়ের কোন কথাই নাই। ব্যাসদেবাদি ঋষিগণের মুখে শুনিয়াছি যে, এই ব্রহ্মাণ্ডের রচনার পূর্ব্বে একমাত্র নির্ব্বিকল্প পরম পুরুষ নারায়ণই ছিলেন। তাঁহার অন্তরঙ্গ শক্তির উদয়ে এই বিশ্বের রচনা হইয়াছে; এবং মহা-

উদ্ধবঃ সাত্যকিশ্চৈব ব্যজনে পরমাদ্ভুতে।
বিকীর্য্যমাণঃ কুসুমৈ রেজে মধুপতিঃ পথি। ১৮॥
অশ্রূয়ন্তাশিষঃ সত্যা স্তত্র তত্র দ্বিজেরিতাঃ।
নানুরূপানুরূপাশ্চ নির্গুণস্য গুণাত্মনঃ॥ ১৯॥

অন্বয়ঃ।

উদ্ধবঃ সাত্যকিঃ চ পরমাদ্ভুতে অতীব রমণীয়ে, ব্যজনে চামরে, জগৃহতুঃ। (তদা) পথি কুসুমৈঃ বিকীর্য্যমাণঃ শ্রীকৃষ্ণঃ, সাক্ষাৎ মধুপতিঃ বসন্তঃ ইব) রেজে শুশুভে॥ ১৮॥

নির্গুণস্য পরমানন্দরূপস্য নানুরূপাঃ অননুরূপাঃ তথা গুণাত্মনঃ মনুষ্যলীলয়া কৃতাবতারস্য, সর্ব্বৈশ্বর্য্যসম্পন্নস্য শ্রীকৃষ্ণস্য অনুরূপাঃ দ্বিজেরিতাঃ ব্রাহ্মণৈঃ প্রোচ্যমানাঃ, সত্যাঃ সম্যক্‌তয়া আরোপিতাঃ আশিষঃ তত্র তত্র পথি অশ্রূয়ন্ত॥ ১৯॥

শ্রীধরস্বামী।

ব্যজনে চামরে জগৃহতুঃ। মধুপতিঃ শ্রীকৃষ্ণঃ॥ ১৮॥

সত্যাঃ শ্রীকৃষ্ণে তাসাং অব্যভিচারাৎ। কিন্তু নানুরূপাশ্চ তা অনুরূপাশ্চ নির্গুণস্য পরমানন্দস্য সুখী ভবেত্যাদয়ো নানুরূপাঃ গুণাত্মনো মনুষ্যনাট্যাবতারে অনুরূপাশ্চেত্যর্থঃ। সন্ধিরার্ষঃ॥ ১৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুড়াকা নিদ্রা তস্যা ঈশো জিতনিদ্রোঽর্জ্জুনঃ॥ ১৭॥ ১৮॥

সত্যাঃ কৃষ্ণে তাসামব্যভিচারাৎ কিন্তু তা নানুরূপা অনুরূপাশ্চ সন্ধিরার্ষঃ। ঐশ্বর্য্যদৃষ্ট্যা নির্গুণস্য পরমানন্দস্য সুখী ভবেত্যাদয়ো নানুরূপাঃ মাধুর্য্যদৃষ্ট্যা গুণাত্মনো ব্রহ্মণ্যত্ব-প্রেমবশ্যত্বাদ্যপ্রাকৃতগুণময়স্য তস্য অনুরূপাশ্চ যুষ্মাকমাশীর্ভিরেব মম সদা সুখমিতি

উদ্ধব এবং সাত্যকি অপূর্ব্ব চামর লইয়া উভয়ে, উভয়পার্শ্বে ব্যজন করিতে লাগিলেন। এই সমস্ত সৌন্দর্য্যের উপর পথিমধ্যে বিকীর্ণ পুষ্পরাশিতে পরি-ব্যাপ্ত শ্রীকৃষ্ণকে নিরীক্ষণ করিয়া, সাক্ষাৎ বিরাজমান বসন্তদেব বলিয়া সকলের অনুভূত হইতে লাগিলেন। ১৮॥

সেই সময়, চতুর্দ্দিক হইতে, ব্রাহ্মণগণের আশীর্ব্বাদ বচন "তোমার মঙ্গল হউক্, তুমি সুখী হও।" ইত্যাদি, শ্রুত হইতে লাগিল। কিন্তু কি আশ্চর্য্য! সকলই তাঁহাতে শোভা পাইয়াছিল; কারণ পরমানন্দস্বরূপে পুনরায় "সুখী হও," বলা অসঙ্গত হইলেও, মনুষ্য-বিগ্রহ পরিগ্রহের অবস্থায় গুণময়রূপে সকলই তাঁহাতে উত্তম সঙ্গতই বোধ হইয়াছিল। ১৯॥

অন্যোন্যমাসীৎ সংজল্প উত্তমশ্লোকচেতসাং।
কৌরবেন্দ্রপুরস্ত্রীণাং সর্ব্বশ্রুতিমনোহরঃ ॥ ২০ ॥
স বৈ কিলায়ং পুরুষঃ পুরাতনো য এক আসীদবিশেষ আত্মনি।
অগ্রে গুণেভ্যো জগদাত্মনীশ্বরে নিমীলিতাত্মন্নিশি সুপ্তশক্তিষু ॥ ২১ ॥

অন্বয়ঃ।

কিঞ্চ উত্তমশ্লোকচেতসাং শ্রীকৃষ্ণনিষ্ঠচিত্তানাং, কৌরবেন্দ্রপুরস্ত্রীণাং অন্যোন্যং পরস্পরং, সর্ব্বশ্রুতিমনোহরঃ সর্ব্বজনশ্রবণমধুরঃ (সর্ব্ববেদানুঘোষিতঃ বা) সংজল্পঃ আলাপঃ আসীৎ বভূব ॥ ২০ ॥

যঃ পুরাতনঃ পুরুষঃ, গুণেভ্যঃ অগ্রে (গুণক্ষোভাৎ পূর্ব্বং সৃষ্টেঃ প্রাক্ ইতি, তথা) নিশি মহাপ্রলয়ে, সুপ্তশক্তিষু (জীবোপাধিভূতসত্ত্বাদিশক্তিষু লীনাসু সতীষু) জগদাত্মনি জীবে, ঈশ্বরে নিমীলিতাত্মন্ নিমীলিতাত্মনি লীনে সতি, (আত্মনঃ) অবিশেষে নিষ্প্রপঞ্চে আত্মনি নিজস্বরূপে, একঃ বৈ এব, আসীৎ সঃ কিল অয়ং পুরোবর্ত্তী শ্রীকৃষ্ণঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বাসাং শ্রুতীনাং মনোহরঃ উপনিষদোঽপি মূর্ত্তিমত্যঃ সত্যঃ তং সংজল্পমভ্যানন্দন্নিত্যর্থঃ ॥ ২০ ॥

তত্র তাভ্যঃ সৌন্দর্য্যাদ্যতিশয়েন বিস্মিতাভ্যঃ সখীভ্যোঽন্যাঃ স্ত্রিয়ঃ কথয়ন্তি নাত্র বিস্ময়ঃ কার্য্যঃ সাক্ষাদীশ্বরত্বাদস্যেতি স বা ইতি চতুর্ভিঃ। বৈ স্মরণে। কিলেতি প্রসিদ্ধপ্রমাণ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তৎপ্রতিবচনস্য মিথ্যাত্বানর্হত্বাৎ। তস্য দাস্যসখ্যবাৎসল্যাদিরসবিষয়াশ্রয়ত্বে সতি তত্তজ্জনসংযোগবিরহাদ্যলৌকিক-সুখদুঃখাদিময়ত্বাচ্চ ॥ ১৯ ॥

সর্ব্বেষামেব শ্রুতিমনসী হরতীতি সঃ। শ্লেষেণ সর্ব্বাষাং শ্রুতীনামপি মনোহরঃ। উপনিষদোঽপি মূর্ত্তিমত্যঃ সত্যঃ তং সংজল্পং অভ্যনন্দন্নিত্যর্থঃ ॥ ২০ ॥

তত্র প্রথমং শান্তিরতিমত্যঃ সবিস্ময়ং পরস্পরমাহুঃ। যঃ পুরাতনঃ পুরুষঃ অবিশেষেণ

এদিকে কুরুরাজ-মহিলাগণ তদেকচিত্ত হইয়া, পরস্পরে উত্তমশ্লোক শ্রীকৃষ্ণ-সম্বন্ধিনী সর্ব্বজন-শ্রবণসুখকরী সর্ব্বশ্রুত্যর্থ-সমন্বিতা অপূর্ব্ব কথার প্রসঙ্গে নিমগ্না হইলেন ॥ ২০ ॥

তন্মধ্যে কেহ শ্রীকৃষ্ণকে নির্দ্দেশ করিয়া বলিলেন, দেখ সখি! সৃষ্টির

আভাস।

প্রলয়ে পুনরায় শক্তিরূপে তাঁহাতেই সমস্ত প্রলীন হইলে, তিনি একা মাত্র বিদ্যমান থাকিবেন। যদিও 'তত্ত্বমসি' এই মহাবাক্যের দ্বারা জীবও ব্রহ্ম বলিয়া পরিজ্ঞাত; জীবের আর রূপান্তর

শ্রীধরস্বামী।

দ্যোতনং। য এক এবাদ্বিতীয়ঃ পুরুষ আসীৎ সএবায়ং শ্রীকৃষ্ণঃ। কুত্রাসীৎ। অবশেষে আত্মনি নিষ্প্রপঞ্চে নিজরূপে। কদা অগ্রে গুণেভ্যঃ গুণক্ষোভাৎ পূর্ব্বং তথা নিশি প্রলয়েচ। তস্য লক্ষণং। জগতামাত্মনি জীবে। নিমীলিতাত্মন্নিতি লুপ্ত-সপ্তম্যন্তং পদং, জাতাবেকবচনং। ঈশ্বরে লীনরূপেষু জীবেষু সংস্থিত্যর্থঃ। নমু জীবানাং ব্রহ্মত্বাৎ কথং লয়ঃ। তত্রাহঃ সুপ্তাসু শক্তিষু সতীষু। জীবোপাধিভূতসত্ত্বাদিশক্তিলয় এব জীবলয় ইত্যর্থঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

প্রথমে দ্বাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পরীক্ষিতো জন্ম বক্তুং দ্রোণ্যস্ত্রাদি কথা যথা। অভিষেকং তথা বক্তুং বিদুরাগমনাদ্যভূৎ।

বিদুরস্যোপদেশেন ধৃতরাষ্ট্রস্য নির্গমঃ। রাজ্ঞো বিষাদশান্তিশ্চ নারদোক্ত্যা ত্রয়োদশে ॥ * ॥

পরীক্ষিতো জন্ম উক্ত্বা কলিনিগ্রহাদিকর্ম্মাণি কথয়িষ্যন্ প্রথমং রাজ্যাভিষেকং বক্তুং বিদুরস্যাগমনং ততো বৈরাগ্যোপদেশেন ধৃতরাষ্ট্রনিষ্ক্রমঃ ততোঽর্জ্জুনাগমনং ততঃ পাণ্ডবপ্রস্থানং চ নিরূপয়তি ত্রিভিরধ্যায়ৈঃ। গতিং কৃষ্ণং। তয়া আত্মগত্যা অবাপ্তং আত্মনো বিবিৎসিতং প্রাপ্তুমিষ্টং যেন সঃ। বিদ৯লাভে ॥ ১ ॥

ত্রয়োদশ অধ্যায়ে বিদুরের উপদেশ অনুসারে ধৃতরাষ্ট্রের বনগমন ও তথায় যোগবলে দেহত্যাগ এবং পরীক্ষিৎকে রাজ্যে অভিষিক্ত করিয়া, রাজা যুধিষ্ঠিরের মহাপ্রস্থান ॥

সূত বলিলেন, বিদুর তীর্থযাত্রায় গমন করিয়া, মৈত্রেয় ঋষির সন্নিধানে স্বীয় গতি শ্রীপতি সম্বন্ধে তত্ত্ব অবগত হইলেন এবং সেই তত্ত্ব প্রভাবে লব্ধবিজ্ঞান হইয়া, হস্তিনাপুরে প্রত্যাগমন করেন ॥ ১ ॥

আভাস

পরীক্ষিতের জন্ম বৃত্তান্ত বর্ণন করিয়া, তৎকৃত কলিনিগ্রহাদি বিচিত্র ক্রিয়া সকল বর্ণনাভি-

যাবতঃ কৃতবান্ প্রশ্নান্ ক্ষত্তা কৌশারবাগ্রতঃ।
জাতৈকভক্তি র্গোবিন্দে তেভ্যশ্চোপররাম হ ॥ ২ ॥

অন্বয়ঃ ।

ক্ষত্তা বিদুরঃ, কৌশারবাগ্রতঃ কৌশারবস্য মৈত্রেয়স্য, পুরতঃ যাবতঃ প্রশ্নান্ (প্রথমং) কৃতবান্ (পশ্চাত্ত্রিচতুরপ্রশ্নার্থজ্ঞানমাত্রেণ) গোবিন্দে জাতৈকভক্তিঃ সন্ তেভ্যঃ প্রশ্নেভ্যঃ উপররাম ন পুনঃ জিজ্ঞাসিতবান্ ॥ ২ ॥

শ্রীধরস্বামী ।

তদেবাহ যাবতঃ কর্ম্মযোগব্রতাদিবিষয়ান্ প্রশ্নান্ প্রথমং কৃতবান্ কৌশারবস্য মৈত্রেয়স্য পুরতঃ। পশ্চাৎ ত্রিচতুরপ্রশ্নার্থজ্ঞানমাত্রেণ গোবিন্দে জাতৈকভক্তিঃ কৃতার্থঃ সন্ তেভ্যঃ প্রশ্নেভ্যঃ উপররাম ততঃ পরং ন জিজ্ঞাসিতবান্ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

তেভ্যঃ প্রশ্নেভ্য উপররাম তদুত্তরং শ্রোতুং নৈচ্ছৎ ভক্তৌ জাতায়ামন্যস্য জিজ্ঞাস্যস্য বৈয়র্থ্যাদিতি ভাবঃ ॥ ২ ॥

প্রথমত তিনি কুশারুনন্দন মৈত্রেয়কে অনেকগুলি প্রশ্ন জিজ্ঞাসা করেন; কিন্তু এই তিনটী প্রশ্নের উত্তর শ্রবণ করিয়াই গোবিন্দে নৈষ্ঠিকী ভক্তি লাভ করিলেন; তখন তাঁহার প্রশ্ন জিজ্ঞাসার ইচ্ছা তিরোহিত হইল; এবং তিনি নিস্তব্ধ হইলেন ॥ ২ ॥

আভাস।

যুদ্ধের পূর্ব্বে বিদুর দুর্য্যোধনকে পরিত্যাগ করিয়া পাণ্ডবগণে সম্মিলিত হন। তাহার বিশেষ কারণ এই যে, তিনি পূর্ব্বেই আত্মতত্ত্ব অবগত হইয়া, একজন পরমভক্ত হইয়াছিলেন; দুর্য্যোধনের বাহ্য ঐশ্বর্য্যের আড়ম্বরে তাঁহার চিত্ত আকৃষ্ট হয় নাই। তিনি ন্যায়পথ পরিদর্শন করিয়া, সাধু পাণ্ডবগণকেই সর্ব্বদা সকলের অজ্ঞাতসারে সাহায্য করিতেন। এক্ষণে যুদ্ধের অবসানে তাঁহাদের সমীপে উপস্থিত হইয়া, আত্মতত্ত্বের উপদেশ দানে ধৃতরাষ্ট্রকে বৈরাগ্য অবলম্বন করান। পরে অর্জ্জুন প্রত্যাগমন করিলে, রাজা যুধিষ্ঠিরও স্বীয় রাজ্যাধিকার পৌত্র পরীক্ষিৎকে সমর্পণ করত, মহাপ্রস্থানে গমন করেন; ইহাই ক্রমান্বয়ে অধ্যায়ত্রয়ে বর্ণিত হইয়াছে ॥ ১ ॥

বিদুর স্বভাবতই বিশুদ্ধ-স্বভাব ও ধার্ম্মিক। মৈত্রেয় সন্নিকটে উপস্থিত হইয়া, তত্ত্ব-সম্বন্ধে নানাপ্রশ্ন উত্থাপন করেন; কিন্তু দুই একটী প্রশ্নের উত্তর শুনিয়াই শান্তচিত্ত হইলেন। মধুপ আসব-লোভে উন্মত্ত হইয়া প্রসূন সন্নিকটে গমন করে, এবং গুন্ গুন্ ধ্বনিচ্ছলে কতই প্রার্থনার উত্থাপন করে; সে রূপে বা গন্ধে ভুলে না। গুন্ গুন্ ধ্বনিও ছাড়ে

তং বন্ধুমাগতং দৃষ্ট্বা ধর্ম্মপুত্রঃ সহানুজঃ।
ধৃতরাষ্ট্রো যুযুৎসুশ্চ সূতঃ শারদ্বতঃ পৃথা ॥ ৩ ॥
গান্ধারী দ্রৌপদী ব্রহ্মন্ সুভদ্রা চোত্তরা কৃপী।
অন্যাশ্চ যাময়ঃ পাণ্ডোর্জ্ঞাতয়ঃ সসুতাঃ স্ত্রিয়ঃ।
প্রত্যুজ্জগ্মুঃ প্রহর্ষেণ প্রাণং তন্ব ইবাগতং ॥ ৪ ॥

অন্বয়ঃ।

তন্বঃ করচরণাদিকাঃ (গতপ্রায়ং) প্রাণং (পুনরাগতং সংলক্ষ্য) ইব (যথা ধৃতস্বস্বচেষ্টাঃ ভবন্তি তথা) হে ব্রহ্মন্! সহানুজঃ ধর্ম্মপুত্রঃ ধৃতরাষ্ট্রঃ যুযুৎসুঃ সূতঃ সঞ্জয়ঃ, শারদ্বতঃ কৃপঃ, পৃথা, গান্ধারী, দ্রৌপদী, সুভদ্রা, উত্তরা, কৃপী তথা পাণ্ডোঃ অন্যাশ্চ যাময়ঃ জ্ঞাতিভার্য্যাঃ, জ্ঞাতয়ঃ, সসুতাঃ স্ত্রিয়ঃ চ তং আগতং বন্ধুং বিদুরং, দৃষ্ট্বা প্রহর্ষেণ প্রত্যুজ্জগ্মুঃ সম্মুখং জগ্মুঃ ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

সূতঃ সঞ্জয়ঃ। শারদ্বতঃ কৃপঃ ॥ ৩ ॥

কৃপী দ্রোণভার্য্যা। যাময়ো জ্ঞাতিভার্য্যাঃ। অন্যাশ্চ স্ত্রিয়ঃ। প্রাণং তন্ব ইব কুতশ্চিমূর্চ্ছাদিদোষতঃ প্রাণেঽবসন্নে সতি তন্বঃ করাদ্যবয়বো নিশ্চেষ্টা ভবন্তি পুনস্তস্মিন্নাবির্ভূতে সতি যথোত্তিষ্ঠন্তি, তদ্বৎ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সূতঃ সঞ্জয়ঃ, শারদ্বতঃ কৃপঃ, কৃপী দ্রোণভার্য্যা, যাময়ো জ্ঞাতিভার্য্যাঃ। জামিশব্দশ্চ

কর-চরণাদি ইন্দ্রিয়-সমূহ মূর্চ্ছার পর পুনঃ প্রাণলাভে যেরূপ সচেষ্ট হইয়া উঠে, সেইরূপ ধর্ম্মপুত্র যুধিষ্ঠির, ভীমাদি ভ্রাতাগণ, ধৃতরাষ্ট্র, সাত্যকি, সঞ্জয়, কৃপ, কুন্তী, গান্ধারী, দ্রৌপদী, সুভদ্রা, উত্তরা, কৃপী, পাণ্ডবগণের জ্ঞাতিগণ, জ্ঞাতিভার্য্যা সকল ও অন্যান্য সপুত্রা নারীগণ চিরমিত্র বিদুরকে সমাগত দেখিয়া, আনন্দে সকলে তাঁহার প্রত্যুদ্গমন করিলেন ॥ ৩ ॥ ৪ ॥

আভাস।

না। কিন্তু অন্তরের মধু দেখিবামাত্র বসিয়া পড়ে, ও নিঃশব্দে পানে আসক্ত হয়। বিদুরও তর্কাদি পরাগ, কিঞ্জল্ক ও কেশর সরাইয়া দুই একটী প্রশ্নেই অন্তরের সার নিধি ভাগবত রস অবগত হইয়া, সুস্থ হইলেন; ঐকান্তিকী ভক্তি সহকারে সেই তত্ত্বমাহাত্ম্যে সমস্ত বিষয়ই পরিজ্ঞাত হইয়াছিলেন ॥ ২ ॥

ভক্তগণ ভগবানের প্রেমানন্দ লাভ করিলেই যে আপনাদিগকে কৃতার্থ জ্ঞান করেন, এমত নহে। স্বয়ং আনন্দিত হইয়া, জগৎকে প্রেমরসে প্লাবিত করিতে যত্ন করেন। সকল

অভিসঙ্গম্য বিধিবৎ পরিষ্বঙ্গাভিবাদনৈঃ।
মুমুচুঃ প্রেমবাষ্পৌঘং বিরহৌৎকণ্ঠ্যকাতরাঃ।
রাজা তমর্হয়াঞ্চক্রে কৃতাসনপরিগ্রহং ॥
তং ভুক্তবন্তং বিশ্রান্তমাসীনং সুখমাসনে।
প্রশ্রয়াবনতো রাজা প্রাহ তেষাঞ্চ শৃণ্বতাং ॥ ৫ ॥

অন্বয়ঃ।

বিরহৌৎকণ্ঠ্য-কাতরাঃ তে পরিষ্বঙ্গাভিবাদনৈঃ আলিঙ্গনামন্ত্রণাদিভিঃ, বিধিবৎ অভিসঙ্গম্য মিলিত্বা, প্রেমবাষ্পৌঘং আনন্দাশ্রূণি, মুমুচুঃ।

রাজা ধর্ম্মপুত্রঃ, কৃতাসনপরিগ্রহং তং অর্হয়াঞ্চক্রে; ততঃ ভুক্তবন্তং অথ বিশ্রান্তং তথা আসনে সুখং আসীনং তং বিদুরং প্রশ্রয়াবনতঃ বিনম্রঃ রাজা তেষাং শৃণ্বতাং তেষাং সমক্ষে প্রাহ। ৫ ।

শ্রীধরস্বামী।

বিরহেণ যদৌৎকণ্ঠ্যং তেন কাতরা বিবশাঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বর্গাদিরন্তম্যাদিষ্বকোষেষু দৃষ্টঃ। প্রাণং মূর্চ্ছাদিদোষেণ গতপ্রায়ং পুনরাগতং সংলক্ষ্য তদঃ করচরণাদিকাঃ যথা প্রতুদ্গচ্ছন্তি ধৃতস্বস্বচেষ্টা ভবন্তি ॥ ৩—৫ ॥

তাঁহারা তদ্বিরহে নিতান্তই কাতর ছিলেন; এক্ষণে যথাবিধি আলিঙ্গন ও অভিবাদনাদি করত একত্র সম্মিলিত হইয়া, অনর্গল আনন্দাশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন।

বিদুর আসন পরিগ্রহ করিলে, যুধিষ্ঠির তাঁহার যথাবিধি পূজা করিলেন; পরে ভোজনাদি সমাপন করিয়া বিশ্রামানন্তর আসনে উপবেশন করিলে, রাজা যুধিষ্ঠির শ্রোতৃগণের সমক্ষে অতি বিনম্র বচনে তাঁহাকে কহিতে লাগিলেন ॥ ৫ ॥

আভাস।

জীবের প্রতিই তাঁহাদের নিতান্ত দয়া ও বাৎসল্যভাবের উদয় হইয়া থাকে। কোন্ উপায়ে অকৃতার্থ বিষয়প্রিয় জীবগণ নিস্তার লাভ করিবে, তজ্জন্য তাঁহারা বিশেষ যত্ন করিয়া থাকেন। এক্ষণে বিদুর যুদ্ধাবশিষ্ট কুরুবংশীয়গণের অবস্থা চিন্তা করিয়া দুঃখিত হইলেন;

তৃতীয়স্কন্ধানুসারেণ বিদুরঃ যুদ্ধাৎ পূর্ব্বং দুর্য্যোধনাদ্ভিদ্য গত আসীদিতি জ্ঞেয়ং। আত্মনো গতি হরিভক্তিঃ। তয়া অবাপ্তবিবিৎসিত ইতি তজ্জ্ঞানেনৈব সর্ব্বং জ্ঞাতবানিত্যর্থঃ। সর্ব্বাশ্রয়ত্বাৎ তস্যাঃ ॥ ১ ॥

যুধিষ্ঠির উবাচ ॥

অপি স্মরথ নো যুষ্মৎপক্ষচ্ছায়াসমেধিতান্ ।

বিপদ্ গণাদ্বিষাগ্ন্যাদে র্মোচিতা যৎ সমাতৃকাঃ ॥ ৬ ॥

কয়া বৃত্ত্যা বর্ত্তিতং বশ্চরদ্ভিঃ ক্ষিতিমণ্ডলং ।

তীর্থানি ক্ষেত্রমুখ্যানি সেবিতানীহ ভূতলে ॥ ৭ ॥

অন্বয়ঃ ।

যুধিষ্ঠিরঃ উবাচ । যুষ্মৎপক্ষচ্ছায়াসমেধিতান্ স্নেহেন বর্দ্ধিতান্ নঃ অস্মান্ অপি কিং স্মরথ, যৎ যস্মাৎ বিষাগ্ন্যাদেঃ বিপদ্‌গণাৎ বয়ং মোচিতাঃ ॥ ৬ ॥

ক্ষিতিমণ্ডলং চরদ্ভিঃ তীর্থযাত্রাং কুর্ব্বদ্ভিঃ বঃ যুষ্মাভিঃ কয়া বৃত্ত্যা বর্ত্তিতং (দেহবৃত্তিঃ কথং কৃতা), ইহ ভূতলে কানি চ ক্ষেত্রমুখ্যানি তীর্থানি সেবিতানি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী ।

পক্ষিণো হ্যপত্যানি যথাঽতিস্নেহেন পক্ষচ্ছায়য়া বর্দ্ধয়ন্তি তদ্বৎ যুষ্মৎ-পক্ষপাত-চ্ছায়য়া সমেধিতান্ নঃ অস্মান্ কিং স্মরথ। সমেধিতত্বমেবাহ বিপদ্গণাদ্‌যস্মান্মোচিতাঃ স্মঃ ॥ ৬ ॥

বো যুষ্মাভিঃ কয়া বৃত্ত্যা বর্ত্তিতং দেহবৃত্তিঃ কা কৃতা। কানিচ তীর্থাদীনি সেবিতানীতি ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

পক্ষিণো হ্যপত্যানি যথা অতিস্নেহেন পক্ষচ্ছায়য়া বর্দ্ধয়ন্তি তদ্বৎ। পক্ষে পক্ষচ্ছায়া পক্ষপাতঃ। যদ্‌যস্মান্মোচিতা বয়ং ত্বয়েত্যর্থঃ ॥ ৬ ॥

বৃত্ত্যা জীবিকয়া। বো যুষ্মাভিঃ ॥ ৭ ॥

যুধিষ্ঠির বলিলেন, হে পিতৃব্য! আমাদিগকে কি আপনার স্মরণ হয়? পক্ষিগণ যেমন স্বীয় শাবকদিগকে পক্ষদ্বারা আবৃত রাখিয়া অতি যত্নে পরিবর্দ্ধিত করে, তদ্রূপ আপনার পক্ষপাতচ্ছায়ায় আমরা অতি যত্নে পরিবর্দ্ধিত হইয়াছি; যেহেতু জননীর ন্যায়, আপনি আমাদিগকে বিষ, অগ্নি প্রভৃতি বিপদ্ সমূহ হইতে উদ্ধার করিয়াছেন ॥ ৬ ॥

তীর্থযাত্রা উপলক্ষে পৃথিবী পর্য্যটন কালে কোন্ বৃত্তি অবলম্বনে আপনি জীবিকা নির্ব্বাহ করিয়াছেন? এবং কোন্ কোন্ শ্রেষ্ঠ তীর্থস্থানেই বা গমন করিয়াছিলেন? ॥ ৭ ॥

আভাস ।

বিশেষত রাজা ধৃতরাষ্ট্রের মনোবৃত্তি পর্য্যালোচনা করিয়া, আর নিশ্চিন্ত থাকিতে পারিলেন না। স্বয়ং তাঁহার আগমন করায়, যুধিষ্ঠিরাদি যাবদীয় পুরুষগণ ও গান্ধারী প্রভৃতি নারীগণ

ভবদ্বিধা ভাগবতা তীর্থভূতাঃ স্বয়ং বিভো।
তীর্থীকুর্ব্বন্তি তীর্থানি স্বান্তঃস্থেন গদাভৃতা ॥ ৮ ॥

অন্বয়ঃ।

হে বিভো! ভবদ্বিধাঃ ভাগবতাঃ ভক্তাঃ, স্বয়ং তীর্থভূতাঃ শুদ্ধাঃ তথা স্বান্তঃস্থেন গদাভৃতা তীর্থানি তীর্থীকুর্ব্বন্তি পবিত্রীকুর্ব্বন্তঃ চরন্তি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

ভবতাঞ্চ তীর্থাটনং ন স্বার্থং কিন্তু তীর্থানুগ্রহার্থমিত্যাহ ভবদ্বিধা ইতি। মলিন-জন-সম্পর্কেণ তীর্থানি অতীর্থানি সন্তি। সন্তঃ পুনস্তীর্থীকুর্ব্বন্তি। স্বান্তং মনঃ তত্রস্থেন স্বস্যান্তস্থিতেন বা ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভবতাঞ্চ তীর্থাটনং তীর্থানামেব ভাগোনেত্যাহ ভবদ্বিধা ইতি। তীর্থীকুর্ব্বন্তি মহাতীর্থী ভাক্তমতাং ভবতাং তীর্থাটনক মঙ্গলায় সম্পদ্যতে ইতি ॥ ৮ ॥

হে বিভো! আপনাদের ন্যায় ভগবদ্ভক্ত সাধুদিগের আর তীর্থ-পর্য্যটনের প্রয়োজন কি! কারণ আপনারা স্বয়ংই তীর্থস্বরূপ। বরং পাপিষ্ঠ জনগণের সম্পর্কে কলুষিত তীর্থসমূহ আপনাদের শুভাগমনে পবিত্র হয়। কারণ সকল পবিত্রকারকেরও শুদ্ধিদাতা ভগবান্ গদাধারী আপনাদের অন্তরে নিয়ত দেদীপ্যমান রহিয়াছেন ॥ ৮ ॥

আভাস।

অতিশয় আগ্রহ সহকারে তাঁহাকে অভিবাদন করিলেন। স্বীয় জীবনের অপেক্ষা প্রিয়তম বিদুরের সমাগমে পূর্ব্ব পূর্ব বিষয় সকল তাঁহাদের স্মৃতিপথে আরূঢ় হইল। তাঁহারা প্রেমাশ্রু বিসর্জ্জন করত, ভোজনাদি সমাপন করাইলেন; এবং যুধিষ্ঠির প্রেম-গদ্গদস্বরে আত্মবেদন নিবেদন করিতে লাগিলেন। ধর্ম্মনন্দন যুধিষ্ঠির এক্ষণে রাজত্ব লাভে সসাগরা ধরণীর অধীশ্বর হইয়াছেন! কিন্তু যাঁহার কৃপাবলে জীবন-সঙ্কট উপর্য্যুপরি শত শত বিপদ্ হইতে উদ্ধার পাইয়া, এই অতুল সাম্রাজ্যের অধিপতি হইয়াছেন, বহুকালের পর সেই পরম দয়াবান্ সুহৃদের সন্দর্শনে তাঁহার চিত্ত কৃতজ্ঞতায় সম্পূর্ণ আর্দ্র হইয়া গেল। তিনি বিদুরের সমীপে আপনার প্রত্যেক বিপদ্ ও তৎকর্ত্তৃক তাহার উদ্ধার-ব্যাপার স্মরণ করাইয়া প্রকাশ করিলেন যে, আমাদের সুখ-সমৃদ্ধি সমস্তই আপনার হস্তে ন্যস্ত ছিল। হে তাত! পক্ষিগণ যেমন পক্ষচ্ছায়ায় আবৃত করিয়া, স্বীয় শাবকদিগকে অতি স্নেহে পরিবর্দ্ধিত করে, আপনিও সেই-রূপ পক্ষপাতী হইয়া, এই বিপদ্-সাগরে আমাদিগকে রক্ষা করিয়াছেন; কিন্তু কি দুঃখের

অপি নঃ সুহৃদস্তাত বান্ধবাঃ কৃষ্ণদেবতাঃ।
দৃষ্টাঃ শ্রুতা বা যদবঃ স্বপুর্য্যাং সুখমাসতে ॥
ইত্যুক্তো ধর্ম্মরাজেন সর্ব্বং তৎ সমবর্ণয়ৎ।
যথানুভূতং ক্রমশো বিনা যদুকুলক্ষয়ম্ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

হে তাত! অপি নঃ সুহৃদঃ বান্ধবাঃ কৃষ্ণদেবতাঃ যদবঃ স্বপুর্য্যাং সুখং আসতে কিং ? (উতচ ত্বয়া ক্বাপি) দৃষ্টাঃ শ্রুতাঃ বা কিং ? ॥

ইতি রাজ্ঞা, ধর্ম্মরাজেন উক্তঃ পৃষ্টঃ, বিদুরঃ যদুকুলক্ষয়ং বিনা সর্ব্বং যথানুভূতং তৎ ক্রমশঃ সমবর্ণয়ৎ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

অপি কিং সুখমাসতে। ত্বয়াপি কাপি দৃষ্টাঃ শ্রুতা বা ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃষ্ণস্তি। পাবনং পাবনানামিতিবৎ ॥ ৮ ॥ ৯ ॥

হে তাত! আমাদিগের সুহৃদ্ ও বান্ধব কৃষ্ণৈকান্ত-জীবন যদুবংশীয়গণ দ্বারকাভবনে সকলে সুখে আছেন ত ? আপনি তাঁহাদিগের সম্বন্ধে কিছু শুনিয়াছেন বা দেখিয়াছেন কি ? ॥

ধর্ম্মরাজ যুধিষ্ঠির এই সকল জিজ্ঞাসা করিলে, বিদুর যে স্থানে যেরূপ দর্শন করিয়াছিলেন, আনুপূর্ব্বিক সমস্তই বর্ণন করিলেন ; কিন্তু যদুকুল-ক্ষয়ের কোন কথাই বলিলেন না ॥ ৯ ॥

আভাস।

বিষয়। এক্ষণে আমরা ক্ষমতাবান্ হইয়াও আপনার কোনরূপ দুঃখের কিছুমাত্র লাঘব করিতে পারিলাম না। আপনি তীর্থ-পর্য্যটনে কতই ক্লেশ সহ্য করিতেছেন। আপনি ধার্ম্মিক ও ঈশ্বরপরায়ণ ; আপনার কিন্তু আর তীর্থ-পর্য্যটনের প্রয়োজন নাই ; বরং আপনাদের ন্যায় ঈশ্বর-পরায়ণ মানবগণের সংসর্গে তীর্থ সকলই উপকার লাভ করিয়া থাকে। যেহেতু অপবিত্র মানবগণ তীর্থে অবগাহনাদি দ্বারা যে সকল ঘোরতর পাপ হইতে মুক্তি লাভ করে, তীর্থ সেই সমস্ত পাপ বিসর্জ্জনের জন্য আপনাদের সমাগম প্রার্থনা করে। সর্ব্ব পবিত্র-কারক ভগবান্ অন্তর্যামী জাজ্জ্বল্যমানরূপে আপনাদের হৃদয়াকাশে সুপ্রতিষ্ঠিত আছেন ; সুতরাং আপনারা তীর্থেরও পবিত্রকারক। ৩—৮ ॥

এই শ্লোকে দ্বিবিধ ভাব অভিব্যক্ত হইয়াছে ; প্রথম ভগবানে চিত্ত সমর্পণ করিতে পারিলে, তত এই সামান্য মানব-জীবনেও দেবতাদিগেরও উপর আধিপত্য বিস্তার করিতে

নম্বপ্রিয়ং দুর্ব্বিষহং নৃণাং স্বয়মুপস্থিতং।
নাবেদয়ৎ সকরুণো দুঃখিতান্ দ্রষ্টুমক্ষমঃ॥ ১০॥

অন্বয়ঃ।

নম্ন নৃণাং দুর্ব্বিষহং অপ্রিয়ং উপস্থিতং (অপি) স্বয়ং ন কথয়েৎ, অতঃ দুঃখিতান্ পাণ্ডবান্ দ্রষ্টুং অক্ষমঃ সকরুণঃ কৃপালুঃ বিদুরঃ যদুকুলক্ষয়ং ন আবেদয়ৎ॥ ১০॥

শ্রীধরস্বামী।

যদুকুলক্ষয়াবর্ণনে কারণমাহ নম্বিতি॥ ১০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদুকুলক্ষয়াবর্ণনে কারণভূতং নীতিশাস্ত্রবিধিমাহ নম্বিতি॥ ১০॥

মানবগণের নিতান্ত দুঃসহ ও অবশ্যম্ভাবী অপ্রিয় বিষয় উপস্থিত হইলেও, সাধু ব্যক্তিগণ তাহা সমক্ষে অকস্মাৎ প্রকাশ করেন না। কৃপালু বিদুরও পাণ্ডবগণের দুঃখ দর্শনে সম্পূর্ণ অসমর্থ হইয়া, যদুবংশের নিধন বার্ত্তা আর তাঁহাদিগকে শ্রবণ করাইলেন না॥ ১০॥

আভাস।

পারেন; তাহার দৃষ্টান্ত প্রদর্শনচ্ছলে প্রকাশ করিলেন যে, বিদুরকে সামান্য মনুষ্য, তাহাতে শূদ্রগর্ভজাত, আবার বয়ঃকনিষ্ঠ বোধে উপেক্ষা করা সঙ্গত নহে। তিনি সামান্য মানব নহেন; তিনি কালস্বরূপ যম। মাণ্ডব্য ঋষির শাপে শূদ্রত্ব লাভ করিয়া, বিদুর-রূপে শত বৎসর পৃথিবীতে পর্য্যটন করিয়াছিলেন। এক সময়ে কতকগুলি চোর ধনাপহরণ পূর্ব্বক পলায়ন করে। রাজপুরুষগণ তাহাদিগের অনুসন্ধান করত পশ্চাদ্ধাবন করিলে, তাহারা পলায়নে পরাঙ্মুখ হইয়া, মাণ্ডব্য ঋষির আশ্রমে আশ্রয় গ্রহণ করিল। রাজপুরুষগণ তথায় উপস্থিত হইয়া, চোরগণকে ধৃত করিল; এবং তৎসঙ্গে তপশ্চরণশীল মৌনী ঋষিকেও চৌর্য্যাপরাধে বন্ধন করিয়া, রাজসমীপে সমর্পণ করিল। রাজা সকলকেই অপরাধী মনে করিয়া শূলারোহণে প্রাণদণ্ডের আজ্ঞা প্রদান করিলেন। শূলাহত হইয়া, সকলেই প্রাণ পরিত্যাগ করিল; কেবল ঋষি মাণ্ডব্য জীবিত রহিলেন। রাজা তাঁহাকে জীবিত থাকিতে দেখিয়া, অতিশয় চমৎকৃত হইলেন; এবং তিনি চোর নহেন, একজন পরম ভক্ত ঋষি জানিতে পারিয়া, শূল হইতে নামাইয়া অজ্ঞানকৃত অপরাধের জন্য তাঁহাকে নানাপ্রকারে প্রসন্ন করিলেন। ঋষি তথা হইতে যমের নিকট গমন করত স্বীয় শূলদণ্ডের কারণ জিজ্ঞাসা করিলেন। যমরাজ তাঁহাকে বলিলেন, "আপনি বাল্যকালে এক পতঙ্গের গুহ্যদেশে কুশাগ্র প্রবেশ করাইয়া, ক্রীড়া করিয়াছিলেন; সেই অপরাধে এই গুরুতর ক্লেশ

কঞ্চিৎকালমথাবাৎসীৎ সৎকৃতো দেববৎ স্বকৈঃ।
ভ্রাতুর্জ্যেষ্ঠস্য শ্রেয়স্কৃৎ সর্ব্বেষাং প্রীতিমাবহন্ ॥ ১১ ॥
অবিভ্রদর্য্যমা দণ্ডং যথাবদঘকারিষু।
যাবদ্দধার শূদ্রত্বং শাপাদ্বর্ষশতং যমঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

অথ স্বকৈঃ পাণ্ডবৈঃ, দেববৎ সৎকৃতঃ বিদুরঃ জ্যেষ্ঠস্য ভ্রাতুঃ ধৃতরাষ্ট্রস্য (তত্ত্বোপদেশেন) শ্রেয়স্কৃৎ শ্রেয়ঃ কর্ত্তুং, সর্ব্বেষাং পাণ্ডবানাং প্রীতিং আবহন্ কঞ্চিৎ কালং তত্র অবাৎসীৎ ॥ ১১ ॥

যমঃ মাণ্ডব্যঋষেঃ শাপাৎ যাবৎ বর্ষশতং শূদ্রত্বং দধার তাবৎ যমলোকে অর্য্যমা সূর্য্যঃ, অঘকারিষু পাতকিষু যথাবৎ দণ্ডং অবিভ্রৎ ধৃতবান্ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

শ্রেয়স্কৃৎ তত্ত্বমুপদিশন্ ॥ ১১ ॥

নমু শূদ্রোঽসৌ কথমুপদিশেৎ। ন হ্যসৌ শূদ্রঃ। কিন্তু যমস্তদ্রূপেণাসীৎ। কিং তত্র কারণং। যমে চাত্রাগতেঽমুত্র কো দণ্ডধর ইত্যপেক্ষয়ামাহ আবিভ্রদিতি ধৃতবা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রেয়স্কৃৎ শ্রেয়ঃ কর্ত্তুং ॥ ১১ ॥

নচ ধৃতরাষ্ট্রাদয়ং কনিষ্ঠত্বান্ন্যূনো মন্তব্যঃ সাক্ষাদ্ধর্ম্মরাজস্যৈব মাণ্ডব্যশাপেন শূদ্রত্বয়াবতীর্ণত্বাৎ। নমু তাবদমুত্র কো দণ্ডধর স্তত্রাহ। অবিভ্রৎ আর্ষপ্রয়োগঃ ধৃতবা-

---

অনন্তর তিনি আত্মীয়গণ কর্ত্তৃক দেবতার ন্যায় পূজিত হইয়া, তথায় কিছুকাল বাস করিলেন; তাহাতে তত্রস্থ সকলেই পরম প্রীতি লাভ করিয়াছিলেন এবং পরম তত্ত্ব উপদেশ দ্বারা জ্যেষ্ঠভ্রাতা ধৃতরাষ্ট্রের যথেষ্ট মঙ্গল-সাধন করিয়াছিলেন ॥ ১১ ॥

বিদুর শূদ্রগর্ভজাত বা বয়ঃকনিষ্ঠ বলিয়া উপদেশ প্রদানে অনধিকারী বিবেচনা করা উচিত নহে; কারণ তিনি সাক্ষাৎ ধর্ম্মরাজ যম; মাণ্ডব্য ঋষির

আভাস।

আপনাকে সহ্য করিতে হইয়াছে।" এতৎ শ্রবণে ঋষি তাঁহাকে অভিসম্পাত করত বলিলেন, "অজ্ঞানতা নিবন্ধন বাল্যাবস্থায় পাপানুষ্ঠান করায় আপনি যখন আমার প্রতি

নহসৌ যম এব বিদুরত্বেন জাত স্তস্য চাস্য লোকেঽস্মিন্ শ্রেয়স্করমেব শ্রূয়তে নতু যমলোকে যমরূপেণ দণ্ডধৃত্বমপি ॥ ১২ ॥

যুধিষ্ঠিরো লব্ধরাজ্যো দৃষ্ট্বা পৌত্রং কুলন্ধরং।
ভ্রাতৃভির্লোকপালাভৈর্মুমুদে পরয়া শ্রিয়া ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

অথ লব্ধরাজ্যঃ যুধিষ্ঠিরঃ কুলন্ধরং বংশধরং পৌত্রং দৃষ্ট্বা লোকপালাভৈঃ ইন্দ্রাদি-তুল্যৈঃ, ভ্রাতৃভিঃ সহ পরয়া শ্রিয়া মুমুদে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

নিত্যার্থঃ। শাপাৎ মাণ্ডব্যশাপাৎ। তথাহি কচিচ্চৌরানমুধাবন্তো রাজভটা মাণ্ডব্যস্য ঋষেস্তপশ্চরতঃ সমীপে তান্ সংপ্রাপ্য তেন সহ নিরুধ্যানীয় রাজ্ঞে নিবেদ্য তদাজ্ঞয়া তান্ সর্ব্বান্ শূলমারোপয়ামাসুঃ। ততো রাজা তমৃষিং জ্ঞাত্বা শূলাদবতার্য্য প্রসাদয়ামাস। ততো মুনির্যমং গত্বা কুপিত উবাচ কস্মাদহং শূলমারোপিত ইতি। তেনোক্তং, ত্বং বাল্যে শলভং কুশাগ্রেণাবিধ্য ক্রীড়িতবানিতি। তচ্ছ্রুত্বা মাণ্ডব্য স্তং শশাপ বাল্যেঽজ্ঞানতো মে মহান্তং দণ্ডং যতস্ত্বং কারিতবান্ অতঃ শূদ্রো ভবেতি ॥ ১২ ॥

ইদানীং রাজ্যস্যাপকর্ষং নিরূপয়িতুং উৎকর্ষং নিগময়তি যুধিষ্ঠির ইতি। কুলন্ধরং বংশধরং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিত্যার্থঃ। তথাহি কচিচ্চৌরানমুধাবন্তো রাজভটা মাণ্ডব্যস্য তপশ্চরতঃ সমীপে তান্ সংপ্রাপ্য তেন সহ নিবধ্যানীয় রাজ্ঞে নিবেদ্য তদাজ্ঞয়া সর্ব্বানেব শূলমারোপয়ামাসুঃ। ততো রাজা তমৃষিং জ্ঞাত্বা শূলাদবতার্য্য প্রসাদয়ামাস। ততো মুনির্যমং গত্বা কুপিত উবাচ। কস্মাদহং শূলমারোপিত ইতি। তেনোক্তং বাল্যে কুশাগ্রেণ শলভমাবিধ্য ক্রীড়িতবানিতি। তৎ শ্রুত্বা মাণ্ডব্যস্তং শশাপ বাল্যে অজ্ঞানতো মে মহান্তং দণ্ডং কারিতবান্, অতস্ত্বং শূদ্রো ভবেতি ॥ ১২ ॥ ১৩ ॥

শাপে শূদ্রত্ব পরিগ্রহ করিয়া, যম শত বৎসর পৃথিবীতে পর্য্যটন করেন; সেই সময় তৎপরিবর্ত্তে সূর্য্যদেবই পাতকিগণের পাপ-ভোগার্থ দণ্ড ধারণ করত যমের কার্য্য করিয়া ছিলেন ॥ ১২ ॥

এদিকে ভ্রাতৃসমবেত রাজা যুধিষ্ঠির রাজ্যাধিকার প্রাপ্তির পর বংশধর পৌত্র লাভ করাতে, অতিশয় প্রীতি অনুভব করিয়াছিলেন ॥ ১৩ ॥

আভাস।

এই গুরুতর দণ্ডের বিধান করিয়াছেন, তখন এই অন্যায় কার্য্যের জন্য আপনি শত বৎসর পর্য্যন্ত শূদ্র হইয়া, জগতে বিচরণ করুন।" ঈশ্বর-পরায়ণ ঋষির নিকট দণ্ডধারী যমেরও অব্যাহতি নাই। দ্বিতীয়তঃ ভগবান্ শ্রীকৃষ্ণ জীব-নিস্তারের জন্য জগতে অবতীর্ণ হইলে

এবং গৃহেষু সক্তানাং প্রমত্তানাং তদীহয়া।
অত্যক্রামদবিজ্ঞাতঃ কালঃ পরমদুস্তরঃ ॥ ১৪ ॥
বিদুরস্তদভিপ্রেত্য ধৃতরাষ্ট্রমভাষত।
রাজন্নির্গম্যতাং শীঘ্রং পশ্যেদং ভয়মাগতং ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

এবং গৃহেষু প্রাপ্তগৃহব্যাপারেষু সক্তানাং তথা তদীহয়া অপ্রাপ্তবিষয়প্রাপণেচ্ছয়া প্রমত্তানাং পাণ্ডবানাং পরমদুস্তরঃ দুরন্তঃ অমুষঃ কালঃ অবিজ্ঞাতঃ অলক্ষিতঃ এব অত্যক্রামৎ অতীত্য গতঃ ॥ ১৪ ॥

বিদুরঃ তৎ (কালাতিক্রমণং) অভিপ্রেত্য জ্ঞাত্বা ধৃতরাষ্ট্রং অভাষত উবাচ, হে রাজন্ ধৃতরাষ্ট্র! গৃহাৎ শীঘ্রং নির্গম্যতাং ইদং ভয়ং আগতম্, তৎ পশ্য ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

তদীহয়া গৃহব্যাপারেণ প্রমত্তানাং অত্যক্রামৎ। আয়ুঃ কালোঽতিক্রান্তঃ, যথা তান্ কালো অত্যাক্রমদিত্যর্থঃ ॥ ১৪ ॥

অভিপ্রেত্য জ্ঞাত্বা ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গৃহেষু সক্তানামিতি যুধিষ্ঠিরাদিভ্যোঽন্যেষামেব নিন্দেয়ং তাৎকালিকজনানাং জ্ঞেয়া, তেষাং ক্ষুধিতস্য যথেতরে ইতি দৃষ্টান্তেন তাদৃশ সম্পদাদিষ্বপি অনাসক্তিঃ প্রপঞ্চিতা ॥ ১৪ ॥ ১৫ ॥

এই প্রকারে গৃহব্যাপারে আসক্তচিত্ত পাণ্ডবগণ দিন দিন অভিনব বিষয় লাভের প্রত্যাশায় প্রমত্তের ন্যায় দিন অতিবাহিত করিতে লাগিলেন; কিন্তু ক্রমশঃ পরমায়ুর যে শেষ সময় উপস্থিতপ্রায়, তাহা তাঁহাদের উপলব্ধ হয় নাই ॥ ১৪ ॥

তত্ত্বদর্শী বিদুর তাঁহাদিগের মৃত্যুকাল উপস্থিতপ্রায় জানিয়া, রাজা ধৃতরাষ্ট্রকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজন্! দারুণ যমভয় নিকটবর্ত্তী হইয়াছে, আপনারা কি তাহা অনুভব করিতেছেন না? এক্ষণে নিজের হিত-কামনায় সত্বর গৃহাশ্রম পরিত্যাগ করুন ॥ ১৫ ॥

আভাস।

লোকেই তাহার প্রতিকূলাচরণে সমর্থ হয় নাই; এমন কি! দণ্ডধারী যমও সেই সময় দণ্ড পরিত্যাগ করিয়া বিদুররূপে আবির্ভূত হইয়াছিলেন এবং তত্ত্ব উপদেশ দ্বারা জগতের নিজের মঙ্গলই সাধিত করিয়াছিলেন ॥ ১২ ॥

প্রতিক্রিয়া ন যস্যেহ কুতশ্চিৎ কর্হিচিৎ প্রভো।
স এষ ভগবান্ কালঃ সর্ব্বেষাং নঃ সমাগতঃ ॥ ১৬ ॥
যেন চৈবাভিপন্নোঽয়ং প্রাণৈঃ প্রিয়তমৈরপি।
জনঃ সদ্যো বিযুজ্যেত কিমুতান্যৈর্ধনাদিভিঃ ॥ ১৭ ॥
পিতৃ ভ্রাতৃ সুহৃৎপুত্রা হতাস্তে বিগতং বয়ঃ।
আত্মাচ জরয়া গ্রস্তঃ পরগেহমুপাসসে ॥

অন্বয়ঃ।

হে প্রভো! ইহ জগতি কুতশ্চিৎ স্থানে, কর্হিচিৎ কালেঽপি যস্য প্রতিক্রিয়া প্রতিকারঃ ন ভবতি নঃ অস্মাকং, সর্ব্বেষাং সঃ এষ ভগবান্ কালঃ সমাগতঃ উপস্থিতঃ ॥ ১৬ ॥

যেন মৃত্যুরূপেণ কালেন অভিপন্নঃ গ্রস্তঃ, অয়ং জনঃ প্রিয়তমৈঃ প্রাণৈঃ অপি সদ্যঃ বিযুজ্যেত কিং উত অন্যৈঃ ধনাদিভিঃ ॥ ১৭ ॥

হে রাজন! তব পিতৃভ্রাতৃ সুহৃৎপুত্রাঃ হতাঃ, তে তব বয়ং চাপি বিগতং, আত্মা দেহশ্চ, জরয়া গ্রস্তঃ (সাম্প্রতং) পরগ্রেহং উপাসসে বসসি ॥

শ্রীধরস্বামী।

তৎপ্রতীকারঃ ক্রিয়তাং কিং নির্গমনেন তত্রাহ প্রতিক্রিয়েতি। সর্ব্বেষামিতি। যৈঃ প্রতিকর্ত্তব্যং তেষামপীত্যর্থঃ ॥ ১৬ ॥

কথং ধনাদিবিয়োগঃ সোঢ়ুং শক্যঃ অত আহ যেনেতি। অভিপন্নঃ অভিগ্রস্তঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বেষামিতি। যৈঃ প্রতিকর্ত্তব্যং তেষামপীত্যর্থঃ ॥ ১৬ ॥

যেন মৃত্যুরূপেণ কালেনাভিপন্নো গ্রস্তঃ ॥ ১৭ ॥

এই জগতে কোন উপায়েই যে কালের হস্ত হইতে অব্যাহতি লাভ করা যায় না, সেই সর্ব্বসংহারক ভগবান্ কাল সম্প্রতি আমাদের সকলকেই গ্রাস করিতে উন্মুখ হইয়াছেন ॥ ১৬ ॥

এই মৃত্যুরূপ কালের বশবর্ত্তী হইয়া, জীব প্রিয়তম প্রাণ হইতেও যখন বিয়োজিত হয়, তখন ধনাদি হইতে যে বিরহিত হইবে, তাহার আর বিচিত্র কি? ॥ ১৭ ॥

হে মহারাজ! আপনার পিতা ভ্রাতা সুহৃৎ ও পুত্রগণ সকলেই কাল-প্রভাবে ধ্বংস হইয়াছেন। আপনার পরমায়ুরও শেষ হইয়াছে এবং দেহও জরাগ্রস্ত হইয়াছে। এখনও আপনি পরগৃহে বাস করিতেছেন ॥

অন্ধঃ পুরৈব বধিরো মন্দপ্রজ্ঞশ্চ সাম্প্রতং।
বিশীর্ণদন্তো মন্দাগ্নিঃ সরাগঃ কফমুদ্বহন্ ॥ ১৮ ॥
অহো মহীয়সী জন্তোর্জীবিতাশা যয়া ভবান্।
ভীমাপবর্জ্জিতং পিণ্ডমাদত্তে গৃহপালবৎ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

ত্বং পুরা জন্মনা এব অন্ধঃ সাম্প্রতং বধিরঃ মন্দপ্রজ্ঞঃ বিশীর্ণদন্তঃ (অতএব) মন্দাগ্নিঃ (অজীর্ণজনিতং) কফং উদ্বহন্ অপি সরাগঃ বসসি ॥ ১৮ ॥

অহো! জন্তোঃ জীবিতাশা বলীয়সী, যয়া আশয়া, ভবান্ ভীমাপবর্জ্জিতং পুত্রহন্ত্রা ভীমেন দত্তং, পিণ্ডং অন্নং, গৃহপালবৎ কুক্কুরবৎ আদত্তে অত্তি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

অত্রাবস্থানে দৈন্যমভিদর্শয়ন্ বৈরাগ্যমুৎপাদয়তি পিতৃভ্রাত্রিতি সপ্তভিঃ। আত্মা দেহঃ ॥১৮॥
যেন পুত্রা হতাঃ, তেন ভীমেন দত্তং পিণ্ডং অন্নং গৃহপালঃ শ্বা ইব ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৈরাগ্যমুৎপাদয়তি পিত্রিতি সপ্তভিঃ ॥ ১৮ ॥
অপবর্জ্জিতং দত্তং গৃহপালঃ শ্বা ॥ ১৯ ॥

একত আপনি জন্মান্ধ, তাহাতে আবার এক্ষণে বধির হইয়াছেন; আপনার বুদ্ধিরও ভ্রংশতা জন্মিয়াছে; দন্ত সকল প্রায় পতিত হইয়াছে, জঠরানলের পূর্ব্ববৎ তেজ নাই এবং শরীর হইতে অনবরত শ্লেষ্মা নির্গত হইতেছে, এখনও আপনি আসক্তি পূর্ব্বক বাস করিতেছেন! ॥ ১৮ ॥

অহো! প্রাণিগণের জীবিতাশা কি বলবতী! যে ভীম আপনার পুত্রগণের প্রাণবধ করিয়াছে, কেবল জীবনের আশায় সেই ভীমের দত্ত অন্ন গৃহপালিত কুক্কুরের ন্যায় আপনি সন্তুষ্টচিত্তে ভোজন করিতেছেন! ॥ ১৯ ॥

আভাস।

বিদুর, ভোগ্য ও নিতান্ত প্রিয় সামগ্রীরও অনবরত ক্ষয় ও নাশ প্রদর্শন করাইয়া ধৃতরাষ্ট্র-হৃদয়ে বৈরাগ্য উৎপাদন করিতেছেন। প্রথমত যুধিষ্ঠিরাদির প্রতি স্বকৃত আততায়ীর অপরাধ বর্ণনা করিলেন; কিন্তু পাণ্ডবগণ সে অপরাধ উপেক্ষা করিয়াও তাঁহার ভরণপোষণ করিতেছেন, এই দৈন্যতা প্রকাশ করিয়া বলিলেন, "তাহাতেও আপনার উদ্দেশ্য সিদ্ধ হইল না। যেরূপ পরিধেয় বসনদ্বয় কালক্রমে নষ্ট হয়, আপনার স্থূল ও সূক্ষ্ম দেহদ্বয়ও সেইরূপ দিন দিন হ্রাস হইয়া আসিতেছে! তখন আর জীবনের আশা

অগ্নির্নিসৃষ্টো দত্তশ্চ গরো দারাশ্চ দূষিতাঃ।
হৃতং ক্ষেত্রং ধনং যেষাং তদ্দত্তৈরসুভিঃ কিয়ৎ॥ ২০॥
তস্যাপি তব দেহোঽয়ং কৃপণস্য জিজীবিষোঃ।
পরৈত্যনিচ্ছতো জীর্ণো জরয়া বাসসী ইব॥ ২১॥

অন্বয়ঃ।

হে রাজন্! (নিধনবাসনয়া যুষ্মাভিঃ যান্ পাণ্ডবান্ প্রতি) অগ্নিঃ জতুগৃহাদিনা নিসৃষ্টঃ প্রক্ষিপ্তঃ, গরঃ বিষং, দত্তঃ প্রযুক্তঃ, দারাঃ চ স্ত্রিয়ঃ চ দূষিতাঃ অবমানিতাঃ, যেষাং ক্ষেত্রং ধনঞ্চ হৃতং, তদ্দত্তৈঃ অন্নাদিভিঃ (লব্ধৈঃ) অসুভিঃ প্রাণৈঃ কিয়ৎ কিং প্রয়োজনম্॥ ২০॥

(এবং কৃপণস্য দৈন্যং অনুভবতঃ, জিজীবিষোঃ তস্যাপি তাদৃশস্য বাসসী বস্ত্রং ইব অনিচ্ছতঃ অপি তব অয়ং দেহঃ জরয়া জীর্ণঃ সন্ পরৈতি ক্ষীয়তে॥ ২১॥

শ্রীধরস্বামী।

নিসৃষ্টঃ প্রক্ষিপ্তঃ। গরো বিষং। দূষিতা অবমতাঃ। তদ্দত্তৈরন্নাদিভিঃ লব্ধৈরসুভিঃ কিয়ৎ প্রয়োজনং ন কিঞ্চিদিত্যর্থঃ॥ ২০॥

তস্যাপি এবং দৈন্যমনুভবতোঽপি পরৈতি ক্ষীয়তে। অতএব ধীরো ভবেতি॥ ২১॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদ্দত্তৈরন্নাদিভি লব্ধৈরসুভিঃ কিয়ৎ কিং প্রয়োজনমিত্যর্থঃ॥ ২০॥

পরৈতি ক্ষীয়তে বাসসী অন্তরীয়োত্তরীয়ে ইতি দৃষ্টান্তস্য দ্বিবচনদৃষ্ট্যা বার্দ্ধক্যিকস্য দেহস্যাপি সূক্ষ্মস্থূলভেদেন দ্বিতীয়াত্মকস্য জীর্ণত্বং। আন্ধবাধির্য্যাদিকং সূক্ষ্মদেহস্য জীর্ণত্বলক্ষণং বলীপলিতাদিকং স্থূলদেহস্যচ॥ ২১॥

মহারাজ! যাহাদিগকে নিধন করিবার কামনায় আপনি জতুগৃহ দ্বারা অগ্নিপ্রদান করিয়াছেন; শঠতাপূর্ব্বক বিষমোদক ভোজন করাইয়াছেন; যাহাদের ভার্য্যা দ্রৌপদীকে সভামধ্যে আনয়ন করত অবমানিতা করিয়াছেন, এবং যাহাদের সমস্ত ভূমি ও ধন হরণ করিয়াছিলেন, এক্ষণে কি না তাঁহাদের প্রদত্ত অন্ন পানাদি দ্বারা জীবন রক্ষা করিতেছেন! এরূপ জীবন ধারণে আপনার প্রয়োজন কি?॥

মহারাজ! কি দুঃখের বিষয়! এরূপ দৈন্য স্বীকার করিয়া জীবন ধারণে প্রবৃত্ত হইলেও, আপনার দেহ ত রক্ষা পাইতেছে না। পরিহিত বসনের জীর্ণত্ব প্রাপ্তির ন্যায়, অনিচ্ছা সত্ত্বেও আপনার দেহ ক্রমশ জীর্ণ হইয়া দিন দিন ক্ষীণ হইতেছে॥ ২১॥

গতস্বার্থমিমং দেহং বিরক্তো মুক্তবন্ধনঃ।
অবিজ্ঞাতগতির্জহ্যাৎ স বৈ ধীর উদাহৃতঃ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

বিরক্তঃ অনাসক্তঃ, মুক্তবন্ধনঃ ত্যক্তধনপুত্রাদিঃ (যঃ) অবিজ্ঞাতগতিঃ অজ্ঞাতচরঃ, সন্ গতস্বার্থং অকৃতার্থং শোকমোহজরাদিব্যাকুলং, ইমং দেহং জহ্যাৎ বৈ নিশ্চয়ে সঃ ধীরঃ উদাহৃতঃ সম্মতঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

কিংলক্ষণো ধীর ইত্যপেক্ষায়ামাহ। গতস্বার্থং যশোধর্ম্মাদিশূন্যং। মুক্তবন্ধনঃ ত্যক্তাভিমানঃ, ক্ব গত ইতি অবিজ্ঞাতা গতি র্যস্য স ধীরঃ প্রাপ্তদুঃখস্য স্বয়ং.সহনেন মুক্তি-প্রাপ্তেঃ বৈ নিশ্চিতং ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গতস্বার্থং অকৃতকৃষ্ণভজনত্বেন শোকমোহজরাদিব্যাকুলং মুক্তবন্ধনঃ ত্যক্তধনপুত্রাদিঃ। ক্ব গত ইত্যবিজ্ঞাতা গতি র্যস্য সঃ। জহ্যাৎ ক্বাপি তীর্থে দেহং ভক্ত্যৈব বস্তুতঃ স ধীরঃ ॥ ২২ ॥

হে রাজন্! যে ব্যক্তি বিষয়-বাসনা এবং ধন-পুত্রাদির অভিমান বিসর্জ্জন করিয়া, আত্মীয়বর্গের অপরিজ্ঞাত স্থানে বাস করতঃ যশোধর্ম্মাদিশূন্য এই তুচ্ছ মানব কলেবর পরিত্যাগ করেন, তিনিই ধীর বলিয়া অভিহিত হন ॥২২॥

আভাস।

কোথায়? অথচ নিরর্থক অপমান সহ্য করিয়া, ঐহিক ও পারমার্থিক সুখে বঞ্চিত হইতেছেন।" ॥ ১৯—২১ ॥

এই পাঞ্চভৌতিক দেহের দ্বারা কোন সুখই সাধিত হয় না। দেহের উপর যতই যত্ন করা যাউক্ না, ইহা ক্ষণভঙ্গুর ও জরাদিগ্রস্ত; অদ্য যাহা সুন্দর বলবান্ ও সর্ব্বসহিষ্ণু বলিয়া পরিচিত, কল্য তাহা রোগাদিতে অভিভূত হইয়া কুৎসিৎ দুর্ব্বল ও নিতান্ত ধৈর্য্যশূন্য বলিয়া প্রতীয়মান হয়। অতএব ঐহিক সুখভোগ এই দেহের দ্বারা সম্পাদিত হওয়া নিতান্তই অসম্ভব। পারমার্থিক সুখ অতি পবিত্র ও সূক্ষ্ম; সুতরাং এই শোক মোহ এবং জরাদি-ব্যাপ্ত স্থূল দেহে তাহার গন্ধমাত্রও অনুভূত হয় না। ইহা কেবল পরীক্ষার যন্ত্র মাত্র। দূরবীক্ষণ সাহায্যে অনদ্ভুত দূরবর্ত্তী পদার্থসমূহ অবলোকন করিয়া, বুদ্ধিমান্ ব্যক্তি যেরূপ স্বীয় কর্ত্তব্যের নিশ্চয় করেন, এই ভোগায়তন স্থূল দেহের সহযোগে বিচক্ষণ জীবও আপাততঃ মনোরম শান্তিপ্রদ বিষয়-সমূহের গভীর তত্ত্বে অবগাহন করিয়া, নানা-প্রকার অনিষ্টকর ও দুঃখপ্রদ দোষ দর্শন করত, ভোগে বিরত হন; এবং তদ্বিপরীত শান্তির-

যঃ স্বকাৎ পরতো বেহ জাতনির্ব্বেদ আত্মবান্।
হৃদি কৃত্বা হরিং গেহাৎ প্রব্রজেৎ স নরোত্তমঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

স্বকাৎ স্বতঃ এব, পরতঃ পরোপদেশেন বা ইহ জগতি, জাতনির্ব্বেদঃ জাতবৈরাগ্যঃ, আত্মবান্ বশীকৃতমনাঃ, সন্ হৃদি হরিং কৃত্বা যঃ গেহাৎ প্রব্রজেৎ সঃ নরোত্তমঃ পুরুষশ্রেষ্ঠঃ। ২৩।

শ্রীধরস্বামী।

নরোত্তমস্তু ততঃ প্রাগেব কৃতপ্রতীকারঃ স্বকাৎ স্বতএব পরতঃ পরোপদেশতো বা। ২৩।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নরোত্তমস্তু প্রাগেব কৃতপ্রতীকারস্তল্লক্ষণমাহ। স্বকাৎ স্বতএব পরতঃ পরোপদেশতো বা আত্মবান্ বিবেকী। ধনং হৃদি কৃত্বা বণিক্ যাতীতিবৎ হরিং হৃদি কৃত্বা হরিং প্রাপ্তুমিতি ভাবঃ। স নরোত্তমঃ। তত্রাতুর-সন্ন্যাসী ধীরঃ ভক্তিবিবেকী নরোত্তম ইতি ভেদঃ। ২৩।

যে ব্যক্তি আপনা হইতে বা পরোপদেশে বীতরাগ ও প্রশান্তমনা হইয়া, অনবরত শ্রীহরিকে চিত্তমন্দিরে চিন্তা করত, সন্ন্যাসাবলম্বনে গৃহ পরিত্যাগ করেন, এই সংসারে তিনিই প্রকৃত শ্রেষ্ঠ ॥ ২৩ ॥

আভাস।

নর নিত্য নিরতিশয় পরমানন্দ সুখের প্রতি ধাবিত হন। অতএব এই নরদেহ ব্রহ্মতত্ত্বের প্রতি চিত্তকে ধাবিত করায় বলিয়াই দুর্লভ; নতুবা ভোগের প্রতি ধাবিত করাইলে দেহের প্রকৃত কর্ত্তব্য-সাধন হইল না; সুতরাং শ্লোকস্থ (পতঃপার্থং) শব্দটী উত্তম প্রযুক্তই হইয়াছে। এস্থলে ধীর শব্দের লক্ষণায় জীবের আজীবন সর্ব্বপ্রকার কর্ত্তব্যের অবধারণ করা হইয়াছে। অর্থাৎ প্রথম দেহের উপর চিরপ্রকৃত আত্মীয়ত্ব পরিহার পূর্ব্বক বাহ্যিক সুখভোগে বিরক্ত হওয়াই উচিত; তৎপরে যে সকল বিষয়রস চিত্তেতে জাগরূক রহিয়াছে, ক্রমশঃ বৈরাগ্য অবলম্বনে সেই সমস্তকে বিস্মৃত হওয়া, পরিশেষে বশীকার-সংজ্ঞা বৈরাগ্য লাভের জন্য অর্থাৎ পুনরায় বিষয় বাসনার দ্বারা চিত্ত কলুষিত না হয়, তজ্জন্য বান্ধবশূন্য স্থানে নিরাশ্রয়ে জীবন অতিবাহিত করিতে পারিলে, প্রকৃত ধীরপদবাচ্য হওয়া যায়। ২২।

বীতশক্তিসম্পন্ন মানবগণ স্বীয় প্রজ্ঞাবলে প্রাকৃতিক অবস্থার বিচার করিয়া, বৈরাগ্য লাভ করেন; কেহ বা বিনা পরিশ্রমে স্বীয় সুকৃতির ফলে সদ্গুরু লাভ করিয়া তাঁহাদের উপদেশ অনুসারে বিষয়ে আসক্তিশূন্য হন। কিন্তু বিষয়ে অনাসক্ত ও বিচারে স্থির-মতি হইলেই যে জীব কৃতার্থ হইবেন, এমত নহে; ভগবৎপ্রাপ্তি লাভ করাই প্রকৃত পুরুষকার।

অথোদীচীং দিশং যাতু স্বৈরজ্ঞাতগতির্ভবান্।
ইতোঽর্বাক্ প্রায়শঃ কালঃ পুংসাং গুণবিকর্ষণঃ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

(ত্বং তু ধীরো মাভূঃ) অথ স্বৈঃ আত্মীয়ৈঃ অজ্ঞাতগতিঃ সন্ উদীচীং দিশং যাতু গচ্ছ। যতঃ ইতঃ অর্ব্বাক্ প্রায়শঃ কালঃ পুংসাং গুণবিকর্ষণঃ ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

যত্ত পূর্ব্বং নরোত্তমো মাভূঃ অত ইদানীং ধীরো ভবেত্যাহ অথেতি। অর্ব্বাক্ অর্ব্বাচীনঃ এষ্যন্নিত্যর্থঃ। গুণান্ ধৈর্য্যদয়াদীন্ বিকর্ষতি আচ্ছিনত্তীতি তথা। ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যত্ত নরোত্তমো মাভূরেবাতো ধীরো ভবেত্যাহ অথেতি। অর্ব্বাক্ অর্ব্বাচীনঃ এষ্যন্ কাল ইত্যর্থঃ। গুণান্ ধৈর্য্যদয়াদীন্ বিকর্ষতি আচ্ছিনত্তীত্যর্থঃ। ২৪ ॥

হে মহারাজ! আপনি ত নরোত্তম হইতে পারিলেন না! এক্ষণে এক কর্ম্ম করুন্। আত্মীয়গণকে কিছু না বলিয়া, উত্তরাভিমুখে শীঘ্র প্রস্থান করুন! কারণ ইহার পরই ধৈর্য্যাদি সর্ব্বগুণনাশক সেই ঘোর ভয়ানক কাল আসিয়া উপস্থিত হইবে। ২৪ ॥

আভাস।

তদতিরিক্ত পুরুষের আর কর্ত্তব্য নাই। এই জন্য বলিয়াছেন, তাদৃশ বৈরাগ্যবান্ ও স্থিরচিত্ত ব্যক্তি যিনি নিজ হৃদয়মন্দিরে প্রেমময় ভগবান্ শ্রীহরির মূর্ত্তিখানি অধিষ্ঠিত করিয়া, তাঁহার প্রেমানন্দেই মগ্ন থাকেন, দেহ বা গেহের প্রতি লক্ষ্য না করিয়া, ইতস্ততঃ পর্য্যটন করেন, সেই উদাসীন সন্ন্যাসীই মনুষ্যমধ্যে অগ্রগণনীয়। ২৩।

সাধারণের প্রতি এই উপদেশ সঙ্গত হইলেও, ধৃতরাষ্ট্রের নিকট সম্ভব নহে; কারণ তিনি মৃত্যুর প্রাক্‌কাল পর্য্যন্ত বিষয়ামোদে মত্ত ছিলেন; বৈরাগ্যের গন্ধমাত্রও অনুষ্ঠান করেন নাই; এক্ষণে চরমকাল উপস্থিত। সুতরাং সহজ ও সুসাধ্য উপায় নির্ব্বাচন মানসে বিদুর চিন্তা করিলেন, অনন্যমনে ভগবানের শরণাগত হওয়া ব্যতীত তাঁহার আর উপায় নাই। আতুর ব্যক্তি কোন নিয়ম প্রতিপালন করিতে পারে না, অতএব তিনি স্বীয় বীর্য্যবলে সদগতি লাভের প্রত্যাশা করিতে পারেন না; তবে যাঁহার নিয়ম, তাঁহারই শরণাগত হইতে পারিলে, নিয়মকে অতিক্রম করা যায়; এই নিমিত্ত অগতির গতি শ্রীহরিকে আশ্রয়রূপে পাইবার প্রত্যাশায়, অকস্মাৎ সমস্ত সুহৃৎগণকে পরিত্যাগ করিয়া, মায়াপাশ সমূলে ছেদন করত, নির্জ্জনে ভগবানকে প্রেম করিবার উপদেশ করিলেন এবং ধৃতরাষ্ট্রও "সকৃদেব প্রপন্নো য স্তবাস্মীতি চ যাচতে। অভয়ং সর্ব্বদা তস্মৈ দদাম্যেতদ্ ব্রতং মম।" যে ব্যক্তি অনন্যশরণ

এবং রাজা বিদুরেণানুজেন প্রজ্ঞাচক্ষুর্বোধিত আজমীঢ়ঃ।
ছিত্ত্বা স্বেষু স্নেহপাশান্ দ্রঢ়িম্নো নিশ্চক্রাম ভ্রাতৃসন্দর্শিতাধ্বা ॥ ২৫ ॥
পতিং প্রযান্তং সুবলস্য পুত্রী পতিব্রতা চানুজগাম সাধ্বী।
হিমালয়ং ন্যস্তদণ্ডপ্রহর্ষং মনস্বিনামিব সন্ সংপ্রহারঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

আজমীঢ়ঃ অজমীঢ়বংশজঃ প্রজ্ঞাচক্ষুঃ অন্ধঃ, রাজা ধৃতরাষ্ট্রঃ, অনুজেন বিদুরেণ, এবং বোধিতঃ সন্ স্বেষু আত্মীয়েষু, স্নেহপাশান্ ছিত্ত্বা দ্রঢ়িম্নঃ চিত্তপ্রাঢ্যাৎ, ভ্রাতৃসন্দর্শিতাধ্বা গৃহাৎ নিশ্চক্রাম ॥ ২৫ ॥

সুবলস্য পুত্রী পতিব্রতা সাধ্বী সুশীলা, গান্ধারী মনস্বিনাং শূরাণাং, যুদ্ধে সন্ তীব্রঃ, সংপ্রহারঃ প্রহারঃ, ইব ন্যস্তদণ্ডপ্রহর্ষং বিরক্তজনানন্দদায়কং, হিমালয়ং প্রযান্তং পতিং অনুজগাম ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

আজমীঢ়ঃ অজমীঢ়বংশজঃ। প্রজ্ঞাচক্ষুঃ অন্ধঃ। এবং বোধিতঃ সন্ দ্রঢ়িম্নশ্চিত্তদার্ঢ্যাৎ ভ্রাত্রা সন্দর্শিতঃ অধ্বা বন্ধমোক্ষয়োর্মার্গো যস্য সঃ ॥ ২৫ ॥

সুবলস্য পুত্রী গান্ধারী সাধ্বী সুশীলা। হিমালয়ং প্রযান্তং পতিমনুজগাম। ননু কথং সা সুকুমারী হিমাদিদুঃখবহুলং হিমবন্তং গতা অত আহ ন্যস্তদণ্ডানাং সন্ন্যাসিনাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বোধিতঃ মুক্ত্যর্থং ভক্তিমিশ্রজ্ঞানোপদেশেনেত্যর্থঃ। আজমীঢ়ঃ অজমীঢ়বংশজ দ্রঢ়িম্নশ্চিত্তদার্ঢ্যাদ্ধেতোঃ সংদর্শিতঃ ভ্রাত্রা সন্দর্শিতো অধ্বা বন্ধমোক্ষয়োর্মার্গো যস্য সঃ ॥ ২৫ ॥

সুবলস্য পুত্রী গান্ধারী সাধ্বি সুশীলা। ননু সা সুকুমারী হিমাদ্রিং দুঃখবহুলং কথং গতেত্যত আহ। ন্যস্তদণ্ডানাং প্রহর্ষো যত্র তং দুঃখমপি কেষাঞ্চিৎসাহবতাং

অজমীঢ়-বংশোৎপন্ন প্রজ্ঞাচক্ষু রাজা ধৃতরাষ্ট্র বিদুর কর্ত্তৃক এইরূপে প্রবোধিত হইয়া, দৃঢ়তা সহকারে স্বজনগণের প্রতি স্নেহ-পাশ ছেদন করিলেন এবং বিদুর কর্ত্তৃক নির্দ্দিষ্ট মুক্তিমার্গ অবলম্বনে গৃহ হইতে বহিষ্কৃত হইয়া, হিমালয় পর্ব্বতাভিমুখে গমন করিলেন ॥ ২৫ ॥

সুবলনন্দিনী পতিব্রতা গান্ধারী তাঁহার অনুগমন করিলেন। হিমালয়

আভাস।

হইয়া, একবার মাত্র প্রার্থনা করে যে, "হে ভগবান্ আর আমার কেহ নাই। আপনি আমার আশ্রয়" "ভগবান্ এই জন্মমরণরূপ সংসারস্রোত হইতে স্বয়ং তাহাকে অভয়দান করিয়া থাকেন," এই ভগবদ্বাক্য লক্ষ্য করিয়া, বিদুরের উপদেশ অনুসারে বনে গমন করিলেন ॥২৫॥

অজাতশত্রুঃ কৃতমৈত্রো হুতাগ্নি র্বিপ্রান্নত্বা তিলগোভূমিরুক্মৈঃ।
গৃহং প্রবিষ্টো গুরুবন্দনায় ন চাপশ্যৎ পিতরৌ সৌবলীঞ্চ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

কৃতমৈত্রঃ হুতাগ্নিঃ অজাতশত্রুঃ যুধিষ্ঠির তিলগোভূমিরুক্মৈঃ বিপ্রান্ নত্বা গুরুবন্দনায় গৃহং প্রবিষ্টঃ সন্ তৌ পিতরৌ ধৃতরাষ্ট্র-বিদুরৌ সৌবলীং চ ন অপশ্যৎ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

প্রহর্ষো বর্দ্ধিতুং তৎ। দুঃখদমপি কথঞ্চিৎ কেষাঞ্চিৎ প্রহর্ষহেতু র্ভবতীতি। অত্র দৃষ্টান্তঃ। মনস্বিনাং শূরাণাং যুদ্ধে সন্ তীব্রঃ, সংপ্রহারো যথা। পাঠান্তরে সৎ সংপ্রহারং যুদ্ধং যথেতি ॥ ২৬ ॥

কৃতং মৈত্রং মিত্রদৈবত্যং সন্ধ্যাবন্দনং যেন। নত্বা সংপূজ্য। পিতরৌ বিদুর-ধৃতরাষ্ট্রৌ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রহর্ষহেতুর্ভবতীতি। অত্র দৃষ্টান্তঃ মনস্বিনাং শূরাণাং পরমসুকুমারাণামপি যুদ্ধবীরাণাং সন্ উৎকৃষ্টঃ সংপ্রহারো যুদ্ধমিব। সৎ সংপ্রহারমিতি পাঠে ক্লীবত্বমার্ষং। সংপ্রহারাভিসম্পাত কলি-সংস্ফোটসংযুগা ইত্যমরঃ ॥ ২৬ ॥

কৃতং মৈত্রং মিত্রদৈবত্যং সন্ধ্যাবন্দনাদিকং যেন সঃ। নত্বা তিলাদিভিঃ সংপূজ্যেতি প্রবিশপিতৌমিতিবদাক্ষেপলব্ধং। নাপশ্যৎ চকারাৎ ন জ্ঞাতবাংশ্চ পিতরৌ ধৃতরাষ্ট্র-বিদুরৌ ॥ ২৭ ॥

দুর্গম হিমাচল আরোহণ যতই সঙ্কট হউক না কেন, সুকুমার-দেহ বীরপুরুষের পক্ষে সমরপ্রাঙ্গণে অস্ত্রপ্রহারের ন্যায়, বিষয়সুখে অনাসক্ত-চিত্ত ঈশ্বরৈকান্ত-প্রাণা গান্ধারীর সুকোমল অঙ্গে তীব্র হিমপ্রভাবও সুখকর বলিয়া প্রতীত হইয়াছিল ॥ ২৬ ॥

অজাতশত্রু যুধিষ্ঠির সন্ধ্যোপাসনা ও হোমাদিক্রিয়া সমাপন করিবার পর, তিল, ধেনু, ভূমি ও সুবর্ণাদি দানে ব্রাহ্মণগণকে পরিতুষ্ট করিয়া, গুরুবন্দনার নিমিত্ত গৃহমধ্যে প্রবেশ করিলেন; কিন্তু পিতৃব্য ধৃতরাষ্ট্র, বিদুর ও গান্ধারীকে আর তথায় দেখিতে পাইলেন না ॥ ২৭ ॥

আভাস।

পতি-দেবতা গান্ধারী কেবল পতির অনুগমন করিয়া সদ্গতি লাভ করিলেন। তিনি পতিকে দেবতাজ্ঞানে চিরকাল ভক্তি করিয়াছিলেন, পতির অনুগমনে কখনই পশ্চাৎপদ ছিলেন না। [illegible] উপদেশ লাভ না করিয়াও, স্বামীর সহবাসে বৈরাগ্য ও শান্তি লাভ

তত্র সঞ্জয়মাসীনং পপ্রচ্ছোদ্বিগ্নমানসঃ।
গাবল্গণে ক্ব নস্তাতো বৃদ্ধো হীনশ্চ নেত্রয়োঃ।
অম্বা বা হতপুত্রার্ত্তা পিতৃব্যঃ ক্ব গতঃ সুহৃৎ॥ ২৮॥
অপি ময্যকৃতপ্রজ্ঞে হতবন্ধুঃ স ভার্য্যয়া।
আশংসমানঃ শমলং গঙ্গায়াং দুঃখিতোঽপতৎ॥ ২৯॥

অন্বয়ঃ।

উদ্বিগ্নমানসঃ সন্ তত্র আসীনং সঞ্জয়ং প্রপচ্ছ ; হে গাবল্গণে সঞ্জয়! নেত্রয়োঃ হীনঃ বৃদ্ধঃ নঃ তাতঃ, হতপুত্রা আর্ত্তা অম্বা গান্ধারী, সুহৃৎ পিতৃব্যঃ বিদুরঃ চ ইতঃ ক্ব গতঃ (ত্বং বদ)॥২৮॥

হতবন্ধুঃ হতপুত্রঃ ধৃতরাষ্ট্রঃ অকৃতপ্রজ্ঞে মন্দমতৌ, ময়ি শমলং পাপং আশংসমানঃ কল্পয়ন্ দুঃখিতঃ সন্ সঃ ভার্য্যয়া সহ গঙ্গায়াং অপতৎ কিং?॥ ২৯॥

শ্রীধরস্বামী।

হে গাবল্গণে গবল্গণস্য পুত্র সঞ্জয়॥ ২৮॥

অকৃতপ্রজ্ঞে মন্দমতৌ। শমলং অপরাধং আশংসমানঃ আশঙ্কমানঃ ভার্য্যয়া সহ॥ ২৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গবল্গণস্য পুত্র সঞ্জয়॥ ২৮॥

ধৃতরাষ্ট্রঃ শমলং মৎকর্ত্তৃকমপরাধং আশংসমানঃ যুধিষ্ঠিরেণ মম একোঽপি পুত্রো ন

তখন নিতান্ত উৎকণ্ঠিত-চিত্তে তথায় সমাসীন সঞ্জয়কে দর্শন করিয়া যুধিষ্ঠির জিজ্ঞাসা করিলেন, হে গবল্গণি-নন্দন! আপনি কি বলিতে পারেন যে, দুই চক্ষু-হীন বৃদ্ধ তাত ধৃতরাষ্ট্র, পুত্রশোকে একান্ত সন্তপ্তা গান্ধারী এবং পরম সুহৃৎ বিদুর কোথায় গমন করিয়াছেন?॥ ২৮॥

পুত্রগণের নিধনে নিতান্ত কাতর পিতৃব্য আমাকে দুর্ম্মতি ও পূর্ব্বকৃত

অতাম।

করিয়াছিলেন। তীব্র সংবেগের ফল এই দেহেই উপলব্ধ হইয়া থাকে। গান্ধারী রাজনন্দিনী, রাজমহিষী ও রাজমাতা। এই জীবনে দৈহিক কোন ক্লেশই তাঁহাকে কখন সহ্য করিতে হয় নাই। কিন্তু প্রাচীন অবস্থায় জরাজীর্ণ দেহে অতুল ঐশ্বর্য্যের অধিপতি হইয়া সর্ব্বদা সেবকগণে পরিবৃত থাকিয়াও শান্তির ব্যাঘাত দেখিয়া, গান্ধারী হিমগিরির তীব্র হিমরাশিও সুখপ্রদ বলিয়া অনুভব করিয়াছিলেন। ২৭॥

মর্ত্তীতি বক্‌নু হত্বা রাজ্যং আদায় ভুঞ্জানোঽসৌ পূর্ব্ববৎ স্মরন্ কিমপি শমলং পাপং আচরেৎ ইতি কল্পয়ন্ দুঃখিতো গঙ্গায়াং অপতৎ কিং?॥ ২৯॥

পিতর্য্যুপরতে পাণ্ডৌ সর্ব্বান্নঃ সুহৃদঃ শিশূন্।
অরক্ষতাং ব্যসনতঃ পিতৃব্যৌ ক্ব গতাবিতঃ ॥ ৩০ ॥
সুত উবাচ ॥
কৃপয়া স্নেহবৈক্লব্যাৎ সুতো বিরহকর্ষিতঃ।
আত্মেশ্বরমচক্ষাণো ন প্রত্যাহাতিপীড়িতঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

অস্মাকং পিতরি পাণ্ডৌ, উপরতে মৃতে সতি সুহৃদঃ (ভ্রাতুঃপুত্রান্) নঃ অস্মান্ ব্যসনতঃ যৌ অরক্ষতাং তৌ পিতৃব্যৌ ইতঃ স্থানাৎ ক্ব গতৌ ॥ ৩০ ॥

সূতঃ উবাচ। আত্মেশ্বরং ধৃতরাষ্ট্রং, অচক্ষাণঃ অপশ্যন্ কৃপয়া স্নেহবৈক্লব্যাৎ বিরহ-কর্ষিতঃ অতিপীড়িতঃ, সূতঃ সঞ্জয়ঃ ন প্রত্যাহ প্রত্যুত্তরং ন দত্তবান্ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

যৌ অরক্ষতাং তৌ ইতঃ স্থানাৎ ॥ ৩০ ॥

কৃপয়া স্নেহবৈক্লব্যাচ্চাতিপীড়িতঃ। আত্মেশ্বরং ধৃতরাষ্ট্রং অপশ্যন্ বিরহকর্ষিতঃ সূতঃ সঞ্জয়ঃ ন প্রত্যুত্তরমাহ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রক্ষিত ত্বং কিং মে জীবিতেনেতি মনসাপ্যুলপন্ নির্ব্বিদ্যমান ইত্যর্থঃ। যদ্বা মদ্বধাত্মকমপি পাপং ভবত্বিতি বাঞ্ছন্নিত্যর্থঃ ॥ ২৯ ॥ ৩০ ॥

কৃপয়া হা বৃদ্ধয়োরনাথয়োঃ কিং ভবিষ্যতীতি চেতোদ্রবেণ সম্বন্ধহেতুকো যঃ স্নেহস্তেন বৈক্লব্যাচ্চ ॥ ৩১ ॥

অপরাধের প্রতিশোধ বাসনায় অনিষ্টাচরণে উদ্যোগী বলিয়া আশঙ্কা করত মনে মনে নিতান্ত দুঃখিত হইয়াছেন এবং সস্ত্রীক গঙ্গায় আত্মসমর্পণ করিয়াছেন কি? ॥ ২৯ ॥

আমাদিগের পিতা মহারথ পাণ্ডু পরলোক গমন করিলে, যে পিতৃব্যদ্বয় আমাদিগকে নানাবিধ ক্লেশ হইতে মুক্ত করত রক্ষা করিয়াছেন, এক্ষণে তাঁহারা কোন্ পথে গমন করিয়াছেন, তাহা আমি পরিজ্ঞাত হইতে পারিতেছি না। ॥ ৩০ ॥

সুত বলিলেন, সঞ্জয় স্বীয় প্রভু ধৃতরাষ্ট্রের অদর্শনে নিতান্ত স্নেহার্দ্র ও অবসন্নহৃদয় হইয়াছিলেন; সুতরাং তিনি যুধিষ্ঠিরের কথায় প্রথমত কোন উত্তর প্রদান করিলেন না ॥ ৩১ ॥

বিমৃজ্যাশ্রূণি পাণিভ্যাং বিষ্টভ্যাত্মানমাত্মনা।
অজাতশত্রুং প্রত্যূচে প্রভোঃ পাদাবনুস্মরন্॥ ৩২॥
সঞ্জয় উবাচ॥
নাহং বেদ্মি ব্যবসিতং পিত্রোর্ব্বঃ কুলনন্দন।
গান্ধার্য্যা বা মহবাহো মুষিতোঽস্মি মহাত্মভিঃ॥ ৩৩॥

অন্বয়ঃ।

ততঃ পাণিভ্যাং অশ্রূণি বিমৃজ্য আত্মনা বুদ্ধ্যা, আত্মানং মনঃ, বিষ্টভ্য স্থিরীকৃত্য, প্রভোঃ ধৃতরাষ্ট্রস্য গান্ধার্য্যাঃ চ পাদৌ অনুস্মরন্ অজাতশত্রুং যুধিষ্ঠিরং, প্রত্যূচে উবাচ॥ ৩২॥

সঞ্জয়ঃ উবাচ। হে কুলনন্দন! বঃ যুষ্মাকং পিত্রোঃ গান্ধার্য্যাঃ বা ব্যবসিতং চেষ্টিতং, অহং ন বেদ। হে মহাবাহো! অহং তৈঃ মহাত্মভিঃ মুষিতঃ বঞ্চিতঃ অস্মি॥ ৩৩॥

শ্রীধরস্বামী।

আত্মনা বুদ্ধ্যা আত্মানং মনো বিষ্টভ্য ধৈর্য্যযুক্তং কৃত্বা প্রভোর্ধৃতরাষ্ট্রস্য॥ ৩২॥
ব্যবসিতং নিশ্চিতং। গান্ধার্য্যাশ্চ। যতো মুষিতো বঞ্চিতোঽস্মি॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনা বুদ্ধ্যা আত্মানং মনো বিষ্টভ্য ধৈর্য্যযুক্তং কৃত্বা॥ ৩২॥
বেদ বেদ্মি। মুষিতো বঞ্চিতঃ। মন্নিদ্রাসময়ে তে গতা ইতি ভাবঃ॥ ৩৩॥

পরে হস্তদ্বয় দ্বারা বাষ্পবারি নিবারণ করিয়া, বুদ্ধিপূর্ব্বক চিত্তকে স্থির করিলেন এবং গান্ধারী ও ধৃতরাষ্ট্রের চরণ স্মরণ করিয়া, যুধিষ্ঠিরকে বলিলেন॥ ৩২॥

সঞ্জয় বলিলেন, হে কুলনন্দন! আমি তোমার পিতৃব্য ও গান্ধারীর উদ্দেশ্য পরিজ্ঞাত নহি। হে মহাবাহো! সেই মহাত্মাগণ আমার অজ্ঞাতসারে কোথায় গমন করিয়াছেন, তাহা আমি বলিতে পারিতেছি না॥ ৩৩॥

আভাস

প্রকৃত সংবাদ বলিবার পূর্ব্বে যুধিষ্ঠির-হৃদয়ে শোকের অপনোদন করাই নারদোক্ত কথার প্রথম উদ্দেশ্য; কারণ একত শোকাতুর, তাহাতে আবার যদি ধৃতরাষ্ট্রের দেহত্যাগ সম্বাদ পূর্ব্বেই বর্ণন করেন, তাহা হইলে পাছে তাঁহার শোক দ্বিগুণিত হয়, এই কারণে প্রথমতঃ বৈরাগ্যের উদ্দীপন করিতেছেন॥

সংসার অনিত্য; এক ভগবানই সত্য! অতএব অনিত্য বস্তুর সংপ্রয়োগে বা বিয়োগে কখনই শোক করা কর্ত্তব্য নহে; কারণ সে স্বতঃসিদ্ধই ক্ষণভঙ্গুর॥

চৈতন্য ও জড়ের সংযোগে এই জগৎ রচিত হইয়াছে; চৈতন্যাংশই জীবরূপে পরিণত, এবং ক্রমান্বয়ে সূক্ষ্ম জড়ের দ্বারা জীবের দেহত্রয় ও লোক-সকল সৃষ্ট হইয়াছে। জীব অবি-

অথাজগাম ভগবান্নারদঃ সহতুম্বুরুঃ।
প্রত্যুত্থায়াভিবাদ্যাহ সানুজোঽভ্যর্চ্চয়ন্ মুনিম্ ॥ ৩৪ ॥

যুধিষ্ঠির উবাচ ॥

নাহং বেদ গতিং পিত্রোর্ভগবান্ ক্ব গতাবিতঃ।
অম্বা বা হতপুত্রার্ত্তা ক্ব গতা চ তপস্বিনী ॥
কর্ণধার ইবাপারে ভগবান্ পারদর্শকঃ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

(এতস্মিন্ অন্তরে) সহতুম্বুরুঃ নারদঃ তত্র আগতঃ; সানুজঃ যুধিষ্ঠিরঃ তং প্রত্যুত্থায় অভিবাদ্য শোকাবেগাৎ অভ্যর্চ্চয়ন্ ইব আহ। ৩৪ ॥

যুধিষ্ঠিরঃ উবাচ। হে ভগবন্! পিত্রোঃ পিতৃব্যয়োঃ গতিং অহং ন বেদ ইতঃ স্থানাৎ তৌ ক্ব গতৌ হতপুত্রা আর্ত্তা তপস্বিনী অম্বা গান্ধারী চ ক্ব গতা। অপারে কর্ণধারঃ ইব ভগবান্ ত্বং শোকার্ণবে পারদর্শকঃ, অতঃ ব্রূহি। ৩৫।

শ্রীধরস্বামী।

এবং কঞ্চিৎকালং শোচতি তস্মিন্ অথ নারদ আজগাম। অত্রাপি কচিৎ পুস্তকে পাঠান্তরং, তদুল্লঙ্ঘ্য যথাসংপ্রদায়ং ব্যাখ্যায়তে, শোকবেগাদভ্যর্চ্চয়ন্নেবাহ রাজা নত্বভ্যর্চ্চ্য। ৩৪ ॥ নাহং বেদ বেত্মি তপস্বিনী দুঃখযুক্তা। ৩৫।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শোকবেগাদভ্যর্চ্চয়ন্নিবাহ নত্বভ্যর্চ্চ্য। ৩৪। ৩৫ ॥

ইত্যবসরে তুম্বুরু ঋষির সমভিব্যাহারে দেবর্ষি নারদ তথায় উপস্থিত হইলেন এবং শোকসন্তপ্ত ধর্ম্মনন্দন ভ্রাতৃগণে মিলিত হইয়া, তাঁহাদের যথাসাধ্য অভিবাদন ও পূজাদি করিয়া বলিলেন ॥ ৩০ ॥

যুধিষ্ঠির বলিলেন, হে ভগবন্! আমাদিগের পিতৃব্যদ্বয় ও পুত্রশোক-সন্তপ্তা তপস্বিনী গান্ধারী এস্থান হইতে যে কোথায় গমন করিয়াছেন, আমি তাহার কিছুই অনুসন্ধান করিতে পারিতেছি না। অপার সমুদ্রে কর্ণধারের ন্যায়, আপনি এই শোকার্ণবের পারদর্শী ও সর্ব্বজ্ঞ; বলুন। তাঁহারা কোথায় গমন করিয়াছেন ॥ ৩৫ ॥

আভাস।

নারদ! তদুপাধি দেহ ও ভোগ্য বিষয় এবং লোক সকল বিনাশী। সমষ্টি ব্রহ্মাণ্ডের অধিষ্ঠাতা ও অন্তর্যামীই ঈশ্বর; এবং ব্যষ্টিরূপের অধিষ্ঠাতা জীব। জীব যদিও নিত্য ও অপরিবর্ত্তনশীল

অথাবভাষে ভগবান্নারদো মুনিসত্তমঃ।

নারদ উবাচ ॥

মা কঞ্চন শুচো রাজন্ যদীশ্বরবশং জগৎ ॥ ৩৮ ॥

লোকাঃ সপালা যস্যেমে বহন্তি বলিমীশিতুঃ।

স সংযুনক্তি ভূতানি স এব বিযুনক্তি চ ॥

অন্বয়ঃ।

অথ ভগবান্ মুনিসত্তমঃ নারদঃ অবভাষে। হে রাজন্! শুচঃ কঞ্চন মা (কুরু) যত ঈশ্বরবশং জগৎ ॥ ৩৮ ॥

ইমে সপালাঃ লোকাঃ যস্য ঈশিতুঃ বলিং বহন্তি সঃ এব পরমেশ্বরঃ (কর্ম্মানুসারেণ) ভূতানি সংযুনক্তি সংযোজয়তি, তথা বিযুনক্তি বিযোজয়তি চ ॥

শ্রীধরস্বামী।

অপারে শোকার্ণবে ভগবাংস্ত্বমেব পারদর্শকঃ। অতো ব্রূহীতি শেষঃ ॥ ৩৮ ॥

আদাবেব যথাবৃত্তকথনে শোকেন মূর্চ্ছিতঃ পতেদিতি প্রথমং তাবচ্ছোকমপনয়তি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

অপারে শোকার্ণবে ভগবান্ সর্ব্বজ্ঞস্ত্বমতো ব্রূহীতি ভাবঃ ॥ ৩৮ ॥

আদাবেব যথাবৃত্তকথনে শোকেন মূর্চ্ছিতঃ পতেদিতি প্রথমং তাবৎ শোকমুপশময়তি মাশুচঃ মাশোচঃ ॥

তয়োর্ব্বিচ্ছেদেন সীদামীতি চেদপ্রতিকার্য্যমেতৎ সংযোগবিয়োগয়োরীশ্বরাধীনত্বাদিত্যাহ স ইতি ॥

অনন্তর মুনিশ্রেষ্ঠ ভগবান্ নারদ বলিলেন, হে রাজন্! কোন বিষয়ের জন্য শোক করা কর্ত্তব্য নহে; কারণ সমস্ত জগতই ঈশ্বরের অধীন ॥ ৩৮ ॥

লোকপালগণ ও লোকসমূহ কর্ম্ম নিষ্পাদন করিয়া যে সর্ব্বশক্তিমানের সমক্ষে উপহার স্বরূপ বলি বহন করিতেছেন, সেই সর্ব্বেশ্বরই এই ভূতসমুদয়কে কর্ম্মানুরূপ ফলপ্রদান দ্বারা সংযোজিত ও বিযোজিত করিতেছেন ॥

আভাস।

তথাপি উপাধির তারতম্যে অনিত্য ও পরিবর্ত্তনশীল বলিয়া ভ্রম হইয়া থাকে। গৃহস্বামীর কার্য্য নির্ব্বাহার্থ যেমন গৃহস্থিত ভৃত্যবর্গ একমনে চেষ্টিত থাকে, তাহাদের নিজেদের কর্ত্তব্য ও স্বামীর উপলক্ষে সম্পাদিত হয়; এবং কর্ম্ম নির্ব্বাহার্থ সুখদুঃখাদি স্বামীকেই স্পর্শ করে,

যথা গাবো নসি প্রোতা তন্ত্র্যাং বদ্ধাশ্চ দামভিঃ।
বাক্তন্ত্র্যাং নামভি র্বদ্ধা বহন্তি বলিমীশিতুঃ॥ ৩৭॥
যথা ক্রীড়োপস্করাণাং সংযোগবিগমাবিহ।
ইচ্ছয়া ক্রীড়িতুঃ স্যাতাং তথৈবেশেচ্ছয়া নৃণাং॥ ৩৮॥

অন্বয়ঃ।

দামভিঃ তন্ত্র্যাং বদ্ধাঃ নসি প্রোতাঃ, গাবঃ বৃষাঃ, যথা ইব, বাক্তন্ত্র্যাং (বিধি নিষেধসূচক-শাস্ত্রে) নামভিঃ ব্রহ্মচারীত্যাদিভিঃ বদ্ধাঃ লোকাঃ ঈশিতুঃ বলিং বহন্তি। ৩৭॥

যথা ক্রীড়োপস্করাণাং সংযোগবিগমৌ ক্রীড়িতুঃ ক্রীড়াকর্ত্তুঃ ইচ্ছয়া ইহ স্যাতাং ভবতঃ, তথৈব ঈশেচ্ছয়া নৃণাং সংযোগবিয়োগৌ স্যাতাং॥ ৩৮॥

শ্রীধরস্বামী।

কথম মাশুচঃ মাশোচঃ ন কেবলং তানেব। যদ্যস্মাৎ ঈশ্বরাধীনং জগৎ তদেবাহ লোকা ইতি॥ ৩৭॥

প্রবৃত্তৌ পারতন্ত্র্যমুক্তা সংযোগ-বিয়োগয়োরপ্যাহ যথেতি। ক্রীড়োপস্করাণাং ক্রীড়া-সাধনানাং দারুরচিতমেষাদীনাং॥ ৩৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকা বলিং বহন্তি স এব সংযুনক্তীত্যুক্তমর্থবৎ মুক্তপোষন্যায়েন সদৃষ্টান্তং ক্রমেণাহ গাবস্তন্ত্র্যামেকস্যামেব দীর্ঘায়াং রজ্জ্বাং সর্ব্বা এব বদ্ধাঃ, তত্র পৃথক্ পৃথক্ দামভি র্নসি প্রোতাঃ। নমু প্রকৃতেঃ কা বা তন্ত্রী, দামানি বা কানীত্যপেক্ষায়ামাহ বাক্ বেদ এব তন্ত্রী, তস্যাং নামভির্ব্রাহ্মণক্ষত্রিয় ইতি ব্রহ্মচারী গৃহস্থ ইত্যাদিভিরেব দামভির্বদ্ধা বলিং অহরহঃ সন্ধ্যামুপাসীতেত্যাদিলক্ষণং শাসনং॥ ৩৭॥

ক্রীড়োপস্করাণাং ক্রীড়াসাধনানাং অক্ষাদীনাং॥ ৩৮॥

নাসিকা বিদ্ধ করত সংলগ্ন রজ্জু-সহকারে শ্রেণীবদ্ধ বৃষভ সকল দ্রব্য সামগ্রী বহন করিয়া, যেমন কেবল প্রভুর কার্য্যই সাধন করে, লোক ও লোকপাল-গণও আশ্রমপ্রোক্ত কর্ম্ম দ্বারা সেইরূপ ঈশ্বরের কার্য্য সাধন করিতেছেন॥৩৭॥

যেরূপ ক্রীড়াকারীর ইচ্ছার উপরই ক্রীড়নকের সংস্থাপনাদি নির্ভর করে, তদ্রূপ ঈশ্বরেচ্ছায় মানবদিগেরও সংযোগ এবং বিয়োগ ঘটিয়া থাকে॥ ৩৮॥

আভাস।

ভূতগণের তাহাতে কোন ক্ষতি বৃদ্ধি ঘটে না, সেইরূপ জগতের যাবতীয় মানবই সেই ব্রহ্মাণ্ডপতির কার্য্য নির্ব্বাহার্থ জগতে জন্ম পরিগ্রহ করে; এবং তাঁহার কার্য্য সাধন করিয়া

যন্মন্যসে ধ্রুবং লোকমধ্রুবং বা নবোভয়ং।
সর্ব্বথা নহি শোচ্যাস্তে স্নেহাদন্যত্র মোহজাৎ॥ ৩৯॥

অন্বয়ঃ।

যং কঞ্চিৎ লোকং ধ্রুবং, অধ্রুবং উভয়রূপং অনুভবরূপং বা মন্যসে তে সর্ব্বে সর্ব্বথা ন শোচ্যাঃ; যতঃ মোহজাৎ স্নেহাৎ অন্যত্র স্নেহং বিনা, শোকহেতুঃ নাস্তি। ৩৯।

শ্রীধরস্বামী।

ঈশ্বরাধীনত্বান্ন শোকঃ কার্য্য ইত্যুক্তং, লোকতত্ত্বেচ বিচার্য্যমাণে নির্ব্বিষয়োঽয়ং শোক ইত্যাহ যন্মন্যস ইতি। যদ্যদি লোকং জনং ধ্রুবং জীবরূপেণ অধ্রুবং দেহরূপেণ ন বেত্তি ন ধ্রুবং নাপ্যধ্রুবং শুদ্ধব্রহ্মস্বরূপত্বেন অনির্ব্বচনীয়ত্বেন বা উভয়ং বা চিজ্জড়াংশতঃ সর্ব্বথা চতুর্ষ্বপি পক্ষেষু তে পিত্রাদয়ো ন শোচ্যাঃ। স্নেহাদন্যত্র স্নেহএব কেবলং শোকহেতুঃ স চাজ্ঞানমূল ইত্যর্থঃ। ৩৯।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ঈশ্বরাধীনত্বান্ন শোকঃ কার্য্য ইত্যুক্তং, লোকতত্ত্বেতু বিচার্য্যমাণে নির্বিষয়োঽয়ং শোক ইত্যাহ যদ্যদি লোকং জনং ধ্রুবং জীবরূপেণ অধ্রুবং দেহরূপেণ ন উভয়ং ন ধ্রুবং নাপ্যধ্রুবং ব্রহ্মরূপেণ, বাশব্দাদুভয়ঞ্চ চিজ্জড়াংশরূপেণ সর্ব্বথা চতুর্ষ্বপি পক্ষেষু তে পিত্রাদয়ো ন শোচ্যাঃ স্নেহাদন্যত্র বিবেকাদৌ সতি স্নেহ এব কেবলং শোকহেতুঃ স চাজ্ঞানমূল-ইত্যর্থঃ। মোহজাদিত্যনেন ভগবদ্ভক্তিসম্বন্ধী স্নেহো ব্যাবৃত্তঃ। তদুত্থং শোকং তু করুণ-রসস্থায়িভাবং পরমোপাদেয়ং মন্যতে। ৩৯।

যদি কোন তত্ত্ব নিশ্চিত, কোনটী অনিশ্চিত, কোনটী নিশ্চিত অনিশ্চিত, কোনটী বা দুইয়েরই অতীত মনে করিয়া থাক, তথাপি তজ্জন্য শোক করা কর্ত্তব্য নহে। কারণ মোহসম্ভূত স্নেহই শোকের প্রধান কারণ, সন্দেহ নাই।৩৯।

আভাস।

প্রত্যাবর্ত্তন করে। প্রভু যেমন, ভৃত্যের দক্ষতা, উপযোগীতা ও নৈপুণ্য অনুসারে উৎকৃষ্ট বা অপকৃষ্ট কর্ম্মে নিয়োজিত করেন, ভগবানও সেইরূপ মনুষ্যগণকে তাহাদের উপযোগীতা ও নৈপুণ্য অনুসারে উৎকৃষ্ট বা অপকৃষ্ট কর্ম্মে নিয়োজিত করেন। কিন্তু সে নিয়োগ তাঁহাতে কোনরূপ স্পর্শ করে না। মানব স্বয়ং আসক্তি-পরতন্ত্র হইয়া যে সকল উৎকৃষ্ট বা অপকৃষ্ট কর্ম্ম নির্ব্বাহ করে, তদনুরূপ সংসারে জাতি, আয়ুঃ ও ভোগ প্রাপ্ত হয়; ফলদাতা মাত্র ঈশ্বর। পরে সেই ফল অনুসারে ভোগায়তন দেহ, ইন্দ্রিয়, মনোবৃত্তি আদি লাভ করিয়া যে কোন কর্ম্মে জীব প্রবৃত্ত হউক্ না কেন, সমস্তই ভগবানের কার্য্যসাধন বলিয়া স্বীকার্য্য। ভগবানের অজ্ঞাত-সারে কেহ কখন কোন ফলই পাইতে পারে না; সমস্তই তাঁহার প্রদত্ত পারিতোষিক বা দণ্ড

তস্মাজ্জহ্যঙ্গ বৈক্লব্যমজ্ঞানকৃতমাত্মনঃ।
কথং ত্বনাথাঃ কৃপণা বর্ত্তেরন্ মামনাশ্রিতাঃ ॥ ৪০ ॥
কালকর্ম্মগুণাধীনো দেহোঽয়ং পাঞ্চভৌতিকঃ।
কথমন্যাংস্তু গোপায়েৎ সর্পগ্রস্তো যথাপরং ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

তস্মাৎ হে অঙ্গ! মাং বিনা কৃপণাঃ অনাথাঃ তে কথং বর্ত্তেরন্ ইতি আত্মনঃ মনসঃ অজ্ঞানকৃতং বৈক্লব্যং জহি ত্যজ ॥ ৪০ ॥

সর্পগ্রস্তঃ (জনঃ) যথা অপরং (ন রক্ষেৎ) তথা কাল কর্ম্ম গুণাধীনঃ অয়ং পাঞ্চভৌতিকঃ দেহঃ তু অন্যান্ কথং গোপায়েৎ রক্ষেৎ ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

তস্মান্মাং বিনা কথং তে বর্ত্তেরন্ ইতি মনসো বৈক্লব্যং ব্যাকুলতাং ত্যজ ॥ ৪০ ॥

তত্র তদ্দেহতন্তেষাং বৃত্তিরিত্যেতত্তাবন্নাস্তীত্যাহ কালো গুণক্ষোভকঃ। কর্ম্ম জন্মনিমিত্তং। গুণা উপাদানং। তদধীনঃ পাঞ্চভৌতিকো জড়ঃ। তদ্বিভাগে নাশবাংশ্চ সর্পগ্রস্তঃ অজগরগিলিতঃ যথা অন্যং ন রক্ষতি তদ্বৎ ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মান্মাং বিনা কথং তে বর্ত্তেরন্নিতি মনসো বৈক্লব্যং ত্যজ ॥ ৪০ ॥

নহি কশ্চিদপি কমপি বৃত্তিদানাদিনা রক্ষিতুং প্রভবতীত্যাহ। কালঃ সামান্যতো, নিমিত্তং, কর্ম্ম জন্মনিমিত্তং, গুণা উপাদানং, তদধীনং পাঞ্চভৌতিক ইতি তদ্বিভাগে সদ্য এব নাশবানিত্যর্থঃ। একঃ সর্পদষ্টোঽন্যং সর্পদষ্টং গোপায়িতুং নৈব শক্নোতীত্যর্থঃ ॥ ৪১ ॥

অতএব হে রাজন্! আপনি বিবেচনা করিতেছেন, "আমার আশ্রয় ব্যতীত বিদুরাদি পরিজনবর্গ অনাথ ও আশ্রয়শূন্য হইয়া কিরূপে জীবন ধারণ করিবেন," এই অজ্ঞান নিবন্ধন আত্মগ্লানি পরিত্যাগ করুন্! ॥ ৪০ ॥

সর্পগ্রস্ত ব্যক্তি যেমন অপরকে রক্ষা করিতে নিতান্তই অপারক, এই দেহও সেইরূপ স্বয়ং কাল, কর্ম্ম ও গুণের পরতন্ত্র হওয়ায় অন্যকে রক্ষণে অসমর্থ ॥ ৪১ ॥

আভাস।

মাত্র। তিনি স্বয়ং রূপ ধারণ করিয়া সর্ব্বত্র ফলপ্রদান না করিলেও, এক মনুষ্য দ্বারা অপর মানবকে প্রাপ্তব্য ফল প্রদান করেন। ফল-প্রদানে মানব প্রভু নহে! তবে ফলানুরূপ বৃত্তির পরিচয় দিয়া, স্বয়ং সুখ বা দুঃখের ভাগী হয়, সন্দেহ নাই। এই জীবনে যাহার যে জাতীয় ফল পাওয়া কর্ত্তব্য, তাহার সেই জাতীয় ফল, যেরূপ লোক দ্বারা ঘটা সম্ভব, সেই লোকের

অহস্তানি সহস্তানামপদানি চতুষ্পদাং।
ফল্গূনি তত্র মহতাং জীবো জীবস্য জীবনং॥ ৪২॥

অন্বয়ঃ।

(অথ সর্ব্বেষাং ঈশ্বর-কল্পিতা বৃত্তিঃ সুলভা এব যথাহি) সহস্তানাং (জীবনং) অহস্তানি, পশ্বাদীনি; চতুষ্পদাং (জীবনং) অপদানি তৃণাদীনি, ফল্গূনি অল্পানি তত্র মহতাং, এবং জীবঃ জীবস্য জীবনং জীবিকা॥ ৪২॥

শ্রীধরস্বামী।

ঈশ্বরেণ বিহিতা বৃত্তিঃ সর্ব্বতঃ সুলভৈবেত্যাহ অহস্তানি পশ্বাদীনি। অপদানি তৃণাদীনি। তত্র তেষু অহস্তাদিষপি ফল্গূনি অল্পানি। এবং জীবঃ সর্ব্বোঽপি সর্ব্বস্য জীবনং জীবিকা। এতেনৈব সর্ব্বতো মৃত্যুগ্রাসত্বঞ্চোক্তং॥ ৪২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতো জীবিকামপি ঈশ্বর এব সর্ব্বেষামেব ব্যবস্থাপিতবানিত্যাহ। অহস্তানি মৃগাদীনি। অপদানি তৃণাদীনি। অত্রাপি মহতাং মৎস্যাদীনাং ফল্গূনি মৎস্যাদীনি, অতো জীবস্য জীব এব জীবিকা সাহজিকী তেন তপস্বিনাং পত্রপুষ্পফলাদিরীশ্বরকল্পিতৈবানির্বিন্না জীবিকাস্তি, কিমর্থং ত্বং বিষীদসীতি ভাবঃ॥ ৪২॥

ভগবান্ যখন এই অপূর্ব্ব রমণীয় অদ্ভুত জীবদেহের রচনা করিয়াছেন, তখন ইহার রক্ষার জন্য আহারেরও ব্যবস্থা করিয়াছেন। দেখুন! ছাগাদি অহস্ত পশুগণ মনুষ্যাদি সহস্ত প্রাণীর ভোগ্য; এবং অপদ তৃণাদি চতুষ্পদ পশুর খাদ্য, ক্ষুদ্র মৎস্য সকল বৃহৎ মৎস্যের ভোগ্য, এইরূপ জীবই জীবের জীবিকারূপে ঈশ্বর কর্ত্তৃকই নির্দ্দিষ্ট হইয়াছে॥ ৪২॥

আভাস।

সহিত তাহার মিলন ভগবানই করিয়া দেন; ফল প্রাপ্তির পর, পরস্পরের আর সম্বন্ধ থাকে না। অতএব জগতে যে কোন কার্য্য সম্পাদিত হয়, তদ্দ্বারা ঈশ্বরের কার্য্যই সাধিত হয়। কিন্তু বৃষগণ যেমন রজ্জুবদ্ধ হইয়া, প্রভুর সামগ্রী বহন করে মাত্র, তাহার কোন আস্বাদ গ্রহণ করে না, সেইরূপ যে মানব হৃদয়ে ঈশ্বরকে প্রত্যক্ষ অনুভব করিয়া, উপস্থিত কর্ম্ম সকল নির্ব্বাহ করেন, কর্ম্ম-নিমিত্ত কোন দোষ তাঁহাকে স্পর্শ করে না। মোহ বশতঃ যিনি সেই সমস্ত কর্ম্মে নিজের কর্ত্তৃত্ব স্থাপন করেন, তিনিই স্নেহাদি আসক্তি-পাশে বদ্ধ হন॥৩৭—৩৯॥

এই পাঞ্চভৌতিক দেহধারী মানব পরের উপকার বা ক্ষতি করিলাম বলিয়া যে স্পর্দ্ধা করিয়া থাকে, তাহা কেবল তাহার বৃথা অভিমান মাত্র। দেহের দ্বারা পরের উপর আধিপত্য

ইমে যস্য বলিং কল্পং পুজোপহারং বা কর্ম্মলক্ষণং স ঈশিতা ভূতানি॥ ৪০॥

তদিদং ভগবান্ রাজন্নেক আত্মাত্মনাং স্বদৃক্।
অন্তরোঽনন্তরো ভাতি পশ্য তং মায়য়োরুধা॥ ৪৩॥

অন্বয়ঃ।

হে রাজন্! তৎ তস্মাৎ, ইদং জগৎ, ভগবান্ এব। স্বঃ স্বদৃক্ স্বপ্রকাশঃ একঃ এব আত্মনাং জীবানাং, আত্মা অন্তর্যামী, অন্তরঃ ভোক্তৃরূপেণ, স্বরূপঃ জীবঃ, তথা অনন্তরঃ-বহিঃ ভোগ্যসুখদুঃখাদি-জড়রূপেণ ভাতি। মায়য়া দুর্বিতর্ক্য-শক্ত্যা, তং এব একং উরুধা দেবতির্য্যগাদিদেহরূপেণ বহুধা, প্রতীয়মানং পশ্য॥ ৫৩॥

শ্রীধরস্বামী।

মোহনিবৃত্ত্যর্থং দ্বৈতস্যাবস্তুতামাহ তদিদং অহন্তসহস্তাদিরূপং জগৎ স্বদৃক্ ভগবানেব ন ততঃ পৃথক্। স চৈক এব নতু নানা। ননু সজাতীয়বিজাতীয়ভেদ-প্রত্যক্ষে কুত

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু যদীশ্বরবশং জগদিত্যাদিনা ত্বয়োক্তং ভগবদধীনং সর্ব্বকেং কথং কালকর্ম্মগুণা-ধীনো দেহ ইত্যুচ্যতে, সত্যং কালকর্ম্মাদিকস্য সর্ব্বস্য জগতো ভগবচ্ছক্তিকার্য্যত্বাৎ সর্ব্বং

হে রাজন্! দুর্ব্বিতর্ক্য ভগবৎশক্তি দ্বারা রচিত দেবতির্য্যগাদি বিবিধ কার্য্যবর্গে এক ভগবানকেই উপলব্ধি করুন্। সেই অদ্বিতীয় স্বপ্রকাশ অনন্ত-দেবই জীবের অন্তর্যামীরূপে, স্বরূপ জীবরূপে এবং ভোগ্য জগৎরূপে বিরাজ করিতেছেন॥ ৪৩॥

আভাস।

স্থাপন করা দূরে থাকুক্, নিজের দ্বারা আত্মরক্ষা হওয়াও দুরূহ। কারণ দেহ স্বয়ংসিদ্ধ নহে। কাল এবং কর্ম্ম ও গুণের দ্বারা প্রচালিত হয়। কালক্রমে, কর্ম্মানুসারে ও স্বাভাবিক গুণের প্রাধান্য ও অপ্রাধান্য বিশেষে দেহের রক্ষা ও নাশ হইয়া থাকে; সুতরাং ইচ্ছানুসারে দেহকে রক্ষা বা নষ্ট করা যায় না। পূর্ব্বে যে সমস্ত কর্ম্ম নিষ্পাদিত হইয়াছে, তাহার ফলানুরূপ দেহের গঠন, বৃত্তি ও স্থায়িত্ব হয়। আবার ক্রিয়ার তীব্রতা ও মান্দত্ব অনুসারে এবং পর্য্যায়ক্রমে ফলের অভিব্যক্তি হয়। সুতরাং কাল যে, কখন কোন্ ফল প্রসব করিবে, উপস্থিত ভোগ দ্বারা তাহার নির্ণয় হয় না। বিশেষত স্বাভাবিক গুণ সত্ত্ব, রজঃ ও তমের প্রাধান্য বা অপ্রাধান্য অনুসারে, পুরুষাকারের বলে, ফলেরও অন্যথা ঘটে। দেহ

এতচ্চ জগৎ ভগবদ্দুর্ব্বিতর্ক্যশক্তিময়-কার্য্যত্বাৎ তদধীনমেবেত্যাহ তদিদমিতি। মায়য়া দুর্ব্বিতর্ক্যশক্ত্যা ভগবানেবেদং ভাতি। এতদ্রূপেণ পরিণমতে, স্বয়ং তু স্বরূপেণৈব তিষ্ঠতি চিন্তামণিবৎ॥ ৪৩॥

সোঽয়মদ্য মহারাজ ভগবান্ ভূতভাবনঃ।
কালরূপোঽবতীর্ণোঽস্যামভবায় সুরদ্বিষাং ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

হে মহারাজ! সঃ তাদৃশঃ মহামায়াবী, কালরূপঃ ভূতভাবনঃ ভগবান্ স্বয়ং শ্রীকৃষ্ণঃ সুরদ্বিষাং অসুরাণাং, অভবায় নাশায়, অদ্য অধুনা, অস্যাং ভূম্যাং অবতীর্ণঃ ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

এতৎ তত্রাহ আত্মনাং ভোক্তৃণাং আত্মরূপং অতো ন সজাতীয়-ভেদঃ। অন্তরোঽনন্তরশ্চ অন্তর্বহির্ভোক্ত-ভোগ্যরূপশ্চ ভাতি, অতো ন বিজাতীয়ভেদোঽপি। নন্ু একঃ কথং তথা প্রতীয়েত তত্রাহ মায়য়া উরুধা বহুধা তং পশ্যেতি ॥ ৪৩ ॥

কাসাবস্তীদৃশো মহামায়াবী দ্বারকায়ামিত্যাহ সোঽয়মিতি। অস্যাং ভূম্যাং। অভবায় নাশায় ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবানেবেত্যাহ তদিদমিতি। স্বরূপশক্ত্যা আত্মনাং জীবানাং আত্মা অন্তর্যামিরূপেণ স্বদৃক্ স্বপ্রকাশঃ অন্তরো ভোক্তৃরূপেণ জীবঃ। অনন্তরো বহির্ভোগ্যরূপেণ সুখদুঃখাদি। মায়েতি ভগবানেব শক্তিত্রয়রূপেণ ভাতি। অতস্তমেবৈকং মায়য়া শক্ত্যা উরুধা দেবতির্য্যগাদি-দেহরূপেণ বহুধা পশ্য ॥ ৪৩ ॥

কাসাবস্তীদৃশো মায়াবী দ্বারকায়ামিত্যাহ সোঽয়মিতি। অস্যাং ভূমৌ সুরদ্বিষাং অভবায় নাশায় কালরূপত্বেরেব কালরূপত্বেনানুভূয়মানঃ স্বয়ং পরমানন্দরূপ এবেত্যর্থঃ ॥ ৪৪ ॥

হে মহারাজ! সেই মহামায়াবী কালস্বরূপ ভূতভাবন ভগবান্ দেবদ্বেষী অসুরগণের বিনাশের নিমিত্ত এই দ্বারকাভূমে অবতীর্ণ হইয়াছেন ॥ ৪৪ ॥

আভাস।

অনন্তর রাজা পরীক্ষিৎ অধর্ম্ম-সহচর কলির নিধন কামনায় শাণিত তরবারি গ্রহণে অগ্রসর হইলে, কলি স্বীয় রাজ-পরিচ্ছদ পরিত্যাগ করিয়া, প্রাণভয়ে রাজার শরণাগত হইলেন। ইহা দ্বারা বেদব্যাস প্রকাশ করিলেন যে, কর্ম্মেরই শ্রেষ্ঠত্ব; কালের শ্রেষ্ঠত্ব কোথায়ও দৃষ্ট হয় না। অর্থাৎ শুভাশুভ কর্ম্মের অনুসারেই কালের পরিচয় হয়, এবং কর্ত্তার দৃঢ়তা অনুসারেই ক্রিয়ার অভিব্যক্তি হয়। ঘোর কলিযুগে জন্ম গ্রহণ করিলেও, সত্যধর্ম্মপরায়ণ ব্যক্তি স্বীয় প্রতিভা-বলে হিংসাদি অনৃতাচরণ অতিক্রম করত সর্ব্বদোষাকর কলিরও নিগ্রহ করিয়া, মোক্ষমার্গে অগ্রসর হইতে পারেন; এবং সত্যযুগে জন্ম হইলেও, স্বীয় হিংসাদি কর্ম্মানুরোধের দোষে জরাজীর্ণ হইয়া, জীব নরকার্ণবে পতিত হইয়া

তং জিঘাংসুমভিপ্রেত্য বিহায় নৃপলাঞ্ছনং ।
তৎপাদমূলং শিরসা সমগাদ্ভয়বিহ্বলঃ ॥ ২৮ ॥
পতিতং পাদয়োর্বীরঃ কৃপয়া দীনবৎসলঃ ।
শরণ্যো নাবধীচ্ছ্লোক্য আহ চেদং হসন্নিব ॥ ২৯ ॥

অন্বয়ঃ ।

কলিঃ তং পরীক্ষিতং জিঘাংসুং হন্তুং ইচ্ছুং, অভিপ্রেত্য জ্ঞাত্বা, নৃপলাঞ্ছনং রাজচিহ্নং, বিহায় ত্যক্ত্বা, ভয়বিহ্বলঃ সন্ তৎপাদমূলং তস্য পরীক্ষিতঃ পাদয়োঃ মূলং শিরসা সমগাৎ আগতবান্ তৎপাদয়োঃ নিপপাত ॥ ২৮ ॥

শরণ্যঃ আশ্রয়যোগ্যঃ শ্লোক্যঃ সুকীর্ত্তি-সম্পন্নঃ, দীনবৎসলঃ বীরঃ পরীক্ষিৎ পাদয়োঃ পতিতং শরণাগতং কলিং ন অবধীৎ ন হতবান্ অপিতু হসন্ ইব ইদং আহ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী ।

অভিপ্রেত্য জ্ঞাত্বা ॥ ২৮ ॥

শরণ্যঃ আশ্রয়ার্হঃ । শ্লোক্যঃ সুকীর্ত্ত্যর্হঃ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

বিহায় নৃপালাঞ্ছনমিতি তদা কলিনাপ্যেবং বিচারিতং অনেন সহ যোদ্ধুং ন মে শক্তি র্নচ ক্ষত্রিয়স্য শরণাপত্তিরুচিতা অতো নৃপচিহ্নং বিহায়ৈব পাদয়োরস্য পতামীতি ॥ ২৮ ॥

নাবধীৎ শ্লোক্য ইতি রাজ্ঞাপি বিচারিতং শরণাগতোঽয়ং হন্তুমনর্হঃ তদপি দুষ্টমেনং যদি হন্মি তর্হি শরণাগতবধাজ্জাতমধর্ম্মমালম্ব্য ময্যেবাসৌ প্রবেক্ষ্যতি ন মরিষ্যতীতি হসন্নিবেতি কোপানপগমাৎ ঈশ্বরেণ তাদৃশ এব বিধিনির্ম্মিতো যজ্জিঘাংসোরপি মম হস্তাৎ ত্বমদ্য রক্ষিতোঽভূরিতি মনোমুলাপাচ্চ ॥ ২৯ ॥

মহারাজ আঘাত করিতে উদ্যত জানিয়া, কলি স্বীয় রাজচিহ্ন পরিত্যাগ পূর্ব্বক ভয়ে বিহ্বল হইয়া, তাঁহার পাদমূলে মস্তক অবনত করিল ॥ ২৮ ॥

মহারাজ পরীক্ষিৎ দীনবৎসল, শরণাগতপ্রতিপালক, সাধু এবং যশস্বী ছিলেন, তিনি কলিকে পাদ-মূলে পতিত দেখিয়া, হাস্য করত এই কথা বলিলেন ॥ ২৯ ॥

আভাস ।

থাকে। স্বীয় কর্ম্মের ফলই সর্ব্বদা লাভ করা যায়, কাল কেবল সহকারী নাম মাত্র ॥২৭॥২৮॥

রাজা পরীক্ষিৎ যে কলিরও নিগ্রহে সক্ষম, তাঁহার উপস্থিত কর্ম্মের দ্বারাই তাহার যথেষ্ট পরিচয় প্রদান করিলেন। তিনি ভাবিলেন, এই দুষ্ট কলি ঘোর পাপিয়ান্ হইলেও, আমার শরণাপন্ন হইয়াছে। এক্ষণে আমি ইহাকে বধ করিতে উদ্যত হইলে, শরণাগত

রাজোবাচ ॥

ন তে গুড়াকেশ-যশোধরাণাং বদ্ধাঞ্জলে বৈ ভয়মস্তি কিঞ্চিৎ।

ন বর্ত্তিতব্যং ভবতা কথঞ্চন ক্ষেত্রে মদীয়ে ত্বমধর্ম্মবন্ধুঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

রাজা পরীক্ষিৎ উবাচ ॥

গুড়াকেশ-যশোধরাণাং গুড়কায়াঃ নিদ্রায়াঃ ঈশঃ অর্জ্জুনঃ তস্য যশোধরাণাং যশোরক্ষণ-ব্যগ্রাণাং অস্মাকং অগ্রতঃ বদ্ধাঞ্জলেঃ কৃতাঞ্জলেঃ তে তব কিঞ্চিৎ ভয়ং ন অস্তি। ভবতা কলিনা মদীয়ে ক্ষেত্রে রাজ্যে কথঞ্চন কেনাপি অংশেন ন বর্ত্তিতব্যং স্থাতব্যং। যতঃ ত্বং অধর্ম্মবন্ধুঃ অধর্ম্মস্য বন্ধুঃ সহায়ঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

গুড়াকেশোঽর্জ্জুনঃ তস্য যশোধরা যে বয়ং তেষাং তান্ প্রতি বদ্ধাঽঞ্জলি র্যেন তস্য তব, কিন্তু কথঞ্চন কেনাপ্যংশেন ন বর্ত্তিতব্যং যস্মাত্ত্বমধর্ম্মস্য বন্ধুঃ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বকার্য্যং বিচার্য্যাহ। গুড়াকেশোঽর্জ্জুনস্তদ্‌যশোধরাণামস্মাকমগ্রতো বদ্ধাঞ্জলেস্তব কিঞ্চ কথঞ্চন কেনাপ্যংশেন ন বর্ত্তিতব্যং ন স্থেয়ম্ ॥ ৩০ ॥

রাজা বলিলেন। আমরা জিতেন্দ্রিয় অর্জ্জুনের যশোরক্ষার্থ সততই যত্ন করিতেছি; আমার সম্মুখে যখন তুমি অঞ্জলিবদ্ধ করিয়াছ, তখন তোমার কোন ভয় নাই। তবে তুমি কখন আমার রাজ্যের কোন অংশে থাকিতে পাইবে না; কেন না, তুমি যখন অধর্ম্মেরই বন্ধু ॥ ৩০ ॥

আভাস

ব্যক্তির অপ্রতিপালন জন্য যে পাপ আমাকে আশ্রয় করিবে, তাহাতেই এই দুষ্ট মহাবেগে আমাকে আক্রমণ করত নিরস্ত করিবে; এইরূপ চিন্তা করিয়া স্বকার্য্য উদ্ধার মানসে ঈষৎ হাস্য করিত, কলিকে অভয় প্রদান পূর্ব্বক বলিলেন; তুমি এস্থান হইতে অন্য স্থানে গমন কর! তোমার আশ্রয়ে বাস করিলে, মনুষ্যের কথা দূরে থাকুক, দেবতারা পর্য্যন্ত কোন মতে অব্যাহতি পান না। সেই স্বভাবসিদ্ধ সত্ত্বগুণাবলম্বী অমরগণও তোমার আবেশে অবশ হইয়া, লোভ আদি অধর্ম্মাচরণে প্রবৃত্ত হন। পিপীলিকা-নায়ক অনুসন্ধান করত মধুবিন্দুর সমীপে উপস্থিত হইবামাত্র, অনুবর্ত্তী পিপীলিকাগণ যেমন শ্রেণীবদ্ধ হইয়া, দলে দলে তথায় যাইয়া অতি অল্প কাল মধ্যে মধুবিন্দু পান করিয়া ফেলে, সেইরূপ অতি পবিত্র সাধুর চরিত্রে অতি সামান্য ছিদ্র লাভে তুমি একবার প্রবিষ্ট হইতে পারিলে, তোমার অনুচর

ত্বাং বর্ত্তমানং নরদেবদেহেষ্বনু প্রবৃত্তোঽয়মধর্ম্মপূগঃ।
লোভোঽনৃতং চৌর্য্যমনার্য্যমংহো জ্যেষ্ঠা চ মায়া কলহশ্চ দম্ভঃ॥৩১॥
ন বর্ত্তিতব্যং তদধর্ম্মবন্ধো ধর্ম্মেণ সত্যেন চ বর্ত্তিতব্যে।
ব্রহ্মাবর্ত্তে যত্র যজন্তি যজ্ঞৈ র্যজ্ঞেশ্বরং যজ্ঞবিতানবিজ্ঞাঃ॥ ৩২॥

অন্বয়ঃ।

লোভঃ, অনৃতং, চৌর্য্যং, অনার্য্যং দৌর্জন্যং, অংহঃ স্বধর্ম্মত্যাগঃ, জ্যেষ্ঠা অলক্ষ্মীঃ, মায়া কপটং, কলহঃ, দম্ভঃ অহঙ্কারঃ চ ইতি অয়ং অধর্ম্মপূগঃ অধর্ম্মসমূহঃ, নরদেবদেহেষু রাজদেহেষু অথবা নরাঃ দেবাঃ ইব প্রধান-নরদেহেষু অথবা নরাশ্চ দেবাশ্চ তেষাং দেহেষু বর্ত্তমানং ত্বাং অনু সর্ব্বতঃ প্রবৃত্তো ভবতি॥ ৩১॥

তৎ তস্মাৎ হে অধর্ম্মবন্ধো! ধর্ম্মেণ সত্যেন চ বর্ত্তিতব্যে বর্ত্তিতুং যোগ্যে ব্রহ্মাবর্ত্তে ত্বয়া ন বর্ত্তিতব্যং ন স্থাতব্যং যত্র যস্মিন্ দেশে যজ্ঞবিতানবিজ্ঞাঃ যজ্ঞৈঃ যজ্ঞেশ্বরং হরিং যজন্তি অর্চ্চয়ন্তি॥ ৩২॥

শ্রীধরস্বামী।

তদেবাহ রাজদেহেষু বর্ত্তমানং ত্বামনু সর্ব্বতঃ প্রবৃত্তঃ। অনার্য্যং দৌর্জন্যং, অংহঃ সধর্ম্মত্যাগঃ, জ্যেষ্ঠা অলক্ষ্মীঃ, মায়া কপটম্॥ ৩১॥

তত্তস্মান্নবর্ত্তিতব্যে বর্ত্তিতুমর্হে ব্রহ্মাবর্ত্তে দেশে যজ্ঞস্য বিতানং বিস্তারঃ তত্র বিজ্ঞা নিপুণাঃ॥ ৩২॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বৎপ্রবৃত্তৌ দোষান্ শৃণ্বিত্যাহ। ত্বামিতি নরাণাং দেবানাঞ্চ দেহেষ্বিতি দেবা অপি ত্বদাক্রান্তদেহা লোভাদ্যধর্ম্মিষ্ঠা ভবন্তি কিংপুন র্নরা ইতি ভাবঃ। বর্ত্তমানং ত্বামনু সর্ব্বতঃ প্রবৃত্তঃ। অনার্য্যং দৌর্জন্যং, অংহঃ স্বধর্ম্মত্যাগঃ। জ্যেষ্ঠা অলক্ষ্মীঃ, মায়া কপটং, দম্ভো ঽহঙ্কারঃ॥ ৩১॥

তুমি নরদেবদেহে (রাজ দেহে বা মনুষ্য অথবা দেব দেহে) থাকিলে লোভ, মিথ্যা, চৌর্য্য, দৌর্জন্য, স্বধর্ম্মত্যাগ, অলক্ষ্মী, মায়া, বিবাদ এবং দম্ভ এই অধর্ম্ম সকল তোমার সহিত বাস করিবে॥ ৩১॥

আভাস।

লোভ, মিথ্যা, চৌর্য্যবৃত্তি, দুর্ব্বলতা, স্বধর্ম্ম-ত্যাগ, অলক্ষ্মী, কপটতা, কলহ ও দম্ভাদি অধর্ম্ম সমূহ একে একে প্রবিষ্ট হইয়া চিত্তস্থ সত্ত্বামকরন্দ পান করিয়া, মানবকে শ্রীভ্রষ্ট করিয়া ফেলে॥ ২৯॥ ৩০॥ ৩১॥

যস্মিন্ হরির্ভগবানিজ্যমান ইজ্যাত্মমূর্ত্তি র্যজতাং শং তনোতি।
কামানমোঘান্ স্থিরজঙ্গমানামন্তর্বহির্বায়ুরিবৈষ আত্মা ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

যস্মিন্ দেশে ইজ্যাত্মমূর্ত্তিঃ ইজ্যা যাগঃ তদ্রূপা আত্মমূর্ত্তিঃ যস্য স বায়ুঃ ইব স্থির-জঙ্গমানাং স্থিরাঃ স্থাবরাঃ বৃক্ষাদয়ঃ, জঙ্গমাঃ মনুষ্যাদয়ঃ তেষাং অন্তর্বহিঃ আত্মা এষঃ ভগবান্ হরিঃ ইজ্যমানঃ অর্চ্চ্যমানঃ সন্ যজতাং যাগশীলানাং অমোঘান্ কামান্ ঐহিক-মঙ্গলানি বা পারত্রিকং সুখং চ তনোতি বিস্তারয়তি দদাতি ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

ইজ্যা যাগঃ তদ্রূপা মূর্ত্তির্যস্য, শং ক্ষেমং কামাংশ্চ। নন্বিন্দ্রাদয়ো দেবা ইজ্যন্তে নতু হরিস্তত্রাহ। এষ স্থাবরাদীনামাত্মেতি, তথাপি জীববন্ন পরিচ্ছিন্ন ইত্যাহ অন্তর্বহিরিতি। যথা বায়ুঃ প্রাণরূপেণান্তঃস্থিতোঽপি বহিরপ্যস্তি তদ্বৎ সর্ব্বান্তর্যামীশ্বরোঽপীতি ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মেণৈবেত্যনেন সিদ্ধেঃ সত্যেন চেতি পৃথগুক্তিঃ সত্যস্য ধর্ম্মমূলত্বব্যঞ্জিকা। স্কন্ধ-শাখাদিকং বিনা কেবলেন মূলেনাপি ন প্রায়ঃ প্রয়োজনসিদ্ধিরিত্যতো ধর্ম্মণেতি চোক্তং। বর্ত্তিতব্যে বর্ত্তিতুং যেগ্যে ॥ ৩২ ॥

নন্বিন্দ্রাদয়ো দেবতা অপীজ্যন্তে ন কেবলং ভগবানেব তত্রাহ ইজ্যানাং ইন্দ্রাদীনাং আত্মমূর্ত্তিরন্তর্যামিরূপঃ তে আত্মমূর্ত্তয়ো যস্যেতি বা স্থিরজঙ্গমানামস্মৎ প্রজানাং কামানৈহি-কান্ শং পারত্রিকং সু᠆ং চ তনোতি বায়ুরিবান্তর্বহিশ্চ সাক্ষাদনুভূয়মানঃ সন্নিত্যর্থঃ। ত্বয়ি বর্ত্তমানেতু তথা নৈব স্যাদিতি ভাবঃ ॥ ৩৩ ॥

ওহে অধর্ম্ম-বন্ধু কলি! এই ব্রহ্মাবর্ত্ত প্রভৃতি যজ্ঞপ্রধান দেশে ধর্ম্ম ও সত্য বাস করিয়া থাকেন; এস্থানে তোমার থাকা উচিত নহে। এস্থানে যজ্ঞা-নুষ্ঠানে নিপুণ লোকেরা যজ্ঞ দ্বারা যজ্ঞেশ্বর হরির আরাধনা করিয়া থাকেন ॥ ৩২ ॥

স্থাবর-জঙ্গমাদি সকল প্রাণীর অন্তরে ও বাহিরে আত্মারূপে বাস করিয়া থাকেন, (সুতরাং যজ্ঞেতে যে কোন দেবতার আরাধনা হউক না কেন, এক তাঁহারই আরাধনা হইয়া থাকে। যাজ্ঞিকেরা যজ্ঞেতে তাঁহার অর্চ্চনা করিলে, তিনি তাহাদিগকে ঐহিক কামনা ও পারত্রিক সুখ প্রদান করিয়া থাকেন ॥ ৩৩ ॥

শ্রীসূত উবাচ ॥

পরীক্ষিতৈবমাদিষ্টঃ স কলির্জাতবেপথুঃ।

তমুদ্যতাসিমাহেদং দণ্ডপাণিমিবোদ্যতং ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

পরীক্ষিতা এবং আদিষ্টঃ আজ্ঞপ্তঃ কলিঃ জাতবেপথুঃ কম্পিতকলেবরঃ সন্ দণ্ডপাণিং যমং ইব উদ্যতাসিং উদ্ধৃতখড়্গাং উদ্যতং হন্তুং উদ্যুক্তং তং পরীক্ষিতং ইদং আহ। ৩৪ ॥

শ্রীধরস্বামী।

উদ্যতাসিং উদ্ধৃতখড়্গাং। দণ্ডপাণিং যমং। উদ্যতং উদ্যুক্তং ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উদ্যতাশিং উচ্চীকৃতখড়্গাং জাতবেপথুরিতি স্বরক্ষণার্থং বহুতরং বুদ্ধিবলং প্রকাশিতং তদপি মম বধ এবোপস্থিত ইতি ভাবঃ। রাজ্ঞোঽয়মভিপ্রায়ঃ যদীমাং মদাজ্ঞাং ন পালয়তি তদা মদভীষ্টমস্ত বধমধুনৈব করিষ্যামি যদি চ পালয়তি তদাস্যাবধেঽপি মম কাপি ক্ষতির্নাস্তি। দণ্ডপাণিং যমং ॥ ৩৪ ॥

সূত বলিলেন, রাজা পরীক্ষিৎ এইরূপ আজ্ঞা করিলে কলি খড়্গপাণি রাজাকে যমের ন্যায় বধার্থ উদ্যত দেখিয়া কম্পিত কলেবরে বলিল। ৩৪ ॥

আভাস।

বিজ্ঞ যাজ্ঞিকগণ যেখানে সতত যজ্ঞানুষ্ঠান দ্বারা যজ্ঞেশ্বর বিষ্ণুর নিয়ত আরাধনা করিয়া থাকেন, সেই ধর্ম্ম ও সত্যের আবাসভূমি পবিত্র ব্রহ্মাবর্ত্তাদি স্থানে তোমার কখনও থাকা উচিত নহে। হে অধর্ম্মবন্ধো! তুমি এরূপ মনে করিও না যে, যজ্ঞাদি দ্বারা কেবল ইন্দ্রাদি দেবতাগণই পূজিত হন; স্বয়ং ব্রহ্মণ্যদেব শ্রীহরিই যজ্ঞাদি দ্বারা এই পুণ্যভূমে অর্চ্চিত হন এবং যজমানের কর্ম্ম ও ভক্তির অনুরূপ ফল প্রদানে জগৎকে পরিতৃপ্ত করেন। হোমীয় হবিঃ যে কোন দেবতার উদ্দেশ্যে প্রদত্ত হউক না কেন, বিষ্ণুতেই সংপ্রদত্ত হইয়া থাকে; কারণ "সর্ব্বদেবময়ো বিষ্ণুঃ" সর্ব্ব দেবশরীরের অধিষ্ঠাতা ও নিয়ন্তাই নারায়ণ। অগ্নি যেমন ভিন্ন ভিন্ন বর্ণবিশিষ্ট কাচের অন্তরালবর্ত্তী হইয়া তৎ তৎ রঙ্গে রঞ্জিত বলিয়া লোক-দৃষ্টিতে প্রতীয়মান হয়, এক বিষ্ণুই কি অমরদেহ, কি মর্ত্ত্যদেহ সকল প্রাণীদেহের অন্তরালবর্ত্তী থাকিয়া তৎ তৎ রূপে ও নামে অভিব্যক্ত হইতেছেন। এমন কি, বায়ু যেমন জীবের অন্তরস্থ থাকিয়া নিঃশ্বাস প্রশ্বাস দ্বারা প্রাণীকে জীবিত রাখেন অথচ বাহিরে সর্ব্বব্যাপী ও অনন্তরূপে পরিদৃষ্ট হন, সেইরূপ ভগবান্ বিষ্ণু কি স্থাবর,

যত্র ক্বাথ বৎস্যামি সার্ব্বভৌম তবাজ্ঞয়া।
লক্ষয়ে তত্র তত্রাপি ত্বামাত্তেষুশরাসনং ॥ ৩৫ ।

হে সার্ব্বভৌম সর্ব্বভূমীশ্বর তব আজ্ঞয়া যত্র ক্বাথ যত্র কুত্রাপি বৎস্যামি, তত্র তত্রাপি আত্তেষুশরাসনং আত্তঃ গৃহীতঃ ইষুঃ বাণঃ শরাসনং ধনুঃ যেন তং ত্বাং এব লক্ষয়ে পশ্যামি ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

অত্র ন বস্তব্যমিতি যা তবাজ্ঞা তয়া, যত্র ক্বাপি বৎস্যামি। কিন্তু তত্র তত্রাপি আত্তঃ গৃহীতঃ ইষুঃ শরাসনঞ্চ যেন তং ত্বামেব লক্ষয়ে ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে সার্ব্বভৌম সর্ব্বস্যা অপি ভূমে রাজন্ লক্ষয়ে সাক্ষাদেবংমেব ত্বাং পশ্যামি তেন সর্ব্বেষাং স্থাবরজঙ্গমানাং যুষ্মৎপ্রজাত্বাৎ সর্ব্বস্যা অপি ভূমে স্তবাধিকারাৎ মম বস্তুং স্থানাভাবাৎ সংপ্রতি ত্বদগ্রে বর্ত্তমানং ত্বৎপাদয়োঃ পতিতং মাং স্বহস্তেনৈব জহীতি ভাবঃ ॥ ৩৫ ॥

হে সার্ব্বভৌম! তোমার আজ্ঞাক্রমে যে কোন স্থানেই বাস করিব, সেই স্থানে তোমাকেই ধনুর্ব্বানধারী দেখিতে পাইব ॥ ৩৫ ॥

আভাস।

কি জঙ্গম, সকলেরই অন্তরাত্মা-রূপে অবস্থিত থাকিয়া সর্ব্বপ্রকার কামনা বর্ষণ দ্বারা জগতের মঙ্গল বিধান করিতেছেন সন্দেহ নাই ॥ ৩২ ॥ ৩৩ ॥

সত্য ও ধর্ম্মের মহিমা অনির্ব্বচনীয়। যাহার প্রবেশ মাত্রে দেবতাদি জীব সকল আত্মজ্ঞান হারা হইয়া সম্পূর্ণ ধর্ম্মের বিপরীতাচরণে প্রবৃত্ত হয়, সেই প্রবল কলির নিগ্রহ কখন সামান্য খড়্গাদি অস্ত্রের দ্বারা সম্ভব নহে। কিন্তু রাজা পরীক্ষিৎ কেবল সত্য ও ধর্ম্মের বলেই সেই প্রবল প্রতাপ কলিকে অবসন্নপ্রায় করিলেন। কলি বিনীতভাবে তাঁহার নিকট স্বীয় বাসস্থান ভিক্ষা করিলে, রাজা বলিলেন, হে অধর্ম্মসহায় কলি! তুমি দেখিতেছ যে, কালসহকারে লোক সমুদায় এক্ষণে হীনবীর্য্য হওয়ায় কৃচ্ছ সাধ্য তপস্যা নিয়ম ও ব্রতাদি আচরণে সম্পূর্ণ পরাঙ্মুখ হইয়াছে। কর্ত্তব্য কর্ম্ম যথাকালে সম্যক অনুষ্ঠিত না হওয়ায়, অকর্ত্তব্য বা নিষিদ্ধ কর্ম্ম তৎকালে অনুষ্ঠিত হইতেছে, সন্দেহ নাই। সুতরাং সত্য ত্রেতা ও দ্বাপর যুগ অপেক্ষা এই সময় শত শত ত্রুটি মানব চরিত্রে পরিদৃষ্ট হইতেছে। যদি তুমি সেই সমস্ত রন্ধ্র অনুসরণে মানব দেহ আশ্রয়ে উদ্যোগী হও তাহা

তস্মে ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠ স্থানং নির্দ্দেষ্টু মর্হসি।
যত্রৈব নিয়তো বৎস্য আতিষ্ঠংস্তেঽনুশাসনং ॥ ৩৬ ॥
শ্রীসূত উবাচ ॥
অভ্যর্থিতস্তদা তস্মৈ স্থানানি কলয়ে দদৌ।
দ্যূতং পানং স্ত্রিয়ঃ সূনা যত্রাধর্ম্মশ্চতুর্ব্বিধঃ ॥ ৩৭ ॥

হে ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠ তৎ তস্মাৎ মে মহ্যং মম বা স্থানং নির্দ্দেষ্টুং অর্হসি, যত্র এব তে তব অনুশাসনং আজ্ঞাং আতিষ্ঠন্ প্রতিপালয়ন্ নিয়তঃ নিশ্চলঃ সন্ বৎস্যে ॥ ৩৬ ॥
তদা অভ্যর্থিতঃ কলিনা প্রার্থিতঃ সন্ দ্যূতং, পানং, স্ত্রিয়ঃ, সূনাঃ প্রাণিবধাঃ স্থানানি কলয়ে দদৌ, যত্র দ্যূতাদিষু চতুর্ব্বিধঃ অনৃতমদসঙ্গ ক্রৌর্য্যরূপঃ অধর্ম্মঃ বর্ত্ততে ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

তৎ তস্মাৎ নিয়তো নিশ্চলো বৎস্যামি ॥ ৩৬ ॥
পানং মদ্যাদেঃ। সূনাঃ প্রাণিবধাঃ। দ্যূতেঽনৃতং। পানে মদঃ। পূর্ব্বং মদো-দয়ানাশকত্বেনোক্তঃ অত্রতু গর্ব্বদ্বারা তপোনাশকত্বেন। স্ত্রীষু সঙ্গঃ। হিংসায়াং ক্রৌর্য্যঞ্চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শরণাগতং ত্বামহং ন হন্মীতি চেৎ তদা হে ধর্ম্মপালকানাং শ্রেষ্ঠ ॥ ৩৬ ॥
দ্যূতং স্পষ্টং পানং মদ্যাদেঃ স্ত্রিয়োঽবিবাহিতাঃ সূনাঃ প্রাণিবধাঃ যত্র চতুর্ব্বিধোঽধর্ম্ম ইতি দ্যূতেঽনৃতং সত্যনাশকং পানে মদো দয়ানাশকঃ স্ত্রীষু সঙ্গঃ শৌচনাশকঃ। প্রাণি-হিংসায়াস্তু সমুদিত এব চতুর্ব্বিধোঽধর্ম্মঃ নহি প্রাণিহন্তৃষু তপঃ শুচিত্বং দয়া বা সত্যবচনঞ্চ তেষু নাস্ত্যেবেতি ॥ ৩৭ ॥

অতএব হে ধার্ম্মিকশ্রেষ্ঠ! আমাকে এরূপ একটী স্থান নির্দ্দেশ করুন, যে স্থানে তোমার আজ্ঞাক্রমে নিয়ত বাস করিতে পারি ॥ ৩৬ ॥
সূত বলিলেন। সেই সময়ে প্রার্থিত হইয়া রাজা দ্যূত, মদ্যাদিপান, পরস্ত্রী এবং হিংসা এই চারিটী কলিকে প্রদান করিলেন ॥ ৩৭ ॥

আভাস।

হইলে কাহারও অব্যাহতি লক্ষ্য হয় না। তোমার নিকট আমার এই অনুরোধ, যে সকল মনুষ্য অন্যায় পূর্ব্বক ধন উপার্জ্জন করিবে বা উপার্জ্জিত ধন সৎকর্ম্মে ব্যয় না করিয়া

পুনশ্চ যাচমানায় জাতরূপমদাৎ প্রভুঃ।
ততোঽনৃতং মদং কামং রজো বৈরঞ্চ পঞ্চমং ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

প্রভুঃ পরীক্ষিৎ পুনঃ চ যাচমানায় কলয়ে জাতরূপং সুবর্ণং অদাৎ দত্তবান্, ততঃ অনৃতং মিথ্যা, মদং, কামং, রজঃ রজোমূলাং হিংসাং, পঞ্চমং বৈরং চ অদাৎ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

দয়ানাশকমিতি জ্ঞেয়ং। যদ্যপি সর্ব্বং সর্ব্বত্র সম্ভবতি তথাপি প্রাধান্যেনানৃতাদীনাং দ্যূতাদিষু যথাসংখ্যং তজ্জ্ঞেয়ং। দ্বাদশস্কন্ধে তু সত্যং দয়া তপোদানমিতি পাদাবিভো-র্নৃপেতি অত্র দান শব্দেন শৌচমেবোক্তং মনঃশুদ্ধিরূপত্বাৎ ভূতাভয়দানস্য ত্রেতায়াং ধর্ম্মপাদানাং তুর্য্যাংশো হীয়তে শনৈঃ। অধর্ম্মপাদৈরনৃত হিংসাঽসন্তোষ বিগ্রহৈরিত্যত্রচ অসন্তোষ শব্দেন তস্য হেতুর্গর্ব্বো লক্ষ্যতে। বিগ্রহ শব্দেনচ তদ্ধেতুঃ স্ত্রীসঙ্গ ইত্যবিরোধঃ ॥ ৩৭ ॥

চতুর্বিধস্যাপ্যেকত্রাবস্থানং দেহীতি পুনর্যাচমানায় জাতরূপং সুবর্ণং চ দত্তবান্। ততঃ সুবর্ণদানাৎ অনৃতং মদং। কামমিতি সঙ্গং। রজ ইতি রজোমূলাং হিংসাং এতানি চত্বারি। পঞ্চমং বৈরঞ্চ অদাদিতি ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভো রাজন্নেতদ্বৃত্তান্তং শ্রুত্বা দ্যূতাদিকং কোঽপি নানুশীলয়িষ্যতি। কিঞ্চ প্রথমং মনসি মৎ প্রবেশস্তত এব লোকাঃ প্রায়ো দ্যূতাদিকং ভজন্তে ইতি তত্র ভবতা দীয়মানমপি স্থান-চতুষ্টয়মদত্তমেবাভূৎ তস্মাদেবং কিমপি স্থানমহং প্রাপ্নুয়াং যল্লোকৈর্দুস্ত্যজং স্যাদিতি যাচমানায় কলয়ে জাতরূপং স্বর্ণোপলক্ষিতং রজতাদিকং দ্রব্যমাত্রমেব তদ্বাসত্বেন অদাৎ

কলি পুনর্ব্বার প্রার্থনা করিলে রাজা তাহাকে সুবর্ণ প্রদান করিলেন। অনন্তর মিথ্যা, মদ, কাম, রজোগুণমূলা হিংসা ও বৈর এই পাঁচটীও প্রদান করিলেন ॥ ৩৮ ॥

আভাস।

তদ্দ্বারা দ্যূতক্রীড়া, প্রমাদবশতঃ মদিরাপান, পরস্ত্রীসংসর্গ ও হিংসা ক্রিয়া চরিতার্থ করিবে, তাহাদের দেহে অবলীলাক্রমে প্রবেশ পূর্ব্বক স্বীয় অধিকারের পরিচয় দাও তাহাতে আমার ক্ষতি নাই ॥ ৩৬ ॥ ৩৭ ॥ ৩৮ ॥

অমূনি পঞ্চ স্থানানি হ্যধর্ম্মপ্রভবঃ কলিঃ।
ঔত্তরেয়েণ দত্তানি ন্যবসত্তন্নিদেশকৃৎ ॥ ৩৯ ॥
অথৈতানি ন সেবেত বভূষুঃ পুরুষঃ ক্বচিৎ।
বিশেষতো ধর্ম্মশীলো রাজা লোকপতির্গুরুঃ ॥ ৪০ ॥
বৃষস্য নষ্টাংস্ত্রীন্ পাদান্ তপঃ শৌচং দয়ামিতি।

অন্বয়ঃ।

অধর্ম্মপ্রভবঃ কলিঃ তন্নিদেশকৃৎ তস্য আজ্ঞাং পালয়ন্ ঔত্তরেয়েণ উত্তরাতনয়েন পরীক্ষিতা দত্তানি অমূনি পঞ্চ স্থানানি হি ন্যবসৎ ॥ ৩৯ ॥

অথ ইতিহেতৌ বুভূষুঃ উদ্ভবিতুমিচ্ছুঃ যদ্বা স্বক্ষেমং ইচ্ছুঃ পুরুষঃ এতানি ন সেবেত। ধর্ম্মশীলঃ লোকপতিঃ গুরুঃ রাজা বিশেষতঃ ন সেবেত ॥ ৪০ ॥

বৃষস্য নষ্টান্ তপঃ শৌচং দয়াং ইতি ত্রীন্ পাদান্ প্রতিসন্দধে তপ আদীনি পুনঃ

শ্রীধরস্বামী।

অমূনি অমীষু স্থানেষু ন্যবসদিত্যর্থঃ ॥ ৩৯ ॥

অথেতি হেতৌ বুভূষু রুদ্ভবিতুমিচ্ছুঃ। স্ত্রীসুবর্ণয়োরেব সেবনং নাম তয়োরনাসক্তিঃ ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত এব হেতোর্ধনং বস্তু অনৃতং মিথ্যা মদং পানাদি জনিতা মত্ততা কামঃ স্ত্রীসঙ্গঃ রজো গর্ব্ব ইতি চতুর্ব্বিধোঽধর্ম্মং তথা পঞ্চমং বৈরঞ্চ স্যাৎ মদকাময়োঃ ক্লীবত্বমার্ষং ॥ ৩৮ ॥

অমূনি অমূদিত্যর্থঃ। যদ্বা কালভাবাধ্বদেশানামিতি কারিকাবলাৎ কর্ম্মত্বং ॥ ৩৯ ॥

স্ত্রিয়ং পরীকায়ামেব ন সেবেত বুভূষুঃ স্বক্ষেমমিচ্ছুঃ সুবর্ণস্যাসেবনং নাম তত্রানাসক্তি রিত্যেকে ॥ ৪০ ॥

অধর্ম্মের জনক কলি রাজাজ্ঞা শিরোধার্য্য করিয়া পরীক্ষিৎ-প্রদত্ত এই পঞ্চ স্থানে বাস করিতে লাগিল ॥ ৩৯ ॥

যাঁহারা শ্রেষ্ঠত্ব লাভের অভিলাষ করেন, তাঁহাদিগের এই সকল বস্তু সেবা করা উচিত নহে। বিশেষতঃ ধর্ম্মশীল লোকপতি ও উপদেশকর্ত্তা রাজাদিগের এ সমস্তে আসক্ত হওয়া কোন প্রকারেই উচিত নহে ॥ ৪০ ॥

তপঃ শৌচ এবং দয়া, এই যে তিনটী বৃষের নষ্ট হইয়াছিল, তাহা

প্রতিসন্দধ আশ্বাস্য মহীঞ্চ সমবর্দ্ধয়ৎ ॥ ৪১ ॥
সএব এতর্হ্যধ্যাস্তে আসনং পার্থিবোচিতং।
পিতামহেনোপন্যস্তং রাজ্ঞারণ্যং বিবিক্ষতা ॥
আস্তেঽধুনা স রাজর্ষিঃ কৌরবেন্দ্রশ্রিয়োল্লসন্।
গজাহ্বয়ে মহাভাগশ্চক্রবর্ত্তী বৃহচ্ছ্রবাঃ ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

প্রবর্ত্তিতবান্। মহীং পৃথিবীং আশ্বাস্য চ সমবর্দ্ধয়ৎ ॥ ৪১ ॥

এতর্হি ইদানীং স এব পরীক্ষিৎ অরণ্যং বিবিক্ষতা প্রবেষ্টুং ইচ্ছতা পিতামহেন রাজ্ঞা যুধিষ্ঠিরেণ উপন্যস্তং সমর্পিতং পার্থিবোচিতং আসনং অধ্যাস্তে অধুনা পালয়তে ॥ ৪২ ॥

মহাভাগঃ চক্রবর্ত্তী, বৃহচ্ছ্রবাঃ বিপুলযশাঃ স রাজর্ষিঃ পরীক্ষিৎ অধুনা গজাহ্বয়ে হস্তিনানগরে কৌরবেন্দ্রশ্রিয়া উল্লসন্ আস্তে ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

এবং কলিং নিগৃহ্য বৃষস্য পাদান্ প্রতিসন্দধে তপ আদীনি প্রবর্ত্তিতবানিত্যর্থঃ ॥ ৪১ ॥

যুষ্মদীয় সত্রপ্রবৃত্তিরপি তৎপ্রভাবাদিত্যাহ ত্রিভিঃ। এতর্হি ইদানীং যুধিষ্ঠিরেণারণ্যং প্রবেষ্টুমিচ্ছতা উপন্যস্তং সমর্পিতং আসনমধ্যাস্তে অধুনা আস্তে পালয়তে ইতি চ বর্ত্তমান সামীপ্যে বর্ত্তমানবন্নির্দ্দেশঃ। স্মেত্যধ্যাহারো বা ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং কলিং নিগৃহ্য বৃষস্য পাদান্ প্রতিসন্দধে তপ আদীনি প্রবর্ত্তিতবানিত্যর্থঃ ॥ ৪১ ॥

যুষ্মদীয়সত্রপ্রবৃত্তিরপি তৎপ্রভাবাদেবেত্যাহ স এব ইতি ত্রিভিঃ ॥

অধ্যাস্তে আস্তেঽধুনা পালয়ত ইত্যেষু বর্ত্তমানসামীপ্যে বর্ত্তমাননির্দেশঃ সত্রায় সত্রং

পুনঃ প্রবর্ত্তিত করিলেন, এবং মহীকে আশ্বাসিত করিয়া সম্বর্দ্ধিত করিলেন ॥ ৪১ ॥

পিতামহ মহারাজ যুধিষ্ঠির অরণ্যে প্রবেশ করিতে ইচ্ছা করিয়া পরীক্ষিৎকে রাজযোগ্য যে সিংহাসন প্রদান করিয়াছিলেন, সেই মহাভাগ রাজচক্রবর্ত্তী পরীক্ষিৎ কৌরবেন্দ্রদিগের শ্রী দ্বারা দেদীপ্যমান হইয়া হস্তিনাপুরে সেই আসনে এক্ষণে আসীন আছেন ॥ ৪২ ॥

ইত্থম্ভূতানুভাবোঽয়মভিমন্যুসুতো নৃপঃ।

যস্য পালয়তঃ ক্ষৌণীং যূয়ং সত্রায় দীক্ষিতাঃ॥ ৪৩॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথম স্কন্ধে পারীক্ষিতে কলিনিগ্রহো নাম সপ্তদশোঽধ্যায়ঃ। * ॥ ১৭। * ॥

শ্রীসূত উবাচ॥

যো বৈ দ্রৌণ্যস্ত্রবিপ্লুষ্টো ন মাতুরুদরে মৃতঃ।

অন্বয়ঃ।

অভিমন্যুসুতঃ অয়ং নৃপঃ পরীক্ষিৎ ইত্থম্ভূতানুভাবঃ এবম্প্রভাবঃ। ক্ষৌণীং পৃথিবীং পালয়তঃ যস্য পরীক্ষিতঃ প্রভাবাৎ যূয়ং সত্রায় সত্রং কর্ত্তুং দীক্ষিতাঃ দীক্ষাং কৃতবন্তঃ॥ ৪৩॥

সপ্তদশো অধ্যায়ঃ।

যঃ পরীক্ষিৎ মাতুঃ উদরে দ্রৌণ্যস্ত্রবিপ্লুষ্টঃ অশ্বত্থাম্নোঽস্ত্রনির্দগ্ধঃ সন্ অদ্ভুতকর্ম্মণঃ ভগবতঃ

শ্রীধরস্বামী।

সত্রায় সত্রং কর্ত্তুং দীক্ষিতাঃ দীক্ষাং কৃতবন্তঃ॥ ৪৩॥

॥ * ॥ ইতি প্রথমে সপ্তদশঃ॥ * ॥

রাজ্ঞস্ত্বষ্টাদশে তস্য ব্রহ্মশাপো নিরূপ্যতে।

সচানুগ্রহ এবাস্য জাতো বৈরাগ্যমাবহন্॥ * ॥

পরীক্ষিতো নির্ব্বাণমত্যাশ্চর্য্যং বক্তুং তৎ সংভাবনায় জন্মাশ্চর্য্যমনুস্মারয়তি যোবা ইতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ত্তুং। সত্রমিদং বলদেবদৃষ্টাদন্যদেব জ্ঞেয়ং॥ ৪২॥ ৪৩॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

প্রথমেঽয়ং সপ্তদশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং॥ * ॥

অষ্টাদশে মুনেঃ কণ্ঠে সর্পং বধ্বা গৃহাগতঃ।

অনুতপ্যাপ্যস্তস্য পুত্রাচ্ছাপমথাশৃণোৎ॥ * ॥

পরীক্ষিতঃ কলিনিগ্রহশ্রবণেনাতিবিস্মিতান্ মুনীন্ প্রতি তস্য জন্মাবধি ভগবৎ প্রাপ্তি পর্য্যন্তং

অভিমন্যুতনয় পরীক্ষিৎ এইরূপ প্রভাবের সহিত পৃথিবী পালন করাতেই আপনারা এক্ষণে এই যজ্ঞ করিতে সমর্থ হইয়াছেন॥ ৪৩॥

ইতি প্রথমে সপ্তদশ অধ্যায় সমাপ্ত।

পরীক্ষিৎ অদ্ভুতকর্ম্মা ভগবান কৃষ্ণের অনুগ্রহহেতু মাতৃগর্ভে অশ্বত্থামার

অনুগ্রহাদ্ভগবতঃ কৃষ্ণস্যাদ্ভুতকর্ম্মণঃ ॥ ১ ॥
ব্রহ্মকোপোত্থিতাদ্‌যস্তু তক্ষকাৎ প্রাণবিপ্লবাৎ।
ন সংমুমোহোরুভয়াদ্ভগবত্যর্পিতাশয়ঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

কৃষ্ণস্য অনুগ্রহাৎ বৈ ন মৃতঃ ॥ ১ ॥

যঃ পরীক্ষিৎ ভগবতি কৃষ্ণে অর্পিতাশয়ঃ সন্ ব্রহ্মকোপোত্থিতাৎ তক্ষকাৎ প্রাণবিপ্লবাৎ প্রাণানাং যঃ বিপ্লবঃ তস্মাৎ উরুভয়াৎ উরু মহৎ যৎ ভয়ং তস্মাৎ ন মুমোহ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

বিপ্লুষ্টো নির্দ্দগ্ধঃ সন্ ॥ ১ ॥

ব্রহ্মকোপাদুত্থিতাত্তক্ষকাদ্‌যঃ প্রাণবিপ্লবঃ প্রাণনাশ তস্মাদ্‌যদুরুভয়ং তস্মান্ন সংমুমোহ। অত্র হেতুঃ যস্ত ভগবত্যর্পিতাশয় ইতি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বমেব চরিত্র মত্যদ্ভুতং সংক্ষেপেণ গণয়ন্নাহ যো বা ইতি বিপ্লুষ্টোনির্দ্দগ্ধঃ ॥ ১ ॥ ২ ॥

বৈয়াসকেঃ শুকস্য শিষ্যঃ সন্ বিজ্ঞাতা অজিতস্য হরেঃ সংস্থিতিস্তত্ত্বং যেন সঃ।

অস্ত্র দ্বারা বিনাশ প্রাপ্ত হয়েন নাই ॥ ১ ॥

তিনি ভগবান কৃষ্ণে চিত্তবৃত্তি অর্পণ করিয়াছিলেন বলিয়া ব্রহ্মকোপোত্থিত তক্ষক হইতে প্রাণনাশক মহাভয়েও মুগ্ধ হয়েন নাই ॥ ২ ।

আভাস।

রাজা পরীক্ষিৎ কর্ত্তৃক তাদৃশ অদ্ভুত কলিনিগ্রহ বৃত্তান্ত শ্রবণে মুনিগণের নিতান্ত বিস্ময় দর্শন করিয়া, সূত তাঁহার জন্মাবধি দেহত্যাগ পর্য্যন্ত সমস্ত জীবন-বৃত্তান্ত সংক্ষেপে বর্ণন করিয়া ভগবদ্ভক্তের অসামান্য বীরত্বের পরিচয় দিয়াছিলেন। ভক্ত বাহিরের বিভীষিকা দর্শনে ভীত হন ন; গর্ভস্থ নিঃসহায় শিশুর জীবনোপায় বিধান করত স্বয়ং সহায় হইয়া যিনি বালককে ঘোরতর বিপদ হইতে রক্ষা করেন, সামান্য গর্ত্ত হইতে নিঃসৃত হইয়া অনন্ত বিশ্বোদরে শয়ান, অহং মমতাদি ক্লেদবিশিষ্ট জীবের চরমবৃত্তি নির্ব্বাহের সময় কি তিনি নিদ্রিত হইবেন? তাই পরীক্ষিৎ মাতার গর্ত্তমধ্যে ব্রহ্মশরানলে দগ্ধ হইবার সময় যে কৃপাময়ের মোহন মূর্ত্তি দর্শনে অমৃত হ্রদাবগাহনের ন্যায় অতুল শান্তি ও আনন্দ অনুভব করিয়াছিলেন এবং এপর্য্যন্ত সর্ব্বত্র পরীক্ষা করিয়াও যাঁহার পুনঃ সন্দর্শন লাভ করিতে পারেন নাই, পরিণামে ব্রহ্মকোপোত্থ অনল সর্ব্বতোভাবে গ্রাসোন্মুখ নিরীক্ষণ করিয়া, সেই সর্ব্বরক্ষক

উৎসৃজ্য সর্ব্বতঃ সঙ্গং বিজ্ঞাতাজিতসংস্থিতিঃ ।
বৈয়াসকের্জহৌ শিষ্যো গঙ্গায়াং স্বং কলেবরং ॥ ৩ ॥
নোত্তমশ্লোকবার্ত্তানাং জুষতাং তৎকথামৃতং ।
স্যাৎ সংভ্রমোঽন্তকালেঽপি স্মরতাং তৎপদাম্বুজং ॥ ৪ ॥

অন্বয়ঃ ।

বৈয়াসকেঃ ব্যাসপুত্রস্য শিষ্যঃ পরীক্ষিৎ সর্ব্বতঃ সঙ্গং আসক্তিং উৎসৃজ্য বিজ্ঞাতাজিতসংস্থিতিঃ লব্ধভগবত্তত্ত্বঃ সন্ গঙ্গায়াং স্বং কলেবরং জহৌ ত্যক্তবান্ ॥ ৩ ॥

উত্তমঃশ্লোকবার্ত্তানাং হরিলীলারসজ্ঞানাং অতএব) তৎকথামৃতং তস্য হরেঃ কথারূপং অমৃতং জুষতাং পিবতাং, তথা তৎপদাম্বুজং স্মরতাং জনানাং অন্তকালে মৃত্যুসময়েঽপি সংভ্রমঃ মোহঃ ন স্যাৎ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী ।

কিন্তু উৎসৃজ্যেতি। বৈয়াসকেঃ শুকস্য শিষ্যঃ সন্ বিজ্ঞাতাঽজিতস্য শ্রীহরেঃ সংস্থিতিস্তত্ত্বং যেন সঃ ॥ ৩ ॥

নচৈতচ্চিত্রমিত্যাহ উত্তমঃশ্লোকস্যৈব বার্ত্তা যেষু অতএব নিত্যং তৎ কথারূপমমৃতং জুষতাং সংভ্রমো ন স্যাৎ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

বিজ্ঞাতোঽনুভবগোচরীকৃতোঽজিতঃ সংস্থিতৌ মরণকালে যেন স ইতি বা ॥ ৩ ॥

নৈতচ্চিত্রমিত্যাহ নোত্তমেতি। উত্তমঃশ্লোকস্য বার্ত্তৈব বার্ত্তা জীবনহেতুর্যেষাং তেষাং ॥ ৪ ॥

সেই শুকশিষ্য পরীক্ষিৎ ভগবান্ শ্রীকৃষ্ণের তত্ত্ব জানিতে পারিয়াছিলেন, এবং কৃতকৃত্য হইয়া সকল বিষয়ে আসক্তি পরিহার পূর্ব্বক, গঙ্গাতে স্বীয় কলেবর পরিত্যাগ করিলেন ॥ ৩ ॥

যে সকল হরি-লীলা-রসজ্ঞ ভক্তগণ তৎকথামৃত পান করেন এবং সতত তৎ-পাদপদ্ম স্মরণ করেন, মৃত্যুকালেও তাঁহাদিগের কোন প্রকার ভ্রম জন্মে না ॥ ৪ ॥

আভাস ।

মোহন মূর্ত্তিধারী যদুপতিকে হৃদয়পদ্মে চিন্তা করিয়াই আশ্বস্ত হইলেন। তাঁহার সেই নিঃসহায় অবস্থার কথা স্মরণ হইল, এবং উদ্বেগ দূরে গেল। অশ্বত্থামার বিষম শরানল

তাবৎ কলির্ন প্রভবেৎ প্রবিষ্টোঽপীহ সর্ব্বতঃ।
যাবদীশো মহানুর্ব্ব্যামাভিমন্যব একরাট্ ॥ ৫ ॥
যস্মিন্নহনি যর্হ্যেব ভগবানুৎসসর্জ্জ গাং।
তদৈবেহানুবৃত্তোঽসাবধর্ম্মপ্রভবঃ কলিঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

মহান্ একরাট্ চক্রবর্ত্তী আভিমন্যবঃ অভিমন্যুপুত্রঃ পরীক্ষিৎ উর্ব্যাং পৃথিব্যাং, যাবৎ ঈশঃ পতিঃ, স্যাৎ তাবৎ কলিঃ ইহ সর্ব্বতঃ প্রবিষ্টঃ অপি ন প্রভবেৎ ॥ ৫ ॥

যস্মিন্ অহনি যর্হি যস্মিন্ এব ক্ষণে ভগবান্ শ্রীকৃষ্ণঃ গাং পৃথিবীং উৎসসর্জ্জ তত্যাজ, তদা এব অধর্ম্মপ্রভবঃ অধর্ম্মসহায়ঃ, কলিঃ ইহ জগতি অনুপ্রবৃত্তঃ অভূৎ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

তস্মিন্ রাজ্ঞি। সুতরাং তন্ন চিত্রমিত্যাশয়েনাহ তাবদিতি। অভিমন্যোঃ পুত্র একরাট্ চক্রবর্ত্তী ঈশঃ পতিস্তাবৎ ॥ ৫ ॥

নমু তদা কলেরপ্রবেশ এবাস্তু প্রবিষ্টোঽপি ন প্রভবেদিতি কুতঃ তত্রাহ যস্মিন্নহনি যর্হি যস্মিন্নেব ক্ষণে, গাং পৃথ্বীং, অনুবৃত্তঃ প্রবিষ্টঃ। অধর্ম্মস্য প্রভবো যস্মিন্ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাজ্ঞা নিগৃহীতস্য কলেস্ততঃ পরং কীদৃশী স্থিতিরভূদিতাপেক্ষায়ামাহ তাবদিতি ॥ ৫ ॥
কলেঃ প্রবেশকালমাহ যস্মিন্নিতি গাং পৃথ্বীং ॥ ৬ ॥

যতদিন মহান্ অভিমন্যুপুত্র পৃথিবীর অধিপতি ছিলেন, কলি এই জগতে প্রবিষ্ট হইয়াও ততদিন আপনার প্রভাব প্রকাশ করিতে পারেন নাই ॥ ৫ ॥

যে দিনে, যে সময়ে ভগবান্ শ্রীকৃষ্ণ পৃথিবী পরিত্যাগ করিয়াছিলেন, সেই দিনে সেই সময়ে অধর্ম্মের জনক কলি এই জগতে প্রবেশ করিয়াছিল ॥ ৬ ॥

আভাস।

তিরোহিত হইল; অতি অল্প কালের পরই গর্ভ বিমুক্ত হইয়া, তিনি যেমন সসাগরা পৃথিবীর সাম্রাজ্য লাভ আপনাকে অতীব কৃতী জ্ঞানে আনন্দিত হইয়াছিলেন, এক্ষণে বিষম কোপানল দর্শনে ও বিঘ্ন বিনাশন এবং ভাবী কৃপাব্যঞ্জক মনোহর বিষ্ণুমূর্ত্তি সন্দর্শনের প্রতীক্ষায় তাঁহার মন সেইরূপ আবদ্ধ হইল; তিনি দেহবিমুক্ত হইয়া, অনন্ত শান্তির আশায় উপস্থিত হইয়া বিন্দুমাত্র শঙ্কিত হইলেন না। ১। ২।

নানুদ্বেষ্টি কলিং সম্রাট্ সারঙ্গ ইব সারভুক্।
কুশলান্যাশু সিধ্যন্তি নেতরাণি কৃতানি যৎ ॥ ৭ ॥
কিন্নু বালেষু শূরেণ কলিনা ধীরভীরুণা।
অপ্রমত্তঃ প্রমত্তেষু যো বৃকো নৃষু বর্ত্ততে ॥ ৮ ॥

অন্বয়ঃ।

সারঙ্গঃ ভ্রমরঃ ইব সারভুক্ সারগ্রাহী পরিক্ষীৎ কলিং ন অনুদ্বেষ্টি। যৎ যতঃ কলিযুগে কুশলানি পুণ্যানি আশু সংকল্পমাত্রেণ সিধ্যন্তি ফলন্তি, ইতরাণি পাপানি তথা ন; অপিতু কৃতানি এব সিধ্যন্তি ॥ ৭ ॥

যঃ কলিঃ প্রমত্তেষু অনবহিতেষু নৃষু অপ্রমত্তঃ সাবধানঃ সন বৃকঃ ইব বর্ত্ততে তাদৃশেন শূরেণ ধীরভীরুণা তাদৃশেন কলিনা কিং নু ন কিমপি অনিষ্টমিতি ভাবঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

নম্নু অধর্ম্মহেতুং কলিং সর্ব্বথা কিং ন হতবান্ তত্রাহ নানুদ্বেষ্টীতি সারঙ্গো ভ্রমর ইব সারগ্রাহী। সারমাহ যৎ যস্মিন্ কুশলানি পুণ্যানি আশু সংকল্পমাত্রেন ফলন্তি। ইতরাণি পাপানি আশু ন সিধ্যন্তি যতস্তানি কৃতন্যেব সিধ্যন্তি। নতু সংকল্পিতমাত্রানীতি ॥ ৭ ॥

নম্নু দোষাধিক্যাৎ তদ্বেষ এব যুক্তঃ ন ধীরেষু তস্যাঽকিঞ্চিৎকরত্বাৎ ইত্যাহ কিং নু তেন ভবেৎ বালেষু অধীরেষু অপ্রমত্তঃ সাবধানঃ সন্ যো বৃক ইব বর্ত্ততে ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিগৃহীতে কলৌ রাজ্ঞঃ কীদৃশো ভাব আসীদিত্যপেক্ষায়ামাহ। সারঙ্গো ভ্রমরইব সারগ্রাহী। সারমাহ। যৎ যস্মিন্ কুশলানি পুণ্যানি আশু সঙ্কল্পমাত্রেণ ফলন্তি, ইতরাণি পাপানি আশু ন সিধ্যন্তি কৃতান্যেব সিধ্যন্তি নত্বকৃতানীতি তেন কুশলান্যকৃতান্যপি সিধ্যন্তি ইতি লভ্যতে। অকৃতত্বং খল্বিহ সংকল্পিতত্বং ব্যাখ্যাতং ॥ ৭ ॥

অন্যেঽপি রাজ্ঞোঽভিপ্রায় আসীদিত্যাহ। বালেষবিবেকিষু শূরেণ কলিনা কিং ন

কলিযুগের এই একটী প্রধান গুণ যে, এই যুগে সংকল্পমাত্রেই পুণ্যের ফল হইয়া থাকে, কিন্তু মানসিক পাপের ফল হয় না; পাপ কর্ম্ম করিলে পর তাহার ফল হইয়া থাকে। রাজা পরীক্ষিৎ ভৃঙ্গের ন্যায়, কলির এই গুণভাগ গ্রহণ করিয়াই, তাহাকে বিনাশ করিলেন না ॥ ৭ ॥

তিনি আরও বিবেচনা করিলেন, নির্ব্বোধ ব্যক্তিদিগের নিকটেই কলির প্রভাব; সে ধীর ব্যক্তির নিকটে ভয়ে যাইতেও পারে না। বালক সমীপে বৃকের

উপবর্ণিতমেতদ্বঃ পুণ্যং পারীক্ষিতং ময়া।
বাসুদেবকথোপেতমাখ্যানং যদপৃচ্ছত ॥ ৯ ॥
যা যাঃ কথা ভগবতঃ কথনীয়োরুকর্ম্মণঃ।
গুণকর্ম্মাশ্রয়াঃ পুংভঃ সংসেব্যাস্তা বুভূষুভিঃ ॥ ১০ ॥
ঋষয় উচুঃ ॥
সূত জীব সমাঃ সৌম্য শাশ্বতীর্বিশদং যশঃ।

যূয়ং বাসুদেবকথোপেতং কৃষ্ণচরিত্রসমন্বিতং পুণ্যং পারীক্ষিতং আখ্যানং যৎ অপৃচ্ছত পৃষ্টবন্তঃ এতৎ বঃ যুস্মাকং সমীপে ময়া উপবর্ণিতং ॥ ৯ ॥

কথনীয়োরুকর্ম্মণঃ পবিত্রযশসঃ ভগবতঃ কৃষ্ণস্য যাঃ যাঃ গুণকর্ম্মাশ্রয়াঃ কথাঃ তাঃ বুভূষুভিঃ শ্রেয়স্কামৈঃ পুংভিঃ সততং সংসেব্যাঃ ॥ ১০ ॥

হে সৌম্য সূত! শাশ্বতীঃ সমাঃ জীব মর্ত্ত্যলোকে বর্ত্তস্ব। যঃ ত্বং মর্ত্ত্যানাং মরণধর্ম্ম-

শ্রীধরস্বামী।

পারীক্ষিতমাখ্যানং অপৃচ্ছত পৃষ্টবন্তো যূয়মিতি ॥ ৯ ॥

কিং বহুনা নরৈরেতাবদেব কর্ত্তব্যমিতি সর্ব্বশাস্ত্রসারং কথয়তি যা যা ইতি। কথনীয়ানি উরূণি কর্ম্মাণি যস্য তস্য গুণকর্ম্মবিষয়াঃ বুভূষুভিঃ সদ্ভাবমিচ্ছদ্ভিঃ ॥ ১০ ॥

পুনর্ব্বিস্তারেণ কথাঃ শুশ্রূষবঃ সূতোক্তিং তৎসত্বং চাভিনন্দন্তি সূতেতি ত্রিভিঃ। শাশ্বতীঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিমপ্যনিষ্টং যতো ধীরেষু বিবেকিষু ভক্তজনেষু চ ভীরুণা। বালকস্যেব বৃকঃ শূরঃ ॥ ৮ ॥ ৯ ॥

পৌরুষ প্রদর্শনের, ন্যায় প্রমত্ত ব্যক্তির উপরই সে সাবধানে আপনার প্রভাব প্রকাশ করে ॥ ৮ ॥

হে মুনিগণ! আপনারা আমাকে হরিকথাশ্রিত যে আখ্যান জিজ্ঞাসা করিয়াছিলেন, তদনুসারে এই পরীক্ষিতের পবিত্র বৃত্তান্ত বর্ণন করিলাম। ৯ ॥

যে সকল কথায় সেই উরুকর্ম্মা ভগবান্ হরির গুণ ও কর্ম্ম প্রকাশ পায়, আত্মোন্নতিকামনায় মানব সকলের সেই সকল কথাই শ্রবণ করা কর্ত্তব্য ॥ ১০ ॥

ঋষিগণ বলিলেন, হে সূত! তুমি চিরজীবী হও! যে হেতু তুমি মরণ-

যত্ত্বং শংসসি কৃষ্ণস্য মর্ত্ত্যানামমৃতং হি নঃ ॥ ১১ ॥
কর্ম্মণ্যস্মিন্ননাশ্বাসে ধূমধূম্রাত্মনাং ভবান্।
আপায়য়তি গোবিন্দপাদপদ্মাসবং মধু ॥ ১২ ॥

অন্বয়ঃ।

শীলানাং নঃ অস্মাকং অমৃতং মরণনিবর্ত্তকং কৃষ্ণস্য বিশদং যশঃ শংসসি কীর্ত্তয়সি ॥ ১১ ॥

অনাশ্বাসে অবিশ্বসনীয়ে অস্মিন্ সত্রাদিকর্ম্মণি ধূমধূম্রাত্মনাং আয়াসক্লিষ্টদেহানাং, (অস্মান্) ইত্যর্থঃ মধু মধুরং গোবিন্দপাদপদ্মাসবং শ্রীকৃষ্ণচরণকমলস্য মকরন্দং আপায়য়তি। ণিজন্তস্য পাধাতোঃ দ্বিকর্ম্মত্বং ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

সমাঃ অনন্তান্ বৎসরান্ জীব, অত্যন্ত সংযোগে দ্বিতীয়া। বিশুদ্ধং যশঃ কীর্ত্তয়সি যচ্চাস্মাকং মর্ত্ত্যানাং অমৃতং মরণনিবর্ত্তকং ॥ ১১ ॥

কিঞ্চ অস্মিন্ কর্ম্মণি সত্রে অনাশ্বাসে অবিশ্বসনীয়ে, বৈগুণ্যবাহুল্যেন ফলনিশ্চয়াভাবাৎ। ধূমেন ধূম্রঃ বিবর্ণ আত্মা শরীরং যেষাং তানস্মান্ কর্ম্মণি ষষ্ঠী। আসবং মকরন্দং মধু মধুরং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বুভূষুভিঃ স্বসত্তামিচ্ছদ্ভিঃ অন্যথা জীবন্মৃতত্বং স্যাদিতি ভাবঃ ॥ ১০ ॥ ১১ ॥

কর্ম্মণ্যস্মিন্ সত্রে অনাশ্বাসে অবিশ্বসনীয়ে বৈগুণ্যবাহুল্যেন ফলনিশ্চয়াভাবাৎ। তেন ভক্তেবিশ্বসনীয়ত্বমুক্তং। ধূমেন ধূম্রা বিবর্ণা আত্মানশ্চক্ষুরাদ্যবয়বা দেহা যেষাং তেষাং

রোগগ্রস্ত মানবের অমৃতস্বরূপ শ্রীকৃষ্ণের নির্ম্মল যশঃ আমাদিগের নিকট বর্ণন করিতেছ ॥ ১১ ॥

এই যজ্ঞ করিতে করিতে যজ্ঞের ধূমে আমাদিগের শরীর বিবর্ণ হইয়াছে,

আভাস।

ঋষিগণ বাসুদেব সম্বন্ধীয় পরীক্ষিতের মনোজ্ঞ উপাখ্যান শ্রবণ করিয়া, অতিশয় সন্তুষ্ট হইলেন এবং সূতকে আশীর্ব্বাদ করত বলিলেন তুমি চিরায়ুঃ হও! এবং যে পর্য্যন্ত আমাদের ন্যায় মরণরোগগ্রস্ত মানব এই মর্ত্ত্যধামে লুণ্ঠিত হইতে দেখিবে, তোমার কৃষ্ণনামৌষধি বিতরণে তাহাদিগকে সুস্থ কর! ॥ ১১ ॥

যজ্ঞাদি কর্ম্ম নির্ব্বিঘ্নে সুসম্পন্ন হওয়া নিতান্তই অসম্ভব। এই দেখ! এই যজ্ঞের অনুষ্ঠানাবধি প্রতিনিয়ত পরিশ্রমে আমরা নিতান্ত ক্লান্ত ও একান্ত শ্রান্ত হইয়াছি, ধূমে

তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবং।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ॥ ১৩॥

অন্বয়ঃ।

ভগবৎসঙ্গিসঙ্গস্য ভক্তসংসর্গস্য লবেন অত্যল্পকালেন সহ স্বর্গং অপুনর্ভবং মোক্ষং বা ন তুলয়াম ন সমং পশ্যাম। মর্ত্ত্যানাং আশিষঃ প্রার্থনীয়াঃ রাজ্যাদ্যাঃ উত কি বক্তব্যং॥ ১৩॥

শ্রীধরস্বামী।

ভগবৎসঙ্গিনো বিষ্ণুভক্তাঃ তেষাং সঙ্গস্য যো লবঃ অত্যল্পঃ কালঃ তেনাপি স্বর্গং ন তুলয়াম ন সমং পশ্যাম। নচাপবর্গং সম্ভাবনায়াং লোট্। মর্ত্ত্যানাং তুচ্ছা আশিষো রাজ্যাদ্যাঃ ন তুলয়াম ইতি কিমুত বক্তব্যং॥ ১৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ম্মণি ষষ্ঠী। ভক্তেঃ সাক্ষাৎ ফলদত্বমাহ আপায়য়তীতি। আসবং মকরন্দরূপং মধু মাদকমিতি তদিতরসর্ব্বসুখদুঃখানমুভবাৎ প্রতীক্ষণং তদীয়স্বাদুত্বানুভবাচ্চ॥ ১২॥

তস্মাৎ তাদৃশসাধুসঙ্গমহানিধে র্মাহাত্ম্যমস্মদনুভবগোচরীকৃতং কিয়দত্রম ইত্যাহুঃ ভগবৎসঙ্গিনো ভক্তাস্তেষাং সঙ্গস্য যো লবোঽত্যল্পঃ কালস্তেন স্বর্গং কর্ম্মফলং অপুনর্ভবং মোক্ষঞ্চ জ্ঞানফলং ন তুলয়াম মর্ত্ত্যানাং তুচ্ছা আশিষো রাজ্যাদ্যাঃ কিমুত বক্তব্যং ন

অথচ বৈগুণ্যবাহুল্য প্রযুক্ত এই যজ্ঞেও আমরা ফলপ্রাপ্তি সম্বন্ধে সম্পূর্ণ বিশ্বাস স্থাপন করিতে পারিতেছি না। তুমি এই নিরাশ্বাসকালে আসিয়া আমাদিগকে সুমধুর কৃষ্ণচরণকমলের মকরন্দ পান করাইতেছ॥ ১২॥

অহো ভক্তসংসর্গ এতই উপাদেয় যে, তাহার মুহূর্ত্তকালের সহিত স্বর্গের কিম্বা মোক্ষেরও তুলনা হয় না। মরণধর্ম্মশীল মানবগণের প্রার্থনীয় রাজ্যাদির কথা আর কি বলিব, তাহার সহিত কখন ত তুলনা হইবেই না!॥ ১৩॥

আভাস।

আমাদিগের চক্ষু অতিশয় অভিভূত হইয়াছে; তথাপি এই যজ্ঞ সর্ব্বাঙ্গ-সুন্দররূপে সম্পন্ন হইয়া, উপযুক্তরূপ ফল প্রদান করিবে বলিয়া, আমাদের মনে আশা জন্মিতেছে না। কিন্তু ভক্তির ফল প্রত্যক্ষ; তাহার আর কোন অঙ্গভঙ্গ ও অকালজনিত প্রত্যবায়ের সম্ভাবনা নাই। সুস্থ বা অসুস্থ ব্যক্তি যে কোন সময়ে মদিরা সেবন করুন না, মুহূর্ত্তকাল মধ্যে বাহ্য সুখ দুঃখাদি বিস্মৃত হইয়া, একটী অভিনব মত্ততারসে নিমগ্ন হন; জানি না!

কো নাম তৃপ্যেদ্রসবিৎ কথায়াং মহত্তমৈকান্তপরায়ণস্য ।
নান্তং গুণানামগুণস্য জগ্মুর্যোগেশ্বরা যে ভবপাদ্মমুখ্যাঃ ॥ ১৪ ॥

অন্বয়ঃ ।

ভবপাদ্মমুখ্যা শিববিরিঞ্চ্যাদয়ঃ যে যে যোগেশ্বরাঃ (যস্য) মহত্তমৈকান্তপরায়ণস্য সর্ব্বাশ্রয়স্য অগুণস্য ভগবতঃ গুণানাং বিভূতীনাং অন্তং ন জগ্মুঃ (তস্য) কথায়াং কঃ নাম রসবিৎ তৃপ্যেৎ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী ।

এবং সৎসঙ্গমভিনন্দ্য শ্রবণেৎসুক্যমাবিষ্কুর্ব্বন্তি । কোনামেতি । রসবিৎ রসজ্ঞঃ । মহত্তমানামেকান্তেন পরময়নমাশ্রয়ো যঃ তস্য কথায়াং অগুণস্য প্রাকৃতগুণরহিতস্য কল্যাণগুণানামন্তং যে যোগেশ্বরা তেঽপি ন জগ্মুঃ এতাবন্ত ইতি ন পরিগণয়াঞ্চক্রুঃ । ভব শিবঃ পাদ্মো ব্রহ্মাচ মুখ্যৌ যেষাং তে ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

তুলয়ামেতি যতঃ সাধুসঙ্গেন পরমদুর্ল্লভায়া ভক্তেরঙ্কুরো হৃদ্যুদ্ভবতীতি ভাবঃ । তত্র ভক্তেঃ সাধনস্যাপি সাধুসঙ্গস্য লবেনাপি কর্ম্মজ্ঞানাদেঃ ফলং সংপূর্ণমপি ন তুলয়াম কিমুত বহুকালব্যাপিনা সাধুসঙ্গেন কিমুততরাং তৎফলভূতয়া ভক্ত্যা কিমুততমাং ভক্তিফলেন প্রেম্নেতি চ কৈমুত্যাতিশয়ো দ্যোতিতো ভবতি । তথাত্র সম্ভাবনার্থলোটা তোলনসম্ভাবনামেব ন কুর্ম্মঃ । নহি মেরুণা সর্ষপং কশ্চিত্তুলয়তীতি দ্যোত্যতে বহুবচনেন বহূনাং সম্মত্যা নৈষোঽর্থঃ কেনচিদপ্রমাণীকর্ত্তুং শক্যতে ইতি ব্যজ্যতে ভগবৎসঙ্গিসঙ্গস্য ইত্যনেন ন তথাস্য ভবেৎ ক্লেশো বন্ধশ্চান্যপ্রসঙ্গতঃ । যোষিৎসঙ্গাদ্ যথা পুংস স্তথা তৎসঙ্গিসঙ্গতঃ । ইতি যোষিৎসঙ্গাদপি যোষিৎসঙ্গিনাং সঙ্গো যথাতিনিন্দ্য উক্তঃ তথৈব ভগবৎসঙ্গাদপি ভগবৎসঙ্গিনাং সঙ্গোঽতিপ্রশস্যোঽত্যভিলষণীয় ইতি বোধ্যতে ॥ ১৩ ॥

ভগবান্ কৃষ্ণ মহত্তমদিগের একমাত্র আশ্রয় ও গুণাতীত ; শিব ব্রহ্মা প্রভৃতি মহাযোগেশ্বরেরাও তাঁহার গুণের অন্ত পান নাই । অতএব কোন্ রসজ্ঞ ব্যক্তি তাঁহার কথা শ্রবণে বিরত হইতে পারে ? ॥ ১৪ ॥

আভাস ।

গোবিন্দ পাদপদ্ম ক্ষরিত কি অপূর্ব্ব মধুই তুমি আমাদিগকে পান করাইয়াছ ! ইহার মাদকতা আমাদের চিত্তে এতই প্রবল হইয়াছে যে, সামান্য জগতের সুখ দূরে থাকুক ! স্বর্গসুখ বা

তন্নো ভবান্ বৈ ভগবৎপ্রধানো মহত্তমৈকান্তপরায়ণস্য।
হরেরুদারং চরিতং বিশুদ্ধং শুশ্রূষতাং নো বিতনোতু বিদ্বন্ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

হে বিদ্বন্, তৎ তস্মাৎ ভগবৎপ্রাধানঃ ভগবান্ প্রধানং সেব্যঃ যস্য স ভবান্ শুশ্রূষতাং শ্রোতুং ইচ্ছতাং নঃ অস্মাকং সম্বন্ধে বিশুদ্ধং মায়াতীতং মহত্তমৈকান্তপরায়ণস্য মহত্তমানাং আশ্রয়স্য হরেঃ চরিতং বিতনোতু বিস্তারয়তু ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

তন্নোঽস্মাকং মধ্যে ভগবান্ প্রধানং সেব্যো যস্য স ভবান্। নঃ শুশ্রূষতাং হরেশ্চরিতং বিস্তারয়তু ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ সত্যমেব প্রশস্যস্তে সাধুসঙ্গো যতস্তং বিনা কৃষ্ণকথাস্বাদো ন লভ্যতে স যুষ্মাভির্লব্ধ এবেতি কিং পুনস্তস্যৈব পৌনঃপুন্যেনেত্যত আহ কো নামেতি। রসবিদ্রসজ্ঞশ্চেৎ তদা কো নাম মহত্তমানাং একান্তেন পরং অয়নং আশ্রয়ো যস্তস্য কথায়াং তৃপ্যেদিতি মহামাধুর্য্যমুক্তং মহৈশ্বর্য্যঞ্চাহ নান্তমিতি। যতঃ অগুণস্য প্রাকৃতগুণরহিতস্য গুণানাং চিন্ময়ানাং অন্তং যে যোগেশ্বরা স্তেঽপি ন জগ্মুঃ ॥ ১৪ ॥

নোঽস্মাকং মধ্যে ভগবান্ প্রধানং সেব্যো যস্য সঃ ভবান্ নোঽস্মাকং শুশ্রূষতাং সম্বন্ধেন বিশুদ্ধং মায়াতীতং ॥ ১৫ ॥

হে পণ্ডিতাগ্রগণ্য! তুমি সর্ব্ব কর্ম্ম পরিত্যাগ করিয়া, ভগবানের সেবা করিয়া থাক। মহত্তমদিগের একমাত্র আশ্রয় সেই হরির নির্ম্মল অথচ বিশুদ্ধ চরিত্র আমরা শ্রবণ করিতে ইচ্ছা করিতেছি। আমাদিগের নিকট বিস্তার পূর্ব্বক তুমি বর্ণন কর। ॥ ১৫ ॥

আভাস।

মোক্ষসুখের সহিতও এ সুখের তুলনা আমরা দিতে পারিতেছি না। যে ভক্তি অতি দুর্লভ, অনেক কর্ম্ম ও জ্ঞানের সাপেক্ষ্য, তাহাও অতি অল্পকাল মাত্র ভক্ত সংসর্গে লাভ করা যায়; আবার দুর্লভ ভক্ত সমাগম যদি কিছু অধিক কালের জন্য ঘটে, তাহা আরো মধুর। এই ভক্ত সমাগমের ফল, ভক্তি বড়ই মধুর; না জানি! তৎফল ভগবৎপ্রেম কি অপূর্ব্ব! সুতরাং যেমন পর্ব্বতরাজ মেরুর পরিমাণ একটী সরিষার দ্বারা কখনই সম্ভব নহে, সেইরূপ সৃষ্ট জগতের দ্বারা সৃষ্টিকর্ত্তা ঈশ্বরের প্রেমেরও তুলনা হয় না। তবে ভক্তসম্বন্ধে এক শ্রেষ্ঠ

স বৈ মহাভাগবতঃ পরীক্ষিদ্যেনাপবর্গাখ্যমদভ্রবুদ্ধিঃ।
জ্ঞানেন বৈয়াসকিশব্দিতেন ভেজে খগেন্দ্রধ্বজপাদমূলম্॥ ১৬॥

অন্বয়ঃ।

অদভ্রবুদ্ধিঃ স্থিরমতিঃ, মহাভাগবতঃ সঃ পরীক্ষিৎ বৈয়াসকিশব্দিতেন শুককথিতেন যেন জ্ঞানেন জ্ঞানসাধনেন অপবর্গাখ্যং অপবর্গঃ মোক্ষঃ ইতি আখ্যা যস্য তৎ, খগেন্দ্রধ্বজপাদমূলং হরেঃ পাদমূলং ভেজে॥ ১৬॥

শ্রীধরস্বামী।

তচ্চ শুকপরীক্ষিৎসম্বাদেন কথং ইত্যাহ স বা ইতি দ্বাভ্যাং। বৈয়াসকিনা শব্দিতেন কথিতেন যেন জ্ঞানেন জ্ঞানসাধনেন অপবর্গ ইত্যাখ্যা যস্য তৎ খগেন্দ্রধ্বজস্য হরেঃ পাদমূলং ভেজে॥ ১৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্ু জ্ঞানাদেব মোক্ষ ইতি জ্ঞানায় তৎফলায় মোক্ষায় চ কথং ন স্পৃহয়থেতি চেদস্মাকং ভক্তানাং ভগবচ্চরিতাস্বাদনং জ্ঞানং তৎফলং ভগবৎপদপ্রাপ্তিরেব মোক্ষ ইতি পরীক্ষিদ্‌দৃষ্টৈবাহুঃ। তচ্চরিতং ভবান্ বিতনোতু যেন স বৈ পরীক্ষিৎ খগেন্দ্রধ্বজস্য ভগবতঃ পাদমূলং প্রাপ। নন্ু দ্বাদশস্কন্ধে পরীক্ষিদপবর্গং প্রাপেতি প্রসিদ্ধিঃ সত্যং। অপবর্গ ইত্যাখ্যা যস্য তদ্ভক্তৈর্ভগবৎপাদমূলমেবাপবর্গ উচ্যতে। বক্ষ্যতে চ পঞ্চমস্কন্ধে যথাবর্ণবিধানমপবর্গশ্চ ভবতি যোঽসৌ ভগবতি ভক্তিযোগ ইতি যেন কথংভূতেন বৈয়াসকিশব্দিতেন। যথৈব তৎপাদমূলমপবর্গশব্দেনোচ্যতে তথৈব তচ্চরিতমপি জ্ঞানশব্দেন বৈয়াসকিনোচ্যতে। অতো জ্ঞানেন পরীক্ষিদপবর্গং প্রাপেতি প্রসিদ্ধি র্নানৃতেত্যর্থঃ। এতেন স প্রেত্য গতবান্ যথেতি প্রশ্নস্যোত্তরমুক্তং॥ ১৬॥

মহাভাগবত পরীক্ষিৎ, শুকদেবের নিকট যে জ্ঞান লাভ করিয়া মোক্ষস্বরূপ ভগবান্ গরুড়ধ্বজের পাদপদ্ম লাভ করিয়াছিলেন, তাহাও বর্ণন কর।॥ ১৬॥

আভাস।

বলিবার কারণ এই যে, স্থানান্তরে বর্ণন করিয়াছেন কামিনী ও কামী পুরুষের সহবাসে মানবগণ যেরূপ সংসারে আসক্ত ও অভিভূত হয়, অন্য কোন দ্রব্যের সম্ভোগে তাদৃশ হয় না। এবং পণ্ডিতগণ পরস্ত্রী সহবাস অপেক্ষা স্ত্রৈণ পুরুষের সমাগম যেমন অধিক দোষাবহ ও নিন্দনীয় বলিয়া কীর্ত্তন করিয়াছেন, সেইরূপ ভক্ত-সমাগমও জীবের পক্ষে অতীব শুভপ্রদ ও বাঞ্ছনীয় সন্দেহ নাই। ১২॥ ১৩॥

তন্নঃ পরং পুণ্যমসম্বৃতার্থমাখ্যানমত্যদ্ভুতযোগনিষ্ঠং।
আখ্যাহ্যনন্তাচরিতোপপন্নং পারীক্ষিতং ভাগবতাভিরামং ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

অত্যদ্ভুতযোগনিষ্ঠং অত্যদ্ভুতে ব্রহ্মৈকলক্ষণে যোগে নিষ্ঠা যস্য তৎ ভাগবতাভিরামং ভক্তপ্রিয়ং অনন্তচরিতোপপন্নং অনন্তস্য হরেঃ চরিতেন উপপন্নং যুক্তং পুণ্যং পারীক্ষিতং পরীক্ষিতসম্বন্ধীয়ং, তৎ আখ্যানং অসম্বৃতার্থং স্পষ্টং যথা তথা আখ্যাহি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

তৎ অসম্বৃতার্থং যথা তথা আখ্যাহি। তদেব নির্দ্দিশতি। পরীক্ষিতে কথিতং পারীক্ষিতং আখ্যানং শ্রীভাগবতং পুরাণং পরং পুণ্যং সত্বশোধকং। অত্যদ্ভুতে যোগে নিষ্ঠা যস্য। অনন্তস্য চরিতৈরুপপন্নং যুক্তং অতএব ভাগবতানামভিরামং প্রিয়ং এতৈ-র্বিশেষণৈঃ কর্ম্মজ্ঞানভক্তিযোগপ্রকাশকত্বং দর্শিতং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অসম্বৃতার্থং যথাস্যাৎ তথাখ্যাহি। অত্যদ্ভুতে যোগে ভক্তৌ নিষ্ঠা যস্য আখ্যানং শ্রীভাগবতং যতো ভাগবতানাং ভক্তানাং অভিরামং প্রিয়ং পারীক্ষিতং পরীক্ষিতে কথিতং ॥ ১৭ ॥

শুকদেব পরীক্ষিতের নিকট যে আখ্যান বলিয়াছিলেন, তাহাতে অদ্ভুত যোগের কথা বর্ণিত আছে; এবং তাহা অনন্তদেব ভগবানের চরিত্রে পরিপূর্ণ; অতএব ভক্তদিগের অতি প্রিয়, সেই পুণ্যতম আখ্যানটী স্পষ্টরূপে আমাদিগের নিকট বর্ণন কর! ॥ ১৭ ॥

আভাস।

ভক্তসঙ্গ ব্যতীত ভক্তবৎসল ভগবানের নামামৃত পান করা ঘটে না; এবং সে রস পানে কাহারও কখন বিতৃষ্ণা জন্মে না। কারণ সামর্থ্যে যিনি অচিন্ত্যনীয় এবং রূপে অনির্ব্বচনীয়, সংসার স্রোতে সৃষ্টিকর্ত্তা নামে অভিহিত হইয়া যাবতীয় লোকপালাদিরও যিনি সৃজনকারী, যাঁহার মাধুরীতে ভূষিত হইয়া দৃশ্যজাত মধুরবোধে প্রতীত হইয়া থাকে, যে গুণাতীত পরম পুরুষের চৈতন্য-জ্যোতির আদি ও অন্ত যোগেশ্বরগণও এ পর্য্যন্ত দর্শনে সক্ষম হন নাই, কোন্ রসিক পুরুষ জানিয়া শুনিয়াও তাদৃশ ভগবৎ রসে বঞ্চিত থাকিতে বাসনা করে! তাদৃশ ভগবানের লীলামৃত আস্বাদন করাই ভক্তের জ্ঞান, এবং ভগবদ্

[illegible] ॥ ১৫ ॥ ১৬ ॥

সূত উবাচ ।

অহো বয়ং জন্মভৃতোঽদ্য হাস্ম বৃদ্ধানুবৃত্ত্যাপি বিলোমজাতাঃ ।
দৌষ্কুল্যমাধিং বিধুনোতি শীঘ্রং মহত্তমানামভিধানযোগঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ ।

অহো বিলোমজাতাঃ বর্ণশঙ্করাঃ অপি বয়ং বৃদ্ধানুবৃত্ত্যা বৃদ্ধানাং আদরেণ জন্মভৃতঃ সফলজন্মানঃ আস্ম জাতাঃ । হ ইতি হর্ষে মহত্তমানাং অভিযোগঃ সম্ভাষণসম্বন্ধঃ দৌষ্কুল্যং আধিং মনঃপীড়াঞ্চ বিধুনোতি অপনয়তি ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী ।

শ্রীভাগবতব্যাখ্যানে লব্ধপ্রসঙ্গঃ মহতামাদরপাত্রমাত্মানং শ্লাঘতে দ্বাভ্যাং । অহো অত্যাশ্চর্য্যে । হ ইতি হর্ষে বয়মিতি বহুবচনং শ্লাঘায়াং, বিলোমজাতা অপি অদ্য জন্মভৃতঃ সফলজন্মানঃ আস্ম জাতাঃ বৃদ্ধানামনুবৃত্ত্যা আদরেণ । জ্ঞানবৃদ্ধঃ শুকস্তস্য সেবয়া ইতি বা । যতো দুষ্কুলত্বং তন্নিমিত্তমাধিঞ্চ মনঃপীড়াং মহত্তমানামভিধানযোগং লৌকিকোঽপি সংভাষণলক্ষণসম্বন্ধঃ বিধুনোতি অপনয়তি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

শ্রীভাগবতাখ্যানে ঋষিভির্দত্তযোগ্যতাকমাত্মানমভিনন্দতি । বিলোমজা নিন্দ্যা অপি অদ্য জন্মভৃতঃ সফলজন্মানঃ আস্ম জাতাঃ । হ স্পষ্টং । বৃদ্ধানাং জ্ঞানবৃদ্ধানাং জ্ঞানবৃদ্ধস্য শুকস্য বা অনুবৃত্ত্যা যতো দুষ্কুলত্বং তন্নিমিত্তমাধিং চ মনঃপীড়াং মহত্তমানামভিধানযোগঃ লৌকিকোঽপি সংভাষণলক্ষণসম্বন্ধঃ বিধুনোতি কুতঃ পুনঃ কিং বক্তব্যং গৃণতঃ কীর্ত্তয়তঃ পুংসঃনামকর্ত্তৃদৌষ্কুল্যং বিধুনোতি ॥ ১৮ ॥

সূত কহিলেন, কি আশ্চর্য্য ! অতি নীচ সূত-কুলে জন্ম গ্রহণ করিলেও, এই প্রাচীন ঋষিগণ যখন আমাকে আদর করিতেছেন, অদ্য আমার জন্ম সফল হইল ; মহত্তমদিগের সহিত আলাপমাত্র করিলেও, দুষ্কুলত্ব ও তন্নিমিত্ত মনঃ পীড়া আশু দূরীভূত হয়, সন্দেহ নাই ॥ ১৮ ॥

আভাস ।

লোমহর্ষণ-তনয় সূত বিদ্যাবিনয়সম্পন্ন মহাতপস্বী প্রাজ্ঞ শৌনকাদি ষষ্ঠী সহস্র ঋষিগণ-পরিশোভিত অপূর্ব্ব সভায় বেদব্যাসের চরম গ্রন্থ ভক্তিমূলক পুরাণোত্তম ভাগবত ব্যাখ্যার জন্য আপনাকে বক্তা নির্দ্দিষ্ট দেখিয়া, নিতান্ত সঙ্কুচিত হইলেন । স্বীয় বিলোমজন্মের কথা স্মরণে লজ্জিত হইয়া অতি বিনীতবচনে ঋষিগণকে অভিবাদন পূর্ব্বক বলিলেন,—

কুতঃ পুনর্গৃণতো নাম তস্য মহত্তমৈকান্তপরায়ণস্য।
যোঽনন্তশক্তির্ভগবাননন্তো মহদ্গুণত্বাদ্যমনন্তমাহুঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

মহত্তমৈকান্তপরায়ণস্য তস্য হরেঃ নামঃ গৃণতঃ কীর্ত্তয়তঃ পুংসঃ পুনঃ কুতঃ দুঃখং; যঃ অনন্তশক্তিঃ ভগবান্ অনন্তঃ যং হরিং মহদ্গুণত্বাৎ অনন্তং আহুঃ ব্রুবন্তি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

কুতঃ পুনঃ কিং পুনর্বক্তব্যং তস্যানন্তস্য নাম গৃণতঃ পুংসো মহত্তমানামভিধানযোগে-দৌষ্কুল্যং বিধুনোতীতি। যদ্বা নাম গৃণতঃ কুতঃ পুনঃ দৌষ্কুল্যমিতি যদ্বা গৃণতঃ পুংসস্তস্য নাম দৌষ্কুল্যং বিধুনোতীতি কিং বক্তব্যমিতি। কৈমুত্যমেবাহ। অনন্তাঃ শক্তয়ো যস্য। স্বতোঽপ্যনন্তঃ। কিঞ্চ মহৎসু গুণা যস্য স মহদ্গুণঃ তস্য ভাবস্তত্ত্বং তস্মাৎ যং গুণতোঽপ্যনন্তমাহুঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ দৌষ্কুল্যারম্ভকং পাপং প্রারব্ধমেব তস্য নাশং বিনা কথং দৌষ্কুল্যধূননং, প্রারব্ধস্যতু ভোগেনৈব নাশ ইতি প্রসিদ্ধেঃ নামতঃ কথং খণ্ডয়তীত্যত আহ। যো ভগবাননন্তশক্তিরিতি শক্তীনামানন্ত্যাত্তক্তপ্রারব্ধনাশিন্যপি কাচিত্তস্য শক্তিরস্ত্যেবেতি ভাবঃ। তথাচ মহৎসু স্বভক্তেষু গুণা যস্য স মহদ্গুণস্তস্য ভাবস্তত্ত্বং তস্মাদ্যমনন্তমাহুরিতি তেন তদ্ভক্তেষু তদীয়-গুণ সংক্রমাৎ তস্মিন্নিব তদ্ভক্তেঽপি প্রারব্ধং ন তিষ্ঠতি ॥ ১৯ ॥

আর যে ব্যক্তি সেই মহোত্তমদিগের একমাত্র আশ্রয় ভগবানের নাম কীর্ত্তন করে তাহার যে দুষ্কুলত্ব ও মনঃপীড়া নষ্ট হইবে তাহাতে আর বাধা কি! সেই ভগবান্ অনন্তশক্তিসম্পন্ন তাঁহার মহদ্‌গুণ সমূহ থাকায় পণ্ডিতেরা তাঁহাকে অনন্তদেব বলিয়া থাকেন ॥ ১৯ ॥

আভাস

"অদ্য আমার জন্ম সার্থক; বিপ্রগণ গায়ত্র্যাদি বেদসংস্কার দ্বারা যেমন দ্বিজত্ব প্রাপ্তে জনসমাজে পুজিত ও সর্ব্ব ক্রিয়ায় অধিকারী হন, আপনাদের দ্বারা সংকৃত ও শ্রীমদ্ভাগবত পুরাণ ব্যাখ্যানে অনুমোদিত হইয়া, আমারও বিলোম জন্ম ঘুচিয়া আভিজাত্যের অভিমান হইতেছে। পুণ্যাত্মা শ্রেষ্ঠ ব্যক্তিগণ যাহাকে আদর ও সন্মান করেন, সে নীচবংশসম্ভূত ও দারিদ্র্যাদি দোষে দূষিত হইলেও, অপর সাধারণের নিকট পূজ্য হয় ও মনের শান্তিতে বাস করে। হে ঋষিগণ! আমার আর কথা কি! একত আপনারা আমাকে আদর

এতাবতালং ননু সূচিতেন গুণৈরসাম্যানতিশায়নস্য।
হিত্বেতরান্ প্রার্থয়তো বিভূতির্যস্যাঙ্ঘ্রিরেণুং জুষতেহনভীপ্সোঃ॥ ২০

অন্বয়ঃ।

গুণৈঃ অসাম্যানতিশায়নস্য অতুলনীয়স্য তস্য হরেঃ এতাবতা সূচিতেন কথনেন অলং পর্য্যাপ্তং। যৎ বিভূতিঃ লক্ষ্মীঃ প্রার্থয়তঃ ইতরান্ ব্রহ্মাদীন্ হিত্বা অনভীপ্সোঃ অনিচ্ছতঃ অপি যস্য অঙ্ঘ্রিরেণুং চরণধূলিং জুষতে সেবতে॥ ২০॥

শ্রীধরস্বামী।

এতৎ প্রপঞ্চয়তি এতাবতেতি ত্রিভিঃ তস্য যদসাম্যং অনতিশাদনঞ্চ গুণৈস্তৎ সাম্যং তদাধিক্যং চান্যস্য নাস্তীত্যস্যার্থস্য জ্ঞানং এতাবতা সূচিতেন অলং পর্য্যাপ্তং। কস্তদ্বক্তুং বিস্তরতঃ শক্নোতি। তদেবাহ ইতরান্ ব্রহ্মাদীন্ প্রার্থয়মানান্ হিত্বা বিভূতিঃ শ্রীঃ অনভীপ্সোরপি যস্যাঙ্ঘ্রিরেণুং সেবত ইতি॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু কে তে গুণাস্তত্র তান্ বক্তুং কঃ সমর্থঃ কিন্তু এতাবতা সূচিতেনালং যদ্গুণৈরসাম্যং ন অতিশায়নং যস্য তস্যেতি যস্য সম এব নাস্তি অধিকঃ কুতো ভবিষ্যতীত্যর্থঃ এবম্ভূতস্য যস্যানভীপ্সোরপি অঙ্ঘ্রিরেণুং বিভূতির্লক্ষ্মীঃ সর্ব্বগুণপূর্ণ মন্বিষ্যন্তী জুষতে সেবতে ইতরান্ ব্রহ্মাদীন্ প্রার্থয়মানানপি ত্যক্ত্বা॥ ২০॥

ব্রহ্মাদি দেবগণ প্রার্থনা করিলেও লক্ষ্মী তাঁহাদিগকে পরিত্যাগ করিয়া উপযাচিতভাবে যে ভগবান হরির কেবল পাদরেণুর প্রত্যাশায় চরণ সেবা করিয়া থাকেন, সেই ভগবান্ হরির সমান বা তাহার অপেক্ষা অধিক গুণবান যে, আর কেহ নাই তদ্বিষয়ে আর সন্দেহ কি?॥ ২০॥

আভাস।

করিতেছেন, দ্বিতীয়ত যাঁহার নাম গ্রহণে, "স্ত্রীয়ো বৈশ্যাথবা শূদ্রা স্তেহপি যান্তি পরাং গতিং।" অজ্ঞানী কামপরতন্ত্রা কামিনী, ধনলুব্ধ বৈশ্য এবং পরোপাসনায় প্রবৃত্ত শূদ্রও উৎকৃষ্ট গতি লাভ করে, সেই মহতের আশ্রয়, অনন্তশক্তি অনন্তদেবের গুণানুকথনে প্রবৃত্ত হওয়াতে কি, আমার সামান্য প্রারব্ধ জনিত জন্মাদিরও খণ্ডন হয় নাই! কারণ মহতের আশ্রয় লইলে মহৎকার্য্যই সিদ্ধি হইয়া থাকে॥ ১৮॥ ১৯॥

শ্রীহরির মহত্ত্বের পরিচয় ব্রহ্মা, মহাদেব ও লক্ষ্মীই দিতেছেন। অন্যান্য সমস্ত বাসনা পরিহার পূর্ব্বক স্বয়ং শ্রীঃ কেবল চরণরেণু প্রার্থনায় একান্তান্তঃকরণে যাঁহার পাদপদ্ম অনবরত

অথাপি যৎ পাদনখাবসৃষ্টং জগদ্বিরিঞ্চোপহৃতার্হণাম্ভঃ।
সেশং পুণাত্যন্যতমো মুকুন্দাৎ কোনাম লোকে ভগবৎপদার্থঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

অথ যৎপাদনখাবসৃষ্টং চরণবিগলিতং বিরিঞ্চোপহৃতার্হণাম্ভঃ ব্রহ্মদত্তার্ঘ্যোদকং গাঙ্গ্যং জলং ইত্যর্থঃ ঈশসহিতং শিবেন সহিতং জগৎ পুনাতি, মুকুন্দাৎ অন্যতমঃ লোকে ভগবৎপদার্থঃ কঃ নাম স্যাৎ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

অথেত্যর্থান্তরে। যস্য পাদনখাবসৃষ্টং নিঃসৃতমপি বিরিঞ্চেনোপহৃতং সমর্পিতং অর্হণাম্ভঃ অর্ঘ্যোদকং ঈশসহিতং জগৎ পুনাতি বিরিঞ্চোপহৃতং সেশমিতিচ তয়োরপ্যুপাসকত্বমুক্তং। তস্মান্মুকুন্দব্যতিরিক্তঃ কো নাম ভগবৎপদস্যার্থঃ সর্ব্বেশ্বরঃ স এবেত্যর্থঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথ ইত্যর্থান্তরে যৎপাদনখাবসৃষ্টং নিঃসৃতমপি বিরিঞ্চেনোপহৃতং সমর্পিতমর্হণাম্ভঃ অর্ঘ্যোদকং ঈশো মহাদেবস্তৎসহিতং সর্ব্বং জগৎ পুনাতি তস্মান্মুকুন্দব্যতিরিক্তঃ কো নাম ভগবৎপদস্যার্থঃ সর্ব্বেশ্বরঃ স এবেত্যর্থঃ এবং জগতি সর্ব্বোৎকৃষ্টা লক্ষ্মী ব্রহ্ম শিবা এব তৎ পদং সেবমানাস্তস্য মহোৎকর্ষং সূচয়ন্তীতি বাক্যার্থঃ ॥ ২১ ॥

ব্রহ্মা যাঁহার পদনখবিনিসৃত বারি প্রাপ্ত হইয়া, মহাদেবকে অর্ঘ্যস্বরূপ প্রদান করেন। মহাদেব সেই জল শিরে ধারণ করিয়া স্বয়ং পবিত্র হন ও সমস্ত জগৎ পবিত্র করিতেছেন। অতএব মুকুন্দ ভিন্ন আর কে ভগবৎপদ-বাচ্য হইতে পারেন! ॥ ২১ ॥

আভাস।

সেবা করিতেছেন; এবং ব্রহ্মা বিনম্র মূর্ত্তিতে যাঁহার চরণে প্রণাম করিলে তদীয় পাদনিঃসৃত বারি লাভে আপনাকে কৃতার্থ জ্ঞান করিলেন, এবং সেই পবিত্র বারি সংরক্ষণার্থ অর্ঘ্যস্বরূপ মহাদেবকে সমর্পণ করিলেন। মহাদেবও নিজের এবং সৃষ্ট জগৎ ত্রয়ের মঙ্গলবিধানার্থ স্বীয় মস্তকে ধারণ করিলেন এবং ত্রিধারায় বিভক্ত করত ত্রিজগৎ পবিত্র করিতেছেন, সেই বিশ্বাধার ভগবানের চরণ তুলনা এ জগতে কোথায়? সেই শান্তিময় স্বরূপে হিংসাদি অনর্থ সমূহের উদ্রেক নাই; তাহাতে চিত্ত সংযত করিলে বিষয়াসক্তির কথা দূরে থাকুক, আনন্দ-

যত্রানুরক্তাঃ সহসৈব ধীরা ব্যপোহ্য দেহাদিষু সঙ্গমূঢ়ং।
ব্রজন্তি তৎ পারমহংস্যমন্ত্যং যস্মিন্নহিংসোপশমঃ স্বধর্ম্মঃ। ২২।
অহং হি পৃষ্টোঽর্য্যমণো ভবদ্ভিরাচক্ষ আত্মাবগমোঽত্র যাবান্।
নভঃ পতন্ত্যাত্মসমং পতত্রিণ স্তথাসমং বিষ্ণুগতিং বিপশ্চিতঃ॥ ২৩।

অন্বয়ঃ।

ধীরাঃ সাধবঃ যত্র অনুরক্তাঃ সন্তঃ উঢ়ং ধৃতং দেহাদিষু সঙ্গং আসক্তিং সহসৈব ব্যপোহ্য পরিত্যজ্য অন্ত্যং পারমহংস্যং আশ্রমং ব্রজন্তি। যস্মিন্ আশ্রমে অহিংসোপশমঃ অহিংসয়া উপশমঃ শান্তিঃ এব স্বধর্ম্মঃ॥ ২২॥

হে অর্য্যমণঃ সূর্য্যসদৃশাঃ মুনয়ঃ! অত্র হরিগুণকথনে মম যাবান্ আত্মাবগমঃ উদ্বোধনং

ধীরাঃ সন্তঃ। উঢ়ং ধৃতং। অন্ত্যং পরমকাষ্ঠাপন্নং। তদাহ যস্মিন্নহিংসা উপশমশ্চ স্বাভাবিকোধর্ম্মঃ॥ ২২॥

এবং স্বভাগ্য মভিনন্দ্য পারীক্ষিতোপাখ্যানং বক্তুমাহ অহং হীতি। অর্য্যমণঃ হে সূর্য্যাঃ ত্রয়ীমূর্ত্তয়ঃ অত্র যাবানাত্মাবগমঃ মম জ্ঞানং তাবৎ আচক্ষে প্রবদামি। তথাহি যথা পক্ষিণো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথা দৃশ্যমানা মনীষিণো হপ্যত্রার্থে প্রমাণমিত্যাহ যত্রেতি। উঢ়ং ধৃতং অন্ত্যং পরমকাষ্ঠাপন্নং যস্মিন্ ব্রজনে॥ ২২॥

এবং স্বভাগ্যমভিনন্দ্য পারীক্ষিতোপাখ্যানং বক্তুমাহ। অর্য্যমণঃ হে সূর্য্যাস্তত্তুল্যাস্ত্রয়ীমূর্ত্তয়ঃ অত্র যাবানাত্মাবগমঃ মম জ্ঞানং তাবদাচক্ষে প্রবক্ষ্যামি। যথা পক্ষিণঃ আত্মসমং

ধীর ব্যক্তিরা সেই হরিতে অনুরক্ত হইয়া দেহাদিতে চিররূঢ় আসক্তি পরিত্যাগ পূর্ব্বক পরমহংসাশ্রমের পরাকাষ্ঠা প্রাপ্ত হন; অহিংসা ও শান্তি ঐ আশ্রমের স্বাভাবিক ধর্ম্ম। ২২॥

সূর্য্যসদৃশ ঋষিগণ, আপনারা আমাকে জিজ্ঞাসা করিতেছেন তন্নিমিত্ত আমার যেরূপ জ্ঞান তদনুসারে বিষ্ণুলীলা আপনাদিগের নিকট কীর্ত্তন

আভাস।

মন্ত্রের স্ফূর্ত্তিতে জীবের দেহাভিমান পর্য্যন্ত বিনষ্ট হইয়া যায়। কিন্তু হে সূর্য্যপ্রকাশ তপস্বীগণ! আকাশ অনন্ত হইলেও পক্ষিগণ স্ব স্ব সামর্থ্য অনুসারেই উপরে উড়িয়া থাকে,

একদা ধনুরুদ্যম্য বিচরন্ মৃগয়াং বনে।
মৃগাননুগতঃ শ্রান্তঃ ক্ষুধিতস্তৃষিতোভৃশং॥
জলাশয়মচক্ষাণঃ প্রবিবেশ তমাশ্রমং।
দদর্শ মুনিমাসীনং শান্তং মীলিতলোচনং॥ ২৪॥

অন্বয়ঃ।

অহং ভবদ্ভিঃ পৃষ্টঃ সন্ তাবৎ আচক্ষে কথয়ামি। পতত্রিণঃ পক্ষিণঃ আত্মসমং শক্ত্যনুরূপং নভঃ আকাশং পতন্তি। বিপশ্চিতঃ তথা সমং যথাজ্ঞানং বিষ্ণুগতিং বদন্তীত্যর্থঃ॥ ২৩॥

একদা ধনুঃ উদ্যম্য বনে মৃগয়াং বিচরন্ মৃগান্ অনুগতঃ পশ্চাৎ ধাবিতঃ ভৃশং শ্রান্তঃ ক্ষুধিতঃ তৃষিতঃ চ পরীক্ষিৎ জলাশয়ং অচক্ষাণঃ অপশ্যন্ তৎ আশ্রমং প্রবিবেশঃ। (তত্র) আসীনং শান্তং মীলিতলোচনং ধ্যানমুদ্রিতনয়নং মুনিং দদর্শ॥ ২৪॥

শ্রীধরস্বামী।

নভঃ আত্মসমং স্বশক্ত্যনুরূপমেবোৎপতন্তি ন কৃৎস্নং। তথা বিপশ্চিতোপি বিষ্ণোর্গতিং লীলাং সমং স্বমত্যনুরূপমেব বদন্তীত্যর্থঃ॥ ২৩॥

অচক্ষাণঃ অপশ্যন্; তং প্রসিদ্ধমাশ্রমং তস্মিন্ মুনিং শমীকং॥ ২৪॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বশক্ত্যনুরূপমেব নভ উৎপতন্তি নতু কৃৎস্নং। তথা বিপশ্চিতোঽপি বিষ্ণোর্গতিং লীলাং সমং স্বমত্যনুরূপমেব॥ ২৩॥

অচক্ষাণো ঽপশ্যন্॥ ২৪॥

করিব। আকাশ অনন্ত হইলেও পক্ষীগণ যেরূপ আপনাদের শক্ত্যনুসারেই উড্ডীয়মান হয়, বিষ্ণু অনন্তগুণসম্পন্ন হইলেও পণ্ডিতেরা স্ব স্ব বুদ্ধির অনুরূপই লীলা বর্ণন করিয়া থাকেন॥ ২৪॥

এক দিন রাজা পরীক্ষিৎ ধনুর্ধারণ পূর্ব্বক মৃগয়ায় গমন করিয়াছিলেন, এবং মৃগসকলের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইয়া অত্যন্ত শ্রান্ত, ক্ষুধিত এবং পিপাসায় কাতর হইলেন॥ ২৪॥

আভাস।

সেইরূপ অনন্তদেবের মহিমা বক্তা স্বীয় জ্ঞান ও বুদ্ধি অনুসারেই বর্ণনা করিয়া থাকেন, এবং শ্রোতাও স্বীয় ধারণা অনুসারে গ্রহণ করিয়া থাকেন॥ ২০॥ ২১॥ ২২॥ ২৩॥

প্রতিরুদ্ধেন্দ্রিয়প্রাণমনোবুদ্ধিমুপারতম্ ।
স্থানত্রয়াৎ পরং প্রাপ্তং ব্রহ্মভূতমবিক্রিয়ং ॥ ২৫ ॥
বিপ্রকীর্ণজটাচ্ছন্নং রৌরবেণাজিনেন চ ।
বিশুষ্যত্তালুরুদকং তথাভূতমযাচত ॥ ২৬ ॥
অলব্ধতৃণভূম্যাদিরসংপ্রাপ্তার্ঘসূনৃতঃ ।

অন্বয়ঃ ।

তথা প্রতিরুদ্ধেন্দ্রিয়প্রাণমনোবুদ্ধিং ইন্দ্রিয়প্রাণমনোবুদ্ধেশ্চ ক্রিয়াং, প্রত্যাহৃত্য আস্থিতং, স্থানত্রয়াৎ জাগ্রৎস্বপ্নসুষুপ্তিতঃ উপারতং নিবৃত্তং, পরং তুরীয়ং, পদং প্রাপ্তং ব্রহ্মভূতং অবিক্রিয়ং বিকাররহিতং, বিপ্রকীর্ণজটাচ্ছন্নং উপরি ইতস্ততঃ প্রক্ষিপ্তজটাভিঃ অধঃ রৌরবেণ অজিনেন রুরুমৃগচর্ম্মণা চ আচ্ছন্নং তথাভূতং মুনিং শুষ্ককণ্ঠঃ বিশুষ্যত্তালুঃ রাজা উদকং অযাচত ॥ ২৫ ॥ ২৬ ॥

অলব্ধতৃণভূম্যাদিঃ উপবেসনস্থানাদিকং অলব্ধঃ অসংপ্রাপ্তার্ঘসূনৃতঃ অলব্ধমর্য্যাদঃ, সঃ

শ্রীধরস্বামী ।

প্রতিরুদ্ধাঃ প্রত্যাহৃতাঃ ইন্দ্রিযাদয়ো যেন। অতএব উপরাতং স্থানত্রয়াৎ জাগ্রদাদি-লক্ষণাৎ; পরং তুরীয়ং পদং প্রাপ্তং অতএব ব্রহ্মভূতত্বাৎ অবিক্রিয়ং ॥ ২৫ ॥

